বিশ্বপ্রকৃতির মধ্যে কবি একটি বিশ্ববিধি উপলব্ধি করেচেন এবং তার রসবিকাশের বিচিত্র ক্রম-বিন্যাস করে গেছেন তাঁব গানের ভিতর দিয়ে। গানের স্তর তার বর্ণ, কথা তার রূপ, আনন্দ তার বাহন এবং দিয়া-কনক-উদ্ধাসিত রণন-দ্যুতি তার প্রেরণা। অরূপ ভূমাকে শুধু একটা অর্গহীন আকাবের কাঠামো দিয়ে বক্তবাহীন, নির্ধক কদর্যতায় পরিণত করেননি তাঁর গানে। কথার সঙ্গে স্তর-সংযোগে তাঁর বাণী রূপ পোয়ে উজ্জ্ল ও মুখর হয়ে উঠেছে। এই মুখরতা প্রথল্ভতা নয়, দূরদ্শিতা। সংসারের বাসনা-বাসন-বাখিত কেবল একটা উচ্ছাস যা সচরাচর সকল গানের মধ্যে পাওয়া যায়, কবি তার দিকও মাড়াননি। এইখানে তিনি সাধারণ কবিদের অপেক্ষা বল্ল উপের্ব অবস্থিত। ভারতবর্ষের ধর্ম-দর্শন এবং সংস্কৃতির আবহাওয়ায় তাঁর কবিজীবন বিদ্ধিত। তিনি প্রেম চেয়েচেন সেই অজানার কাছে এবং কখনো কপনো আক্রপ করে গেয়েচেন;

''হিয়ার মাঝে লুকিয়ে ছিলে দেখতে আমি পাইনি বাহির পানে চোখ মেলেচি, হৃদয় পানে চাইনি।''

মহাকবি রবীক্রনাথের এই প্রকার স্বাবোধের বিকাশ হয়েছিল নিরন্তর প্যান-নিরত চিত্তের প্রভাবে। তাই তাঁর নিকট বিষ্ময়কর সূক্ষাত্ম বিষয়ের ষ্ফুটত্য প্রকাশ হয়েচে। আমরা জানি তাঁর জীবনে এই প্রকার ভাব-সমাধি ঘটেচে। ভারতবর্ষের যে ঋদ্ধিওণ কবির মনকেও সভাবোবে জাগ্রত করেছিল তা সেই বৈরাগী ঋষিদের সভাবোধ, ভোগীর বিষয় ভোগের মত নয়। এই সতা শাস্ত্রমতে ত্রিবিধ, যুগাঃ পারুমাথিক (সাহিক), ব্যবহারিক (রাজসিক) এবং প্রাতিভাসিক (তামসিক) সত্তা । পারমাথিক (সারিক) ধ্যান কবিকে নির্মল অতীক্রিয় অরূপের আভাস দিয়েচে, তিনি তাই আজীবন অরূপ দেশের চিলেন পথিক। আনার ব্যবহারিক (রাজ্যিক) সভা যা স্প্রতাক্ষ, ভাব মধ্যেও তাঁর প্রতাক্ষ দর্শনে সমুজ্জুল হয়ে দেখা দিয়েচে কারো ও গানে সেই প্রমার্থ সভা। তেমনি প্রাতিভাসিক (ভাষ্ঠিক) সভা যা অহরহ মনে আমরা বহন করি—রজ্ঞুতে স্প্রম্বৎ বা স্বপু-দর্শনে, তারও আভাগ মাঝে মাঝে পাই কবির গানে ও কারে।। তিনি তথন ভুমার সন্ধানের পথ দেখতে চাইচেন নানা ভাবে।

> ''ছেপে জেপে তাইত ভাবি কেউ কখনো খুঁজে কি পায় স্বৰ্গলোকেব চাবি ং''

আর.

''প্রাণে গান নাই মিছে তাই--ফিবিনু যে বাশিতে সে গান খুছে।''

এইসর গানের মধ্যে প্রাতিভাষিক সভার আভাস আছে। মানুষের অভিয়য়ে ক্ষেতার কথা কবি বলেচেনঃ

সমুদ্য মান্বের সৌন্দ্রে ডুবিয়।
হও তুমি অক্ষয় ফুলর
ক্ষুদ্র রূপ কোথা যায় বাতামে উবিয়।
দুই চারি প্রকের পর।

কবির গান বাথা সম্পদে ভরা। এই বাথা সমদেদনাব বাথা—পরের দুঃখকে নিছের ব'লে বোধ করার ব্যথা। আমাদের দেশেই পেয়েচি আদি মহাকবি বাল্মীকিকে। তার মুখে প্রথম শ্লোকের জনম হ'ল শোক সংবেদন হ'তে উচ্চাবিত তার বাণীতে। কবির গানে অ'তে

> ''বাখার বেশে এলে আমার দারে কোন্ অতিথি, ফিরিয়ে দেব নারে।''

সংবেদন সঞ্জীবনীই সাহিত্য স্থান্তির পসূতি-বেদনা। স্থান্তি-বাজে কল্পনাতেই মুজি, যুজিতকের স্থান নেই এতে। তার মধ্যে আতে প্রগতি, সঞ্জতিও বিকাশ। প্রগতিই পথ, সঞ্জতি তার উপকরণ বা প্রাথের এবং প্রাণের বিকাশই ধর্ম। কল্পনার সঞ্জতিই হ'ল সঞ্জীতের উত্তুম্ন স্বর্ণগৌধ নির্মাণের উপকরণ। এই সম্পতি সহজে লাভ করা যায় না,—তার বিকাশ সাধন-সাপেক্ষ। সম্পতি সম্পন্ন ব্যক্তি যেমন কুপণ হ'লে জীবন হয় তার ব্যথা, তেমনি বিকাশহীন পাণ্ডিত্যসঞ্জী পণ্ডি হেরাও স্থান্তি যাগে দিতে পারেন না। কল্পনার সঞ্জতির জনে চাই মনো-বিকাশ। কল্পনার সঞ্জতিতে কার্পণ্য অসহা ও ব্যায়।

কেখ কেছ মনে করেন কবির গানের মধ্যে শাগুত গতিব বেগ আছে বটে কিছ জোনালো বিদ্রোহাঁতার তাতে কিছুই নেই। তার গানে পোঠার বা পাটার্নের মত ক্ষণস্বাধী ছোনালো ব্যক্তনা দেয়না,—ললিতকলার মত তার বিষয়-বস্তুর উপলব্ধি হয় ধীরে ধীরে। কবির গান ও কাবোর সৌন্দর্য ক্রমে ক্রমে স্বামীতাবে প্রতীয়মান খয়।

``শনৈঃ শনৈঃ যয়ৰভামুকৈভি ভদৈৰ রূপম্ রমণীযভাষ্ ।``

সৌন্দর্যের গুণই হ'ল চির-রমণীয়তা। কেবল বীবে বীবে যাব রমণীয়তা উপলব্ধি করা যায়, তাকেই সৌন্দর্য বলে। গানেব বাজ ভাবাংশ ক্রমে যখন জরে রূপ পায় এবং শ্রোভাব মনকে ভাবা-রেশে মুগ্ধ ও অভিভূত করে তখনই তাব সৌন্দর্য উপলব্ধি হয়। নায়ের বাংসলা প্রেমের স্লিগ্ধ বিকাশ হয় যখন তিনি তাব সভাবেন প্রতি মুগ্ধ নেত্রে তাকিয়ে পাকেন। গানে বা সাহিত্যে বা খনা কোনো ললিত কলায় অরাজকতাব স্থান নেই। বিদ্রোহ বিষম্ম উদ্রেক করে মাত্র, স্থায়ী ভাব রেপে যায় না,কোনো ললিত কলার তই তাব স্থান নেই। বিষম্যকর ভৌতিক প্রেলা যাদুক্রের প্রেল্ড মঞ্জত হ'তে পারে, কবির প্রেক্ত বা শিল্পার প্রেক্ত পর্যার বিষ্ঠান ব্য

চির্ভনকে নতুন নতুন বেশে ছেবেচেন কৰি তার সকল বচনাধ ভাব ঐপুৰ্য ও বিষয়বস্থা সঞ্জি নিষে। কৰিল আনে ভাই অনিবঁচনীয় ওণকে প্ৰকাশ কৰে তীর বচন-বিন্নাংসৰ কৌশ্স ভার তার বর্ণ ক্যানা যোজনা করে সুর । ক্রার বলেটেন, ইচটোর মুদ্ধে অনিবাচনের এবং বিধ্যমের মুদ্ধে রুমের আঠ বেরে দিয়েটে ছন্দ। । ২ই ছন বিশ্ববচনায় সর্বাত্র ওত্তপোত ভাবে আছে। প্রোক শ্রিটিকে আকারের মধ্যে এই চন্দ স্ত্রান বলেই এত কন্দৰ। মান্ধের ভান হাত যদি বাঁ হাতের চেয়ে খাটো বা বেণা লগা হয়, প্রত্যেকের দুপাশের চোখ নাক ঠোঁট প্রভৃতির মিল না থেকে যদি চন্দ পত্ৰ হয় ভাহলেই বিক্তি আমে। সৌন্দৰ্য-রুগ থাৰ খাকেনা।। তেমনি কৰিব কাৰ্য ও গানে ছন্দ ও জৰে ১৮ সাংখ্যা না পাকে ভাহলে ভাব হয় শোচনীয় প্রিণতি। মহাকবির গালে ছন্দ ও স্তর দুনিই। তালে লয়ে সংম সমি। বেপে চলেচে। তীৰ এক বিশেষ কাঁতি হ'ল শাগ্ৰমত বাগ বাগিণীৰ विष्ठात त्यारम भिरश्च वर्ष श्रेकारतव वारशव गर्वाग्यरम छोन निरङ्ग ৰ!াঁকে বছিগে ভোলা।

নিধুনানু, রামপ্রমাদ এবং বাউল প্রভৃতি থানও শাস্ত্রীয় রাথ-মিশ্রণে গঠিত, কিন্তু তার স্থারের বাবা ও গতি একই প্রকাবের, নৈচিত্রা নেই। অপচ কবি রাগবাথিনীর মধ্যে বাউল কার্ত্রন সরই মিলিয়েটেন তার বার্ণাকে ফোনবার প্রোজন অনুসারে। সেই কারণে বহু সঞ্জীতজ্ঞ পণ্ডিতদের কাছে কবির গান থান্য সঞ্চাত্রের মতই ঠেকে। রাগবাথিনীর শাস্ত্রীয় ব্যাক্রবণ লক্ষ্য দ্বাবা তার গীতিকলা যে এক নতুন রূপ প্রেয়েচে তা এখন ক্রমণ স্বাইকে মেনে নিত্রে হাছে। বচনের সঙ্গে স্থারের রচনায় অনির্বিচনীয় রূপ দিয়েচেন কবি বাঙলা গানে।

প্রকৃতির বিশাল রূপ ও রোচনা একই সঙ্গে কবি প্রকাশ করেচেন সঙ্গীতে ও কালো। এই লোচনার বিকাশ অভাবে সব রচনাই শোভাহীন ও জ্যোতিশূনা হয়। কাল্যের বোচনা কেবল-মাত্র দীপ্রিপ্রদা নয় চিন্টোম্বাসিত দীপ্রিপ্রদা। ভাকে ঝাদ্ধিও বলা যায়। সেই পাদ্ধির দীপ্তি এপে প্রজ্জুলিত না হলে তাঁর গান বা কাব্য সম্পূর্ণ স্থলর ও সমৃদ্ধ হতে পারত না। এর জন্য গানে সারণতা ও স্কুনার বাক্যবিন্যাস এবং লাগ্সই স্কর রচনারও প্রয়োজন হয়েটে। এই রোচনা-ক্ষল যথন প্রস্ফুটিত হয় তথন গানের মধ্যে দিয়ে স্দাবিস্তার্মান রণন ছাপ্রতহয় শ্রোতার নিকটে। সঙ্গীতের চিত্রশালা রোচন-দীপ্তিতে এইভাবে উজ্জ্ল ক'রে রেপেচেন কবি।

সকল ললিতকলার রোচনা প্রকাশ হয় অহৈত্**কী আনকে**। এই আনন্দ জাগে দুঃখীর সমবেদনায়, বীর্যবানের ভক্তাতিতে, পূষ্পের অকারণ সৌরভ বিতরণে—তার কোনো জন্মগত নিয়ম শাসন নেই। তারই ফলে গৌণভাবে কবির রচনায় সবার মনে জাগে উদ্দীপ্ত প্রেরণা। দেশকে স্বাধীনতার জন্যে সঞ্জীবিত করেচেন সকল দেশের কবিরা এই রোচন-প্রদীপ্ত গানে। দুর্বলকে ৰীয় দিতে, প্ৰবলকে সংযত করতে, উদ্ধাতকে বিনীত করতে, অশীশন্তিকে শ্রদ্ধা করতে, কবির বাণী। শিল্পীর কলার প্রয়োজন চিরকালই আছে। কবির গীতিকলা, চিত্রীর চিত্রকলা সকলের মনে সকল ভাষণা দূর ক'রে দিয়ে চিত্তকে রসরাগরঞ্চিত ক'রে দেয় । ভাই কৰির গানের বাণী অমৃত; বাণীর বরপুত্র কৰিও অমর। কবির প্রত্যেক গানের ওভবাণীর মধ্যে স্তর্গিক প্রত্যক্ষ-ভাবে পান ভগবদ্শজির ঘনুভ্তি। বুলাকন্যা বাণীর হাতের বীণা সঞ্চীতের পতীক। মহাক্ষি সেই বীণার শাশুত ধ্বনিকে। গানের প্রতি ভরের রন্ধে রন্ধে অপরূপ ও বিচিত্র রুগে স্কৃষ্টি করে গেছেন।

এই বাণীতে কবি ক্রমাগত উপনিষ্যদের 'তংরমসি' বাক্যের প্রমাণ করে গেছেন। সুষ্টা এবং স্পষ্ট সভস্ত হয়েও এক, তেমনি কবি তার নিজের সভাকে অনির্বচনীয় সভায় উপলব্ধি করেচেন গানের মধ্যে দিয়ে। এই সভাবোধের দ্বারা মানবজীবনের সকল দুর্বলতা ও দীনতাকে জয় করেছেন কবি এবং জয় করার প্রথও দেখিয়েচেন। গেয়েচেন—

''হবে জয় হবে জয় ; ওছে নীর, হে নির্ভয়।.....এ জীধার হবে কয়-–হবে কয় রে।''

তাঁর এই জমের মধ্যে ছিল অহৈতুকী মান্দ। "শিও খেমন মাকে নামের নেশার ডাকে" তিনিও সেই শাশুতকে পাবার জন্যে মনের আনন্দেই পেয়ে পেছেন। দুর্গতিক্রিই অশান্তির নক্রকুণীরাকীর্ণ এই অকূল সংসার সমুদ্রের মধ্যে কবি পানের দ্বারা নিজেকে জয়যুক্ত ও মোক্ষের পথে নিয়ে পেছেন।

কবিকে চিনতে হ'লে ভারতবর্ষকে জানতে হয় ভাল করে।

যুরোপ ভারতীয় আন্টের বেলায় ভুল করে তাদের একমাত্র সৌন্দর্যতরের (aesthetics) মাপকাঠি দিয়ে দেখে ব'লে। আমাদের
দেশে পর ললিতকলাই অধ্যান্ধ তরবোধক এবং কবি ও শিল্পীর
পথ শুধু তাই সৌন্দর্যতরের দুয়ার আঁকড়ে প্র্যাপ্ত হয়নি। আমাদের
বৈদিক ঋষিরা অজানিতের অপ্র্যাপ্ত অপরূপকেই বিশ্বের সকল
রূপের প্রকাশের মধ্যে উপলব্ধি করে গেছেন। "বর্ধাকৃতির্ভ পান্তত্ত্ব—নির্ভ পঃপরমেশুরঃ"—বেখানে আকৃতি সেধানেই তুন
বর্তমান, পরমেশুরই নির্ভ প। তাই শিল্পী ও কবিদের নিক্ট
বিশ্বরচনার প্রত্যেক আকার—এমন কি অণুপর্যাণুতেও স্কটিকর্তার (নিরাকারের) রূপ-প্রতীক প্রত্যক্ষ। ৩৩ কোটি অংকও
এই বিরাট অগ্নিত গ্রিতের একটি প্রতীক মাত্র! শিল্পীরা
অনন্ত বোধক রূপকশ্বনা প্রকাশের প্রপ্র প্রেরিক তাই!

মহানির্বাণতম্বে শ্রীশ্রীকালীর বিষয় আছে:

''তব রূপং মহাকাল জগৎসংহারকারকঃ মহাসংহারসময়ে কালঃ স্বং থাসিস্যতি।''

— মণাৎ, 'তোনার রূপ মহাকাল এবং জগৎ সংহার কারক।
মহাপ্রলয়ে সর্বকাল গ্রাম হবে তোনাতেই। মহাকবি রবীজনাথ
নাবাজের সংহার রূপ দেখিয়েচেন তার রচিত একটি গানে।

অন্তশ্জির প্রতীকরূপ দশপ্রহরণধারিণী দুর্গাব ব্যাভ্য হন্তের ভাবও কবির গানে ফুটেচেঃ

্রিক হাতে তার কুপাণ আছে স্থার এক হাতে হার সে যে ভেঙেছে তোর ধার।

(शोतांशिक উर्नशीरक वर्गगा करतरहन—

ান্থ মাতা নহ কন্যা, ন্থ বৰু জন্দ্রী রূপধী......মুগ্রুগান্তব খাঁতে এমি শুৰু বিশ্বেৰ প্রেম্পী।

এইতাবে কৰি পৌরাণিক অপসরাকে একটি মানসজন্দরীতে পরিণত করে গেছেন। বিশ্বের মধ্যে অনজের বেণুবাদন ভন্তে পেযে তার গানের বাণীতে থা ধরে দিয়েটেন
তাতেও সেই পৌরাণিক নীলমণি ক্ষের বংশীফানির কগাই মনে
করিয়ে দেয়। কবির নিকটি এইসব দেবরূপ অনজেবই পত্রীক।
কবি জানতেন যে—

ান দেবে। বিদ্যতে কাঠে, ন প্রস্তরে, ল মূন্ময়ে দেবে। হি বিদ্যতে ভাবে, অসু|ং ভাবে। হি কারণ্য ।''

অর্থাৎ, দেবতা কাঠে, প্রস্তরে বা মৃন্ময়ে নেই—দেবতা ভাবেই বিদ্যান এবং ভাবই তার কারণ। এই ভাবরূপকে প্রত্যক্ষ কবার বিষয় কবি গেয়েকেন--

> ় ``চোপে দেখিষ্ প্রাণে কানা— হিয়ার মাঝে দেখুনা ধরে ভ্রনখানা ।``

রূপে রগে কবি অজানাকে ভাবের মধ্যে এইভাবে পাবার পথেই গান গেয়ে গেছেন আজীবন। স্বাইন মর্নে মর্নে অরূপের র্যাবেশ কবি পেয়েছিবেন তাই।

``তোমার ভুবন মর্মে আমার লাগে, তোমার আকাশ অধীম কমল অন্তরে মোর জাগে।``

তাঁর সকল থান রচনার মধ্যেই সর্ব আরাধনা পুঞ্জীভূত হয়ে আছে। তিনি থানের স্তবের মধ্যে যে উপলব্ধি করেচেন তাতেই তাঁর সিদ্ধিলাভ হয়েচে। তিনি তাই অনম্ভের নিকট প্রার্থনা জানিয়েচেনঃ

``তোমার কাছে এ বর মাগি, মরণ হতে যেন জাগি গানের স্থরে ।

তিনি যথাপিই তাঁর গানের মধ্যেই মরণের পারে পুনরায় জীবন পেয়ে পুনজীবিত হয়েচেন এবং অমর হয়েচেন।

কবির গানের অন্তঃপ্রকৃতির বিষয় আরে। একটা কথা বলার আছে। কবিব গান স্বতঃস্ফুর্ত গীতিকাব্য। কথা ও স্তরের একই প্রানান্য। সঙ্গীত শাস্ত্রমতে স্তরকেই প্রাধান্য দেওয়া হয়। কি স্ব কান্য থেমন ছণে ও শংকে, চিত্র যেমন রেখা ও বর্ণে তার সকল বজব্য প্রকাশ করে এবং তার তারার্থিও সফুট হয়, তেমনি করির সঙ্গীতেও স্তর ও কথার গাটিছড়া রাঁধা আচে। যেমন বিষয়বস্থর ভারসম্পদে গড়া কোনো চিত্রকলার রেখা বা বর্ণ যা' শিল্পী দিয়েচেন তার কোনো নড়চড় করা যায়না—-তেমনি করির রচিত কথাও স্তর দেওয়া গানে অন্য কোনো তর যোজনা করা যায়না। পদা যেমন তার দলগুলি নিয়ে সম্পূর্ণ ও স্তন্দর, তার কোনো একটা পাপড়িকে অন্য ফুলের পাপড়ি বসিয়ে বদলানো যায়না, এও তেমনি ব্যাপার। সর শিল্পেরই লক্ষণ হ'ল এইভাবে সম্পূর্ণতা দেওয়া।

চিত্রকলা যেমন কেবল থাকার বা বর্ণেতে আবদ্ধ নয় তেমনি গানও জুর এবং কথাতেই কেবল প্র্যবৃধিত নয়। তার রুণন যুখন চিত্রে এসে লাগে তথ্যই তার সম্পূর্ণ এ জানা যায় এবং তার বিষয়বস্থার বজুবা সফুট ২য়। স্থার কেবল মনে এনজ বর্ণের নির্মুক্তি দেয় আর রেখাতাগের ছক্ত জাগায়। স্থারের সফ্লে কথার সংযোগে ফোটে বিষয়বস্থার সারবাতা রূপ ও ভাব। তেমনি জুবু আকারের দ্বারা চিত্রে প্রাটার্ণ স্কৃষ্টি কর। যায় নাত্র। তাতে সারবাতা বিষয়বস্থার প্রকাশগুণ নেই। কবির গান কেবল প্রবের প্রাটার্ণ নয়, তাতে আছে গারবাতা বিষয়বস্থার ভাবাবেশ। তার

গান মানুমের মন তথ্যর করে; দু,খার দু,খ দূর করে, অবুরোর মনে বোরশক্তি জাগায়, অবামিককে বর্মবুদ্ধি দেয়। কথা ও স্থরের অপূর্ব সংযোগ ঝিমিকবি করে গেছেন তার গানে। তাঁর মনের মুখ ফিরিয়ে রেপেটিলেন ভুমার দিকে প্রতিনিয়ত এবং তর ও কথায় তারই আমেজ দিনে গেছেন বুলো যুগে মানুমকে উন্নত করতে ও পরিশুদ্ধ করতে। যে কেই মখন তার কোনো গান গাইবেন এবং যিনি শুনবেন উভয়েই সেই রসামৃত আস্বাদ করতে পারবেন। তার গান চিরকালের সম্পদ।

কঠোপনিষদে আছে--

''ষবাণি ভূতানি আয়নোবানুপ্ৰাতি''

সমস্ত ভূতবৰ্গকে নিজের মধ্যে দেখেন কৰি। তাৰ ধানি, জানি, জপ, তপ, সৰ্ভ উপলব্ধি করা যায় তার গানের ভিতর দিয়ে। স্মীত্তর বিষয় শাস্ত্রে আজে:

``লপকোটিওণ' ব্যান' ব্যানকোটিওণ লয় । । `লএকোটিওণ', গান্, গান্ত প্রতর' মহি।।``

মধুৰ তোমার শেষ যে না পাই, ধহৰ হল শেষ— ভুৰন জুড়ে ৰইল গোগে আনক-আবেশ। দিনাতের এই এক কোপাতে সফ্টামেণের শেষ যোগাতে মন যে আমার পুঞ্জিরিছে কোথায় নিক্জেশ।।

সায়ওনের কাওফন্দের গছ হাওয়ার 'পরে অঙ্গ বিহান আনিজনে সকল অঙ্গ তবে। এই গোধুলির বুসবিমায় শ্যমলফলার গামায় গামায গুনি বনে দলাওরে অগীয় গানের রেশ।।

ষ্ট্রটগার্ট্ ২১শে গেপ্টেম্বর ১৯২৬

STLYMEDYD



मन्नीए त्रवीस्त्वाथ

সোমোন্দ্রনাথ ঠাকুর

ভারতীয় সংগীতের মূল রুমটি হোলে। নৈর্ব্যক্তিক বিশ্ব-রুম। শতান্দীর পর শতান্দী ধরে এটি ছিলে। নির্বিশেষের লীলাভূমি। বিশেষের স্থান ছিলে। না ভারতীয় সংগীতের রাজ্যে। কোনো অকটি বিশেষ সকালের রূপ বর্ণনা করে না ভৈঁবো কিয়া ভৈরবী। ভারা প্রকাশ করছে এমন একটি স্কালকে যা সূব চিহ্ন নিঃশেষে মুছে ফেলে দিয়েছে আপনার মুখ পেকে। স্বামাদের রাগ্রাগিণীর রস তাই এই ব্যক্তি-বিশেষ্কহীন নৈর্যক্তিক রস। বৈচিত্রের অবকাশ নেই এই ব্যক্তি-স্বাত্ত্র-বজিত লাগ্রানিগীর মধ্যে। এপচ বিশেষকে নিয়েই স্ফটির লীলা। বিশেষ মনোভার, বিশেষ ফদলাবেগ, বিশেষ অনুভৃতিকে প্রকাশ করাই হোলে। আটের উদ্দেশ্য। নিৰিশেধের নিস্তরক্ষ ধারায় যেই বিশেষ দেখা দিলে। এমনি ভাব এলো, রস এলো, স্বাষ্ট স্থক হোলো। চিরকালের মৰ সকাৰ ছেকে একটি নিৰিশেষ সকাৰেৰ বসাস্বাদন কৰে মানুমের মন তুপু নয়। মে চায়—ব্যৱস্থিত পেয়ালায় ঢালা একটি রঙীন সকাল, শরতের মন-কেম্--করা উদাসী স্কাল, কালো रमस्यत स्थामाने रामध्या नयोत भनान, शीर धत करचनि-मात्रा भनान, ভালোবাসার আলো-ছালা স্কাল, বির্দেশ সিগ্ধ প্রশান্ত পাওুর সকাল, অশুস্তিত সকাল, আনন্দ-উজ্জ্ব সকাল এই সকাল ওলির প্রতিনির ব্যাভি-সাতম্ব বিশেষ রম গাস্তাদন করতে। ভারতীয় সংগীতের নৈৰ্ব্যক্তিক নিবিশেয়ের বাজ্যে বিশেষের প্রকাশ, ব্যক্তি-স্বাতন্ত্র অনভতির প্রকাশ নিয়ে এলো রবীক্রনাথের গান। গান আর নৈর্ব্যক্তিক বইলো না। বিশেষ তার অসীম বৈচিত্র নিয়ে দেখা দিলো ওরের বাজে। গান আর নিছক ভরের ব্যঞ্জা রইলো না, গান তখন বিশেষ মনোভাবের ব্যঞ্জনা হয়ে উঠলো। ভৈবো আৰু ভৈৱৰী হাৱ মানলো প্ৰতিটি সকালের বিশেষ অনিৰ্বচনীয়তাকে প্ৰকাশ করতে। তাই ওৱের মিশ্রণ অপরিহার্য হয়ে পড়লো। আর এই স্তরের মিত্রণের প্রয়োজন হোলো শুৰ छत्तत करमा महा, डांन धकार्यत करमा।

নবীক্রনাপের গান আর একটি নতুন্ধ নিথে এলো আমাদের গানের এলাকায়। ভারতীয় দরবারী সংগীতে গানের স্থারের ও কথার মধ্যে অধিকাংশ কেত্রেই কোনো মিল ছিলো না। চমৎকার স্তরের সঞ্চে অতি নীর্ম কথার মিলন ধাননেই ছিলো রেওয়াজ। ওবু স্বানিকে দাঁড় করাবার জন্যেই গানের কথাওলি ব্যবহার করা হয়েছিলো এতে। দিন।

গানের কথার রস ও স্থারের রস, এই দুই রসের নিধান ঘটেছে রনীন্দ্রনাথের গানে। কবিতার রস আর স্থারের রস, এই দুটি আলাদা হলেও এদের নিলন সম্ভব। তবে সব মিলনের মতো এ নিলন ও তিনিই ঘটাতে পারেন যিনি প্রজাপতি অর্থাৎ সুষ্টা। রনীন্দ্রসংগীতে গানের কথা আর গানের স্থার, এ দুটির কোনোটাই আল্প-বিভাপ্তির অহংকারে কুরুচির পরিচয় দেয় নি। কথা স্তরকে অবজ্ঞা করে নি, স্তর্প্ত কথাকে অবহেলা করে আপনার পার্থকোর অসম্পতি প্রকাশ করে নি।

কোনো ক্ষেত্রেই সংস্কারকে সম্পূর্ণ বর্জন কর। সম্ভব নয়, উচিতও নয়। সংগীতের ক্ষেত্রে সেই একই কথা প্রযোজ্য। রাগরাগিণীর এলাকার সম্পূর্ণ বাইরে গিয়ে তো স্কর্মন্ট হয় না। রবীক্রনাপের কথায়—''যতো দৌরাপ্তই করি না কেন, রাগরাগিণীর এলাকা একেবারে পার হোতে পারি নে। দেখলাম তাদের শাঁচান এড়ানো চলে কিন্তু বাগানৈ তার বজায় থাকে। আমার বিশ্বাস এই রক্মই চল্বে। কেন না আটের পায়ের বেড়িটাই দোয়ের, কিন্তু তার চলার বাঁধা-প্রদায় তাকে বাবে না।''

রবীক্রনাথের প্রথম যুগের থানে যদিও বিষয়ের দিক থেকে নৈচিত্র ছিলো অধুরন্ত, কিন্তু গে গানগুলি ওরের দিক থেকে দ্বনারা সংগীতের স্তরেন ঠানের মধ্যেই বন্ধ ছিলো। বাথেশী-বাখান তেওৱা তালে 'আনাব নিলন লাগি তুমি', বেখাগ চৌ তালে 'ভ্রম হতে তব এভ্রম মাঝে', আশাবরী ঝাঁপাঠালে 'মনমোহন গছন যামিনী শেষে', কানাড়া চৌ ঠালে 'ছেরি এথবহ তোমারি বিরহ ভুবনে', শ্রীরাগ তেওৱার 'কার মিলন চাও বিরহী', বড়ংস সাবং চৌ তালে 'তারে আরতি করে চন্দ্রত্পন', আড়ানা চৌতাবে 'বাণী তব ধার', —এই ওলি হচ্ছে এই পর্যাধ্যের কতকওলি গান।


প্রচলিত রাগরাগিণী দিয়ে সব অনুভূতি প্রকাশ করা সম্ভব নয়, এইটো অনুভব কর্ডিলেন রবীজ্নাধ। এমন অনেক অনভত্তির সন্ধান পেলেন কৰি ধানের ঐপুর্যা, গভীরতা ওচমৎকারিয় ধরা পড়ছিলোন। চলুতি রাগনাগিণী দিয়ে। ভাই রবীক্সনাথ অনুভ্তিওলির পুণ প্রকাশের তালিদে মতুন স্কর স্টের দিকে মন দিলেন। বলাই বাজল যে রাগবাগিণীর মিশ্রণ থেকেই নতুন নতন সংরের স্কাষ্ট। । তাই ঠাট ও মিত্রণ সন্ধরে রবীক্রনাথের ধারণা-ওলি আমাদের জান। দরকার। তিনি বলছেন ''গানের জীব-त्काम कराक करतकाँक निर्धिय छरतत भिल्लन । अद्ये यन पोला-ताँता স্তর ওলিকে নানা আকারে সাজিয়ে রচ্ফিতা গান বাঁধেন। এমনি করেই সকল দেশের গানেই আপনিই কাতকগুলি স্থারের ঠাট ৈত্রী হয়ে ওঠে। সেই ঠাটওলিকে নিমেই গান তৈরী হয়।" त्रवीक्तनाथ वलएकन--- '' बहे शिहे अलित आग्र छटनत छेप्रदेश शीन-রচয়িতার স্বাধীনতা নির্ভর করে। স্তরের ঠাটওলি ইঁটের মতো হলেই তাদের দিয়ে ব্যক্তিগত বিশেষত্ব প্রকাশ করা যায়। দেয়াল কিস্বা আন্ত মহলের মতে। হলেই তাদের দিয়ে জাতিগত সাধারণতাই প্রকাশ কর। যায়।'' প্রতিটি অনুভূতির 'জাতিগত সাধারণত।' নয়, তার 'ৰাজিগত বিশেষম' ফুটিয়ে তোলবার জনো রাগ-রাগিণী ওলোকে ভেঙ্গে চুরে স্তরের টুক্রোওলোকে নব নব স্তর-রূপে বিকশিত করতে হবে। রবী:দুর্নাপের নিজের কণায় ''আমাদের দেশের গানের ঠাট এক একটা বড়ো বড়ো ফালি. তাকেই বলে রাগিণী। আজ সেই ফালিওলোকে ভেঙ্গে-চুরে মেই উপকরণে নিজের ইচ্ছেমত কোঠা গড়বার চেটা চলছে।

কিন্তু এই ভাঙ্গা-গড়ার স্বাধীনতা, নব নব স্থর-স্বাইর জন্যে

POET IN 1886

e e

Title page of the first printed book of Poems (1878)







১২৯৩-এ কবি


এই কাহিনী কাব্যই আমার রচনাবলীর মধ্যে প্রথম গ্রগ্ধ
আকারে বাহির হয়। আমি যথন মেজদাদার দিকট
আমেদাবাদে ছিলাম তথন আমার কোনো উৎসাহী বন্ধু এই
বইথানি ছাপাইয়া আমার নিকট পাঠাইয়া দিয়া আমাকে
বিশ্রিত করিয়া দেন।

—জীবনশ্বতি (১০৮ গৃঃ)



১२२১-এ कवि

Title page of 1st Edition of the 'Provat Sangeet' (1884)




প্রথম সংস্করণের নাম পত্র ১২৯১



রবীজনাথ--- ১২৯২

TAGORE IN 1885

Title page of 1st Edition of 'Prakitir Pratisodh' (1884)



मन ১२२১

WITH DAUGHTER MADHURILATA & SON (1889-90)



কন্তা মাধুরীলভা ও পুত্র সহ (১৮৮৯-৯০)

1885

श्री द्वा । प्रश्नी प्रती प्रश्नी प्रिकी प्रती प्रती प्रती प्रती प्रती प्रती प्रती प्रती प्रती प्रती

अवस्थान मुख्य वर्ग क्रिक वर्ग वर्ग क्रिक वर

ক**লিকা**তা

আদি আক্ষমনাক্ষ বত্তে
জিলালিগাল চক্ৰবৰ্তা থাকা
ব্যৱিক!

০০ ন: অগৰ চিৎপুৰ হোত ধৰ্ষতে অ্কাশিক,
বৈশাগ ১২১২।


मुना अब होका रहा है

Title page of the first Edition of 'Padaratnavali'


ऽ२२२



AS VALMIKI IN HIS OPERA VALMIKI PŘATIVA (1881)



জানবীক্রনাথ) • এণড়



>330


Title page of the 1st Edition of 'Rajarshi'



শিশু হুরেন্দ্রনাথ ও রবীক্রনাথ—(১৮৮৭)

WITH SURENDRANATH TAGORE IN ENGLAND (1887)

1887




Title page of the first Edition of 'Chithi-Patra'



1890

Title page of the 1st Edition of 'Europe Yatrir Diary'



1893

প্রথম সংস্করণের নামপত্র

WITH HIS FRIEND PHILOSOPHER & GUIDE SRI PRIYANATH SEN



বন্ধু প্রিয়নাথ দেন সহ (১৮৮২)

Title page of the 1st Edition 'Sandhya Sangeet' (1882)



2500


'সন্ধা সঙ্গীত' রচনার (১৮৮২) দারাই আমি এমন একজন বন্ধু পাইয়াছিলাম বাঁহার উৎসাহ অনুকূল আলোকের মতো মামাকে কাব্য রচনার বিকাশ চেষ্টার প্রাণ সঞ্চার করিয়া দিয়াছিল। তিনি শ্রীযুক্ত প্রিয়নাথ সেন। · · · · ·

—জীবন স্বতি



বিলাতে - ১৮৯•

Title page of the 'Raja o Rani' (1889)




প্রথম সংস্করণের নামপত্র




POET IN 1908



কবি - (১৯০৮)





প্রথম সংস্করণের নামপত্র (১৩০০ সাল) স্থানের উপাদানগুলিকে ভেন্সেচুরে নানাভাবে সাজিয়ে নেবার স্বাধীনতা স্বেচ্ছাচারিতা নয়। রাগরাগিণীর ঠাটগুলিকে ভেন্সে ফেলে তাদের টুক্রোগুলোকে নতুন করে সাজিয়ে স্বরের নতুন জীবকোষ তৈরী করবার যে চেঠাই আমরা করি না কেন, রবীত্র-নাথের ভাষায়, 'সেই টুকরাগুলি যতই টুকরা হোক তাদের মধ্যে সেই আন্ত জিনিসানার একা। বাঞ্চনা আছে।' এই 'আন্ত জিনিসানার ব্যঞ্জনা'-র অনুভৃতিই হোলো স্বর-মিএণ-তত্ত্বের সার কথা। যিনি টুক্রোর মধ্যে আন্ত জিনিসানা দেপতে পান না, তিনি মিএণের অর্থাৎ নতুন স্বর-স্কটির অধিকারী নন। রূপের অর্থাও ও সমগ্র অনুভৃতি, শ্রুতির অনুভৃতি ও মূর্চ্নার জান—এই হচ্ছে নতুন স্বর-স্কটির পাকে অপরিহার্য।

কি অপূর্ব নিপুণতার সঙ্গেই না রবীন্দ্রনাথ স্থরের মিএণ ঘটিয়েছেন! তাঁর প্রসিদ্ধ গান 'আছে দুঃখ, আছে মৃত্যু' গানটি দেখন। পানটি আশাবরী, ললিত, রামকেলি ও বিভাসের মিলনের ফল। এমনি স্কৃষ্টির নিপুণতা যে গান্টিতে কোনো একটি রাগকে जालांना करत धतनांत (गा (नर्षे । गरन घराछ, नृति এकांनिरक ধরেছি, দেখি, অমৃনি সে সরে গেছে। ওদ্ধ 'বা'ও ওদ্ধ 'নি'র আশেপাশে আনাগোনা নেই, বিভাগ রূপহীন, অগচ কত্রক ওলি স্তর আচে বিভাগের প্রতিনিধি ২য়ে। রামকেলি লুকিয়ে ফ্টেড়ে স্বরবিন্যাসে। 'কুস্তম ফোটে' কথাওলির স্তর ললিতকে প্রকাশ করছে। আর সব ছাপিয়ে আছে আশাবরী। ভীমপলঞ্জীর সঙ্গে मल्डारनत मिंधर्प यरनक शीन तहना करतरहन तनीक्रनांप, रामस, ব্রিঝ বেলা বহে যায়', 'আমার সকল দুখের প্রদীপ জেলে', 'নাই' রুস নাট', 'আকাণে আজ কোন চরণের আসা যাওয়া' প্রভৃতি গান্ওলি। সার্ভ, মলার ও কানাড়ার মিএণ তিনি ধানিয়েছেন 'চক্ষে আমার ত্যল' গানটিং হ। মীড় ও নুষ্ঠনার ঠাযবুনুনি নেই গানটিতে, আক্ষিক পরিবত্তনের পেলা ধরা দিয়েছে এর হৃদয়-হরণ স্থরে। তিলক কামোদ ও দেশ, এই দুটি রাগের সঙ্গে মল্লারের মিশ্রণ রবীক্রনাথের এক খনবদ্য স্বাস্টি। 'ঝড়ে যায় উৎড় যায় গো । গানটি এই তিন রাগের ত্রিবেণীসঞ্জয়। । আমি তোমার সজে বেঁৰেছি আমাৰ প্ৰাণ গানানিৰ স্থৱে পঞ্চমেৰ সঙ্গে বাহাৰ এসে মিলেছে। ললিতের আমেজও লেগেছে স্তর্নীতে। সোহিনীর সঙ্গে পঞ্মের মিলন হয়েছে 'আজি বরিষণ মুপরিত' গানটিতে। এ রকম মিএণ রবীক্রনাথের আগে কেউ কখনো करतन नि। कि अनुभग এই मिल्ला! এ तकम अकृत छ উদাহतन দেওয়া যেতে পারে রবীক্রনাথের ধর-স্টির।

ভারতবর্ষের নানা প্রদেশের নানা স্থরের গান রবীক্রনাথ ভেঙেছেন। শুধু ভারতবর্ষের নানা প্রদেশের স্বরে কেন, পাশ্চাত্য সংগীতের স্থরেও গান বেঁধেছেন তিনি। বালমাকিপ্রতিভার কোলী কালী বলো রে আজ' গানানি, আর 'ফুলে ফুলে ।বল দলে'ও 'পুরাণো সেই দিনের কথা প্রভৃতি গান পাশ্চাত্য গানের স্থরের ছাঁচে চালাই-করা।

ভারতবর্ষের অন্য প্রদেশগুলি পেকে যেস্ব স্থাইন্থ করে গান বেঁধেছেন রবীক্রনাথ ভার মধ্যে উল্লেখযোগ্য, মহীশূরী ভজনের স্করে 'আনন্দলোকে মঞ্চলালোকে, মাদ্রাজী গানের স্করে 'নীলাগুন ছায়া' ও শিথ ভজনের স্করে বাজে বাজে রম্য বীণা গানগুলি।

হিন্দী গানও অনেক ভেঙ্গেছেন যেমন মিঞাকি মল্লারের স্তরে গাঁপা কোপা যে উধাও হোলো অপূর্ন গানটি। নিঞাকি মলারের রাগ-শুদ্ধতা ঘুচিয়ে রবীক্রনাপ এই গানটির কয়েক জায়গায় কোমল নি. কোমল দা. নি, পা. এই স্বরগুলি ব্যবহাব করেছেন। তাতে শুদ্ধতা-বিশারদ ওস্তাদদের মনে বিভুগ্গ জাগিয়েছেন ইয়তো. কিন্তু স্থরটি অপূর্ব ইয়েছে। লফ্টো অঞ্চলের ফুরে বেঁবেছেন 'তুমি কিছু দিয়ে যাও'। কাফি স্তরের হিন্দী গান ভেঙে এফেছে 'অশুভরা বেদনা' আর ভৈরবী স্তরে গাঁগা মীরাবাইয়ের একটি গানের স্তরে পিলু আর বারোয়া মিশিয়ে বেঁবেছেন 'কথন দিলে পরারে'। ট্পাও মহাক্রির প্রশাদ লাভে বৃদ্ধিত হয়িন। তবে রবীজ্রনাথ নিশুবাবুর ট্পাব চেয়ে পরিমিত তানের, চিকণ ও স্বল্প কাজের শোরীন ট্পার ধরণ বেশী পচন্দ করতেন। ট্পার স্থরে বেশেছেন—'বন্ধু রহা রহা সাথে,' 'ইদয়বাসনা পূর্ণ হোলো,' 'কে বিসলে আজি হাদয় আগনে', 'এ পরবাসে রবে কে' প্রভৃতি গানগুলি।

দেশবিদেশের বহু গানের স্তর চয়ন করে বরীন্দ্রনাথ গান রচন। করেছেন, কিন্তু এই প্রসঞ্চে একটি জিনিস যেন আমর। कथरना जुरल ना योग्ने स्य जिनि नकलनितन जिरलन ना, प्रशीर या পেলেন তাই ছবছ ধরে দিলেন এই গোলামি তিনি কখনো করেন নি। যা নিযেডেন তার সঞ্চে তার প্রাণের স্তরের দু একটি স্থর मिलिए। তीत निरञ्जत अञ्चत---भेश्वरर्यत तह मिशिएस त्रवीक्षनाथ তাকে সত্য করে গ্রহণ করেছেন। নিজের রও ও *দ্বর* না মেশালে কোনো কিছুকেই নিজের করে নেওয়া যায় না। উদাহরণ স্বরূপ দেখুন বাহাব রাগের 'আজ বহিছে বস্তুপ্রন স্কন্দ' গানটি। এটি হিন্দী গান ভাঙ্গা। গানটি মূলত বাহার রাগে হলেও রবীজুনাথ গান্টির ছায়গায় ছায়গায় এমন দু-একটি স্বর-যোজনা করেছেন যেওলি রাগের দিক থেকে নিচার করলে 💩দ্ধ বাহারে লাগে না। এখন যদি কোনো ওস্তাদ 'আজি বহিছে বস্তু প্রন সুমুল গান্টিতে শুদ্ধ বাহারের রূপ ফোটাবার জুনো মরিত্রা হয়ে লেগে পড়েন তো তাঁকে বোঝাতে না পরিলেও সাধারণ মানুষকে এটা সহজেই বোঝানো যাবে যে গানের স্তরকে রবীঞ্রনাথ বাবহার করেছেন গানের কথার ভাবটি ফুটিয়ে তোলবার জনো। রাগ-রাগিণীর রূপ ফোটানোর জনো *ও*বকৈ তিনি কখনে। ব্যবহার करतन नि । तनौक्षरारथेत निरञ्जत कथोश--''यपि मनारमत स्नारन প্রথম দিলে ভালে। ওনায় আর তাতে বর্ণনীয় ভাবের সহায়ত। করে তবে জয়জয়তী বাঁচুন বা মরুন, আমি পঞ্চাকে বাহাল त्राधित ना (कन ?``

তাই রবীক্রমাপের হিন্দী-ভাদা গামওলিতে ওদ্ধ রাথ রূপ ফুটিয়ে তোলবার অমাজনীয় প্রায় থেকে আমাদের বিরত থাক। উচিত। রবীক্রমাপের গানের স্তরওলির বিশেষ্য লোপ করে তাদের মাধারণ করে জাতে তোলবার চেঠা করলে স্তরওলির অমন।মাধারণতা মই করা হবে।

রবীঞ্জনাপের পানে তান যোজন। সম্বন্ধেও সেই একই কথা খাটে। রবীজনাপ তানের দীর্ঘ টানাটানি পছল করতেন না। চিকণ কাজের সন্ধন্ধ তানের এই ছিলো তার পছল। পানের একটা এংশ হলেছ বসাধ্রক বাক্য। সেই বাক্য ওলিকে ভেঙ্গে চুরে ভাবের অংশ নিয়ে বেপরোয়া ব্যবহার করা যায় না। তাতে রসের বাঘাত ঘটে। তান হচ্ছে ওরের অলংকার। অলংকার পরতে ছানা চাই, পরাতে জানা চাই। মাত্রাবোধ না পাকলে অলংকার সৌল্বের হানি করে। বহু ললনা তাঁদের ললিত দেহে সেই বিপদের প্রনাণ নিয়তই বহন করেন। রবীজ্ঞনাপ তার পান ওলিতে সে সন্ধন্ন তান গ্রহার করেছেন, সেই তান ওলিকে বিস্থারিত করবার

থিবিকার কারো নেই। কেন না যুাঠার স্বান্টির উপর হাত চালাবার অধিকার আনিপোরে নানুমের নেই। যুাঠা তাঁর স্বান্টির সমগ্র রূপটি করেন, তার পেকেই রম, তার পেকে স্বান্টি। যিনি গান গান তিনি মাধারণত যুাঠা নন, তাই যুাঠার রমোপলন্ধি তার নেই। রবীঞ্জাপের কথায়—'মাদের শক্তি আছে তারা থান বাঁবে আর মাদের শিক্ষা আছে তারা থান বাঁবে আর মাদের শিক্ষা আছে তারা থান থায়। এরা দুই জাতের মানুষ। দৈরাথ এদের ছোঙ মেলে....। ফলে দাঁড়ায় এই যে, কলা-কৌশলের কলা আশান থাকে গানকতার ভাগে আর ওস্তাদের ভাগে পড়েকৌশল অংশনৈ। কৌশল জিনিস্টি খাদ হিসেবেই চলে, সোনা হিসেবে নয়। কিন্তু ওভাদের হাতে খাদের নিশল বাড়তেই খাকে। কেননা ওস্তাদ মানুষ্টাই মানারি, এবং মানারির প্রভুম্বই জগতে গব চেয়ে বড় দুর্ঘননা।

এই কার্নেই রবীজনাপের গানে, তার গানের জ্ব-দেহে তানের জীতিন। যোগ করবার থবিকাব গায়ককে দেওয়ার এপ হবে রবীজনাপের গানকে জর্ঘুই। নয়, জ্ব-কৌশ্লী গায়কের কৌশ্ল দেখানোর যুদ্ধ করে তোলা।

্যমন বাংলা কবিতার ছ্পের আঙ্গতা দূর করেছেন রবাজ-নাগ প্রারের রাজ্যে যুগ্ম ব্যক্তি দু নাত্রা হিসেবে ব্যবহার করে শবেদর মধ্যে ফাকটুকু স্বনিতে বিস্তারিত করে, তেম্মি নানা চুপ্দের প্রতিন করে গানের স্তর্-দেহকেও সাজিয়েছেন।

রবাজ্রনাথ ভাবের উপর লক্ষা রেপে গানের ছল-বৈচিত্র পাধন করেছেন, থেমন কোলমুগ্যারি 'আর নছে আর নছে' আর বিসন্ত গীতিনাটোর 'বীবে বীবে বও' গোনদুদিতে ছলের মন্থরতা দৃষ্টি করেছেন ভাবের দিকে লক্ষা রেপে। আবার ছলে ও তালে উল্লাস, পৌক্ষাও উচ্ছাুস ফুটিয়েছেন 'আমরা মূতন যৌবনেরি দূত', 'হৃদ্য আমার নাচেরে আছিকে' প্রভৃতি গানে।

আবার যুক্তাকরের উচ্চারণে তল-বৈচিত্র স্থাই করেছেন। সর্বথরতারে দজে, 'গ্রুন কুন্তন কুন্ত নাবো', 'হিংসায় উন্মত্ত পুথুী' প্রভৃতি গান যুক্তাকরের ধ্বনির মিশ্রণে ঘটিনব রূপলাভ করেছে।

কথাৰ ধ্বনি-বৈচিত্ৰে ছন্দের বৈচিত্র এনেছেন, যেমন, 'বাজোরে নাঁশরী বাজে। গানানৈতে মধুকরপদত্তর-কম্পিত-চম্পক-অঙ্গনে' এই কথা ওলিব ধ্বনিবৈচিত্রের খাবা ছন্দের বৈচিত্র স্বষ্ট হয়েছে।

কোপাও আনার ধূনের চন্দের বিভিন্ন নাত্রায় কথার বিরামে

ছ-দ-বৈচিত্র এনেছেন যেমন 'ফু—লে ফু—লে চ—লে' এই তিন নাত্রার ছনেদর পানে মাঝের মাত্রায় বিরাম দিয়েছেন।

কথার দিতীয় সফারে ঝৌক দেওয়া তালও স্বাষ্ট করেছেন, যেমন 'ভূমি তো গেই যাবেই চলে' গানানিতে।

একঁই গানের নান। অংশের বিচিত্র ভাবওলিকে ফুটেয়ে তোলধার জনো একই গানে বিভিন্ন তাল ব্যবহার করেছেন, যেমন 'ঐ আগে ঐ অতি ও হৈ নিরুপম।' গান দুটিতে।

কোপাও আবার তালের বিভিন্নতার গীনে ছল-বৈচিত্র এনেছেন। বেমন শ্যামল ছারা নাই বা এলে গান্টি ২।৪ মাত্রার তালে, 'কাঁপিছে দেহলতা পর পর' এটি ৩।৪।৪ এই এগারো মাত্রা ওচ্ছের একাদশী ভালে, 'জীবনমর্বের সীমানা ছাড়ারে' আহাত মাত্রার রূপকড়া তালে, 'ও দেখা দিয়ে যে চলে গেলে' গান্টি ৩।৬ মাত্রার নব তালে ও মেতে যেতে এক্লা প্রে' গান্টিতে ১)২ নাত্রার রূপক তালে।

ভারতীয় সংগীতের ধারার অন্তর্শিহিত ত্বনি সম্পূর্ণ ভাবে
নায়ত্ত করে রনীঞ্জনাপ ভারতীয় সংগীতের স্পষ্ট যোতহীন বন্ধ
জলে নতুন স্তরস্পার গ্রোত এনেছেন। শুরু তাই নয় ভবিষ্যতে
কোন্ দিক পেকে ভারতীয় সংগীতের বিকাশ সম্ভব তারও ইন্ধিত
তিনি দিয়ে পেছেন। কিন্তু স্পান্তর কেত্রে নতুন-কিছু-করার
নেশা বড়ো সর্বনেশে নেশা। নতুন কিছু কর্বার মন্ততার মতো
স্পান্তর শক্র খুব কমই আছে। রবীঞ্রনাপ বলেছেন—"স্পান্তশক্তিতে যথন দৈনা ঘটে তথনই মানুষ তাল ঠুকে নূতন্য্বর
আফলান করে। পুরতিনের পাত্রে নবীনতার অমৃতর্য পরিবেশন করবার শক্তি তাদের নেই, তাই তার। শক্তির অপূর্বতা
চড়া গলায় প্রমাণ করবার জন্যে স্পান্তিছা অন্ত্রের সন্ধান করে
পাকে।

রবীঞ্চনাপ বলচেন - 'থানি তরণ বলব তাদেরই মাদের কল্পনার আকাশ চিরপুরাতন রজরাগের অরুণবর্ণে সহজেই নবীন, চরণ বাঙাবার জনো যাদের উপাকে নিউমার্কেটে 'পুন' ফরমাশ করতে হয় না।'

ভাক-লাগানোর এই নেশার হাত থেকে আধুনিক স্তরকারের। যেন আপনাদের বাঁচিয়ে রাখেন। তবেই রবীক্স-সংগীত-ধারার সঙ্গে যোগ রেপে তাঁদের স্ক্রজন-প্রয়াগৈ তাঁর। নবীনের স্পর্শ পারেন।

ছিল যে পৰানেৰ স্বশ্বকারে এল সে ভূবনেৰ থালোক-পাৰে। স্বপন বাধা টুটি বাহিৰে এল চুটি অবাক আধি দুটি হেৰিল তালে॥ মালাটি গেঁথেছিনু অধ্বাবে,
তারে যে বেঁথেছিনু সে মামাহারে
নারব বেদনান পুঞ্জিনু যারে, হার,
নিপিল তারি গায় বন্দনারে।।

Alymorous

त्रवीस्त्रवाथ ७ गालिविदक्वव

শ্রীশান্থা দেবী

শান্তিনিকেতনের কথা পুন অল্প ন্যমেই ওনেছি। কিন্তু তার সঙ্গে ধনিষ্ঠ সম্পর্ক হয় ১৯১১ খৃঠানদ খেকে। ১৯১৮।১৭ সাল খেকে বছর দুই শান্তিনিকেতনেই বাস করেছি। তারপরও বছদিন যাওয়া আসা নিয়তই চিল।

১৯১১ भृष्टोरन्प वांनाकारन यथन आधरम शिराहि उथन কলকাতার খুব দেশী লোক শান্তিনিকেতনে যেতেন না। আমার পিতা এই বিদ্যালয়ের একজন বিশেষ হিত্তৈষী ডিলেন বলে আমরা জান্তাম সেখানে কিছু দিন থেকে প্রাচীন আদর্শে রবীক্র-নাথের বুন্ধবিদ্যালয় চল্ছে, ছেলেরা তাপ্য বালকের মত সাঞ্জিক ভাবে সেখানে বুদ্দচর্য্য পালন ও অধ্যয়নাদি করে।। তারা নিরানিষ াহার করে, পায়ে জুতা দেয় না, সূর্যোদয়ের পুর্বের শ্যাত্যাগ করে` উপাসনাধ বসে, ওরুকে প্রতাহ প্রণাম করে, নৃক্ষতলে বসে পাঠাভ্যাস করে। অন্ন বয়সে আদর্শের দিকে মানুষের মন সহজে ৰাবিত হয়, যদি সেই রকম আবহাওয়ার মধ্যে মানুষ পাকে। কাজেই এই রক্ম বিদ্যালয়ের কথা শুনে তা দেখনার জন্য আমাদেন খুৰই আগ্ৰহ হত। একদিন ওনলাম সেবার দোলের সময় সেখানে বৰীজনাথের 'রাছা' নাটক অভিনীত হবে, কৰি স্বয়ং অভিনৰে থোগ দেবেন । আমরা স্থির করলান রাজা অভিনয় দেখতে যাব। তথনকার দিনে বয়স্কা মহিলারাই নিঃসম্ব বেডাতে অভাস্ত ছিলেন না। কাজেই আমাদের মত কয়েকটি অন্তবয়ধা বালিকাব দল বেঁৰে কোখাও যাওয়া সম্ভব ছিল না। সৌভাগাক্রমে আমাব পিতা রামানন্দ চটোপাধায় রবীজনাথের একজন ঘনিষ্ঠ বন্ধ ছিলেন। তাই থামাব বয়ুৱা থামার পিতাকে *ধরে ব্*মলেন ভাঁদের শান্তিনিকেতনে নিয়ে ধানার জন্য। তাঁকে সহজেই বাজি করা গেল। তখন আমরা মহোৎসাহে যাত্রা করলাম। এই থেকেই কলকাতার মেয়েদের আগ্রম বেডাতে যাওনা স্তরু হয়।

শাল ও আমলকী বাগানের ভিতর খোডো ঘরের কোলে এত বড় একটা আদর্শ নিয়ে যে বিদ্যালয় গড়ে উঠেছে একেবারে ভার মাঝখানে এসে পড়ে চমকিত হয়ে গেলাম। পল্লাগ্রাম আর খড়ের ষর ত আগেও অনেক দেখেছি। কিন্তু একেবারে অন্যারকম। উন্নতশীর্ষ শালগাছের পিছনে লম্বা মান্তির ঘনে খড়ের চাল, কোখাও কোনো আবর্জনা পড়ে নেই, চক্ষ্ কর্ণ বা নাসিকার পীড়াদায়ক কোনো কিছু আশেপাশে দেখা যায়না। ভোৱে উঠে দেখি আৰ অন্ধকারে ছেলেরা আসন হাতে করে একটু দূরে দূরে বাানে বা **উপাসনায় বসতে চলেছে।** ধ্যানের পর সকলে স্মরেও ধ্যে িওঁ পিতা নোইসি `মন্ত্র বলছে । সবই নূতন লাগে । থাহারের সময় ছেলেরা নিজের নিজের বাসন হাতে করে খেতে চলেছে, খাবার পর নিজেরাই নিজেদের বাগন নেছে শুয়ে রাখ্ছে। সব কাজই ছেলেরা নিজেরা করে: এমন কি বারা ভাঁড়ার তদারক क्तर्वात श्रीनां उद्घ एक एक एक एक शास्त्र । एक एन ता यभि एक एक দোষ করত, তবে তার শান্তিবিধান । চল চেলেদেরই উপর। তাদের বিচার সভা বসত। সভাষ যা হির হত সেই মত শান্তি হত।



শেকালের শান্তিনিকেতন এখনকার মত বিরাট ব্যাপার ছিল না। আশ্রমপতিকে থিবে খাকতেন করেকটা এব্যাপক সপরিবারে খার করেকটা বড় বড় ধরে ছেলেরা। তখন বিশ্বভারতী পড়ে ওঠে নি, নেবেদের শ্রীভবনও ছিল না, তবে প্র্যাপকদের মেয়ের। ছেলেদের সঙ্গে একই কাশে পড়তেন। ক্ষেত্রনে ২০৪টি করে বাইলের নেয়ে এগেতে খাকে। ১৯২৩শে বোধহয় ৮০১টি বাইরের নেয়ে হুগেছিল। আমিও তখন আশ্রমের ছাত্রী।

আমরা ষেবার প্রথম থেলাম ১১১১তে তথন ঘৰণাপক বলতে দেখেছিলাম ক্ষিতিমোহন মেন শাগ্রী, জনলন্দ রায়, নেপাল চন্দ্র রায়, কালীমোহন ধোম, অফিতেকুমার চক্রব তী, মড়োম চক্রমান্ত্র, কালীমোহন ধোম, অফিতেকুমার চক্রব তী, মড়োম চক্রমান্ত্র, হরিচরন বন্দোপাবার্য এবং গার করেকজনকে। তথন গ্রমাপকদের ওরপরী ছিল না। ছাত্রদের ঘরের কাছেই মাসি কুটিরে এক একখানা ধর নিয়ে এবা কেউ একখা কেউ বা সপরিবারে বার করতেন। জগদানদ বারুব মত দুই একজনের গালাদা কুটিরও ছিল। নমে হার্যছ আন্মান্তর রাগাদির থেকে অন্যাপকদের খাবার আসত, বাঙ্গীতে লোকহা দেশী রাগ্রা করতে ছত না। রাগ্রও অভাও সাদাসিধা। লোলপুরের বাজারে বা শান্তিনিকে হনের গালে পাশে ভবিতরকারী বিশেষ পাও্যা থেত না। ছাল আর দুই বক্র গাল্বত। গাল্রমানারী বা অতিথি অভাগিতের এতে কিছু দুঃখ দেখা যেত না।

প্রথম বার রোজ। অভিনয় হয় মাটিব নাট্য ঘরে। খড়েব চালার তলায় বজন্ঞ। নবীন কিশল্য ও স্নত্তোল। পূপ্দেরে বাল্মল কৰছে। গান ও অভিনয় যেন আত্সৰাজিৰ ফলেৰ মতু চারিদিকে ছডিয়ে প্রছিল। কলকাতার ছেলেমেয়ের। যার। থিয়োনৰ থাগে দেখেছে তাদেৰ দেখা অভ্যাস ডিল বিবাট ষ্টেছে ঘরবাড়ী নদী পুৰবাত একো চিলিত পুৰের সামৰে শুলুমা চুম্বি শোভিত পোযাক পরে নটননিদের খভিনয়। কিন্তু এখানে দেখুলাম নৃত্য রক্ষ অভিনয় পদ্তি। বঞ্চুঞ্চ বলতে পুপ্পল্লব শোভিত উঁচু একটি দাওয়াৰ মত ছায়গা। । এভিনেতাদেৰ পোঘাক হারা রঙ্কে হারা কাপত চোপত। যারা বাজা সেজেডেন হাদেব শাজপোঘাক মূল্যবান, কিন্তু সেকালেব পিয়েটাবওয়ালার। এ প্র দেখলে বিশেষ মূল্য দিতেন না। আড়ম্বরের অভাব, কিন্তু প্রাণেব थोठ्या। इक उ नियारमत गरना मन्त्रके इ करो। गुउन ६ रम्या পেল। একই মঞে দুই দুলুই অভিনেতা, অপচ তার জন্য আডুইতা নেই। কলকা হায় তখনও গান জিনিসান বিশেষ দিনে বিশেষ সময়ে শোনাই মানুষেৰ অভ্যাস ছিল। কিন্তু শান্তিনিকেভনের গান্ই চিল্প্রাণ। তাই অভিনয়ে ছেলেদের গান্ই বাহিলেন শ্রো গ্রাদের খন চেয়ে বেশী চমক্ দিয়েছিল।

তার বহুদিন পরে বার বীব কলকাতায় শান্তিনিকেতনের দল 'বিশ্বাসজল' 'মাথোৎসব' প্রভৃতি গান শুনিবে শুহবেব মানুষদের একটু সচেতন করে তোলেন। তাই আজ পাড়ায় পাড়ায় পানের স্কুল আর তাদের নাচ পানের উৎসব। সে সব উৎসবে পোষাক আর অভিনয় সবই সেই শান্তিনিকেতনের ছাঁচে ঢালা হয়ে যাগেছে। আজকের কলকাতায় এওলি আর মূতন নেই, কিন্তু পঞ্চাশ বৎসর আগে এওলি ছিল অজানা। তথন স্কুলে ছেলেমেয়েরা বিলাতী ছিল আর ইংরাছি কবিতা আবৃত্তি ছাড়া আর কিছু উৎসপের আয়োজন সহছে করতে পারত না। ছুই একটা স্কুলে ভাল পাইয়ে কোনো ছেলেমেয়ে থাকলে তাকে দিয়ে একটা দুটো গান করানো হত। কিন্তু এরকম গানের কোয়ারা তথন ছিল না।

আএমে সে যুগে মেয়েদের পানি ছেলেরাই করতেন। 'রাজা' নানকৈ দুনি মাত্র নারী চরিত্র স্তদ্ধনা ও সর্প্রথম। রাণী স্তদ্ধনা সেছে ছিলেন স্থীরঞ্ন দাস, আজ যিনি আএমের উপাচার্য। তিনি তপন ছাত্র ছিলেন। অধ্যাপক অজিতকুমার চক্রবতীও একবার রাণী সাজেন।

এরপর 'শাবদোৎসব' 'ঘচলায়তন' প্রভৃতি অভিনয়ে ছাত্রদের সজে অন্যান্য অধ্যাপকদের অভিনয় কয়তে বছরার দেখেছি। শীযুক্ত জগদানল রায় ছিলেন গণিতক্ত ও রৈজানিক। কিন্তু আজ্ অনেকেই জানেন না যে তিনি একজন স্তদক্ষ অভিনেতা ছিলেন। জগদানল বাবু ''রাজা'' 'শারদোৎসব'' ''অচলায়তন'' প্রভৃতি অনেক নানকেই অংশ প্রহণ করেছিলেন। হাস্যরসাম্বক অভিনয়েই তাহার নাম ছিল বেশী। যদিও তিনি ছাত্রদের ছিলেন কড়া মারার।

ফিতিনোহন বাবুও অনেক অভিনয়ে অংশ এছণ করতেন।
একবাব বোধহয় ''অচলায়তন' নানকৈ তিনি যে অংশ এছণ
করেন ভাতে রবীজ্ঞনাথ ফিভিমোহন বাবুকে প্রণাম করেন।
অভিনয়ের মধ্যে হ'লেও এই দৃশ্যানিতে অনেকে চমকিত হয়ে
যান।

রবীজ্ঞনাপ স্বয়ং সেকালে তাঁর প্রায় সব নাটকেই অংশ গ্রহণ করতেন। ''রাছা' তৈ তিনি হন প্রকাশ্যে 'ঠাকুরদাদা'। কিন্তু ''রাছা'' রূপেও তিনিই অন্তরাল পেকে কথা বলেন, কারণ সে ''রাছা' কে চোপে দেখা যায় না। রবীজ্ঞনাপ যে নৃত্যকলাতেও পাটু তা আমরা এই সব অভিনয়েই আবিশ্বার করলাম। গভিনয়ের প্রকাশ কোন বালক ব্লুদিন প্র্যান্ত তাঁর মত পোগাক করে তাঁর মত নাচবাব চেঠা করত দেখেছি।

অধিকাংশ ক্ষেত্রেই তিনি বৃদ্ধের অংশ গ্রহণ করতেন। কেবল একবার ''রাজ্যি'তে জয়সিংহ সেজেছিলেন একেবারে তরুণমূভিতে। সে মূভি যাঁরা দেখেছেন তাঁরা ভুলনেন না। স্থার বিষয় 'জয়সিংহ' রূপে তাঁর ছবি এখনও দেখা যায়। এছাড়া একবার 'তপতী'তে ভিনি রাজ্য সাজেন। সে রাজাও অল্পরয়ন্ত্র। 'কান্ধনী' অভিনয় হয়, তখন তার ভূমিকা সরূপ ''বৈরাগ্যসাধন'' নামে আর একটি ছোট অভিনয়ও হয়েছিল। ভাতে রবীজ্রনাথ হয়েছিলেন ''কবিশেখর।'' কবি যে কবি হবেন ভাতে আশ্চর্য্য কিছু নেই। কিন্তু এ কবি তরুণ কবি, সাজে সজ্জায় কোনও বৈরাগ্য নেই। কবিশেখরের মধ্যে রবীজ্রনাথকে আবিন্ধার করতে অনেকেরই সময় লেগেছিল। যগপৎ আনন্দ ও বিষময় তাঁদের চমকিত করেছিল।

রবীজ্রনার্গের মত শক্তিমান পুরুষ স্বরচিত নাটোরে অভিনয় নৈপুণ্য দেখাবেন এতে বিহিমত হবার কিছু নেই। ডিনি বালক বয়স থেকেই 'বালমীকি-প্রতিভা' প্রভৃতিতে খ্যাতি অর্জন করে ছিলেন। কিন্তু মানুষ বিদিমত হ'ত তাঁর সর্বতোমুখী প্রতিভাদেধে। সাহিত্যের সর্বক্ষেত্রেই তিনি যখন স্থপ্রতিষ্ঠিত, কাব্যে, গানে, গল্পে, উপন্যাসে, প্রবন্ধে তাঁর নাম যখন সাহিত্যিকদের নাগালেরও বহু উর্দ্ধে তখন তিনি শিক্ষাক্ষেত্রে অবতীর্ণ হলেন। প্রথমে নিজের পুত্র ও বন্ধুপুত্রদের নিয়েই তাঁর পিতৃদেবের এই আগ্রমে বুল্লচর্যাগ্রমের সূত্রপাত তিনি করেন। তারই বোধহর ১৯০২ বংসর পরে আমরা শান্ধিনিকেতন প্রথম দেখি।

এরই ভিতর এই শিক্ষালয়ের জন্য কত পরিশ্রম, কত ত্যাগ স্বীকার, কত মানুষগড়ার কাজ যে তিনি করেছেন ত। ভাবলে বিদিমত হতে হয়। পল্ল উপন্যাস থেকে সে কালে একালের মত টাকা পাওয়া যেত না। অধিকাংশ লেখাই লেখকরা বিনা পয়সায় দিতেন। রবীস্থলাথের ভাগ্যও অনেক স্থানেই তাই ছিল। তাঢ়াড়া তথন তিনি তাঁর নব পর্য্যায়ের বঙ্গদর্শনেই 'চোখের বালি' 'নৌকাডুবি' লিখেছিলেন । এরই কিছদিন পরে প্রবাসী সম্পাদক প্রেরিত তিনশত টাকা বিদ্যালয়ের কাজের জন্য প্রেয় তিনি ''গোৱা'' লিখতে স্তক্ত করেন। কবির সব লেখার টাকা বিদ্যালয়ের জন্যই খরচ হত। সে টাক। তখন বেশী ছিল না। কাজেই আশ্রমপতিও অধ্যাপকমণ্ডলী সকলেই ব্যয়সংক্ষেপ করে চলতে হত। আড়ম্বরের চেয়ে আদর্শ তখন অনেক বড ছিল। ঙ্ধু যে মানির ঘরে বাস আর গাছতলায় অধ্যয়ন চলুত তা নয়। গাড়ী ঘোড়া আলোপাধারও কোনো মমারোহ ছিল না । ববীঞ্র-নাথ পায়ে হেঁটেই সক্র ধুরতেন। নিতান্ত বেশী দূর হলে বা অন্য করিণে যানের প্রয়োজন হলে গরুর গাড়ী ছিল সম্বল। তথন লঠনের আলোই সকলের ঘরে ঘলত। আএমে বাসকালে দেখড়ি কবির ঘরে ছোট একটি কেরাসিনের আলে। সারা রাতই 'ঘলতে। পাধা ওই প্রচণ্ড গ্রীম্মের দেশেও কারুর খরে চল্ত না। কবি ত হাতপাখাও রাখতেন না।

আশ্রমের কাজের জন্য কেরাণী রাধবার প্য়স। না থাকায় তৎকালীন সর্ব্বাধ্যক বলেন কবি স্বয়ং কেরাণীর কাজও করেছেন।

তিনি আশ্রমের চেলেদের সাপ্তাহিক উপাসনায় মন্দিরে আচার্যোর কাজ বরাবরই করেছেন তাব উপরে ছেলেদের সভাসমিতির অন্ত ছিল না। বেশীর ভাগই সাহিত্যসভা। এই সব সাহিত্যসভায় শিশুদের সাহিত্য-আলোচনা ও রচনা-পাঠ ইত্যাদি হত। তাতে ওরুদেরকে না হলে চল্ত না। তাঁর কাজ কিন্তু এইপানেই শেষ নয়, অধ্যাপকদের কাজের জন্য বই তৈরী করা, তাঁদের অনুবাদ সংশোধন করে দেওয়া এবং এমন কিছেলেদের ইংরাজি ক্লাশ পড়ানো এসব কাজ ও তিনি দীর্ঘদিন ধরে করেছেন। যখন ইউরোপ আমেরিকায় চলে যেতেন তথনও তাঁর মন পড়ে পাক্ত আশ্রমের কাছে। সেধানে কি অভাব অন্টন হচ্ছে এই চিন্তা তাঁকে সর্ব্বদা ঘিরে থাক্ত।

এখনকার দিনের স্কুল কলেজের বেতনের সঙ্গে তখনকার তুলনা করা ঠিক নয়। তবু যে বিদ্যালয়ে বাসস্থান এবং আহার দুই প'ওয়া যায় তার বেতন তখনও কম হলে চল্ত না। তবু সে যুগে আশ্রমবালকদের বেতন ছিল ১৮ নাকা মাত্র। বাংলা ১৩১৯ সালে যখন কবি ইলিনয়ে (U.S.A.) ছিলেন সে সময় বিদ্যালয়ে অর্পসন্ধাই হয়। তবু তিনি সকল ছাত্রের নিকাই ২০ নিকা বেতন দাবী করেন নি। তিনি নূতন ছাত্রদের বেতন ২০ নিকা করার প্রস্থাব করেন, কিন্তু পুরাতন ছাত্রদের বিষয়

অধ্যক্ষসভার সভ্য রামানন্দ চটোপাধ্যায়কে লেপেন, ''বর্ত্তমানে যে সকল ছাত্র আছে তাহাদের অভিভাবকের৷ ইচ্ছা পূর্বক ২০১ টাকা বেতন যদি না দেন তবে তাহাদিগকে রাধিতেই হইবে।''

অধ্যাপকদের বেতনের বিষয়ও চিন্তার কারণ হয়ে ওঠে। কিন্তু তিনি বলেন, "বিদ্যালয়ের পক্ষ হইতে অধ্যাপকদেন বেতন কম করিবার প্রস্থাব করা আমি ঠিক মনে করি না। কিন্তু হাঁহারা ইচ্ছাপর্বক নিজে হইতে কিছু কি ত্যাগ করিবার কথা বলিতে পারেন না? উঁহাদের মধ্যে কেহু একজন দৃষ্টান্ত দেখাইলে পথ সরল হইতে পারে।

"আমি জানি না আমাদের বিদ্যালয়ের বেতনের হার অন্যত্র অপেকা বেশি কিনা, কিন্তু আমি ইহাদের কাহারও কাছে কিছু দাবি করিতে পারি না। ত্যাও করিবার দাবি একমাত্র আমারই উপর আছে—বিদ্যালয়ের আইডিয়া আমাকেই ডাক দিয়াছিল অতএব যথাগতাবে আমারই ওরজ। যতক্ষণ আমার কিছু মাত্র সামর্থ্য আছে ততক্ষণ আমি অন্যের কাছে হাত পাতিতে পারি না। অতএব বিদ্যালয়ের অন্টন যাহা কিছু ঘানিতেছে তাহার মূলে আমারই অপরাধ আছে—সেজন্য আমি অন্যকে দণ্ডনীয় করিব কি করিয়া?"

১৯১৩ পৃষ্টাবেদ রবীক্রনাথ যথন Nobel পুরস্কার পান, তথন তিনি ছিলেন ঋণগ্রস্ক, বিদ্যালয়েরই জন্য। নোবেল পুরস্কারের সমস্ত টাকাই তিনি বিদ্যালয়কে দান করেন। বিদ্যাল- য়ের ঋণের জন্য 'পাঠসঞ্চয়' নামে একটি স্কুল পাঠ্য বই দাঁড় করিয়ে তিনি কিছু অর্থ সংগ্রহ করবেন মনে করেছিলেন। কিন্তু নোবেল পুরস্কারের আগে বিশুবিদ্যালয় রবীক্রনাথের রচনাকে বিশেষ দাম দিতেন না। 'পাঠসঞ্চয়' চল্ল না। এরই কিছুদিন পরে এল নোবেল প্রাইজ। বিদ্যালয়ের একটা ভর্মা

নোবেল প্রাইজের পর রবীক্রনাপের যে বিরাট সম্বর্জনা হয় তাতে তাঁর বহু অনুরাগী পিয়েছিলেন যাঁরা চিরদিনই তাঁকে ভালবেসেছেন। অগ্রণীদের মধ্যে ছিলেন জগদীশ চক্র বসু, রামানক্ষ চট্টোপাধাায় প্রভৃতি। কিন্তু আরও এমন অনেকে গিয়েছিলেন যাঁদের অনুরাগের কোনো পরিচয় এতদিন কবিবর পান নি। তাঁর সাহিত্যিক জীবনে তিনি অনেক বিরুদ্ধ ও কঠিন সমালোচনা গুনেছিলেন আজ এতবড় সম্মানের দিনে সেই বেদনার কথা তাঁর মনে বড় হয়ে জেগে উঠল। তিনি যথন স্বধর্জনার উত্তর দিলেন তথন বন্ধুদের সম্মানকে বড় করে না দেখে বিরোধীদের নতন রূপকেই বড় করে দেখলেন। তাঁর বন্ধুরা এই উত্তরে অত্যন্ত ব্যথিত হয়েছিলেন সে কথা আজও মনে পড়ে। কবি সেজন্য পরে বিশেষ বন্ধুদের বাড়ী বাড়ী গিয়ে দেখা করেন এবং বলেন 'আপনাদের কথা আমি বলি নাই।'

যাই হোক, এর কিছদিন পর হতে আশ্রমের কাজ বাড়তে

পাকে। এতদিন বাংলার ছেলেরাই ছিল এপানের ছাত্র। এরপব অন্যান্য প্রদেশের ছেলেরা আসতে পাকে। আমরা ১৯১৭ পৃটান্দে দেখেছি নরভূপ ও চারুদ্ধ নামে দুটি নেপালী ছেলে পড়ছে। বিজয়বাস্থ নামে দাক্ষিপাতোর একটি ছেলেকে মনে পড়ে, আর একজন বয়স্ক ছেলের নাম ছিল আকুরাতি চলমায়া। সেও দাক্ষিপাতোর—কবির ও আশমের প্রাতি বহির্জগতে ছড়ানোর সঙ্গে নানাদেশের ছাত্রছাত্রী ও অব্যাপক আসতে ছড়ানোর সঙ্গে নানাদেশের ছাত্রছাত্রী ও অব্যাপক আসতে লাগ্লেন। এমন কি ইউরোপের লোকেবও অভাব ছল না। এই সময় বাংলা ১৩২৫ সালে বিশ্বভারতী প্রতিষ্ঠা হয়। ভিত্তি স্থাপনের সময় একটি ইউরোপীয় মহিলাও সেই কাছে যোগ দিয়েছিলেন মনে আছে।

বিশ্বভারতীতে অধাষন অধ্যাপনা হতে আরও ক্ষেক মাস দেরী হয়। প্রথম দিকে দীনেক্রনাথের বাংলা গান ও ভীমবাও শাস্ত্রীর হিন্দুখানী সঙ্গীতই বিশেষ উল্লেখযোগ্য ছিল। দই এক বছরের মধ্যে চিত্রাক্ষণী। ওক হয়ে গেল। স্কুলে বভুদিন্ট স্থবেদ্রনাথ কর ছবি আঁকতেন। কিন্তু এখন অসিত কমার হালদার ও বিশেষ করে নন্দলাল বস্তুর আগমনে পাকা শিল্পী গড়ে তোলার আয়োজন হল। কলাভবনের কাজে খনেক গুলি শিল্পী ছাত্র যোগ দিলেন। বাংলা ১৩২৯ সালে খানিও কিছ দিন চিত্র-বিদ্যা চার্চার জন্য কলাভবনে থিয়েছিলাম। তথন দেখেছি রমেজনাথ চক্রবর্তী, ধীরেজ দেববর্জা, মনীজ ওপ্ত, খ্রীমতী ছাতী সিং, সবিতা ঠাকুৰ, গৌৱী বস্তু, বিনায়ক মাণোছী প্রভৃতি শিক্ষাণী কলাভবনে কাজ করতেন। কলাভবন তথন পিয়ার্মণ সাছেরের বাংলোর দোতলায়। উইলি পিযার্সন শান্তিনিকেতন বাসের সময় এই পাকা বাড়ীটি করেন। কার্যাক্ষেত্রের বিস্তৃত্তির সঙ্গে সঙ্গে শান্তিনিকেওনের ভিতৰ বাহিৰে অনেক পৰিবৰ্ত্নই হতে লাগল। মাটির বার্ডী ওলি আজ বোধহয় নিশ্চিক হয়ে গেছে। পাকা বার্ডী একটা ছোটিখাট সহরেব মত। ওক্তদেবও আর আগোকার মত সহজলভা রইলেন না। একে ত দেশ বিদেশে ধোরার জনা একটানা আশ্রম বাধ উঠে গেল। তার উপর বয়স বাডা, বাইরেব কাজ বাডা ইত্যাদির জন্য তাঁকে এমনি পাহার৷ বেষ্টিত করে রাখা স্তরু হল যে যাতা এক সময় যে কোনো সময়ে তাঁর কাছে যেতে পারত তারাও বিনা খনুমতিতে তাঁর দর্শন পাবার কোনো আশা রাধৃত না। অভিমানী ভজরা দূরে দূরেই ধাক্ত। বুঝাত পরি-বর্তুনই জগতের নিয়ম। পুরাতন দূরে চলে যায় নূতন এথিয়ে আগে। একই জীবনেৰ এক এক পৰেৰ এক এক ৰক্ষ চৰি সংসারপটভূমিকায় ।

ভাষপর ধপন জীবন নাট্য শেষ হযে যায় তপন পুৰাতন যাবা ক'দিনের জন্য পিছনে পড়ে গাকে ভারা যেটুকু পেয়েছিল ভার জন্য নিজেদের বন্য মনে করে, যা পায়নি ভার জন্য দুঃখ করেনা যদি অবশ্য অভিলোভী না হয়।



त्रवीस्त्वाय, शाक्षीषी ७ माछिवित्क्वव

প্রভাতকুমার মুখোপাধায়ে

প্রায় অর্ন শতাবদী পূর্বেকার শাভিনিকেতন; ডাক্ষর তার-ধর নেই, সনই বোলপুরে। প্ররের কাগজ দুই একটা আদে ডাক্ষোপো—আজকালকার মতো দৈনিক কাগজ ধরে ধরে বিলি হতো না। বাইরের জ্ঞাং সম্বন্ধে প্ররাথ্বর ক্মই রাধ্তাম। তবুও ঙনি দক্ষিণ আফিকায় ভারতীয় বাফিলাদের উপর সেখান-কার শুভাঞ্স বৃটিশ ও বুয়রর। নানাভাবে জুলুম কর্ছে—ভার প্রতিবাদ কর্ছেন নাটালের এক ওজরাটি ব্যারিফ্টার—নাম ভার মোহন্দাস ক্রম্টাদ গান্ধী।

আমাদের থেকে রবীক্রনাথ দুনিয়ার ধরর বেশী রাধ্তেন—বিদেশী পত্রিক। তিনি যথেই পড়তেন। তাই দক্ষিণ আফ্রিকার সংবাদ তিনি রাধ্তেন। বারিফার থার্মা সেধানে যে সত্যাথ্রহ বা পার্মিড্র রেজিস্টোন্স বলে আন্দোলন উপাপন করেছেন তার কথা নিশ্চয়ই জেনেছিলেন। ববীক্রনাথ কবি, ঝার্মির দৃষ্টিতে অনুভব করেছিলেন যে ভারতের ভারী সংগ্রামের নেতৃষ্কর্বেন এক সর্বভাগী সর্যাস্থা। তাই ১৯০৯ সালে প্রায়শিচত্ত নামে যে নাটকাটি লিপ্লেন তাতে ধনগ্র বৈরাগীর এক অন্তুত্ত চরিত্র স্কৃষ্টি কর্লেন—এই চরিত্র হলো যেন ভারী গান্ধীজীর প্রতীক।

দক্ষিণ আফ্রিকার ভারতীয়দের প্রতি গ্রিচারের কথা আমর। গুনি ও পরে জানলাম, ভারতীয়দের গ্রন্থা স্বচক্ষে দেখ্বার জন্ম মহারাষ্ট্রীয় রাজনীতিক, ভারত সরকারের বিধান সভার সদস্য গোপালকৃষ্ণ গোলুলে দক্ষিণ আফ্রিকায় গিয়েছিলেন।

ইতিমধ্যে রবীজ্ঞাপ ইংলও-আনেরিকা সকর করে এলেন ; নোবেল পুরস্কার পেলেন (১৯১৩, নভেদর)। ভারতে ও ভারতের বাইরেও রবীজ্ঞনাপকে ও তার বিদ্যালয়কে জানবার জন্য উৎস্কর্য দেখা দিল। রবীজ্ঞনাপের সঙ্গে বিলাতে রেভারেও সি. এফ. এণ্ডু জু নামে দিল্লী সেণ্ট্ ফিকেন্স কলেজের পাদ্রী অধ্যাপকের পরিচয় হয়। রবীজ্ঞনাপকে দেখে, তার সঙ্গে কথাবার্তা বলে, পত্র বাবহার করে এণ্ডু জু বুঝ্লেন যে ভবিষাতে তার জীবন বাঁধা প্রতালা এই মহানান্বের কাজের সঙ্গে।

এণ্ডু ভূ তার আন্ধলীবনী "What I own to Christ" থ্রে লিপ্ডেন "১৯১২ সালের একটি চনৎকার থ্রীয় সন্ধ্যা। আনটেড় গীপের কাছে রদেন্সনাইন্ তাঁর গৃহে আনাকে নিমন্ত্রণ করেছেন। রবীন্দ্রনাপ তথন লওনে।.....সেদিন কবিকে আমি প্রথম দেখলাম, তাঁর কাব্যস্ত্রপা পান কর্লাম, ভারতের অন্তর পভীরে যে মহান্ বিশ্বসংস্কৃতি নিহিত, সেই সংস্কৃতির সূজানিবিড় মাধুর্যার পরিচয় আমি আমার শুক্ত অন্তরের মধ্যে অনুভব কর্লাম গীতাঞ্জির কাব্যমাধুরীর সহিত সেই আমার প্রথম পরিচয়।

'পেইদিন রাত্রে শ্যা গ্রহণের আগে একটি বিষয়ে আনি স্থির নিশ্চয় কর্লাম। কবি যদি অনুমতি দেন, তাহলে তাঁর শান্তিনিকেতন আশ্রমে স্থান নেব। দিল্লীর বিদেশী মিশনে বসে এই ভারতবর্ষকে কিছুতেই আমি চিন্তে পার্বনা। শান্তি-

নিকেতনের পটভূমিকার এই বিচিত্র মহাদেশ নিবিজ্ভাবে আমার কাছে ধরা দেবে।....একটা কথা শুনে আমার আনন্দের শেষ রইলনা যে উইলিয়ন পিয়ার্দনও এই একই বাসনা কবির কাছে নিবেদন করেছেন এবং কবি তাতে সানন্দে সম্মতি দিয়েছেন। কিন্তু আমার পক্ষে অবিলবে এমনি পরিকর্মনা নিয়ে অগ্রসর হওয়ার উপায় ছিল না। তথনো আমি মিশনের কর্ত্বর থেকে মুক্ত হইনি। কিন্তু মনে আশা রইল। দক্ষিণ আফ্রিকার সক্কটময় দিনগুলির বেদনা এই থাশার আনন্দে লাবব হলো।'' '(ঝাণায়লি' অনুবাদ নির্মলচন্দ্র গঙ্গোপারায়। পৃঃ ১০৮—১০৯)

এন্ড্ৰুজ দকিণ আফিকায় যাবেন বলে দিল্লী থেকে এলেন ; উইলিয়ম পিযাৰ্সন দিল্লীতে ব্যুবীর সিংহের গৃহশিক্ষক ছিলেন— তিনিও এলেন শান্তিনিকিতনে।

কলিকাতা নাথরিকদেব পদ্ধ পেকে শান্তিনিকেতনে রবীক্র সম্বর্না হবার (২৩ নভেদ্ব ১৯১৩) পর কবি কলিকাতায় যান : কিন্তু ফিরে আগলেন—এণ্ডুছরা দক্ষিণ আফ্রিকায় যাবেন গান্ধীজীর সত্যাগ্রহ আন্দোলন দেখ্বার জন্য। শান্তিনিকেতন মন্দিরে উপাসনা কর্লেন রবীক্রনাথ এই দুই বিদেশী ভারত দরদীর কল্যাথের জন্য। ভাত্রদের সভায় পিয়ার্সন বাংলায় বল্লেন ''আমি এবং আমার বন্ধুর (এণ্ডুজের) পদ্ম হইতে একটি মাত্র কথা তোমাদিগকে বলিতেতি যে এই শান্তিনিকেতন আশ্রম হইতে যে শান্তি আমরা সদ্দে করিয়া লইয়া যাইতেতি, তাহা দক্ষিণ আফ্রিকাব কাবে আমাদিগকে সাহায়্য করিবে।'' নির্মাতিত প্রবাসী ভারতীয়দের দুঃবে দুইটি ইংরেজের ক্রদ্ম রাগিত হয়ে উঠলো। রবীক্রনাথ এণ্ডুছ্কে লিখ্লেন,'— ''You know, our best love was with you, while you were fighting our cause in Africa''. এই হলো গান্ধীজীব

দক্ষিণ আফ্রিক। ১৯১০ সালে গঠিত হয়েছে; ব্রিটিশ বুয়র সকলেই জোট পাকিয়েছিল—ভারতীয়দিগকে দেশ খেকে দূর কর্বার জন্য; প্রায় ৭০।৮০ বৎসর ধরে ভারতীয়রা পুরুষানুক্রমে নাস করে দক্ষিণ আফ্রিকার যথেষ্ট উন্নতি করেছে; এখন দেশটা বাসেব যোগ্য হয়েছে, ভারতীয়র। এখন ফাল্তু। তাই নানা রকনের আইন করে, তাদের অপমান করে, উত্যক্ত করে, দেশ খেকে তাড়াবার যড়যন্ত্র করুছে। গান্ধীজীর প্রতিবাদ সত্যাগ্রহ রূপ নিয়েছিল।

কর্মে রবীন্দ্রনাথের প্রথম সংযোগ--যদিও তা অপ্রত্যক্ষ।

াই হোক্ জেনারেল স্মাট্য্ নূতন গবর্মেণ্টের অন্যতম মগ্রী হয়ে গান্ধীজীর সঙ্গে একটা মিট্মাট্ কর্লেন, স্ত্যাগ্রহ আন্দোলন বন্ধ হলে।।

দক্ষিণ আফ্রিকা ও ভারত দুই দেশই ব্রিটিশ সামাজের অন্তর্গত ; তাই তিনি ইংলওে চল্লেন কলোনিয়াল সেকেটারী বা উপনিবেশ সচিবেব সঙ্গে নোলাকাৎ করে একটা বোঝাপড়া ক্রবেন ও তারপর ভারতে ফির্বেন। কিন্তু মুক্ষিল হলো তাঁর ফিনিক্স বিদ্যালয় নিয়ে

—সেনাও তাঁর আশ্রম-বিদ্যালয়। ব্যবস্থা কর্লেন এও ভু । তিনি
১৯১৪ সালে শান্তিনিকেতনের কাজে যোগ দিয়েছেন। তাঁর
ব্যবস্থায় ফিনিক্স বিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকগণ শান্তিনিকেতনে
আশ্রয় পেলো।

त्रवीक्रनाथ शाबीकीरक निष्रानन,

"That you could think of my school as the right and the likely place where your Phoenix boys could take shelter when they are in India, has given me real pleasure and that pleasure has greatly enhanced when I saw those dear boys in that place I write this letter to thank you for allowing your boys to become our boys as well and thus form a living link in the Sadhana of both of our lives."

রবীক্রনাথের গান্ধীকে এই প্রথম পত্র (১৯১৫): আর শেষ পত্র লেখেন ১৯৪০ সালে ক্রেন্রুয়ারী মাসে। এই ২৫ বৎসর উভয়ের মধ্যে যোগসত্র রক্ষা করে চলেছিলেন এণ্ডুছ।

১৯৪০ সালের এপ্রিল মাসে এণ্ডু জের মৃত্যু হলোঁ। গান্ধীজী কলকাতায় এণ্ডু জকে নাসিং হোমে শেষ দেখা দেখে গোলেন। রবীক্রনাথেরও সঙ্গে সেই শেষ সাক্ষাৎ করে গোলেন।

এণ্ডুছ্ তাঁর আত্মজীবনীতে লিগছেন, ''মহাস্থা গান্ধীন সঙ্গে আমার প্রথম পরিচয় হয় দক্ষিণ আফ্রিকায় (১৯১০).... গান্ধীজীর সংস্পর্শে এয়ে আমি ভয়কে জয় করতে শিখেছি। অগ্নিস্ফলিন্দের স্পর্শে এয়ে আমি ভয়কে জয় করতে শিখেছি। যা কিছু নিযুপ্ত ভতনোধ তাঁর চরিত্রস্পর্শে তেমনি জাগ্রত হয়েছে, উজ্জীবিত হয়েছে আমার প্রেরণা''।

ফিনিক্ বিদ্যালয়ের ছাত্রর। এসেছে শান্থিনিকেতনে। তাদের সঙ্গে আছেন মগনলাল, রাজস্বন, কোটাল প্রভৃতি। দতাত্ত্বের বা কাকা কালেলকর এসে তাদের সঙ্গে, গোগ দিলেন। এই ছাত্র-শিক্ষকরা আশ্রমের সামনে একটা নতন আদর্শ ধর্লো।

গান্ধীজী ইংলণ্ড থেকে ভারতে এসে জান্তে পার্লেন যে তার বিদ্যালয়ের ছাত্ররা, তার পুত্র দেবদায় প্রভৃতি ফকলেই শান্তিনিকেতনে আছে। গান্ধীজী কন্তরাবাইকে সত্তে করে বোলপুর এলেন (ফেন্ড্রুয়ারী ১৯১৫)। রবীন্দ্রনাথ তথন আএনে ছিলেন না, তথাচ গান্ধীজী বলেছেন—"The teachers and students overwhelmed me with affection, the reception was a beautiful combination of simplicity, art and love!"

সত্যই গান্ধীজী আস্ছেন বলে আশ্রমবাসীরা দিনরাত্রি খেটে নতন রাস্তা নির্মাণ করেছিল।

কিন্ত এ যাত্রায় গান্ধীজীর পক্ষে আগ্রমে দীর্ঘকাল থাকা সম্ভব হলোনা। 'টেলিগ্রাম পেলেন ১৯ ফেব্রুন্মান্ত্রী পুনায় গোপ্রের মৃত্যু হয়েছে। পান্ধীজী গোপ্রেরক গুরুর ন্যায় প্রদ্ধা কর্তেন। তিন বৎসর পূর্বে গোপ্রেল ভারতীয়দের পক্ষ থেকে দক্ষিণ আফ্রিকায় মত্যাগ্রহ ও ভারতীয়দের নিগ্রহ দেখতে গিয়েছিলেন। গান্ধীজী বিলাত হইতে ফির্বার পথে বোদ্বাইতে নেমে পুনায় গিয়েছিলেন পীড়িত গোপ্রেকে দেখ্বার জন্য। এখন, তার মৃত্যুর সংবাদ টেলিগ্রামে পেয়ে পুবই ব্যথিত চিত্তে গান্ধীছিল আশ্রম থেকে পুনা গেলেন।

৬ই মার্চ গান্ধীজী শান্তিনিকেতনে এলেন; তখন রবীক্রনাথ

আছেন শ্রীনিকেতন কুঠিবাড়িতে, ফান্তনী নাটক লিখ্ছেন, সমস্ত মন্টা গানের স্থরে ড্রে আছে।

পানীজী আশ্রম পরিদর্শন করে পুগী হতে পার্লেন না। তিনি কঠোর জীবন যাপনে অভ্যস্ত, তার ফিনিকা বিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরাও সেই কঠোরতায় গভাস্ত। তিনি তার আশ্ব-জীবনীতে লিপুছেন ;---

''আমার শ্বভাব অনুযায়ী আমি বিদ্যাপী ও শিক্ষকদিথের সহিত মিলিয়া গিয়াছিলাম। আমি তাঁহাদের সহিত আশ্বনির্ভরতা সম্বন্ধে আলোচনা করিতে আরম্ভ করিলাম। বেতনভোগী পাচকের পরিবর্তে যদি বিদ্যাপী ও শিক্ষকরা নিক্ষেই রায়া করেন তবে ভাল হয়। উহাতে পাকশালার স্বাস্থা ও অন্যান্য বিষয় শিক্ষকদের হাতে আসে, বিদ্যাপীরা সাবলগ্ধী হয় এবা নিক্ষে হাতে পাক করিবার ব্যবহারিক শিক্ষাও লাভ করে। এই সকল কথা আমি শিক্ষকদিগকে জানাইলাম। দুই একজন শিক্ষক মাথা নাছিলেন। কাহারও কাহারও এই পরীক্ষা ভাল মনে হইল। এই বিষয়ে রবীক্রনাথকে জানাইলে তিনি বলিলেন শিক্ষকের। যদি অনুকূল হন, তবে এ পরীক্ষা তাহার নিক্ষেব পুর ভাল লাগিবে। তিনি বিদ্যাথীদিগকে বলিলেন, ''ইহাতেই স্বরাজের চাবি রহিয়াতে।''

তথন আশ্রমের পাকশালায় ব্রাদ্ধণ ও ব্রাদ্ধণেতর প্রভি পৃথক্ ভোজন কর্তো। রবীজনাথের সঙ্গে সাংলাং হলে এ বিষয়ে কথা ওঠে ; গাদ্ধীজাঁ এই প্রভিত্তেদের বিরোধী।; বলা বাঞ্চলা রবীজনাথও ছাতিভেদ বিখাস করতেন না। কিন্তু বললেন ষে তিনি কোনোদিন ছাত্র ও শিক্ষকদের ধর্মমত বিষয়ে জুলুম করেন নি; কবির মতে জোর কর্লে আপাতদৃষ্টিতে তারা নিষম পালন কর্বে, কিন্তু তা স্বায়ী ফলপদ হবেনা। গাদ্ধীজার মতে এটা নিজ্রিয়তার লক্ষণ ; তাই কিছুকাল পরে সাবরমতীতে তিনি ছাঞ্জম পতিই। করে 'ছাতপাত মেনে চলেননি; তার জন্য তিনি ভার নিকন্টের অনেক লোককে দুঃখ দিয়েছিলেন। গাদ্ধীজাঁ দুঃখ পেতে বা দুঃখ দিতে ধিবা কর্তেন না। তাঁর সংখ্রামে ক্রত সহস্থা নরনারী দুঃখকে বরণ করে নিয়েছিল। তিনি নিজের দেহকে দুঃখ দিয়েছেন অনশনের ছারা। রবীজনাথ স্বয়ং দুঃখ পেতেন, কিন্তু তার জন্য অন্যাকে দুঃখ দিতে পার্তেন না। ক্রমী ও কবির মধ্যে এইখানে মন্তু একটা ভেদ।

রবীজনাপের অনুমোদন পেয়ে চাত্র-শিক্ষকরা আশ্রমের
যারতীয় কাজে লেগে গেলেন (১০ মার্চ. ১৯১৫)। এই উৎসাহ
মাস দেড়েক ছিল। গ্রীখের ছুনির সঙ্গে এর অবসান হয়।
এখনো প্রতিবংসর এইদিন গান্ধী দিবস বলে আশ্রমে উদ্যাপিত
হয়। ভূতা, পাচক, মেখর, মালি স্বাই ছুনি পায়—আশ্রমবাসীরা
স্ব কাজ করেন। আশ্রমে স্বাবল্ধননীতি প্রবর্তনের প্রদিন
(১১ মার্চ. ১৯১৫) গান্ধীজী রেজুন চলে গেলেন; ভারপর দিন
কুড়ি পরে ফিরে তার ছাত্রদের নিয়ে শান্থিনিকেতন ত্যাগ করে
গেলেন। ফিনিক্স্ বিদ্যাপীদের সঙ্গে আশ্রমের যোগ ছিল মাস
চার। তাদের স্পোনে থাকা ব্যর্থ হয়নি—অনেক বিদয়ের প্রতি
আশ্রমবাসীদের দৃষ্টি গেল।

ুই বংসর পরে (১৯১৭) কলিকাতার 'বিচিত্র।' হলে ডাক্ষর অভিনয়ে গান্ধীজী অন্যান্য নেতাদের সঙ্গে উপস্থিত ছিলেন : কবিব সঙ্গে বিশেষ আলোচনার অব্যর ও প্রয়োজন তথ্য হয়নি। ১৯২০-২১ সালে রবীজনাথ যুরোমেরিকা সফরে আছেন— গান্ধীজী প্রবৃত্তিত অসহযোগ আন্দোলন এলো রৌলট বিলের প্রতিবাদে ও পিলাফত আন্দোলনের সমর্থনে।

রবীক্রনাপ জাতীয় আন্দোলনের সঙ্গে সাম্প্রদায়িক খিলাফত্ আন্দোলনকে জুড়ে দেবার বিরোধী ছিলেন; এণ্ডু জ্ও। রবীক্রনাপ যে পত্রধারা সে সময়ে লেখেন, তা মডার্ণ রিভিট মাসিকে প্রকাশিত হয়—তা এক হিসাবে গান্ধীজীর অসহযোগনীতির অসমর্থন।

কবি যখন পশ্চিমে সফরে আছেন। সেই সময় গান্ধীজী বাংলা দেশে আসেন। শান্তিনিকেতনে বিগ্রামের জন্য তিনি এলেন। এণ্ডুজের বাবস্থায় এগৰ হলো। পিলাফত আন্দো-লনের অন্যতম নেতা সৌকত আলি এলেন গান্ধীজীর সঙ্গে দেখা করতে। প্রসঙ্গত বলে রাখি বহু বংসর পরে স্বভাষ চন্দ্র বস্তুর সক্তে যখন গান্ধীজীর বিরোধ বেধেছে, তখন এই শান্তিনিকেতনে কবির কাছে আগেন সভাষ ও জহরলাল। কবি দেশে ফেরবার পর (৬ সেপ্টেম্বর ১৯২১) কলিকাতার জোড়াগাঁকোর বাড়িতে গ্রাদ্ধীজী আমেন কবির মঙ্গে সাক্ষাৎ করতে; সেখানে এও জ্ ছাড়া আর কেউ উপস্থিত ছিলেন না। তাঁদের মধ্যে কেখাবার্ত্তা হয়, তাঁর বিবরণ পাওয়া যায় না। তবে তাঁদের মতের মধ্যে মিলনের বাধা ছিল। থান্ধীন্ধী দেশের আন্ত মুক্তির জন্য ব্যগ্র, রবীন্দ্রনাথ মানুষের মুক্তির জন্য ব্যাকুল। একজন ভাবছেন आशीन । পেলেই সৰ পাওয়া যাবে, অপরজন মনে করছেন. মান্ধের মন জাগলে। সত্যকার সাধীনতা মিলুবে—রাজনীতি, অর্থনীতি, সমাজনীতির কেতে। এণ্ডুজ্ এই দুই মহাপুরুষ সন্ধন্ধে যে বিশ্লেষণ করেছিলেন, তা 'Mahatma Gandhi's [deas] গ্রন্থের পাঠকদের নিকট স্বপরিচিত গ্রানে উদ্ধৃত হলোনা।

অসহযোগ আন্দোলন নিরুপদ্রব অহিংস থাক্লো না ; অনেক হৃদয়বিদারক ঘটনা ঘটে গেল। গ্রেণ্মেণ্ট গান্ধীজীকে এসবের জন্য দায়ী ঠিক করে কারাগারে পাঠিয়ে দিলেন।

এই সময়ে রবীজনাথ পশ্চিম ভারত সফরে বের হয়েছেন বিশ্বভারতীর জন্য। আহনদাবাদে এসেছেন। সেধান পেকে সাবরমতী আশ্রমে পেলেন। দুই বংসর পূর্বে (১৯২০ সালে) গান্ধীজী যথন তার আশ্রমে ছিলেন, তথন কবি সেধানে গিয়া একরাত্রি বাস করে আসেন। সেবার গান্ধীজীর থামধ্রণে ওজ্রাট সাহিত্য সংখেলনে সভাপতিষ করতে আসেন।

্যান। কন্থেয় স্বাজ্যদলের হাতে পড়েছে। গান্ধীজী চরকা-খদর থানোলন করছেন। ববীপ্রনাথ দক্ষিণ আমেরিকা সফর পেকে ফিরেছেন। গান্ধীজী কলকাতায় এসেছেন, ভাবলেন রবীক্রনাথকে চরকা-খদর আন্দোলনের মধ্যে দান্তে পার্বেন। তাই এলেন শান্তিনিকেতনে (২৯ মে. ১৯২৫)। দুই দিন আলোচনা হলো। বলা বাইলা কেউ কাউকে নিজের মতে আনতে পার্বেন না। গান্ধীজীর সঙ্গে এসেছিলেন মহাদেব দেশাই, পিয়ারীবাল, সন্ধীক সতীশচন্দ্র দাশগুথ প্রভৃতি।

১৯৩০ সালে রবীক্রনাথ তাঁর শেষ পাশ্চাতা সফর করে ফিরে আসেন। লওনে তথন গোল টেবিল বৈঠক প্রথম দকায় বসেছে; গান্ধীজী তাতে যোগদান করেন নি। রবীক্রনাথ তথন লিখেছিলেন যে গান্ধীজী লওনে উপস্থিত হলে ভালো কর্তেন—কোনো আশা না করে যাওয়াই উচিত ছিল।

তারপর দ্বিতীয় বৈঠকে গাদ্ধীজী গেলেন শেষ প্রাস্ত একা

ভারতের প্রতিনিধি হয়ে। সেই সময়ে গান্ধীর্জীর জন্মদিন প্রথম উদ্যাপিত হলো (২র। অক্টোবর ১৯৩১)। কবি বলেন ''কেবল-নাত্র রাষ্ট্রনৈতিক প্রয়োজন সিদ্ধির মূল্য আরোপ করে তাঁকে আমর। উপলব্ধি করিব। প্রচণ্ড এই শক্তি, সমস্ত দেশের বুক জোড়া জড়ম্বের জগদল পাগরকে আজ নাড়িয়ে দিয়েছে।.....দেশ ভয়ে আচ্চান, সংকোচে অভিভূত ছিল।আমাদের আত্মকৃত পরাভব পেকে মুক্তি দিলেন মহাত্মাজী। এখন শাসনকর্ত্তারা উদ্যত হয়েছেন আমাদের সঙ্গের বফা নিম্পত্তি করতে। কেননা তাদের প্রশাসনতন্ত্রের গভীরতর ভিত্তি ইল্ছে, থে ভিত্তি আমাদের বীর্যহীনতার। আমরা অনারাসে থাজ জগৎসমাজে আমাদের স্থান দাবি কর্ছি।''

দ্বিতীয় পোল টেবিল বৈঠক থেকে ফেরবার আটদিনের মধ্যে লর্ড উইলিংডন গান্ধীজীকে কারাগারে পাঠিয়ে দিলেন; তথন রবীক্রনাথ যে ভাষণ দেন, সেটি এখনো স্মরণীয়।

তারপর এলে। ম্যাক্ডোনলেডর নয়। সংবিধানের খস্ডা; ইতিপূর্বে মুসলমানদের তো পৃথক্ সন্ধ। সাব্যস্ত হয়ে আছে, এবার হিন্দু সমাজের মধ্যে অস্থাজদের ও বর্ণ হিন্দুদের পৃথক্ করে দেবার চেটা হয়েছে। গান্ধীজী পুনা যেরবেদা জেলে আটক। তিনি ঘোষণা করলেন যদি এই আইন পাশ হয় তবে তিনি অনশনে প্রাণতাগে করবেন। রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে। তিনি বিচলিত হয়ে উঠ্লেন; পত্র, টেলিগ্রাম পাঠিয়ে নিশ্চিম্ব থাক্তে পার্লেন না; দেশের কন্প্রেমী সমস্ত নেতাই তথন কারাগারে। রবীন্দ্রনাথ পুনায় চলে গেলেন। পুনা প্যাক্ট হলো। গান্ধীজী অনশন ত্যাগ করলেন—রবীন্দ্রনাথ গান কর্লেনঃ—

''জीवन यथेन ७थारब याब, कक्रमाधातोब এरमा।''

পুনা প্যাঈ্ হওয়ায় বাঙালিয়। গান্ধীজীর উপর পুব বিরক্ত হয়। তিনি যখন কলকাতায় আস্ছেন, তখন তারা তাঁকে বর্জন করবে বলে শাসায়। রবীক্রনাথ দেশবাসীকে শান্ত হবার জন্ম অনুরোধ জ্ঞাপন করে বল্লেন ''আমি তাকে অভিনন্দন কর্চি।'

রবীজ্রনাপ বিশ্বভারতীর চিরণারিদ্রা মোচন করে ছাত্রছাত্রীদের নিয়ে ১৯৩৬ সালের গোড়ার দিকে উত্তর ভারতে
সফরে বের হয়েছেন। শরীর জীর্ণ—তবুও বের হতে হচ্ছে
অর্থের জন্য। বিশ্বভারতীর দায় তাঁর একারই। বহু নগর
পুরে দিল্লীতে উপস্থিত হলেন। গান্ধীজী তপন সেধানে। সেদিন
সন্ধ্যায় গান্ধীজী ও কন্দ্রবাবাঈ কবির সঙ্গে দেখা কর্তে এলেন;
বল্লেন্ কবির যা বয়স ও স্বাস্থ্যা, তাতে তাঁর পক্ষে এভাবে খুরে
বেড়ানো উচিত নয়। তাঁরা শুন্লেন বিশ্বভারতীর ঘাট্তির
কথা। তারপর দিন বিড়লাদের কাছ পেকে ঘাট হাজার নাকার
একখানি চেক্ নিয়ে কবির হাতে এনে দিলেন।

কৰির শরীর জ্রত অবনতির দিকে যাচ্ছে; তাই গান্ধীজী ও কস্তুরাবাট কৰিকে দেখতে এলেন শান্তিনিকেতনে (১৯৪০ ১৮ই ফেব্রুয়ারী)। গান্ধীজীর সহিত কবির কয়েক বার দেখা হলো কিন্তু তাঁদের আলোচনা "Too sacred and personal in character for recapitulation."

গান্ধীজী ফিরে গিয়ে বলেন "The visit to Santiniketan was pilgrimage to me."

কিছুকাল পূর্বে এক জাপানী বাংলা দেশে আসেন ; পান্ধীজীর সজে দেখা কর্তে পোলে, তিনি তাঁকে জিজ্ঞাসা করেন ''কি দেখেত বাংলা দেশের ?'' তিনি বলেন যে হামিলটন্ সাহেবের গোসালা দেখেতেন। পান্ধীজী তাঁকে বলেন ''Gosala is Gosala. But Santiniketan is India.''



TAGORE IN 1939

त्रवासनाथ - ১२०৮

গান্ধীজী শান্তিনিকেতন ছাড়ার পূর্বে কবি তাঁর হাতে একখানি পত্র দিয়েছিলেন। সেই পত্রে কবি লেখেন যে তাঁর অবর্ত্ত মানে তাঁর বিশ্বভারতীর ভার তিনি গান্ধীজীর হাতে দিয়ে যাচেছন। কবি বুঝাতে পোরেছিলেন ভারতে বৃটিশ শক্তির অবসান হবেই এবং একদিন কন্থেশ ভারতের শাসনভার গ্রহণ কর্বে। তাই গান্ধীজীকে বিশ্বভারতী সম্বন্ধে তাঁর শেষ অনুরোধ জানিয়ে দেন। কবির মৃত্যুর (১৯৪১, ৭ই আগস্ট) ছয় বৎসর পরে ভারত

স্বাধীন হলে। তারপর ভারত সংবিধান তৈরী হয়ে যথন পূরো-পূরিভাবে স্ববিধ কাজ কর্ম কর্বার আইন প্রণায়নের অধিকার লাভ হলো; রাজেন্দ্র প্রথম রাধুপতি হলেন, তার অব্বকালের মধ্যে শান্তিনিকেতন বিপুভারতী বিপুবিদ্যালয়ের মর্যাদা লাভ কর্লো (১৯৫১)।

তারত সরকার যধন এ ভার নিলেন, তখন রবীক্রনাথ ও গান্ধীজী কেহই আর ইহসামে নেই।

যেখায থাকে স্বার অবম দীনের ২০০ দীন—
সেইখানে যে চরণ তোনার রাজে —
স্বার পিছে, স্বাব নীচে, স্ব-ছারাদের নাঝে।
যখন তোনায় প্রণান করি আমি
প্রণান আমার কোনখানে যায় থানি—
তোমার চবণ যেখায় নামে অপনানের ওলে—
স্বার পিছে, স্বার নীচে, স্ব-ছারাদের মাঝে।

অহন্ধার তো পায় না নাগাল যেগায় তুমি কেন
রিক্তর্মণ দীনদরিদ্র সাজে
স্বার পিছে, স্বার নীচে, স্ব-হারাদের মাঝে।
ধনে মানে যেগায় আছে ভরি
শেখায় ভোনার সদ্ধ আণা কনি—
সদ্ধী হয়ে আছ যেখায় সদ্দীহীনের ঘনে
শেপায় আমার হৃদয় নামে না যে
স্বার পিছে, স্বার নীচে, স্ব-হারাদেন মাঝে।

Alynnions

३३ वाषा ३३३१



वाढावी त्रवीस्त्रवाथ

সৈয়দ মুজতবা আলী

পৃথিবীর সভ্য জগতের ধর্ণঅই রবীজনাপের জন্ম-শতবাধিকী উদ্যাপিত হচ্ছে। ভারতবর্থের বাইরে তাঁকে সমরণ
করা হবে প্রধানতঃ বিশ্ব-নাগরিকরূপে, বাঙলার বাইরে ভারতবর্থের
ধর্ব তাঁকে সমরণ করা হবে প্রধানতঃ ভারতীয় ক্বিরূপে এবং
আমরা বাঙালী তাঁকে সমরণ করবে। প্রধানতঃ বাঙালী ক্বিরূপে।

এ কিছু বিচিত্র নয়। জর্মানির সাধারণ জনের পক্ষে জানা কঠিন যে রবীন্দ্রনাথ কালিদাস গোত্রের লোক কিংবা ব্রিটিশ অত্যাচারের প্রতিবাদ স্বরূপ তিনি সরকারী পেতাব বর্জন করেন— অর্থাৎ তাঁর গাঁটি ভারতীয় রূপ তার চোথে পড়বে না। সে প্রধানতঃ সমরণ করবে সেদিনের কথা যেদিন, প্রথম বিশুমুদ্ধের পর, সে জাতি-সমাজে অপ্যানিত এবং সেদিন 'টাগোর' তাকে শুনিয়েছিলেন 'পরাজিতের গান'—'দি সং অব্ দি ডিফীটেড।' ঠিক সেই রক্মই চীন সমরণ করবে, জাপান যেদিন তাকে পদানত করবার চেট্রায় রাজ্য লোলুপ ইয়োরোপীয় পদ্ধতিতে অস্ত্র সংগ্রহ করতে আরম্ভ করে সেদিন রবীক্রনাথ চীনের হয়ে জাপানকে তার স্বর্ধর্ম, তার সত্য ধর্ম সমরণ করিয়ে দিয়েছিলেন।

ম্পেন কিংবা নরওয়ে ঠিক এ-ভাবে দেখবে না। তবে তারাও দেখবে তাঁর নিশু-নাগরিক রূপ, তাঁর বিশুক্তি রূপ।

> 'হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি তাজিতে মুকুট দণ্ড সিংহাসন ভূমি।

ক্মীরে শিখালে তুমি যোগযুক্ত চিতে সর্বফলম্পুহা বুন্দো দিতে উপহার।

ভোগেরে বেঁধেছ তুমি সংযমের সাথে, নির্মল বৈরাগো দৈন্য করেছ উচ্ছুল।

টীকা টিপ্লনির সাহাথ্যে যদি বা ফরাসী কিংবা তুর্ক এ কবিতাটির মূল অর্থ ধরতে পারে সে হবে কবিতাটির তথ্যের বা জানের দিক, এবং সেই যদি তার কাম্য হয় তবে এ কবিতা না পড়ে ভারতবর্ষের যে কোনো প্রামাণিক ইতিহাস পড়লেই তার জ্ঞান সঞ্চয় হবে অধিকতর। এ কিছু নূতন নয়; আমরাও পিলগ্রিমস্ প্রোগ্রেসের অনেকাংশ এই ভাবেই পড়ে থাকি। পক্ষান্থরে যে কোনো শিক্ষিত ভারতীয়, যার হৃদ্য নন ভারত-

বর্ষের ঐতিহ্যাগত আদর্শ সম্বন্ধে সচেতন, তার কাছে কবিতাটি অনুভূত হবে রস স্বরূপে। আরেকটি সর্লত্র উদাহরণ দি:

> মুপে তার লোধুরেণু, লীলাপদা হাতে, কর্ণমূলে কুলকলি, কুরুবক মাথে, তনু দেহে রক্তাধর নীবীবকে বাঁধ। চরণে নুপুর্ধানি বাজে আধা-আধা।

এ কবিতাটি পড়ে বিদেশীর জ্ঞান সঞ্চয় হবে, ভারতীয় রমণীর প্রসাধন সম্বন্ধে, কিছুটা রস যে পাবে না সে কথা বলি না, কিছু যে রসিক কালিদাসের নায়িকাদের সদ্দে স্তপরিচিত তার হৃদয়ে অনুভূত হবে এক অভূতপূর্ব আনন্দ—প্রাচীন দিনের আধা-চেনা গদ্ধের সঙ্গে মিলে গিয়েছে আজকের দিনের চেনা-গদ্ধ, ঠাকুরমা তাঁর সিন্দুক পুললে প্রাচীন দিনের কর্পূর্ব-মন্ধরীর গদ্ধ যথন বাতাসে ভেসে বেড়াছে তখন যদি আজকের দিনের ভরা আঘাদের নব মালতীর স্থবাস তার সঙ্গে মিশে যায়। ইংলণ্ডের ঠাকুরমাও সিন্দুক পুললে তার পেকে বেরোয় প্রাচীন দিনের ল্যাভেণ্ডারের গদ্ধ, সঙ্গেও মিশে যায় আজকের দিনের ডাফোডিলের গদ্ধ। বুঝি, কিছু রস পাইনে।

অপচ রবীন্দ্রনাপ যেখানে ভারতোত্তর কবি সেখানে তিনি বিশ্বকবি। তাঁর 'ডাক্ষরের' অমল মানবাশ্বার প্রতীক, রাজার চিঠি ভগবদ্প্রেমের অনুপ্রেরণা। সকলেই জানেন প্যারিধ বালিন ভিয়েনায় সে নাটক কী পরিমাণ সর্বজন প্রিয়। 'বিসর্জন' কি সে পরিমাণ রসস্টি ওসব জায়গায় করতে পারবে ?

এবারে অবাঙালী অথচ ভারতীয়দের কথা নিন।

'আমরা বেঁধেছি কাশের ওচ্ছ, আমরা গেঁপেছি শেফালিমাল।—' প্রতি শরতে রবীন্দ্রনাথ এই কাশের প্রতীক্ষা করেছেন। জর্মানির মিউনিকশহরে সেপ্টেম্বর মাসে হঠাৎ ঠার মনে পড়ল দেশের কথা—-

> 'ছুটির বাঁশি বাজল যে ঐ নীল গগনে আমি কেন একলা বুসে এই বিজনে।'

এবং দেশের সমরণে গানটি শেষ করছেন,

'আকাশ হাসে গুল্ল কাশের আন্দোলনে— স্কর পুঁজে তাই শুন্যে তাকাই আপন-মনে।।'

২ বেস্ত লীলাক্মলমলকে বাল-কুলানিবিদ্ধং নীতা লোধ্ৰ-প্ৰসব-রজসা পাওুতামাননে শ্রী:। চুড়াপ:শে নবকুরুবকং চারুকর্ণে-শিরীষং শীমক্তে চ ছদুপ্রসক্ষং যত্র নীপং বধুনাম্।। এই কাশ নিতান্তই বাঙালী কবির আদরের ধন। আমার মনে আছে, ছেলেবেলায় যথন আমি শান্তিনিকেতনে পড়তুম তথন এক ওজরাটি ভদ্রলোক আশ্রম দর্শনে এসে আমাকে জিজ্ঞাসা করেন, কাশ কি বস্তু ? সৌভাগ্যক্রমে তিনি শরংকালেই এসেছিলেন। দেখিয়ে দিলে তিনি পরম যতে আঁটি আঁটি কাশ বাধতে লাগলেন। আমি আশ্চর্ম হয়ে শুধালে পর তিনি বলেন যে তিনি পূর্ব আফ্রিকা গাঁধী আশ্রম থেকে এখানে এসেছেন, হিন্দী অক্ষরে ছাপা গীতাঞ্জলিতে কাশের উল্লেখ দেখে তাঁর কৌতূহল হয়েছিল, এবারে ওজরাতে যাবার সময় সঞ্চে নিয়ে যাবেন।

আমর। যে রকম ইংলওে গিয়ে প্রিমরোজ ডেজির সন্ধান করি। এবারে আরেকটি উদাহরণ নিনঃ

''ঠাকুরমা ক্রততালে ছড়া যেত পড়ে, ভাবখানা মনে আছে—বউ আগে চতুর্দোলা চ'ড়ে আম-কাঁঠালের ছায়ে, গলায় মোতির মালা, সোনার চরণচক্র পায়ে।।''

মোতির মালা আর সোনার চরণচক্র পায়ে পরে নববধূ অন্যান্য প্রদেশেও যায়, যদিও ঠিক চতুর্দোলা চড়ে যায় কিনা জানিনে, কিন্তু ঐ 'আমকাঁঠালের ছায়ে যে অত্যন্ত ঘরোয়া বাড়ির চেনা জিনিস সমরণ করিয়ে দিল, সজে সজে যে শ্যাম লিগ্ধতার ছবি চোখের সামনে ফুটে উঠলো—তার সজে কন্ট্রাস্ট, ধনীর চতুর্দোলার ভিতর অই-অলঞ্কার ভূষিতা গরবিনী বধু।

আনকাঁঠালের ছাঁয়ায় দীন গ্রাম অধ্সপ্ত—এমন সময় গুম্ গুম্করে,

> ''---বেছারাওলোর পদক্ষেপে বক্ষ উঠেছিল কেঁপে কেঁপে।''

এই যে ভেজা সবুজের কাজল মায়ার সজল আঁপি—আমাদের বাওলার গ্রাম, সেটি রসক্রপে জানা না থাকলে কি চতুর্দোলা আরোহিণীর (ওরকম বধূ বাঙলার বাইরেও অজানা নয়) সম্পূর্ণ রূপ অন্য প্রদেশ দেখতে পাবে ?

এবারে শেষ দৃষ্টান্ত দিয়া গঙ্গ। নদীকে ভারতবর্ষের সব দেশই পবিত্র পুণ্যতোয়া বলে মানে। বাঙালী তাকে মা গঙ্গা বলে, উত্তর প্রদেশে বিহারেও গঙ্গামান্ট বলা হয়। কিন্তু বাঙলা কাব্যে আমরা মা গঙ্গাকে যত্থানি মা বলে চিনেছি হিন্দী কাব্যে তো সে রকম ধারা পাইনি।

> 'নমোনমো নমঃ স্বন্দরী মম জননী বঙ্গভূমি-পঙ্গার তীর, স্বিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।''

এভাবে মায়ের দিকটা বাঙালী দেখেছে বেশী—পশ্চিমারা দেখেছে তার পুণ্যের দিক। আব ওজবাটা মারাঠার।—অর্থাৎ যাদের দেশ দিয়ে গঙ্গা বয়ে যাননি—তারা তো আমাদের এ দিক্টা সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ।

আমার একটি ঘটনা মনে পড্ছে। বালির পোল পেরবার সময়

এক মুসলমান গঞ্চাকে নমস্কার করাতে আরেক মুসলমান বললে. 'তুই হিঁদুদের এগব মানিস নাকি ?' সে বললে, 'দূর। গঞ্চাব আবার জাত কি ? গঞ্চা হিন্দু নাকি ?' তারপর সে ছোট খাটো বজ্তা দিয়ে বোঝালে, গঞ্চাকে আল্লা বা গাল্লার অংশ বলে স্বীকার কর। তার প্রেক্ত পাপ।

অর্থাৎ বাঙালী মুসলমান পুণোবে দিকটা অস্বীকার করে শুধু মায়ের দিকটা দেখেতে।

বিশুক্ষবি রবীক্রনাপ, বিশুনাগরিক রবীক্রনাপ, ভারতেব কবি রবীক্রনাপকে আমর। বাঙালীরাও চিনি, কারণ বিশ্বের সঞ্চে আমাদের সম্পর্ক আতে এবং আমরা ভারতীয়ও নটে। কিন্তু রবীক্রনাপের বাঙালীর যেন আমরা না ভুলি। বিশুক্ষবি রূপে, ভারতীয় কবি রূপে তিনি তাঁদের গামনে গামা মৈত্রী প্রচার করেছেন, উপনিষদের বাণী নৃতন করে শুনিয়েছেন, মানবাগ্রার গঙ্গে অন্তরান্ত্রার যোগ, মানুষের সঙ্গে মানুষের গোগ, মানুষের চরম আদর্শ কি এসবই প্রচার করেছেন দার্শনিক রূপে, দ্রারী রূপে এবং কিছুটা কবি রূপে। 'কিছুটা ইছে। করেই বললুম, কারণ মাতৃভাধার যে বন্ধ রুসম্বরূপে প্রকাশ পেয়েছে অনুবাদে তাব অধিকাংশই লোপ পায়। রবীক্রনাপের ভাষাতেই বলি,—বাঞ্বের ইলিত্টকুরাদ দিয়ে—

`'সেথায় তুমি গুণী জানী সেথায় তুমি মানা, সেথায় তুমি তহবিদের সেবা। ''

কিন্ত বাঙালার কাডে তিনি অন্যরূপে ধব। দিখেছেন ;-
'সেখার তুমি দৃষ্টিকতা নহ,

পৃষ্টিকতা স্প্টি লয়ে বহ,

সেখা নানা বশের সংগ্রহ,

সেখা নানা মূতিতে মন মাতে,

সেখা ভোমার অভ্প্ত অগ্রিহ

অধিন ভোলা রুসের রচনাতে।

'

আরেকটি সামান্য উদাহরণ দি। শান্তিনিকেতন আএমেব ছাত্রের। যে দুটি বৈদিক মন্ত্র মথাক্রমে সকালে ও সন্ধান উচ্চারণ করে তার সান্ধা মঞ্জঃ

> ें त्या त्मरता चर्नो त्या वश्य त्या निधः चूननम् यानितन्। य उपिषु, त्या नगर्याचिषु, चरेरम त्मनीय नरमा नमः।

যে দেব অগ্রিতে, যিনি জলে, যিনি বিশুভুবনে প্রবিষ্ট হয়ে আছেন, যিনি ওম্বিতে, যিনি বনম্পতিতে সেই দেবকে বারবার নমস্কার করি।"

এই শাপুত দর্শনে রবীক্রনাথের আবাল্য বিপ্রায় এবং এই বিশ্বায় নিয়েই তিনি দেহতাগে করেছেন। মৃহুদে পূর্বক্ষণে তিনি মেই দেবেরই সমরণে বলেছেন,

> ''তোমার স্কষ্টির পথ রেপেছ আকীর্ণ করি বিচিত্র ছলনাছালে, হে ছলনাম্যী।''

২ গুজরাতে কাশ আছে কি না জানিনে তবে আধুনিক গুজরাতী কাব্যে তার উল্লেখ দেখিনি। ভদ্রগোকের নাম নরগী ভাই প্যাটেন । পরবর্তীকালে ইনি বিশ্বভারতীতে কিছুকাল জর্মন ভাষা ও গাহিত্য পড়ান ।

যে 'ছলনাছালকে' ববীন্দ্রনাথ যৌবনে মায়া-মিথ্য কিংবা পাপনিদ্ধ আবিল দৃষ্টির নিকার বলে মনে করতেন, শেষ মুহূর্তে গেই 'ছলনাছাল'-কেও তিনি সেই বুন্ধের অন্যতম বিকাশ বলে স্বীকার করে নিচ্ছেন—যে বুজা অগ্নিতে, সলিলে সর্বত্র বিরাজনান।

এই দর্শনই একদা বাজপুত্র দারা শীকৃত ও জর্মন দার্শনিক শোপেন্ছাওয়ারকে মনের শান্তি দিয়েছিল। রবীক্রনাপের ধর্ম-জীবনে এইটেই কেন্দ্র এবং ইয়োরোপে বুজোর স্বরূপ সম্বন্ধে বজুতাকালে এই দর্শনেই তিনি বার বার ফিরে এসেছেন।

কিন্তু প্রশান এই বুজাকে কি জন্ম দিয়ে ভালোবাসা যায়, আমাদের পরাণে তাঁর চরণে কি প্রেমের ফাসি বাঁধা যায় ?

রবীজনাথই বার বার ভাই ঋষিকে সমরণ করে বলেছেন, 'যতে। বাচো নিবাইডে অপ্রাপ্য মন্যা সহ।' 'মনের সহিত বাক্য যাকে না পেরে নিবৃত্ত হয়।' ভাই ধদি হয় তবে ভাঁর সজে প্রেমের মিলন হবে কি করে ?

এখানে এসে ছঠ। রবীঞ্নাথ মর্মিফ। বাঙালী ক্রিক্সে বাঙলায় গাইলেন,

> ''আমার প্রিয়ার ছায়া আকাশে আজ ভাষে বৃষ্টিসজল বিষয় নিথাপে। বাবিঝারা বনের গন্ধ নিয়া পরশহারা বরণনালা গাঁপে আমার প্রিয়া। আমার পিয়া ঘন এবিণ ধারায় আকাশ ছেয়ে মনেব কফ হাবায়। আমার পিয়ার আঁচল দোলে নিবিছ বনেব শামল উচ্ছোধে।।''

খার ভারই সত্তে করি

''এাৰণ আকাশে দিয়েছি পাতি মম জল-চলচল আধি মেছে মেছে— ধুপু উড়িছে তাৱ কেশবাশি পুৱৰ পুৰুম দেখে।''

যে দেব অধ্যিতে জলৈতে চিলেন দাশনিক ব্ৰীক্রণাংগর ভূমাদশীনে, তীর স্থানে প্রিয়া প্রক্রিপ্ত (প্রোজেকেড) হয়েছেন কবি ব্রীক্রনাথ ছারা। কিংবা কি বলবো, বুলা ও প্রিয়া এক হয়ে গ্রিয়েছেন ? এবং কবির জলচলচল আথিও মেষে মেষে বিচর্ণ করতে করতে তাব মুফে এক হয়ে গেল ? তাই---

''শ্যামলে শ্যামল তুমি, নীলিমায় নীল আমার নিধিল তোমাতে পেয়েছে তার অস্তরের মিল।''

রবীজ্রনাথ যথনই উপনিয়দের বুন্ধবাদ বিশুজনকে শুনিয়েছেন তারা শুনেছে একাপ্র মনে বিস্মিত চিত্তে, কিন্তু সেই দর্শনের মুধুরতর বিকাশ যা বাঙলাতে খ্য়েছে বাঙালী কবি ধারা তার রস কি তারা আশ্বাদন করতে পেরেছে ?

অপচ একথা তো কেউ দেশে বিদেশে অধীকার করবে না যে রবীজনাথের সর্বোত্তম পরিচয় কবিরূপে। রবীজনাথকে নিয়ে একদিন যদি বিশ্ববাসীর প্রয়োজন নিটে যায়, কবিরূপে তাঁর প্রোজন বাঙালীর কাছে অফ্রন্ত।

আমার বন্ধনা, ভারতবর্ষের ভিন্ন ভিন্ন প্রদেশ তথা পৃথিবীর ভিন্ন ভিন্ন জাতি, যে যে যেমন যেমন ভাবে রবীক্রনাখকে বুরোডে এই একবর্ষ ব্যাপী পর্বে তারা সেই ভাবে তার চিন্মরন্তি গড়বে—তাদের চিন্তা জগতের প্রতিমা লক্ষণের সক্ষে মিলিয়ে—প্রাণ্প্রতিষ্ঠা, প্রশন্তি, বন্দনা রচনা করবে তাদের খরবুদ্ধি তীক্ষ্ণ চিন্তাবৃত্তি ধারা, হয়তো বা তার কবিষেরও উল্লেখ থাকবে যেখানে তিনি বিশ্বকবি।

এঁদের সংখ্যাই বেশী–-বাওল। দেশ ভারতবর্ম তথা পৃথিবীব তুলনায় কতটুকু––এবং এঁদের

> ''কারো কবিষ, কারে। বীর্র্ব কারে। অর্থের খ্যাতি কেহ-বা রাজার স্ত্রহল সহার কেহ বা রাজার প্রাতি।''

এবং আমার মনে হয় কবিত্ব যদিও প্রথম স্থান প্রেয়েতে, সে আসবে সর্বত্রই সর্বশেষে।

ति इला (मर्ट्स स्मिन) स्मिन मा इस ।

বিশুজন যখন ব্রবীঞ্জনাধকে তার অকুঠ স্থান জানাবে তখন যেন বাঙালী আমরা না ভুলি, বুদ্ধদেব যথন দিখিজ্য করে ক্রপিল-বস্তুতে ফিরে এসেডিলেন তখন যশোধরা তাঁকে দ্যিত বল্লভ রূপেই পেতে চেয়েডিলেন। আমরা তাঁকে বাঙালী কবি রূপেই চিন্ন।


দুঃখিনী মাতার পুত্র যথন রাজ সন্ধান লাভ করে তথনো মামের কাছে যে ছেলে। ব্রবীন্দ্রনাথ বাঙলার ছেলে।

থার বিধুজন যদি তাঁকে বিধুক্বি বলে রাজ্মুকুট পরিয়ে দেয় তথ্য যেন সমরণ রাখি তিনি সার্থক বাঙালী কবি হয়েছিলেন বলেই বিধুক্বি হতে পেনেছিলেন, তিনি বিধুক্বি হওয়ার ফলে বাঙালী কবি হন্নি।

চোনে চেলেবা কা ভ্যানক এসহায়। ভাদেব প্রতি প্রবিচাব কংলে তারা নিরুপা। কাত্রতার যথে কেঁদে কেঁদে নিযুর সদয়কে আবও বিরঞ্জ করে তোলে, ভালো করে আপনার নালিশ জানাতেও পাবেনা। নেয়েটা শীতে স্বীঞ্জ অঞ্চেয় করে এব্যেছে, আর ছেলেনির গায়ে এক টুকরো কাপড়ও নেই--ভাগ উপরে কাশি, তার উপরে এই ভাকিনীর হাতের মাব।

পুরাঝো কথা

অবনীমোহন ব্ৰুদাপাধাায়



আমার মামার বাডির সংগো ঠাক্র-বাডির একসময়ে খব ঘনিষ্ঠতা ছিল। মহাযি-দেব যুখন কলকাতা ছেড়ে চেঞের জন্য কিছকাল চঁচড়োয়, গদার ধারে মাধ্য দত্তের বাড়িতে বাস করে-ছিলেন। (কলকাতায় সেই মাধববাবুর বাছাব ডিল গোল-मीघित भागरम, अथम रायारम दिशुनिमानसम् नाष्ट्रि **উ**र्रिट्छ, মেইখানে) তখন তারা পাকতেন থানার প্রবিচামহ ৺ভদেব মধ্যোপাধারের বাড়ির ঠিক গায়ে দক্ষিণ দিকে, মেডোবাজার পারঘাটার খুব কাছে। দু'বাড়ির জানলা খুলে কথা কওয়া যেত, মাঝে একটি দরজা খুলে দু বাঙ্তে যাতায়াত করাও চলত। ভদেৰবাৰুর ৰাগানে ঠাকুর-বাড়ির চেলেরা খেলতে আয় ১, দিনেন্দ্র-নাথ শৈশ্বে আমার মাসিনা অনুরূপা দেবীর পেলার সংগী ছিলেন ঙ্নেছি। ওকদেৰের দিদি স্বৰ্ণকুমারী দেবীর কাছে আমার ম ও মাসিমা দুজনেই লেখার সধনে উৎসাগ ও সাধান্য পেরেছিলেন। তিনি ঐখানে থাকতে তাঁর একান লেখার পতিবাদ খ্রী অপ্রকাশ বন্দ্যোপাধ্যায়ের নামে এডুকেশন গেজেটে প্রকাশিত হয়েছিল। স্বৰ্ণকুমারী দেবী সন্দেহ করেন এবং মাকে জেরা করে জানতে পারেন সৌন ওাঁরই লেখা। আমার মা তখন নিতাতট বালিকা. কিন্তু সেই ব্যাসেই তাঁর অনেক লেনা তাঁর পিতামহের কাগছে ছাপা হয়েছিল। তিনি শ্বীকার করেন, তাঁর শুগুরবাড়ি প্রাচান-পছী, ছেলে-মানুষ বউএর কাগভে লেখা পছন্দ করনেন না ব'লে তিনি নাম গোপন ক'রে লেখেন। স্বণ-ুমারী দেবী মার লেখার বাঁধুনি ও যুক্তির প্রাখ্য দেবে বিধিমত ওঁ আন্দিত হন, ভাঁকে রাশি-নাম ইন্দিরা দেবী বাবহার করতে প্রাম্শ দেন এবং সাহিত্য-



স্ফটিতে উৎসাহ দেন। সেই পেকে যতদিন তিনি বেঁচেছিলেন ততদিন না আর মাধামা তার ধেন্য পেবে এসেছেন। থানি 'সেখো হয়ে অনেকবাৰ তাঁদের তাঁৰ বালিগঞ্জের বাড়িতে নিয়ে গেছি এবং নাতি-ধিমারে আদৰ-যতু পেয়েডি।

বাধার আগ্রহ দেখে মারও ইচ্ছে। ছল বে, তাঁর ছেলে ওক-দেবের সংস্পর্ণে এসে মানুষ হয়ে উঠুক। অধিতা সেই ব্যবস্থাই ছল। আমার ঠাকু মা অবশা তাঁব আদ্বের পিতৃহীন ছেলেকে এবং বড় নাতিকে চোখের গড়াল করতে অনেক আপতি করেছিলেন, কিন্তু বড় ছেলের যুজি ও তর্কেব ফলে শেষ প্রয়ন্ত তাঁকে অনুমতি দিতে হ'ল। কিন্তু দুজনকে একসন্ধে পাঠানো তাঁর মত না ছওখাৰ আমাকেই প্রাম শাভিনিকেত্বন যেতে ছল।

তিখনকার শাভিনিকেতিনের রূপই তিল সালাদ। *সেখা*নে তখন চারিদিকে গুরু বু বু করছে মাঠ, তাব নধ্যে মধ্যে এখানে-'ওখানে দু[†] চাবটে তাল-খেজ্রেব গাড়, বুনে। জামের ঝোপ, বালি-মাটিতে গুকলো ধাস। দৰে কাঁকর বালিব উ'চ নিচ ছমি, ডোট-বড় ৮পি, কাশ গাড়ে সাল সাল ক্ল কুটে আছে। সভদূব দৃষ্ট যায় কেবল ঐ একই দুশ্য, এত গাতপালা-লাডি-নাগান কিতুই ছিল না। আমার থাকবাৰ ছাফ্টা হল আদি-কুনিৰে। **ভা**ৰ পিতন দিকে আম জাম নিম আমলকী এইবকম ক্ষেক্টি বভ গাত ছিল। সেওলিৰ তলাধ বেশ ঠাওা, দুৰ্বেও ধেলা কৰা যেত। ডাতিম-তলায় চিনেমানির টালি দিয়ে বাবানে। মহমিব সাধনবেদী ছিল। বাছিৰ মধ্যে তিল আণীগঞ্জ নিলি দিয়ে ছাওল আদি-কানির ও পাঠভবন ছাড়া কাচের নন্দির্নী, শান্তিনিকেত্রন দোতালা বাঙিটা, আৰু ৱালাখৰটা । ভৰুদেৰ দোতলা ৰাঙিটাতে থাকটেন, গামাৰ বাৰা বা খন্য কোন্ত ছাত্ৰেৰ প্ৰিভাবক গোৱে মেই বাডির নাচেব তলাতে উঠতেন। খাওযার ব্যবস্থা ঘরশ্য আলাদের সঞ্জে সাধারণ রালাধ্যেই হ'ত।

শিক্ষকদেন মধ্যে ভিলেন ওকদেন ধনা, বুজনাধন উপাধ্যায়, সিদ্ধী শিক্ষক বেনাটাদ থার একজন প্রতিত্যশাধ, তীন নাম মনে নেই। সে-সমধ্যে ছাত্রদেন মধ্যে অকপ নন্দোপাধ্যাথ ছিল সন-চেয়ে ছোট, তথ্য এর নম্যানোহয় বছন-ছগ্রেক। সেও থামাদেন আগ্নীয় এবং ছগ্রিনি ছেলে। সে এতই ছোট ছিল যে মধ্যে মধ্যে রাত্রে বিছানা নঠ কলে জেলত আন নেনাটাদকে ভার সন কাচাকুচি করে দিতে এত। বাত্রে ভয় পেলে তিনি ভাকে নিজের কাছে নিয়ে প্রতান।

আএনে আনাদের নিচ্ছের কাজ সব নিচ্ছেদেব ক্বতে হত।
নিজের বিচানা পাতা ও সকালে ওানিয়ে রাখা, পব নাট দেওগা,
রাস্তা সাফ করা, ধান করে নিজের কাপড় কেচে ওকিয়ে নেওয়া,
থেয়ে নিজের থালা বাটি পেলাগ নেজে নেওয়া প্রভৃতি সমস্ত নিছেদের করতে হত। এসব কাজ আগে কখনো করিনি বাড়িতে,
তাই খুবই খারাপ লাগত। নিচিমিচি আমাকে এই শান্তি দেওয়াব
জন্য বাবা মার ওপর বড় রাগ এবং অভিমান হত তথন। কিন্তু
চোধের ওপর দেখতুম, অন্য ছেলেরা যবাই যব করতে, তাই ল্লেড়ায়
এবং ভয়ে কাউকে কিছু বলতেও পারতুম না। একখানা বড়

ট্রাই-সাইক্ল ছিল, সেনাতে চড়বার জন্য বড় লোভ হত ; কিন্তু বড় ছেলের। সেনাকে একচেটে করে বেখেছিল। অরুণ ছাড়া স্বাই ছিল আমার চেয়ে বড়, ফাঁক পেয়ে চড়ে ব্যলেই তার। কেউ নাকেউ এসে কেড়ে নিত। রখীবাবুদের আন্মেরিক। যাবার কথা হচ্ছিল, ভাই তাঁদের দাবিই ছিল স্বচেয়ে বেশি।

র্ণীবাবুর ডোট ভাই শনী ছিল প্রায় আমার সমব্য়সী। বড় স্থানর বড় শাস্ত ছেলে, তবে ভারি রোগা ছিল। সে আমাদের সংগে পুর পেলা করত। শাস্তিনিকেতন ছেড়ে আসবার পর যথন ছঠাৎ থবর পেল্ম সে নেই, তথন মন্টা বড় ধারাপ হয়ে গেল।

ওখানে তঁপন শেয়ালের চেয়ে কিছু বড় পার নেকড়ের চেয়ে কিছু ছোট এক ধরনের জানোয়ারের খুব আনাপোনা ছিল, আনাদের ঘরের কাছেই এক একদিন তাদের দিনের বেলাও আগতে দেপেছি। বাবা আগতে তাঁকে বলাতে তিনি বললেন, "ওগুলো হেঁড়েল, ওরা মানুমকে ভয় পায়। এর পরের হপ্তায় এসে তোমাদের স্বাইকে একটা করে এযার-গান দিয়ে যাব, স্বাই ফট ফট করে শব্দ করলেই ওরা পালিয়ে যাবে। আর যদি দু চারটে ছটরা গায়ে লাগে তবে এদিকে আর আগবে না।" তার পরের সপ্তাহে শনিবার বাবা আমাদের সকলকে বন্দুক এনে দিয়েছিলেন। আমরা বোব হয় তপন এগারো জন ছিলুম। সকলেরই তাতে সাহস বেড়ে গিয়েছিল। ওই দিয়ে আমরা লক্ষ্যবেধ অভ্যাস প্রক্র করেছিলুম ও পেলবার একটা নতুন স্বঞ্জাম পেয়েছিলুম। গাছের ফল পাড়বার চেষ্টাও কর তুন ওই বন্দুকের ছটবা দিয়ে।

ওকদেৰ তথন আমাদের সংগে খুব মিশতেন। তাঁকে দেখলেই বভ আন্দ হত, একট্ও ভয় করত না। তিনি আমাদের মুধে মুরে সংস্কৃত এবং বাংলা পড়াতেন। যদিও তার আগে আমাদের সংস্কৃতের অক্ষর পরিচয় হয়নি, তবু তিনি আমাদের একেবারে পাণিনির সূত্র ধরিয়েছিলেন। তিনটে সূত্রের কথা এখনও মনে পড়ে, ১। অকঃ সনর্পে দীর্ঘঃ, ২। ইকোয়ণচি, ৩। এচোয়– বায়াবঃ। পা এর উচ্চারণ ড়ঁ এর মত্মত্ত 'ব' এর উচ্চারণ 'ওয়' 'য়' নেই, সব 'য়'; বিসর্গের উচ্চারণ 'হ' এর মতো। আর কিছু এখনও মনে পড়ছেনা। ওরুদেব এলেই তাঁর ডান পায়ে ডান হাত ও বাঁ পায়ে বাঁ হাত রেখে দুই হাতের সংযোগ– স্থালে মাথা ঠেকিয়ে ভাঁকে প্রধান করতে হত। এইরকম প্রথায় প্রণাম করতে তিনিই আমাদের শিপিয়েছিলেন। अনেক অনেক মজার মজার গলপ বলতেন তিনি, পুব লাসি-তামাসা করতেন। আমাদের প্রত্যেককে বাড়ির কথা জিজ্ঞাসা করতেন, কে কি খেতে বা করতে ভালবাসি, বাড়ির মধ্যে কাকে সবচেয়ে বেশী ভালোবাসি জানতে চাইতেন। ওঁদের বাড়ির ছেলে रमरायापत कथा ७ नलाउन ७ जोत मर्गाष्ट्रे कथन कोन फाँरक ঐসব কটকটে সংস্কৃত শ্লোক কিছু কিছু পড়িয়ে দিতেন। বইটই ছিল বলে মনে পড়েনা, তবে এত সহজে বুঝিয়ে দিতেন যে, প্রায় ঘাট বছর পরেও তার কিছু মনে গেপে রয়েছে। বুদ্ধ-বান্ধব উপাধ্যায় মহাশয়ও ঐ একই ভাবে ইংরেজি, ইতিহাস, ভগোল এইসব পড়াতেন। গুরুদ্ব অনুপক্ষিত থাকলে এক একদিন সংস্কৃত এবং বাংলাও পড়াতেন। তথন তো মাত্র সানি বছর বয়স, ইংরেজির কিই বা শিখেছি, তবু তাঁর পড়ানোর ফলে যোটুকু শিখেচিলুম তা আর ভুলিনি। তিনি অনেক দেশের গল कर्तराज्य। स्मार्टिश्व एएटन-स्माराज्या कि जारव अटन. कि ভাবে পড়ে, কি রকম ব্যবহার করে নিজেদের মধ্যে বা অন্যলোকের সংগ্রে, সব বলতেন, আর পড়াতে পড়াতে উর্চ্চ গিয়ে

দেয়াল-আলমারিতে রাখা একটা বেশ বড়ো কেরোসিনের চওড়া সলতে দেওয়া স্টোভে একটা পেতলের ছোট হাঁড়ি চড়ানে। থাকতে। সেটা দেখতেন। ফেটাভটার একদিকে অন্ত দেওয়া ছিল তাই দিয়ে ভেতরের প্রায় পাঁচ-ছয় ইঞ্চি সলতেটা কতটা স্থলছে দেখতে পাওয়া যেত; আমাদের সেটা দেখতে খুব মজ। লাগত। বোধহয় আতপ-চালের হবিষ্যান্ন তৈরি হত। ভাতের মধ্যে আলু, পটোল, রাগ্র-আলু এই সব সিশ্ধ হত, একটু গাওয়া বি দিয়ে তাই খেতেন তিনি। একটা কৌপীন ও মাদ্রাজীদের মতে। জড়িয়ে একটা হাত-চার-পাঁচ থান পরতেন, একটা মেরজাই পরতেন আর একটা বোদ্বাই চাদরের মতে। চাদর মধ্যে মধ্যে গায়ে দিতেন। এক-আধদিন বাইরে যেতে ধৃতি পাঞ্জাবীও পরতে দেখেছি যেন। রেবাচাঁদ মাস্টার-মশায় তে। সর্বক্ষণ আমাদের নিয়েই পাকতেন ; স্নানে যেতেন, মাটি কেটে ফুটবল গ্রাউণ্ড তৈরী করতেন। রাত্রে এক ঘরেই শুতেন। তিনি যেন আমাদের বড়না' ছিলেন, কি যতুই না করতেন স্বাইকে। তেল মাধানো, স্নান করানে। খাওয়ানো, কাপড়চোপড়ের তবারক করা, অস্ত্রের সময় সেব। করা, সবই ছিল তাঁর কাজ। থেরাপিত্তি ছিল না, নিজে হাতে বমি, মলমূত্র সাফ করতেন আমাদের। ম্যালেরিয়া তপন অনেকেরই হ'ত স্বতরাং তাঁর দিনে রাত্রে বি**শ্রাম ছিল না**।

আমাদের পাঠভবন ভি্ল একটা বেশ বড় ঘর ; দেয়াল আলমারি ও কাঠের আলমারিতে অনেক বই ছিল, আর একটা আলমারির তাকে অনেক খেলার সরঞ্জাম ছিল। ইনডোর গেন্স্ থাকত তার পরের ঘরটায়, সেটাও খুব ভোট ঘর নয়। এই দুটে। ঘরের সামনেই वातामा छिन। ইনডোব পেলার মধ্যে গোলোকধাঁনা, বাধবন্দী, দশপঁচিশ, ড্রাফ্ট্, রিভারদী, লুড়ো, দেনক আগও ল্যাডার এবং আরো দু পাঁচ-রকম বিলেতী খেল। ছিল, একটা পিং পংএর সেটও ছিল। সেই সংগে শ্লেট পেন্সিল নিয়ে কাটাকুটি পেলাও চলত, খাবার ঘণ্টা পড়ার আগে ও পরে কিতুক্ষণ। খাবার ঘণ্টা পড়লে শোবার ঘরের খাটের তল। থেকে থাল। গেলাস বাটি নিয়ে রান্ন। দরে হাজির হ'তে হ'ত। খাবার পর বাদন ধুয়ে মেজে খাটের তলায় রেপে আবার পেল। চলত যতক্ষণ না পড়ার ঘণ্টা পড়ে। আদি কুটির অর্থাৎ আমাদের শোবার ঘরগানা বেশ লম্ব। ছিল। বারে। তেরোখানা তক্তপোশ পাতা ছিল। প্রত্যেকটার পর দু' হাত আলাজ ফাঁকা জায়গা ছিল। আমাদের প্রত্যেকের মাথার ও পায়ের দিকে একটা করে জানাল। খাকাতে বেশ হাওয়া খেলত। সেই জানলাগুলোতে বই খাতাও রাখা চ'লত। খাটের নিচে তোরঙ্গ ও বাসনপত্র খাকত, সতরঞ্জি জড়ানে। বিছান। খাটের ওপরেই থাকত একপাণে। 🗳 খাটে বসেই আমাদের পড়াশোন। ও টাস্ক করতে হত। ঘরের দু' পাশের বারালায় দড়ি টাঙ্গিয়ে কাপড় শুকোনো হ'ত। পড়ার ঘরের বারান্দায় ট্রাই-সাইকের্ন। থাকত, তার কথ। আগে বলেছি। তথন কিণ্ডারগার্টেনের নাম জানতুম না আমরা, তবে পড়াশোনা এখনকার কি গুরগাটেনের মতই হত মনে হয়। পেলা, পড়া, খাওয়া, আবার খেলা, পড়া এইভা∵ৰ চলত।

ভোরে দুম পেকে উঠেই অন্ধকার থাকতে মাঠে যেতে হত।
তারপব দাঁতন করে তেল মেধে তালপুকুরে স্নান করতে যেতে
হত। তথন তালপুকুরে বেশ জল ছিল। পুকুরে স্নান আগে
কথনও করিনি। আমাদের হুগলীর বাড়ির কাছেই গংগা।
ভারীর জল আনত, সেই গংগাজল বালতিতে রেধে অস্ত**ঃ দু**

খণ্টা গ্রম করে স্নান করার ব্যবস্থা ছিল। এখানে এসে সেন বদলে গেল। ভয়ও করত, ঠাণ্ডাও লাগত। অবশ্য তখনও বড় ইন্দারাটা ছিল, মালী জল তুলে দিত, তাতে কেউ কেউ স্নানও করত, কিন্তু যখন বড় ছেলেরা পুকুরে স্নান করতে যাচ্ছে তখন কুয়াতলায় স্নান করার কথা মনে এলেও নিয়ম ভাঙতে গাহস হয়নি। এই স্নানের ফল কিন্তু আমার পক্ষে ভাল হয়নি মোটেই।

স্নান সেরে নিজের নিজের কাপড় কেচে নিয়ে এসে বারালায় শুকোতে দিয়ে একখানা আসন নিয়ে উপাসনা করতে যেতে হ'ত কোনো গাছতলায়। উপাসনার কিই বা জানতুম ঐ বয়সে, অগত্যা বড় ছেলেদের দেখাদেখি চোখ বুজে বুসে খাকতুম আর পিট-পিট করে দেখতুম কওক্ষণে তারা কেউ উঠে পড়ে। অমনি আমিও উঠে পড়তুম ও আসন রেখে এসে খানিক খেলা করে নিত্ম। খানিক পরে ঘণ্টা পড়ত, তখন সবাই এক জায়গায় গোল হ'য়ে দাঁড়িয়ে বেদমন্ত্র পড়তুম। তারপর জল খাওয়া হত। কিছ আদাছোলা বা ওড় ছোলা, তার সংগে সিফাড়া বা নিমকি বা হালুয়া, আর একবাটি দুধ। দুধটা আর ছোলাটা রোজ থাকতই। এরপর আবার ঘণ্টা পড়ত, তখন নিজের নিজের আসন নিয়ে কোনো গাছতলায় ক্লাসে গিয়ে বসতে হ'ত। দুপুরে ভাত খাওয়ার ও বাসন ধুয়ে রাখার পর খানিকক্ষণ ছুটি, তারপর ঘণ্টা প্রভালেই আবার ঘরের মধ্যেই বিকেলের ক্লাস বসত কারণ এখনকার মতো ছায়াতক তথন ছিলনা ক্লাসের জন্য : বেশী রৌদ্রের সময় তাই বাইরে ক্লাস হ'ত না। পড়ানো, পড়া দেওয়া, লেখা, অংক ক্ষা এইসৰ চলত কিছুক্ষণ। ক্লাসের আগে ও পরে আমরা খেলতে পেতুম। তারপর জলখাবার ঘণ্টা পড়ত। বিকেলে জলখাবার ছিল চারখানা লুচি ও একটু তরকারি, কোনোদিন বা যুগুনি আর একটা মিটি, কোনোদিন পিঠে বা অনুতী-গোছের কোনও জিনিস। আশ্রমের গরু,ছিল, তাই দুধ বা পায়েসটা ভালোই হত। জলযোগের পর কোদাল নিয়ে রেবাচাঁদ মাসীর-মশায়ের সংগে তাঁর নির্দেশমত খেজুর গাছ ভুলে খেলার মাঠ তৈরি করার খেলা ও তারপর কিছুক্ষণ ফুটবল নিয়ে দৌড়োদৌড়ি করা। চলত। সন্ধ্যা হলে উপাসনার পর কোনও গাছতলায় বা ঘরে শিক্ষক-মশায়দের কেউ সবাইকে নিয়ে বসতেন, গল্পের ছলে নানা দেশের নানা বিষয়ের কথা বলতেন। কিসব বিষয় গে আর মনে নেই, তবে রাত্রে বই নিয়ে বদতে হত না এটা বেশ মনে আছে। রাত্রে ভাত বা ঝটি, ডাল, তরকারি, এইসবের সংগে দুধ বা পায়েস একটা কিছু ধাকতই।

এইভাবে থাকতে থাকতে বেশ অভ্যাস হয়ে আগছিল, কিন্তু মধ্যে মধ্যে শরীরটা থারাপ লাগত। আমি আমার কাকাকে সংগী-হিসাবে পাব বলে তাকে কেবলই আগতে লিপছিলুম। সে যখন এসে পড়ল তখন এই শরীর-খারাপের ওপরেই তালপুকুরে স্নান করে একদিন আমার খুব বেশি জর এসে গেল। ছর ছাড়ল, আবার হল, এইরকম প্রায় মাসখানেক চলল। শেষে আমার বাবা আমার কাকা শৈলেক্রমোহনকে ওখানেরেখে আমায় নিয়ে হুগলীতে ফিরে এলেন। শান্তিনিকেতনে চিকিৎগার তখনও স্থবন্দোবস্ত হয়নি, গুরুদেবই হোমিওপ্যাথিক ব'য়োকেমিক কি সব ওমুধ দিয়েছিলেন, তাতে আমার জর বন্ধ হল না। ম্যালেরিয়ায় ধরেছিলে, কিন্তু তখনও ম্যালেরিয়ার চিকিৎগার জন্য কুইনাইনের প্রচার হয়নি। হুগলীতে তিন চার নাসেও স্বর ছাড়ল না, বাব্য হয়ে কলকাতায় বাসা করে আমার চিকিৎসার জন্য বাবা মাকে

এসে খাকতে হল। তথন রাজনোহন বাঁড়ুজো শিমলা-অঞ্চলে নামকরা ডাজার, বোধহয় মেডিকাাল কলেজের থিতীয় দলের ছাত্র তিনি। তাঁর চিকিৎসায় প্রায় তিন বছর খাকতে হয়েছিল। পথ্য ছিল ঝোল-ভাত, তার আথে স্বজি থেতে হত প্রায়ই; সেই থেকে এই হাপ্সানি ঝোল ও চিনি দিয়ে স্বজির পথ্য খাচিছ।

শিমলায় থাকতে একটু ভাল হলে বাবা আমাকে ব্রন্ধবার্ধব উপাধ্যায় মশায়ের স্কুলে ভাতি করে দিয়েছিলেন। উপাধ্যায় মশায় তথন শান্তিনিকে তন ছেছে কলকাতার শিমলায় এফে একান স্কুল করেছিলেন, রেবাচাঁদ তাঁর সংগে এসেছিলেন। উপাধ্যায় মশায় একান বছ দরে থাকতেন, সেই ঘরেই বারো চোদ্দানি ছেলে নিয়ে কাশ করতেন। সেই ঘরেবই দেয়াল-আলমারতে তাঁর ভাঁছার ও রায়ার সরঞ্জাম থাকত। সেখানেও পছানোর মধ্যে এক ফাঁকে তিনি সেনিতে নিছের রায়ানি করে নিতেন। কোনো সিলেবাস ধরে পছানো হত না, শান্তিনিকেতনের রীতিতে ইংবেজি, সংকৃত, অক্ষ, ইতিহাস, ভ্রোল, বাংলা স্বই পছালেন তিনি।

আমি চলে আসবার পর আমার পিযত্তো ভাই বিজনকুমার মুপোপাবার আএনে পড়তে গেছলেন। কিন্তু আমার কাকা ও বিজনদা দুজনেই ক্ষেক মাস পরে হর নিয়ে চলে আসেন। তাঁদের ভাগ্য ভালে। ছিল, তাই তাঁদের সামার মতে। তিন বছর স্যালেরিয়ায় ভূগতে হয়নি, শীগগির সেরে উঠেছিলেন। বিজনদা পরে স্থপ্রিম কোর্টোর প্রধান বিচারপতি ২ফেডিলেন। আমার কাকা শৈলেজ্নোহন তমলুক-পাশকুড়া-মহিধাদল, রাজ্যাহী-নানৌর প্রভৃতি নানা জায়গায় মোনির মাডিস প্রথম খুলেছিলেন, কিন্তু শেষ পুষ্ঠ তাতেই তিনি পুৰ ক্ষতিগ্ৰস্ত হন। সে সময়ে অর্থাৎ প্রথম দলে আমরা যে এগারো জন ছিলুম তাদের সকলের नाम---यरिकाःस्नित्रचे शृंदता नाम मस्न स्निचे। उस्न तथीतान्, সংখ্যেবাৰু, শ্মীক্র, অচি (অচ্যুত সরকার, চুচুড়োর স্বাক্ষ্যচক্র সরকার মশায়ের ছেলে, পরে মিলিটারী অটকাউণ্ট্রের স্বপারি-ণৌডণ্ট হয়েছিলেন), কালো (অশোক ওপ্ত. পরে নিজে 'বয়েজ নার্সারি হোম' করেছিলেন, স্যাডলার কমিশনের প্রশংসা পেয়েছিলেন), তার আশ্বীয় গোরা (গৌরগোবিন্দ ওপ্ত), অরুণ বন্দ্যোপাৰ্যায় (ও পৰে বোৰছয় কাশী সেণ্ট্যাল কলেজেন অৰ্যক্ষ ছয়েছিল) এই ক'জনেৰ নাম মনে আছে। আমাদেৰ ৰাড়িৱ তিন জনের নাম আগেই বলেছি, আর কারো নাম মনে নেই।

এর পর বছদিন খাব ওপানে বাইনি। আমার ডোট ভাই প্রভাত যপন ওপানে পড়তে যায় সেই সময় ফের গেছলুম পঁচিশ বছর পবে, সম্প্রতি দুঁতিন বার যাতই পৌষে গেছি। এখন তো এক বিরাট ব্যাপার! সে সব পুরানো ছায়গা ঘরদোর কোনোটা নেই, অধিকাংশই খুছে পাওয়া যায় না, কোনো কোনোটার সংগে নতুন করে পরিচয় করতে হল। কতেছেলে মেয়ে, কত অধ্যাপক, কত সব ভবন, তার কত ব্যবস্থা! উভ্রায়ণে ওক্তদেবের কি চমৎকার বাড়ি বাগান! ভেবে আনন্দ হয়, এই বিরাট প্রষ্টিয়ন্তের গোড়ার দিকে আমারও স্থান ছিল এর মধ্যে, এই স্থাপিত্যের ভিত্তিতে এর মহৎ পরিণতির জন্য সংগৃহীত মালম্পলার মধ্যে আমিও ছিলুম একদিন। কাঠবিড়ালী সাগের-বন্ধনে সাহাস্য করে শ্রীরাম্চজ্রের আশীর্বাদ পেয়েছিল, আমার মতো ওক্তদেবের থেসব অখ্যাত অভাত ছাত্র লোকচকুর মুগোচরে তাঁর আদর্শ ছীবনে পালন করতে কিছুটা চেঠা করেছে বা করছে তারাও কি তাঁর আশীর্বাদ পাবে নাং



রবীন্দ্রনাথ ও আন্তর্জাতিকতা

মোহিত মৈত্র

মানুষের বন্ধন-মুক্তিও নর্যাদা-প্রতিষ্ঠার চারণ কবি রবীক্রনাথ। মানব প্রেম, মানব মর্যাদা, মানবের এম ও স্থোনের জ্বগান গেরে-ছেন। দেশের ভৌগোলিক গণ্ডী ও কালের সীমা-রেগাকে অতিক্রম করে তার সেই গান পৃথিনীর সর্ব স্থবের সকল মানুষের অন্তরে প্রতিম্বনি তোলে।

কয়েক শত বছর থাগে বাংলার আর একজন কবি পেয়েছিলেনঃ 'ৠন ছে মানুষ ভাই, সবার উপরে মানুষ সূত্য, ভাহার উপরে নাই। এই প্রাচীন বাণীর নব-রূপায়ণ বুনীন্দ্রনাথের সাহিত্যকৃতির ম্লকেন্দ্র। মানবতাবাদ এবং মানুমের ব্যক্তিয়কেই ভিত্তি করে বিকশিত হয়ে উঠেছে তাঁর বিশ্ববোধ। वनीक्रनाथ বলছেনঃ ''মানুষের মহায় প্রভাতের সূর্বের মতো। সম্মুখে বজ্দুরে আলোর মতো সেদুরে প্রসারিত। মানুষের জীবন-শাত্রা বর্তমান জীবনকে অভিক্রম করে চলে, তার সঞ্জয় অজান। অধিকারীদের জনো। মানুষের মধ্যে যাঁর। মহতুম, তাঁর। বাস করেন খনগিত কালে, তাঁরা প্রস্তুত করেন ভারী যগের আএয়। বলবো না যে তাঁদের জীবন দুঃখ থেকে মুক্ত। দুঃখ তাঁদের জীবনে প্রটির মানু : তাই নিয়ে চিরজীবনের সম্পদ মানুষের জন্য তাঁরা বচনা করেন, যেমন গাঁচ করে আপন অন্তরে সুর্যের তাপসঞ্চয়; সুৰ্যালোককে মজ্জাগত কৰে ফলে ফুলে নিজেকে বিকশিত করাই 'এর তবস্যা । মানুষের সংসারে দুঃখ আছে ; তার এই তাপের প্রয়োজন আপুনার জ্বাৎ নির্মাণের জন্যে। আপুনার মধ্যে আপুনাকে পরিণতি দেবার জন্যে। মানুষের মধ্যে যার। এেই তারা দেই দুঃখকে তেজ রূপে ময়ের মধ্যে সঞ্চিত করে জীবনকে শ্যের সম্পদে फेलवीन करतन- टाई मुल्लेम जीन करतन अमन मकल मानुधरक ষারা তাদের জানাও নয়, এখনও যারা আমেনি।

এজি পেকে শত বর্গ আথে রবীজ্রনাথ যথন ভূমিন্ত হন তথন ভারতের শিক্ষিত সনাজ পাশ্চাতা নাশন্যালাইজন বা জাতীয়তানাদের আদর্শে প্রভাবিত। লিবারেলিজনের পথ এনুসরণ করে রাজনৈতিক কর্মকাও কিছুটা ভক্ত হয়েছে। ১৮৫৮ সালের প্রথম সাধীনতার মুদ্ধ যা বৃটিশ ইতিহাসে সিপাই-বিজোহ নামে পাত, নীলচাগীদের বিজোহ, ওলাহবি আন্দোলন প্রভৃতির প্রভাব শিক্ষিত সমাজের ওপর বিভাব লাভ করেছে। কবি ঈথুর ওপ্ত, রংগলাল বন্দ্যোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র প্রভৃতি মনীমীদের লেথায় অনুপ্রেরিত হয়ে আমাদের দেশের লোক তথন বলা ভ্রক করেছে: দেশের কুকুর পৃজি বিদেশের ঠাকুর ফেলিয়া। জাতীয়তাবাদই তথন শিক্ষিত সমাজের জীবনের চরম প্রকাশ ও পরম গোবর বলে পরিগণিত হত। রাজা রামনোহন রায়ের উদাব চিপ্তাধার। ও আন্তর্জাতিক দৃষ্টিভংগি প্রসার লাভ করতে না পেরে ব্রাহ্মসনজের গঙীর মধ্যেই আবদ্ধ হয়ে রইল।

এই জাতীয়তাবাদের হাওয়া তপন জোডাগাঁকোৰ ঠাকুর বাড়ীতেও প্রবেশ লাভ করেছে। নবগোপাল মিত্রের ন্যাশন্যাল মেলা, জ্যোতিরিন্দ্রনাথের বিপুর অনুষ্ঠানের জয় গুপ্তমমিতি स्थिन, नाला जाया ि ि लिश थे एं ि ठोकू तना ही त यूव-मध्यना सन का जी अ जान निकिश्व करत जून ए । यथित पिरक ताला तामरमाश्मन नारात ि छोशीता नाम ममार्कत मरसा निलुश हर सर्भात व यूवक तनी ध्वनार्थन मरान थं जीत तथा थां करता । ठाँरक जिल याम थे थूबस यरल मरान कतराजा । य मब्बर्स तती ध्वनार्थ निर्ध्याम थे थूबस यरल मरान कतराजा । य मब्बर्स के ति ध्वनार्थ निर्ध्याम थे थित भूषारस्त जिलित छे थे थे अने के ति स्वाराध कि विवास के स्वाराध कि स्वाराध कि स्वाराध कि स्वाराध कि स्वाराध के सिर्धा के सिर्ध के सिर्

এই বিশ্ব-বোধ, বিশ্ব-মানবের পাপে যোগাযোগ উপলব্ধি করা ভারতীয় চিন্তাধারার বৈশিষ্ট্য। উপনিষদ এই বাণীই প্রচার করেছে এবং রবীন্দ্রনাপের পিতা মহাঘি দেবেন্দ্রনাপ উপনিষদকেই জীবনের প্রেরণা রূপে প্রহণ করেছিলেন। মহাঘির কাছ পেকে রবীন্দ্রনাপ উপনিষদের শিক্ষা প্রহণ করেন এবং প্রভাবিত হন। তাই দেশকে ভালবাসলেও, দেশের মানুষকে ভালবাসলেও তিনি জাতীয়তাবাদের সংকীর্ণতাকে পরিহার করতে পেরেছেন। শান্তিও বিশ্ব-মৈত্রী—উপনিষদের এই বাণীর ওপরেই তাঁর দেশ প্রেম প্রতিষ্ঠিত।

तनीक्रनाथ नित्थरछन :


'সার্থক জনম আমার জনেমছি এ দেশে। সার্থক জনম মাগো, তোমার ভালবেসে।'

স্বদেশী যুগে বংগ জননীর বর্ণনা প্রসংগে তিনি বলেছেন :

'ডান হাতে তোর খড়গ ছলে, নাঁ হাত করে শংকা হরণ। দুই নয়নে স্লেহের হাসি, ললাট-নেত্র আগুণ বরণ।'

এই স্বাদেশিকতা ও দেশপ্রেমকে তিনি ক্ষুদ্র গণ্ডীর মধ্যে আবদ্ধ করে রাখেন নি। বিশ্ব নিধিলকে তাঁর বিশাল হৃদয়ের মকে প্রমূত্র করেছেন। তিনি বলেছেনঃ

''আনি পৃথিবীর কবি, যেপা তার যত ওঠে ধ্বনি আমার বাঁশীর স্থ্রে সাড়া তার জাগিবে তথনি।''



IN GERMANY ৰাৰ্যাণীতে



TAGORE IN JAPAN

জাপানে রবীক্রনাথ

निनादेषट् श्रेकारम्त्र मरक



WITH HIS TENANTS
AT SHELIDAH

মানবতার কবি হিসাবেই রবীঞ্চনাথ এই স্বাক্ষেশিকতা ও দেশপ্রেমের উদ্গাতা এবং মানবতার কবি হিসাবেই তিনি বিশ্বনানবের সাথে যোগাযোগ স্থাপনে আকুল—বিশ্ব-মানবের ব্যথা ও বেদনা তাঁর সভারে সাড়া জাগায়। তাই তাঁর আন্তর্জাতিকতা স্বাজাতাবোধকে বাদ দিয়ে নয়। মানবতার কবি রবীজনাথ আন্তর্জাতিকতা ও স্বাজাতাবোধের এক বিসময়কর সমনুষ যা সব সীমানা লোপ করে বিশ্বকে একটি সংসার করতে চেয়েছে। কবি তাই লিপেছেন:

বিদেশে অচেনা ফুল পণিক কবিরে ডেকে কছে— ''যে দেশ আমার, কবি, সেই দেশ তোমারো কি নছে ?''

শিল্প-বিপ্লবের পরে পাশ্চাত। তূথওে যে উথ জাতীয়তাবাদের অভ্যুদ্য হয় তার যোতে ফরাণী বিপ্লবের শান্য, মৈত্রী, স্বাধীন তার বাণী তৃপথওর মত ভেসে যায়। এই জাতীয়তাবাদের ফলেই সামাজ্যবাদ ও উপনিবেশিকতার উদ্ধন হয়। জাতীয়তাবাদের নামে দুর্বল অসহায় মানুষের ওপর যে অভ্যাচার, শোষণ ও উৎপীড়ন চলেছে তা ইতিহাসকে কল্পকিত করেছে। তরুপ বয়সে লিখিত 'চিনে মরণের ব্যবসায়' নামক একটি প্রবন্ধে রবীজনাপ এই কথাটাই বেশ পাই করে তুলে বরেছেন। তিনি লিখেছেন: 'একটি সমগ্র জাতিকে অর্ণের লোভে বিম পান করানো হাইল। এমনতর নিদারণ ইথী বৃত্তি কথনো গুনা যায় নাই। চীন কাঁদিয়া কহিল—'আমি অহিফেন খাইব না।' ইপরাজ বণিক কহিল দে কি হয় গ টীনের হাত দুইটি বাবিয়া তাহার মুখের মধ্যে কামান দিয়া অহিফেন ঠাগিয়া দেওয়া হাইল; দিয়া কহিল—ব্য হাইকেন খাইলে তাহার দান দাও।' ব্য দিন হাইল ইপরাজেরা চীনে এই অপুর্ব বাণিছে। চালাইতেছেন।''

জাতীয়তাঁবাদের এই নগা রূপ রবীজনাথের উলাব মনকে পীড়িত করেছে। তাই তিনি জাতীমতাবাদকে কোন দিনই প্রহণ করতে পারেন নাই। তিনি বল ছেনঃ ''বস্ততঃ এই অন্ধতা দেশনতন্ত্রেরই মূলগত বাবি। মিখ্যার ধারাই হউক, বমের ধারাই হউক, নিজেদের কাছে নিজেকে বড়ো করিয়া প্রমাণ করিতেই হউবে এবং সেই উপলক্ষে অন্য নেশনকে ক্ষুদ্র করিছে হইবে, ইহা নেশনের বর্ম, হা প্রাটিয়াটিজমের প্রধান অবলম্বন। গায়ের জারে, ঠেলাঠেলি, অন্যায় ও সর্ব প্রকার মিখ্যাচারের হাত হইতে নেশন গুরুকে উপরে তুলিতে পারে, এমন সভাতার নিদর্শন তো আমরা এখনও মুরোপে দেপিতে পাই না।''

''প্রম্পরকে যথার্থরপে ছানা গুনা কেমন করিয়া সম্ভব ছইবে। নেশনের মেরুদপ্তই যে স্বার্থ। স্বার্থের বিরোধ অবশ্যপ্রাধী এবং স্বার্থের সংঘাত মানুমকে অন্ধ করিবেই। ইংরেজ যদি স্বদূর এশিয়ায় কোনও প্রকার স্রযোগ ঘটাইতে পারে ক্রান্য তথনই সচকিত ছইয়া ভাবিতে থাকিবে, ইংরেজের বলপৃদ্ধি ছইতেছে। প্রত্যক্ষ সংঘাত না ছইলেও পরম্পরের সমৃদ্ধিতেও পরম্পরের চিত্তকে বিঘাক্ত করে। এক নেশনের প্রবলম্ব অন্য নেশনের পক্ষে সর্বদাই আশংকাজনক। এ স্থলে বিরোধ বিদ্বেম অন্ধতা মিখ্যাপ্রাদ সত্যগোপন, এ সমপ্ত লা ঘটিয়া থাকিতে পারে না।' (বিরোধমূলক আদর্শ—রবীক্র রচনাবলী, দশম ধও)

এই প্রবন্ধের শেষেই ববী:ছনাথ লিপছেনঃ "তা ছাড়া বিনাশের চেহারা অনেক সময় ছদ্যুবেনী। অনেক সময় পরিপুর্ন সম্পদ তাহার মুখোশের মতো। কথিত আছে, ক্ষয়কাশে রোগীর কপোলে রজিম-লাবণা ফুনিয়া উঠে। সম্প্রতি উত্তরোত্তর ব্যাপ্য-মান মিলিনিরিছের রজিমায় যুরোপের প্রস্থল যে টক্টকে হইরা উঠিতেছে, গে কি স্বাস্থ্যের লক্ষণ ? ভাহার ন্যাশনালছের ব্যাপি ; মতিমেদ ফ্টাতির ন্যায় ভাহার হৃদয়কে, ভাহার মর্মস্থানকে, ভাহার ব্যাণীতিকে আক্রমণ করিতেছে, ইহা কি আমরা প্রভাহ দেখিতে পাইতেছি না ?'' (রবীজ রচনাবলা --দশ্ম খণ্ড)

প্রথম বিশ্বযুদ্ধের প্রাক্কালে তিনি উপলব্ধি করলেন জাতীয় গ্রাধের বিপদ। উলার মানবিকতা ও নাগ্রবিচার-বােষ গুরোপ্রথকে নির্নাপিত হযে থিয়েছে। তার পরিবর্তে 'স্বার্থে স্বার্থে বিধেছে সংঘর্য। এশিয়া, আজিকা ও দক্ষিণ আন্মেরিকার কাৌনি কাৌনি মানুমের ওপর নিলজ্ঞ তারে চলেছে জাতীয় তাবাদ গঙাত সামাজ্যবাদ ও সামরিকবাদের অবাধ লুঠন, শোষণ ও উৎপীড়ন। পৃথিবীকে শান্তিময় ও স্থাপর করে তুলতে হলে এই জাতীয় তাবাদের হিছেতা পেকে মানুমকে বাচাতে হবে। তাই তিনি বলপৃপ্ত কঠে ঘােমণা করলেন; ''Nationalism is a great menace.'' আত মানুমের কাতর ক্রাপনকে ভাগা দিয়ে বােললেন: ''আজ অপ্রেম ঝালার মধ্যে রেজ গো্তের মধ্যে এই বাণী সম্ভ মানুমের ক্রাণ্ড করেও করতে আকাশকে বিদীণ করে বয়ে চলেছে। সমস্ত মানব জাতিকে বাচাও, আমাকে বাচাও।''(শান্তিনিকেতন রবীক্র রচনাবলী, যােড়শ খও)

যুরোপে মানুমের ছাতালীনা এবং জাপান, আমেরিকা পড়তি দেশে জাতীয়তাবাদের দানবীয় রূপে কবির সম্বেরন্দীল উদার মনকে বিদিয়ে তোলে। এব পেড়নে তিনি দেপতে পেলেন মানুমের ব্যক্তিগত ও দল্যত স্বার্থ এবং লোড। কবির মতে একমার মানুমের পরিপূর্ণতায় প্রতিষ্ঠাই এই স্বার্থ ও লোডকে দূর করে বিশ্বকে একটি পরিবারে পরিপূর্ণ করতে পারে। বেদমাতুর কবি জুরু ছয়েই লিপলেনঃ "অনেক দিন ধরিয়া চোপ নুজিয়া আমরা বিলাতি সভ্যতার ছাতে আয়ুসমর্পণ করিয়া চোপ নুজিয়া আমরা বিলাতি সভ্যতার ছাতে আয়ুসমর্পণ করিয়া চিলাম। ভাবিয়া-চিলাম সে সভ্যতার স্বাতে আয়ুসমর্পণ করিয়া চিলাম। ভাবিয়া-চিলাম সে সভ্যতার স্বার্থ পতিভূত করিয়া বিশ্বহিত্যা ও বিশ্বক্তিরে প্রেশ সভ্যতিবার সময় আয়িয়াছে। সমস্ত যুবোপ আল অপ্রেশক্তে দপ্তর ছইয়া উচিয়াছে। ব্যবসায় নুদ্ধি তার্থ বিশ্বকিকে অতিক্রম করিতেছে। আসায় ঝড়ের আনাক্রয় পানী বেমন আপন নীড়ের দিকে ভোটে তেমনই বায়ু-

কোণে রক্ত মেঘ দেখিয়া পূর্ব দেশ হঠাৎ আপনার নীড়ের সন্ধানে উড়িবার উপক্রম করিয়াছে।'' (ভারতবর্ধ—রবীক্র রচনাবলী চতুর্থ খণ্ড)

মানবতার কবি রবীজ্ঞনাপ উগ্র জাতীয়তাবাদকে ধ্বংস করে সেপানে বিপু-মৈত্রীর ভিত্তিতে আন্তর্জাতিকতার সৌধ পড়ে তোলার আপান জানালেন। তিনি ঘোষণা করলেনঃ "There is only one history the history of man. All national histories are merely chapters in the larger one. And we are content in India to suffer for such a great cause."

এই আওজাতিকতার আদর্শকে শক্তিশালী করে তোলার জনাই তিনি ১৯১৯ সালে রম্যা রোলা, বারবুমে, ক্রোচে, বার্টাও রামেল প্রভৃতির সাপে যুক্ত হয়ে ''মানৰ আয়ার স্বাধীনতার সোমনা' প্রচার করেন। জাতীয়তাবাদকে দূর করবার আপ্রান জানিয়ে তিনি লিপেছিলেনঃ ''কোন জাতি তার জাতীয় স্বাধিকে পুঞ্জীভূত করে তার ছাতীয়তাকে সংকীর্ণ করে ভুলবে—তা হবে না, ইতিহাস বিধাতার এই আদেশ। মানুষ সেই জাতীয় দানবের পারে এতদিন ধরে নরবলির উদ্যোগ করেছে। আজ তাই সেই নরদেবতার মন্দির ভাগোবার হকুম হয়েছে।'' (শান্তিনিকেতন—রবীক্ত রচনাবলী, ষোড়শ খও)

উথ সংকীণ জাতীয়ভাবাদের বুনিয়াদ চূর্ণ বিচূর্ণ করে তিনি যে আন্তর্জাতিকতা প্রতিষ্ঠার আয়োজন করেন তা তাঁর বিশ্বভারতীর আদর্শের মধ্যে রূপায়িত হয়ে ওঠে। তিনি প্রচার করলেন ঃ ''সমস্ত কৃত্রিম বেড়াজাল ভেংগে যাবার যুগ এসেছে; যা বিশ্বের সংগে মৌলিকভাবে সমন্ম রাখতে পারবে শুধু তাই দিকে থাকরে।'' একখানি চিঠিতে তিনি লিখছেন ঃ 'ভবিষ্যতের জন্য যে বিশ্বজাতির মহামিলন্যজের প্রতিষ্ঠা হছে, তার প্রথম আয়োজন ঐ বোলপুরের প্রতিরেই হবে। ঐ জায়গাদিকে সমস্ত জাতিগত ভূগোল বুঙান্তের অতীত করে তুলব এই আমার মনে আছে—ধর্মানবের জয়ধ্বজা ঐধানে রোপণ হবে।''

এই আন্তর্জাতিকতার বাণী মনে প্রাণে গ্রহণ করবার জন্য তিনি মানুষকে ডাক দিয়ে বললেনঃ "মে যুদ্ধ হয়ে পেল তা নূতন যুগে পৌ চলার সিংহছার স্বরূপ। এই লডাইয়ের মধ্য দিয়ে একটা সার্বজাতিক যজে নিমন্ত্রণ রক্ষা করবাব হুকুম এসেচে। তা শেষ হয়ে স্বর্গারোহণের পূর্ব এখনও আরম্ভ হয়নি। সামিও ভাঙকে, সংকীর্ণ বেড়া ভেঙে যাবে, ঘর ছাড়ার দলকে এখনও পথে পথে ঘুরতে হবে।" (রবীক্র রচনাবলী—ছাদশ খণ্ড)

যে ত্যাগ ছাড়া বিশ্বমৈত্রী প্রতিষ্ঠিত হওয়া সম্ভব নয়, লোভকে বর্জন না করে আন্তর্জাতিকতার ভিত্তি রচনা করা অস ভব, সেই ত্যাগের ছবি সোবিয়েৎ রাশিয়ায় দেখে কবি খুণী হলেন। তিনি লিখেছেন: 'উপনিমদের একটা কথা আমি এখানে এসে খুব ম্পষ্ট করে বুঝেছি—মা গৃধঃ—লোভ করো না। কেন লোভ করবে না। থেহেতু সমস্ত কিছু এক সত্যের মারা পরিব্যাপ্ত। ব্যক্তিগত লোভেতেই সেই একের উপলব্ধির মধ্যে বাধা আনে। তেন ত্যক্তেন ভূঞ্জীখাঃ। সেই একের পেকে যা আসছে তাকেই ভোগ করো। এরা আপিক দিক খেকে সেই কখাটাই বলছে। সমস্ত মানব সাধারণের মধ্যে এরা একটি অহিতীয় মানব সত্যকেই বড়ো বলে মানে; সেই একের যোগে উৎপার যা কিছু এরা বলে তাকেই সকলে মিলে ভোগ করো।' (রাশিয়ার চিচি—রবীক্রনাখ)

সোবিষেৎ রাশিয়ায় নভেম্বর বিপ্লবের পেছনে যে আন্তর্জাতিকতার বাণী আছে রবীন্দ্রনাথ অকপটে তাকে অভিনন্দন জানিয়ে
বলছেন: "একদিন ফরাসী বিদ্রোহ ঘটেছিল এই অসামোর
তাড়নায়। সেদিন সেধানকার পীড়িতের। বুঝেছিল এই অসামোর
অপমান ও দুঃখ বিশ্বরাপী। তাই সেদিনকার বিপ্লবে সামা,
সৌলাত্র ও স্বাতন্ত্রের বাণী স্বদেশের গণ্ডী পেরিয়ে ধ্বনিত
হয়েছিল। কিন্তু টিকল না। এদের এখানকার বিপ্লবের বাণীও
বিশ্বরানী। আজ পৃথিবীতে অন্তত এই একটা দেশের লোক
স্বাজাতিক স্বার্থের উপরেও সমন্ত মানুষের স্বার্থের কথা চিন্তা
করছে। এ বানী চিরদিন টিকরে কিনা কেউ বলতে পারে না।
কিন্তু স্বজাতির সমস্যা সমন্ত মানুষের সমস্যার অন্তর্গত, এ কথাটা
বর্তনান যুগের অন্তর্নিহিত কথা। একে স্বীকার করতেই হবে।"
(রাশিয়ার চিঠি—১৩–১৪ পৃষ্ঠা)

কিন্তু যুরোপ, আমেরিকা ও জাপান উগ্র জাতীয়তানার সঞ্জাত সামাজ্যবাদ ও সামরিকবাদ বিপুনৈত্রীর ভিত্তির ওপর প্রতিষ্ঠিত আন্তর্জাতিকতার আদর্শের বিরুদ্ধে তীবু আক্রমণ চালায়। হিংসু আক্রমণ আমে ফাসিস্থবাদ ও নাজিবাদের কাত থেকে। এশিয়া এবং আফ্রিকায় এই বর্বরতার চরম প্রকাশ ঘটে। মানুষের প্রেনের ওপর প্রতিষ্ঠিত যে বিশ্ব-মৈত্রীর সাদর্শ কবির একমাত্র ধ্যান ছিল—সেই চিন্তাধারায় চরম আঘাত লাগে এই সময়ে। কিন্তু এই দুর্দৈবের মধ্যেও তিনি মানুষের ওপর বিশ্বাস হারাণ নাই— ''মন্ঘ্যাত্ত্বের অন্তর্হীন প্রতিকার্ত্রীন প্রাভবকে '' তিনি চরম বলে গ্রহণ করতে পারেন নি। অপূর্ব আম্ববিশ্বাস নিয়ে তিনি সেদিন লিখেছিলেনঃ ''আজ পারের দিকে যাত্রা করেছি। পিতনের ঘাটে কী দেখে এলুম, কী রেখে এলুম ? ইতিহাসের কী অকিঞ্চিং-কর উচ্ছিই, সভাতাভিমানের পরিকীর্ণ ভগুস্তৃপ। কিন্তু মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ, সে বিশ্বাস শেষ পর্যন্ত রক্ষা করব। সাশা করব, মহাপ্রলয়ের পরে বৈরাগ্যের মেঘমুক্ত আকাশে ইতি-হাসের একটি নির্মল আম্বপ্রকাশ হয়তো আরম্ভ হবে এই পূর্বাচলের সূর্বে দেবের দিবান্ত থেকে আর একদিন **অপরাজিত মানুষ নিজের** জয়ফ ত্রাব অভিযানে সকল বাধা অতিক্রম করে অগ্রসর হবে তার মহৎ ন্যাদা ফিরে পাবার পথে। মনুষ্যত্তের অন্তর্হীন, প্রতিকার-হীন পরাভবকে চরম বলে বিশ্বাস করাকে আমি অপরাধমনে করি।

'এই কথা আজ বলে যাব, প্রবল প্রতাপশালীরও ক্ষমতা মদমতত: আত্মন্ত্রতা যে নিরাপদ নয় তারই প্রমাণ হবার দিন আজ উপস্থিত হয়েছে।'' (—সভ্যতার সংকট)



त्रवीस्त्रवाथ ७ स्राप्तमी वात्मावव

শ্রীযোগেন্দ্রনাথ গুপু

আমাদের গ্রাম প্রান্তবভিনী পুরাতন বুদ্ধপুত্র নদের তীরবভী। পদানদীর শাখা প্রাহিনীর তীরে ছিল আমাদের বাগপল্লী বিক্রমপুরের একটি গ্রাম। একদিন নদীর তীরে শুনিলান, আমাদের গ্রামবাসী একটি যুবক—কলিকাতা প্রাসী,—তিনি গাহিতেছিলেন স্তমধুর কণ্ঠে—

> ''একবার তোরা মা ধলিয়া ডাক জগত জনের শূবণ জুড়াক, হিমাদ্রি পাধাণ কেঁদে গলে যাক, মুখ তুলে আজি চাহরে!

দাঁড়া দেখি তোরা আশ্ব পর ভুলি, সদরে স্দরে ছুটুক বিজলি—
প্রভাত গগনে কোটি শির তুলি
নির্ভিয়ে আজি গাছরে।।
বিশ কোটি কর্পেঠ মা বলে ডাকিলে
রোমাঞ্চ উঠিবে অনন্ত নিথিলে,
বিশ কোটি চেলে মায়েরে দেখিলে
দুশদিক স্তর্পে হাসিবে।"

গানটি শুনিয়া চিত্ত মুঝ হইল। এমন মধুর তুর এমন প্রাণের আহ্বান ত কথনো শুনি নাই। প্রানের মধ্য ইংরাজী বিদ্যালয়ের ছাত্র। সেই সন্ধ্যায় সঞ্চীতের প্রবের তুরে একটি স্থরতরক্ষ বহিয়া গেল। আসঃ সন্ধ্যায় পূর্ণচন্দ্র বিকশিত জ্যোৎস্না পুলকিত সন্ধ্যা হাসিয়া উঠিল, নদীর জল উছলিয়া উঠিল, নেনিলা যাত্রীরা স্তরের সঙ্গে স্তর নিলাইয়া তরী বাহিয়া চলিয়া গেল। রবীক্রনাপের রচিত এই গান সেই শুনিলাম প্রথম গায়ক মহাশয়ের নিকট। গায়কের নাম হেমচন্দ্র সেন। তিনি আমাদের সকলের বার বার অনুরোবে আরো কয়েকটি গান গাহিলেন সব গানই শিখিয়াছিলেন তিনি কলিকাতায়। তখন ত জানিতামনা রবীক্রনাথকে। সনেক দিন পরে তাঁহার সাক্ষাতে সনেক কথা জানিলাম এবং একদিন ভাঁহাকে দেখিবারও সৌভাগ্য হইয়াছিল, সে পরের কথা।

রবীন্দ্রনাথ উনবিংশ শতাব্দীর কবি, উনবিংশ শতাব্দীতে জন্ম। তিরোভাব বিংশশতাব্দীর পায় মধ্য কালে। এই স্থদীর্ঘকাল তিনি বাংলার ও ভারতের জাতীয় জীবনে, সাহিত্য ক্ষেত্রে দিয়াছেন—শত্শত দীপ্তিমান মণিরত্নমালা। তাঁহার জীবন ধারা নদীর ধারার মত দিকে দিকে প্রবাহিত হইয়া নব নব জীবনী শক্তি সঞ্চারিত কহিয়াছে। তাঁহার জীবন দর্শন ছিল

বছমুখী। কাব্য, নাটক, উপন্যাস, সঙ্গীত, প্ৰৱ, ৱাইনীতি, স্বাদেশিকতা ও দেশগুীতিতে করিয়াছেন উজ্জীবিত। উনবিংশ শতাবদী পরিবর্তনের যুগ। ভাঙ্গনের যুগ। যুগ সঞ্চ বা যুগ পরিবর্তনের যুগ। বঞ্চিমচঞ, দীনবন্ধু, হেমচন্দ্র, নবীনচক্রেব আবিভাব ও অভ্যদয়ের কালে— রবীক্রনাথ উনবিংশ শতাব্দীর সেই নূতন খগ্নি হোত্রের সর্ধ্বশেষ ও শ্রেষ্ঠ হোতারূপে বন্ধিম-বিবেকানদের যুগকেও অতিক্রম করিয়া -আমাদের কালেও বিদ্যানা ছিলেন ; তিনি বাঞ্চালীৰ মেই নৰ-উলিত মনোভমিৰ ণুতন পলি মৃত্তিক। নিবাওর ক্ষণ করিয়া পায় শাতাবদীকালেব। ষাৰনা অব্যাহত রাখিয়াছেন। আধুনিক যুগোৰ যে ভাৰ ও চিন্ডারাশি সর্ব-মানবীয় সাধনার অঞ্চীত্ত না হইয়। পাবে না, ভাহার গেই গভীর সঞ্চারী সোতেবিবারাকে তিনি আনাদের পাণের অনুরূপ তরঙ্গে তরঙ্গাধিত করিয়া যে ভাষ। ও সাহিত্তাব স্পৃষ্টি করিয়াছেন মেই ভাব চিন্তার অভিনৰতা ও যঞাভাবে ৰাজ করিবার জন্য বালে। বাক্ভফিকে যে ভাবে নিয়ত নৃত্ন भागर्भ मिष्ठ कितियार्ष्डक, जोशा अरलिका जीतेष १ मेलार्साका কি হইতে পারে? রবীজ্গাহিতোর আদি হইতে শেষ পর্যান্ত প্র্যাবেক্ষণ করিলে দেখা গাইবে গে. এ সাহিত্য গতিশ্য গতিশীল – হঠাৎ একটি বহুৎ ছলাশ্যের আকারে শেষ বিস্তৃতি বা পভীরতা লাভ করিয়াই স্থির হইয়া যায় নাই। এ যাহিত্য নদীর আকারে বহিয়া চলিয়াছে, এবং পথেব পুক্তি অনুযারে দিকে দিকে পুৰাধিত ও নানা ছন্দের হিল্লোল-কল্লোলে মুখরিত হইয়াছে। এই সাহিত্যেই বাঙ্গালীর অভিনৰতম চিত্ত প্ৰক্ষের আদুৰ্শ প্তিফলিত হইয়াছে---এই এক কবি মনীধীর ছার। আমাদের সাবনাৰ জল্প ও নিজ সমাজ, অতীত ও বর্ডনান ৰূল ও সনাতন যোগ বন্ধিত হইয়াছে। প্রপুর, নান্ধি, কবিতা, উপন্যাস রচনায় যেমন তাখার অ্যাধারণ কৃতিত্ব দেখিতে পাই, তেমনি জাতিব চৈতন্যমলে এক স্বৰ্ণাশ্ৰণী ভাব-দৃষ্টির সাখাণ্যে, ও সক্তাতির মধ্যে নিজ জাতিকে স্বাপন করিলা তাহার শক্তি ও এশক্তি, তাহার সৌতাগ্য ও দুর্ভাগ্য গণনা : এবং তাহা হইতেই তাহার মুক্তিপথ নির্দেশ : এবং স্বৰ্নশ্ৰেম, যে ভাষা জাতির আগ্নপ্ৰিচয় ও আগ্নরকান, আগ্নবিকাশ ও আয়পুকাশের একমাত্র সাধন, সে ভাষার অক্ষর ওলিতেই (यन मञ्जूबिक्त मक्षति।—এ मकल काँग अक्षांब वर्षितत गरमा কিংবা তারও উর্দ্ধকালের মধ্যে আর কোন গাহিত্যিকের দ্বারা এমন ভাবে পাধিত হয় নাই। সেই স্বৰ্গত বৃদ্ধ জ্রাজীৰ্ণ পুরুষ্ট বাংল, সাহিত্যের ক্ষেত্রে একমাত্র দ্রুষ্টা ও যুষ্টা ক্বিরূপে বিবাজ কবিধাছিলেন। *

নাল্যকাল হইতেই কবির জীবনে কবিলক্ষণ দেখা দিয়াছিল, বাশীর বীণায়ত্তে ঝঞ্কুত হইয়া উঠিয়াছিল কবির কর্ণেঠ

^{*} ১৩৪৮ সালের ২৫শে বৈশাখ, রবীক্রজন্ম দিবসে হাওড়া-সম্বর্গ পাঠাগ্রালে পঠিত।--বেশহিতলাল মজুমদাব

ন্ত্র লহরী। তিনি নিজে লিখিয়াছেন—'শিকারন্তে তাহার কেবল মনে পড়ে 'জল পড়ে পাতা নড়ে'—'তথন কর খল পাতৃতি বানানের তুফান কানাইয়া সবে মাত্র কূল পাইয়াছি, মেদিন পড়িতেছি, 'জল পড়ে, পাতা নড়ে' আমার জীবনের এইটেই আদি কবির প্রথম কবিতা—সেই অতি শৈশন হইতে আশি বংসর পর্যান্ত, মৃত্যু দূত তাহার পাশে আসিয়া দেখা দেওয়ার পূর্বজণ পর্যান্ত, মৃত্যু দূত তাহার পাশে আসিয়া দেখা দেওয়ার পূর্বজণ পর্যান্ত, পূর্ণ মতর বংমর কাল পর্যান্ত, করিয়াছেন তিনি নিরলম মাহিত্য মাবনা। জীবনের একটি মৃহূর্ত্তও তিনি আলমেয় অবহেলায় বা আরাম বিরামে সময় কেপণ করেন নাই। বাঙ্গালা মাহিত্যের সর্বান্ত্রীশ উনুতি সাবনই ছিল তার জীবনের প্রত। রবীজনাপের চিত্ত নগদে বিকশিত পারিজাত পুষ্পের মত ফুনিয়া উঠিয়াছিল কবিতার নির্মার ধারায়। তাহার জাবনে সভাব সিদ্ধ ভাবে জাথিয়াছিল স্বদেশগুনিত, বাঙ্গালী জাতির প্রতি, ভারত ধার্মার প্রতি, স্লেছ, প্রেম ও ভালবাসা। প্রথমে শ্বনিতে পাই কবির কর্ণেই-—

''পৃথিবী জুড়িয়া বাছিছে বিধাণ ঙনিতে পেয়েছি ওই সবাই খাসিছে লইয়া নিশান কই বে বাফালী কই!''

ভারপর বাদোলা ভাষার প্রতি শ্রদ্ধা নিবেদন কবিষা এই দুদুপণ উজ্জি করিয়াছিলেন,

> ''জপতের মাঝে ঠাঁই নাই বলে কাদিতেজে বঙ্গভূমি গান গেয়ে কবি জগতের তলে ঠাঁই করে দাও তুমি।''

ওঁছার এই কামনা সার্থক ও জয়যুক্ত করিয়া থিয়াছেন তাঁছার জীবনে বিশু জ্থাতে বিশু কবি।

হিন্দু মেলার স্বষ্টি হয় বাংলা ১২৭৩ সালের চৈত্র সংক্রান্তিতে, ১৮৬৭ সালের এপ্রিল মাসে। স্বদেশ ও স্বজাতির কল্যাণ্ট ছিল হিন্দু মেলার উদ্দেশ্য। ভারতবর্ষের ও বাফলা দেশের শিকা। ও স্বদেশপুৰ্ণতি প্ৰেরণা অন্তরে অন্তরে উদ্বুদ্ধ, জাগুত ও মনপুৰ্ণ উৎফুল করিবার জন্যই হইয়াছিল তাহার উদ্ভব। স্বর্গীয় মহান্ত্র রাজনারায়ণ বস্তু মহাশয় ১২৩৩ সালের ২৩শে ভাদ্র, ইংরেজী ১৮২৬ সালের ৭ই সেপেন্দ্রের, কলিকাতার দক্ষিণে বোড়াল গ্রামে জন্ম গ্রহণ করেন। রাজনারায়ণ ছিলেন হিন্দু কলেজের শেষ প্রীক্ষায় উত্তীপ কৃতী ছাত্র। রাজনারায়ণ বাবু ইংরাজীতে স্থপণ্ডিত ছিলেন। পূৰ্থমে তিনি বাংলা লিখিতেন না—ঘটনা-ক্রমে তিনি একদিন একটি বাঙ্গালা প্রবন্ধ লিখিয়া শ্রীযুক্ত দেবেন্দ্র নাথ ঠাকুরকে দিয়া আসেন, মহষি উক্ত প্রবন্ধ পাঠ করিনা অত্যস্থ প্রীতি লাভ করেন এবং প্রশংসা করেন। ইহাতে অনুপ্রাণত হইয়া রাজনারায়ণ বাবু বাঙ্গালা ভাষা ও সাহিত্যের উনুতির জন্য সদেশপ্রেম 'ও জাতীয়ভাব অনেক কিছ করিয়াছিলেন। তাঁহার অস্থি মজ্জাগত হইয়াছিল। হেমচন্দ্রের ভারত সঙ্গীত সত্যেজনাথ ঠাকুরের 'মিলে সব ভারত সন্তান' এবং গোবিন্দ চন্দ্র রায়ের 'নির্ম্মলস্লিলে বহিছ সদা` ইত্যাদি কবিতা ও মুফীত ছিল

তাঁহার অতি প্রিয়, হৃদয়ের গভীর আনেপের সহিত আবৃত্তি করিতেন। বৃদ্ধাবস্থাতেও তিনি জাতীয়ভাব ও স্বদেশানুরাগে পূর্ণ থাকিতেন। যে সময় লাহোরে কংগ্রেস হইতেছিল তখন একদিন তাঁহার দৌহিত্রী গান করিতেছিলেন,

> 'পর দীপমালা নগরে মগরে, তুমি যে তিমিরে, তুমি যে তিমিরে॥'

রাজনারায়ণ বাবু উহা শুনিয়া বলিলেন, 'ও গান গাস্নে শাস্নে — সব কথা মনে হয়, শরীর দিয়ে আগুন বাহির হয়—মন উদ্স্রান্ত হইয়া যায়। গাস্নে, গাস্নে।'

এই রাজনারীয়ণ বাবু ১২৭৩ সালের প্রথম দিকে শিক্ষিত বদ্ধবাসীগণের মধ্যে জাতীয় গৌরবোদ্যোস সঞারিশী সভা স্থাপনের এক প্রস্তাব ইংরাজী ভাষায় প্রকাশ করেন। সেই প্রস্তাব ইইতে হিন্দুমেলার উৎপত্তি। এই বংসারের চৈত্র সংক্রান্তিতে ১৮৬৭, ১৭ই এপ্রিল হিন্দুমেলার প্রথম অধিবেশন হয়। গণেক নাথ ঠাকুর এই মেলার সম্পাদক হইলেন। মেলার অধ্যক্ষপথ স্বদেশীয় শিলেপর উন্তি, সাহিত্যের বিকাশ, সঙ্গীভাদির চার্চা, স্বদেশীয় কুন্তি, প্রভৃতি পুনবিকাশে উৎসাহদান করিবার জন্য প্রতিজ্ঞারাল হইলেন। এই স্বদেশীভাব প্রচারের জন্য দেবেক্রনাপের অর্থ সাহাযের নবগোপাল মিত্র নাশন্যাল পেপান' নামক একখানি ইংরেজি সাপ্রাহিক প্রকাশ করেন।

যেদিন পাতিপুকুরের বাগানে মহাসমারোহে মেলার দ্বিতীয় অধিবেশন হয় সেই দিন সত্যেন্দ্রনাথ ঠাকুরের 'গাও ভারতের জয়' থানটি স্থগায়কদিথের দ্বারা গীত হয় । হিন্দুমেলার প্রতিষ্ঠাকালে রবীক্রনাথ ছিলেন ছ'বছর বয়সের বালক মাত্র। এই যুগের স্বাদেশিকতা সম্বন্ধে রবীক্রনাথ সত্তর বংসর বয়সে লিখিয়াছিলেন, ''দেশ প্রীতির উন্মাদনা তখন দেশে কোগাও নেই। রম্বলালের 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে. কে বাঁচিতে চায়!' আর তার পরে হেমচক্রের 'বিংশতি কোটি মানবের বাস' কবিতায় দেশমুক্তিকামনার স্বর ভোরের পাধীর কাকলির মত শোনা যায়। হিন্দু মেলার --- গান ছিল মেজদানার লেখা—'জয় ভারতের জয়', গণদানার লেখা 'লজ্জায় ভারত্যশ গাহিব কি করে', বড়দাদার 'মলিন মুখ চক্রমা ভারত ভোনারি'।''

হিন্দু মেলা স্থাপনের পায় আট বংগর পরে ১২৮১ সালে বালক রবীক্রনাথও একদিন হিন্দু মেলার জন্য এক কবিতা লিপিলেন। কবিতাটির নান হিন্দু মেলার উপহার । কবিতাটি তংকালীন দিভাধিক অমৃতবাজার পত্রিকায় প্রকাশিত হয়।
--- পাঠকবর্গের কৌত্হলের জন্য কয়েকটি পংক্তি তুলিয়া দিলাম।

'হিমাদ্রি শিপরে শিলাসনোপরি গান ব্যাস সাধি বীণা হাতে করি কাঁপায়ে পর্বত শিধর কানন কাঁপায়ে নীহার শীতবার।

ঝন্ধারিয়া বীণা কবিবর গায়, কেন রে ভারত কেন তুই হায়, আবার হাসিস্! হাসিবার দিন আছে কি, এ ঘটনা এ ঘোর দুঃখে ?'' এই কবিতার কথা রবীন্দ্রনাথ তাঁহার জীবনস্মৃতিতে কিছু বলেন নাই, তবে উহার দুই বংসর পরে হিন্দু মেলাগ তিনি কবিতাটি পাঠ করিয়াছিলেন। *

ঠাকুর পরিবারের ইতিহাসে স্বাদেশিকতা কি ভাবে উদ্বাবিত এবং প্রকাশিত হইতে থাকে এবং স্পষ্টির রূপ ধারণ করে তাহা জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুরের আত্মজীবনীতে বিস্থৃতরূপে প্রকাশিত হুইয়াছে।

'ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন
চরণ তলে বিশাল মরু দিগছে বিলীন—
ছুনেছে যোড়া, উড়েছে বালি,
জীবন স্যোত আকাশে ।বিল
হৃদয় তলে বঞ্জিলি চলেছি নিশিদিন,
বরণা হাতে ভর্মা পাণে সদাই নিরুদ্দেশ—
মরুর ঝড় যেমন বহে সকল বাবাহীন।
বিপদ মাঝে মাঁপিয়ে পড়ি শোপিত উঠে ফুনে,
স্বল দেহে স্বল মনে জীবন জেগে উঠে,
আন্ধারে সূর্যালোকে সন্তরিয়া মৃত্যু যোগে
নৃত্যময় চিত্ত হতে যত হাসি টুনি।
বিশ্ব মাঝে মহান্ যাহা, সঞা প্রাপেব,
বন্যা মাঝে যায় সে প্রাণ সিন্ধ মাঝে লানে।

নিমেষ তরে ইচ্ছা করে বিকট উল্লাসে সকল টুটে যাইতে ছুটে জীবন উচ্ছাুদে।

শূন্য ব্যোম অপরিমাণ মদ্যসম করিতে পান,
মুক্ত করি রুদ্ধ পাণি, উদ্ধের্মীলাকাশে।
থাকিতে নারি কুদ্র কোণে আয়ুবন ছায়ে
স্তপ্ত হয়ে লুপ্ত হয়ে ওপ্ত গৃহবাসে।

এই কবিতার মধ্যে পাই কবিব সদয় সমুদ্রে তীবুতম দোলা। মলস জীবনে বাঁচিয়া থাকান কি লাভ! কি লাভ বহরে ছোট মাথায় বড় বাঙ্গালী সন্থানের জীবন যাপনের! এই জীবন কি —জীবন! উদার উৎসাহে বিপদেব মাঝে ঝাঁপিয়া পড়িয়া সন্ধারে বা সূর্য্যালোকে সবলদেহে সবলমনে জীবনকে উদার জাগুত এবং নিভীক ভাবে সাহসিকভার সঙ্গে বিপুমাঝে মহান্ যাহা তাহারই অনুসন্ধানে অগ্রসর হইয়া—শূন্যব্যাম অপবিমাণ মদ্য সম প্রাণ ভরিয়া পান করিয়া প্রাণকে দীনতার মধ্যে কুছতার মধ্যে নিজীব অলস দুর্বলক্তে কারাবলী না হইয়া চাই উর্ক্রে-অনস্ত নীলাকাশে অনম্বের সন্ধানে অগ্রসর হইতে—'কিসের এ জীবন, ক'দিনের প্রাণ, কেমন করিয়া কুদ্র গৃহকোণে

আম্যকুঞ্বনে মৃত হয়ে লুপ্ত হয়ে থাকিতে। সে কি জীবন। সে কি প্রাণ! আমাদের মানুন হইতে দেও! চির লুপ্ত করে আর ধরে রেখো না।

> পাণ দিয়ে, দুঃখ সথে, আপনার হাতে সংখ্যান করিতে দাও ভাল নন্দ সাথে। শীর্ণ শান্ত সাধু তব পুত্রদের দরে। দাও মরে গৃথ হীন লক্ষ্মী ছাড়া করে। সাতকোটি সন্তানেরে, থে মুগ্ধ জননী, রেখেছ বাঞালি করে, মানুষ করনি।

এই যে স্বদেশ প্রীতি ও বাঞালী জাতিকে মানুগ ছইবার আহ্বান তীথ। এই সমুদ্ধ কৰিতাৰ বাজে হইৱাছিল। ১৮৬১ মাল হইতে ১৮৯১ সাল এই যে ৩৮-৪০ বংসর বয়স প্রয়ন্ত ভালার কার্যা ও ধান যে স্তরে চলিলাছিল ভাগার মধ্যে দেখা দিল এক ন্তন মাদর্শ ও প্রের্থা। কবি ব্রিয়াভিলেন 'যৌবন হরী বিদায় দিবে চল্লিশেব পারে আরও হইতে তার নৃত্য কলাম্য জীবন। त्रवीक्तमादशत शीवभदनम् योशाता भदमादगाश मिता श्रीरु कतियादशम कारनात ७ शीरनत श्वरक्षत ७ भीरखत श्वाभरकरन्त्रन भरता अर्छ पृष्टि নিক্ষেপ করিয়াছেন—ভাঁহার। অবশ্যই এই সতা উপল্লি করি-য়াছেন যে তিনি শৈশ্বকাল হইতেই চাহিয়া ডিলেন--যে এসিয়াৰ বিভিন্ন জাতি, ভারতের বিভিন্ন জাতির মধ্যে একটা বৃহৎ ঐকা বোৰ জাগিয়া উঠে। বৰ্ণাক্ৰনাপেৰ ব্ৰজচৰ্বনাশ্ম প্ৰিষ্ঠা হইল। তাহার আদৰ্শ কি ছিল। তিনি প্রাচীন তপোরনের আদর্শে স্কৃষ্টি করেন শান্তিনিকে জনের ব্রন্ধচন্টাশ্রম। । এই আশ্রম প্রতিষ্ঠার মূলে ছিলেন বুলাবারৰ উপাবনায়। এই উপাবনায় মহাশ্যকে দেখিৰার এবং প্ৰিচিত হুইবার সৌভাগ্য আমার হুইয়াছিল। কতদিন সন্ধ্যায়, কতদিন সভাবাদিতে তাহাৰ সুম্দুৱ তেজোগাউ বজতা ওনিয়াতি। বুজবান্ধবের সম্বন্ধে আমুবা জানিত্তে পারি*ব*ে ু'শাণ্ডিনিকেতনে বুদাচ্ধলিশ্ম স্থাপনে তিনি রবীকুনাথের প্রধান সহায় ডিলেন। প্রদাবাদ্ধবের থাসল নাম ছিল ভবানীচরন বন্দোপাৰার। ইনি ব্বীজনাথ ঠাকুরের সম্বয়গী। ই ছার গ্ৰাকলি ১৮৬১ সাল কেশ্ৰচন্দ্ৰ যথন লাজনৰ্দ্ৰ প্ৰচাৰ কৰিতে-ছিলেন, তথন উনি ব্ অধনাতে যোগদান করেন। কেশ্বচক্ত্রের মৃত্যুর পর ৮ই জুন, ১৮৮৪, তিনি বাইশ বংসর বয়সে ব্রাজাবর্জ প্রচার করিতে সিমুদেশে খান ও সেখানে খুষ্টান পাদরীদেব প্রভাবে পড়িয়া প্ট্ৰেল গৃহণ করেন। ই হার পুলতাত বিখ্যাত খুটান পাদরী কার্রীচরণ বন্দোপাব্যায়। ব্বীক্র্যাথ রচিত ন্ব-ব্যের গানটি উদ্ধত কৰিলাম,

> 'যে জীবন ছিল তব তপোবনে, যে জীবন ছিল তব রাজাসনে মুক্ত দীপ্ত সে মহাজীবন চিত্ত ভবিষা লব! মৃত্যুহরণ শঙ্কাহরণ দাও সে মন্ত্র তব!

^{*} প্রবাসী –১৩৩৮। এডুমেশন গেজেট ১২৭৭ সাল। ববীক্রজীবনী-প্রভাত কুমাব ম্পোপাশ্যায় ৪৬–৪৮ পৃষ্ঠা, প্রদীপ ১৩০৬ দ্রইবা। বড়েদর জাতীয় কবিতা ও সঙ্গীত--যোগেক্রনাথ গুপ্ত ও সাপ্তাহিক 'দেশ' দ্রইব্য।

এই ব্রহ্মনান্ধৰ প্রবর্তী জীবনে ছিলেন 'সন্ধা।' নামক দৈনিক প্রের সম্পাদক। * সে সময়কার 'সন্ধা।' ছিল আমাদের নিত্য পাঠ্য সংবাদ পত্র– যে যুগের কথা সেকালের বান্ধালী মাত্রেরই স্থাবিদিত।

লর্ড কার্জন যথন ভারতের বড়লাট হইয়া আসিলেন, তথন দেখা দিল বাঙ্গলা দেশে এক নব্যুপ। বঞ্জের অঞ্চচ্ছেদ আরম্ভ হইল। তাহাতে সারা বাঞ্পালায় সারা ভারতবর্মে বিজ্ঞোভ, সে সময়ে কবি নামিলেন স্বদেশী যুগের আন্দোলনের মধ্যে ঝাঁপাইয়া। রচিত হইল স্বদেশী গান, বাহির হইলেন প্রথে প্রেজার বালি লইয়া, ভিক্ষার জন্য, দেশের সেবার জন্য।

ভারপর বরিশালে বফীয় পাদেশিক সম্মেলনের ব্যবস্থা ত্রীটিল, আর সেই সময়েই সাহিতা সম্মেলনের বাবস্থা হয় এবং রবীন্দ্রনাথ মনোনীত হইয়াছিলেন সভাপতি। এসম্বন্ধে আমাদের একট্ ৰজব্য আছে। থামি তখন বিক্রমপুরে, আমাদের ৰাস মলচৰ হইতে যাত্ৰা কৰি কয়েকজন তৰুণ বন্ধু সহ, চাদপর হইতে, কলিকাতা হইতে বরিশালগামী ধ্রীমারে। আমাদের প্রম মৌভাগ্য গেই ষ্টামারে কলিকাতার নেতৃবৃদ্দ সকলে বরিশাল মাইতেছিলেন , ঘন খন তুমুল বিশে মাতরম্ ধ্বনির মধ্যে চলিতেছিল স্টামারখানি, পথে গণ্যমান্য অনেক যাত্রী জাহাজে উঠিলেন, সেই ধ্রীমারে ভিলেন-দেশবন্ধ চিত্রগ্রন, বিজয় চ্যানিজি (বারএটল), মোগেশচক্র চৌবুরী ও অন্যান্য খ্যাতনামা ব্যক্তি। যে আনুদ্ধ কোলাহল, গাঁত ও গানের মধ্যে বন্দে মতিরম্ সঞ্চীতের মধ্য দিয়া প্রস্পর মিলিতভাবে যে খাঁতি প্রফুল্লমণে এই জাতীয় মিলন যজের অনুষ্ঠানে যোগ দিতে আসিয়াছিলান। কিন্তু ষ্ঠানাব ভীরে না ভিড়াইয়া একটু দূরে রখিল, ধ্রীমার হইতে ঘন ঘন 'বলে মাতর্ম' ধ্বনি ২ইতেছিল, কিন্তু তীর হইতে তাহার কোন সাড়া পাওয়া পেল না!

অধিনীবার পড়তি কমেকজন নেতা আসিয়া জানাইলেন, আমাদের সামার ঘটতে কোন 'বন্দে মাতরম্ ধ্বনি ছইতে পারিবে না। ১৩১৩ সালের ১লা নৈশাপ জাতীয়ই তিহাসের একটি সমর্বাধি দিন ছইয়া রহিধাছে। মনে বিজে স্বচক্ষে দেপিয়াছিলাম মনোরঞ্জন ও তার পুত্র চিত্ররগনের গাপে মৃত প্রায় অবস্থায় মাতৃনাম 'বন্দে মাতরম্'— দেখিয়াছিলাম সেকালের নেতৃপুন্দের ডিম্বিক পুলিশ স্থপারিপেট্ড কর্তৃক জরেঞ্জনাপের বৃত্ত অবস্থা। জরিমানা ও অপদস্থ করিলেন ম্যাজিট্রেট এমার্সন সাহেব। আমাদের চক্ষের স্বশুবে দেপিয়াছি পুলিশ স্থপারিপেট্ও কেম্প সাহেবের ছকুমে পুলিশের লাঠি চালনা। বিপিন পাল সাহসিকতার মহিত্ব পুলিশ সাহেবের মোড়ার লাগাম ববিলেন—কম্পিত কঠে গাহিয়াছিলেন ঃ

'ওদের বাঁধন যতই শক্ত হবে, ততই নোদের বাঁধন টুট্বে! ওদের আঁপি যত রক্ত হবে, নোদের আঁপি খুল্বে! ওরে ভরসা ডাড়িসনে কভু, ভেগে আছেন জগৎ প্রভু....'

রাজার দেউড়ী হইতে আমর। বাহির হইয়াছিলাম 'বন্দে মাতুরম' গান গাহিতে গাহিতে। লাঠি চলিতেছে ধোড়া ছুটাছুটি করিতেতে, তবু চলিয়াতিল প্রাদেশিক সমিতির সদস্যগণ! সেদিন যে সভাম**ওপে আহত পুত্র**সহ মনোরঞ্জনবাবুকে, স্থরেন্দ্রনাথের বজুনির্ঘোষ, কৃষ্ণকুমার মিত্রের দৃঢ়তা, রূপ বিশারদের অচল অটল ভারে শেষবারে আমাদের ম্যাজিষ্ট্রেটের হুকুমে সভাত্যাগ, সেদৃশ্য গে কাহিনী আনর। চকে যাহা প্রত্যক্ষ করিয়াছি এখানে তাহ। স্বিশেষ বর্ণনা সম্ভব নহে। ১৯০৬ সালে এই প্রাদেশিক স্মিতির অধিবেশন হুইয়াভিল। বরিশালের স্বনামধন্য নেতা অধ্যিনী কুণারের আলানে। সভাপতি হইরাছিলে। আবদুল রম্বল, কলিকাতার একজন খ্যাতনামা ব্যারিষ্টার। তাঁহার পদ্মী এক গ্রন ইংরেজ নহিলাও সভাস্থলে নেতাদের পাশে উপবিষ্ট তিলেন। এই বঞ্চীয় প্রাদেশিক সমিতির অধিবেশনের ব্যবস্থার সঙ্গে সঙ্গে গে সময়ে সেই সঙ্গে সাহিত্য সম্মেলনের আয়োজন করেন বরিশাল লাখাট্যার জমিদার কবি দেবকুমার রায় চৌধুরী। প্রিয় দর্শন, বিদ্যোৎসাহী আমাদের সে সময়কার প্রিয়তম বন্ধু দেবকুমার। এই সাহিত্য সম্মেলনের সভাপতি হইয়াছিলেন রবীক্রনাগ[্]।

বরিশাল প্রাদেশিক সমিতির শোচনীয় পরিণাম—পলিশের জুনুম। স্তরেন্দ্রনাথের বন্দী এবং ম্যাজিষ্ট্রেটের কাছে নতি হইয়া অপনান ও জরিনানা, আণ্টিশার্কুলার পোশাইটির ছাত্রগণের প্রতি পলিশের নির্যাতন, সেদিন ছিল ১৩১৩ সালের ১ল। বৈশাখ। মেদিনই রেওলেশন লাঠির আধাতে স্বদেশীয়ের। প্রথম ছইল ্রই ১৩১৩ সালের ১ল। নির্দাতিত—লাঠি শ্বার। প্রহাত। বৈশাবে জাতীয় জীবনের—জাতীয় ইতিহাসের একটি—আনর। দেখিলাতি স্বকর্ণে শুনিয়াতি চিত্তরগ্ধনের আহত ও মৃতপ্রায় অবস্থায়ও মাতৃনাম 'বল্দে মাত্রম্' উচ্চারণ, দেখিয়াছি ব্জেন্দ্নাণের রক্ত, ভনিধাতি জন সাধারণের হিন্দু মুপল্মান চাঘী সাধারণের মঞ্চে ্রী স্থরেন্দ্র রাজা দেপমু। আমাদের সৌভাগ্য হইয়াছিল ^হক ফ্র-কুমার' কাব।বিশারৰ, বিপিন পাল, মতিলাল, ভূপেকুনাথ, যোগেশ দত্ত, অপ্রিনী ক্মার প্রভৃতি বঙ্গের মনস্বী দেশপ্রেমিক মভানগণের অপুক্র বাক্বভা, অপুক্র দৃন্তা, এটিমার্কুলার মোসাইটির খনাত্য নেতা শচীক্র প্রধাদ বস্তুর বজুকঠের বজুতা এখনও যেন কানে ওনিতেছি। আর দেখিয়াছি প্রতিনিধিগণের সংযত এবং নেত্ৰুদেৱ আদেশ মানিয়। চলা । ্র সার দেখিয়াছি ধীর গন্তীর ভাবে অবিচলিতভাবে উপবিষ্ট চিত্তরঞ্জনের ধ্যান গম্ভীর ভাব। অনেকেই বরিশাল প্রাদেশিক সমিতির বিবরণ পাঠ করিয়াছেন কাজেই অত্যক্তি নিপ্রোদ্ধন।

যানর। দেবকুনার বাবুর নিকট জানিলাম, রবীক্রনাথ সেই দিন সেই যজ্ঞজের িন বরিশালে উপস্থিত ছিলেন। তিনি তাহার বজরায় অবস্থান করিতেছিলেন। যথন ভীষণভাবে যজ্ঞ হইয়া গোল তথন বরিশালের নেতার। সাহিত্য সম্মেলনের নির্কাচিত সভাপতি রবীক্রনাথের সহিত কি করা কর্ত্তব্য তাহা আলোচনার জন্য তাঁহার সহিত সাক্ষাৎ করিতে সেধানে গোলে। দেবকুমার বাবুর প্রীতি ও স্লেহের গুণে আমার ন্যায় তক্ত্বপ ব্বকও বোটে গিয়াছিলাম। নানাবিধ তর্ক বিতর্কের পর রবীক্রনাথ ধীর গুণীর কর্পে ধীরে ধীরে বলিয়াছিলেন—দেখুন

^{*} আমৰা সৌভাগাৰশতঃ উপাধ্যার বুজ্ঞাদ্ধৰকে পেখিলাভি। আমি তখন নিজ বাসভূদি বিক্রমপুরে ছিলাম। 'সন্ধ্যা' পত্রিকায় নিয়মিত ভাবে সংবাদ পাঠাইতাম। আমার বন্ধু হাইকোটোন উকিল শ্রীমুক্ত সার্ধাচালি শেন ছিলেন সন্ধার অন্যতন সহ-সম্পাদক। আমার কাছে 'সন্ধ্যা' 'যুগান্তর' প্রভৃতির ফাইল ছিল। সে সময়ে আমারা 'পথিক' নামে একধানা মাসিক পত্র সম্পাদন করি। সাবদাবাৰু ভাহাতেও সাহায্যকারী ছিলেন। ভাহার 'বন্দে মাত্রমু' ছিল শিরোভূমণ। বঙ্গীয় সাহিত্য-পরিষ্ধে ত'হার কোন কোন সংখ্যা বাকা সম্ভব।

এমন একটা দক্ষযজের পর এই কেত্রে সাহিত্য সম্মেলন হওয়া ঠিক্ হবে না। সেটা হবে সব দিক্ থেকেই একটা লাঞ্ছনার ব্যাপার। আমি বুঝতে পাচ্ছি না কেমন করে যাবেন আপনারা ম্যাজিষ্টেট এমার্সনকে বলতে যে সভা করতে অনুমতি দিন! এই অনুমতি ভিক্ষা করা হবে আমাদের সকলের সর্ব্বাপেকা অপুমানকর! নিজেদের মর্যাদা হবে ক্ষা। অপুনী বাবু, দেবক্মার বাবু ও আরও দু' চারিজন বিশিষ্ট বিধান ও বৃদ্ধিমান স্বয়ং সাহিত্য সন্মিলনের আহ্বানকারী—দেবকুমার বাবুও অন্যান্য নেতৃৰূদের সহিত, ম্যাজি-ষ্টেটের অনুগ্রহ ভিক্ষা করে সাহিত্য সম্মেলন করা আশ্বমর্যাদার হানিকর বলিয়া স্বীকার করিলেন। কবি ধীরে নীরবে কলিকাতায় ফিরিয়া গেলেন। তাঁহার সেই সৌম্যশান্ত গন্তীর মৃত্তি—হাস্যোজ্জুল তীকুদৃষ্টি, এবং ভাঁহার সামান্য বক্তব্যাবুকু বাঁশীর স্তরের মত কানে বাজিয়াছিল। তিনি বেশী কথা বলেন নাই, অনেকে সম্মেলন হইবার পক্ষে ও বিপক্ষে বলিয়াছিলেন। সেখানে শিক্ষা-বুতী, ও অধ্যাপকও ছিলেন, ব্যবহারজীবীও ছিলেন। কিন্তু কবি এমন স্থন্দর ভাবে শেষ কথাটি বলিলেন যে সব চেয়ে অমর্যাদা-কর হবে এমার্সন সাহেবের কাছে। অনুমতি চাওয়া। যে গভীর বেদনা আমাদের প্রত্যেকের অন্তরে জেগে রয়েছে তার পর কি আর সভা-সম্মেলন হতে পারে—সে যে অসম্ভব। আমার ওব একটি কথা—না—এ হতে পারে না। সভাস্থ সকলে নীরন त्रश्टिलग्।

রবীজনাথ বরিশাল সাহিত্য সম্মেলনের ভাষণও প্রস্তুত করিয়াছিলেন, ঙনিয়াছিলাম দেবকুমার বাবুর কাছে।

্রিক্ড সালের ডিসেপর মাসে কলিকাতার কংগ্রেসএর যে প্রদর্শনী হয় ভাষাতে সভাপতি হইয়াছিলেন দাদাভাই
নৌরোজী। তাঁহার বজ্তায় তিনি বলিয়াছিলেন ''স্বাজ
আমাদের জন্মগত অধিকার।' ভ্রানীপুরে সে সময়ে নবগঠিত
স্বদেশী আন্দোলনকে নিখিল ভারত বিষ্ময়ে দেখিতেছিল।
ভ্রানীপুর শিল্ল প্রদর্শনী হইল; এই প্রদর্শনীর সহিত একটি সাহিত্য
সম্মেলন হয়। রবীঞ্রনাথ এ সভায় বজ্তা করেন। তিনি
বলিলেন ''গত বংসর চৈত্র মাসে বরিশালে সাহিত্য সম্মেলন
সভা আহ্বান করিয়াছিল!...বরিশালের যক্ত কর্তারা আমাকে
ন্পেলনের সভাপতি পদে আহ্বান করিয়াছিলেন।...আমি যে
প্রথম সাহিত্য-সভার সভাপতি পদে প্রতী ইইয়াছিলাম সে সম্মান
আমার পক্ষে শিরোধার্য। (বঙ্গ দর্শন, ১০০৮ পুঃ ৫২৮)

বাংলা দেশে তথন বন্ধ বিভাগের বিরূদ্ধে ঘোরতর আন্দোলন চলিতেছে। তথন দাকা, চটুগ্রাম, রাজসাহী ও আসাম বিভাগ লইয়া হইল পূর্ববন্ধ ও আসাম। লাট হইলেন স্যার বামফিল্ড ফুলার। ঢাকা হইল রাজধানী। প্রেসিডেন্সি ও ধর্মমান বিভাগ, বিহার, ছোটনাগপুর, উড়িমা লইয়া হইল বন্ধদেশ। বন্ধ বিভাগের পূর্বে বিহার, উড়িমা ও বন্ধদেশ এক ছোটলাটের শাসানাধীন ছিল। এখন দুইলন ছোটলাট নিযুক্ত হইলেন এবং নৃতন ভাবে শাসন সংক্রান্ত, শিকা ও সংস্কার সংক্রান্ত প্রত্যেক বিষয়ে বিভক্ত হইল। বাঙ্গালী এই বন্ধবিভাগকে কিভাবে গ্রহণ করিয়াভিলেন ভাহা সকলেরই স্থানিজ্ঞাত।

স্বদেশী যুগে রবীক্রনাথ কেন োগ দিলেন তাহার সংক্রিপ্ত বিবরণাটুকু দিতে হইতেছে। ১৮৯৯ সালের জানুয়ারী মাসে লর্ড কার্জন ভারতের বড় লাট হইয়া আমেন। তিনি আসিয়া নানাদিকে আরম্ভ করিলেন সংস্কার। তিনি স্মাট সপ্তম এডওয়া-র্ডের দিল্লীতে অভিযেকের বাপারে প্রচুর বার করেন—যাকে বলে রাজস্য যক্ত। তারপর বঙ্গ বিভাগ হইতে হইল একঅশান্তি ও অভাদয়। সেকপা আর্থে বলিয়াতি।

নাফালী এই বন্ধ বিভাগকে অন্তরের সহিত গ্রহণ করেন নাই। সারা দেশব্যাপী গভীব আন্দোলন চলে, সভা, বিদেশী দ্রব্য বর্জন, স্বদেশী সঙ্গীত,—হইতে থাকে পচারিত।

রবীন্দ্রনাথ এই বিভাগকৈ চিরম্মরণীয় করিবার জন্য একনি আবেদন প্রচার করেন। তিনি বলিয়াজিলেন :—"আগামী তথপে আপুন (১৩১২) বাংলা দেশ আইনের দ্বানা বিভক্ত হইবে। কিন্তু ঈথুর যে বাদালীকে বিচ্ছিয় করেন নাই তাহাই তাহার বিশেষ রূপে সমরণ ও প্রচার করিবার জন্য সেই দিনকে আমরা বাদালীর রাখি-বন্ধনের দিন করিবা, প্রস্পারের হাতে হরিদ্রা বর্ণের মৃত্য বান্ধিয়া দিব। রাখি বন্ধনের মন্ত্রীই এই : ভাই ভাই এক সিই।"

সে সময়ে তিনি রচনা করেন রাধি-সজীত। এই রাধী স্থীত সারা বাদালা দেশে ছড়াইয়া পড়িয়াছিল। স্কলের ক্রে ক্রে গীত হইতঃ

> বিংলার মাটি বাংলার জল বাংলার বায়ু বাংলার ফল পুণ্য হউক, পুণ্য হউক্ ব্য হউক্ হে ভগবান

এই স্ক্রীত বাদালীর পাণে নূতন শক্তি ছাগাইল দিরাছিল, দেশকে নিবিড্তম ঘনিষ্টম ভাবে, দেশজন্মী শামলা বহুভূমিকে ভালবাসিতে শিখাইলাছিল।

সে থিয়াতে এক গুড়দিন, পুনামুখ্যুট, মেদিন রবীজনাথ নথা পদে ''বদে মাতরম্' সম্প্রদায়ের মহিত গঞালানে থিয়াছিলেন। সেকালের বছ সন্ধান্ত পুরুষ ও মহিলা সেই শোভাষাত্রার যোগ দিয়াছিলেন। সেই দিন সেই গদাতীরে, কলনাদিনী জাজবীর তীবে তিনি সকলের সহিত বাংলার স্বর্ণপ্রার ভেদবৃদ্ধি ভুলিয়া একঃ মন্ত্রে দীজিত হইবার জন্য প্রার্থানা করেন---

> 'বাংলার মাটি বাংলাব জল পুণ্য হউক, পুণ্য হউক হে ভগবান্।'

সেদিনই অপরাক্তেরোগপীড়িত আনন্দ্রোহন বাবু আপার সার্কুলার রোডের ন্যদানে ফেডারেশন হলেব ভিঙি স্থাপন করেন। সেদিনকার সে অগণা জনপ্রাহ--সেই সহ্যু সহ্যু লোকের ভীড়েনীররে মৃত্যু শ্যায় পীড়িত অবসঃ মনে ও দেহে, তাঁহার অভিভাষণ পঠিত হইল। ইংরাজীতে লিখিত তাঁহার অভিভাষণ পঠিত হইল। ইংরাজীতে লিখিত তাঁহার অভিভাষণ পঠি করিয়াছিলেন আগুডোম চৌবুরী আর বাংলায় পাঠ করেন রবীজ্রনাথ, উপাত্ত জ্যধুর কঠে। তারপর দলে দলে মিলিত হইয়া গিয়াছিলান শোভামাত্রা করিয়া পশুপতি বস্তুর বাড়ী। শোভামাত্রার পুরোভাগে ছিলেন রবীজ্রনাথ ও ঘন্যান্য নেতৃকুল। সে স্ময়ে সহ্যু সহযু কঠে গাঁত হইতেছিল ব্রীজ্রনাথ বিরচিত সঙ্গীত—

'ওদেব বাঁধন যতই শুক্ত ছবে তত্তই মোদের বাঁধন টুট্রে।' সঙ্গে সঙ্গে গুনিতে গুনিতে চলিলাম:

বিধির বাঁধন কাটবে তুমি এমন্ শক্তিমান্—সেই সব ঐক্যন্তে দীক্ষিত বাঙ্গালার জনসাধারণের যে মিলন যজ আজ তাহা সমরণে আসিয়া মরনে পশিতেতে—ক্দেয়ে ভনাইয়া দিতেতে ফুলিফ। সে সময়ে কবির সেই ঋজু দীর্ঘ দেহ, হাস্যোজ্জুল গোরবম্ভিত মুখম্ভল তাহা রহিয়াছে মনে আঁকা, বাহিরে প্রকাশের নয়।

সে যুগে রবীক্রনাথ যে যে প্রাদেশিক রাষ্ট্রীয় সন্মিলনেউপস্থিত ছিলেন তাহার উল্লেখ করিলাম: বহরমপুর (১৮৯৫) সভাপতি আনন্দমোহন বস্তু, কৃষ্ণনগর (১৮৯৬) গুরুপ্রসাদ সেন, নাটোর (১৮৯৭) সত্যেক্রনাথ ঠাকুর, ঢাকা (১৮৯৯) কালীচরণ বন্দ্যোপাধ্যায়। ঢাকার অধিবেশনে আমার সৌভাগ্য হইয়াছিল কবিকে দেখিবার ও কালীচরণ বন্দ্যোপাধ্যায়ের ইংরেজী ভাষণের বাংলায় রবীক্রনাপের ভাষণ! দর্শকগণ সকলে বিমুগ্ধ হইয়াছিলন। ১৯০৮ সনে পাবনা সহরে প্রাদেশিক রাষ্ট্রীয় সন্মেলন হয়, রবীক্রনাথ হন সভাপতি। তাঁহার ভাষণ বাংলায় পাঠ করেন। তাঁর অভিভাষণ প্রথম বাংলা অভিভাষণ। এ বিষয়ে রবীক্রনাথ নিজেই বলিয়াছিলেন।

রবীন্দ্রনাথ সেই সময়ে সম্পূর্ণভাবে রাজনৈতিক আন্দোলনে বা স্বদেশের হিতকপ্পে আশ্বনিয়োগ করেন। স্বাদেশিকতায় যোগ দিয়া ছাত্রদের এবং ইংরাজের বিবিধ প্রকারের বিবিধ নির্যাতন, শাসন দণ্ডের বিরুদ্ধে সংগঠনমূলক বহু প্রবন্ধ লিখিয়াছিলেন, বক্তৃতা দিয়াছিলেন এবং গঠনমূলক কর্মক্ষেত্র গড়িয়া তুলিতেছিলেন।

কর্ণ ওয়ালিস ষ্টানে যে বাড়ী হইতে 'ভাঙার' নামক প্রিকা বাহির ১ইত, তাহার প্রকাশক ছিলেন চট্টগ্রামবাসী কেদার নাথ দাশ ওপ্ত। সেই প্রিকায় ছিল নানা প্রকার সংগঠনমূলক প্রস্তাব এবং বহু প্রবন্ধ প্রকাশিত হয়। পূর্ববঙ্গে লাট ফুলারের উৎপীড়ন, কঠোর দমননীতি হিন্দুমুসলমানের বিভেদবুদ্ধি জাগাইয়া বিভেদ ও পরম্পরের মধ্যে কলহ ও অশান্তির স্কৃষ্টি করিয়াছিল। সেই সময়ে নিভীক কবি বলিষ্ঠ ভাষায় 'ভাঙার' প্রিকায় নিগৃহীত-দের প্রতি যে নিবেদন প্রকাশ করেন তাহা উদ্ধৃত করিলাম :—

''বাংলাদেশের বর্তমান স্বদেশী আন্দোলনে ক্পিত রাজদণ্ড খাঁহাদিগকে পীড়িত করিয়াছে, তাঁহাদের প্রতি আমার নিবেদন এই যে, তাঁহাদের বেদন। যখন আজ সমস্ত বাংলাদেশ হৃদয়ের মধ্যে বহন করিয়া লইল, তখন এই বেদনা অমৃতে পরিণত হইয়া ভাঁহাদিগকে অমর করিয়া ভুলিয়াছে। রাজচক্রের যে অপমান তাঁহাদের অভিমুখে নিক্ষিপ্ত হইয়াছিল, মাতৃভূমির করুণ কর-म्पर्स जोश वतमानाक्षरप बाबन कतिया जैशारमब ननाम्रिक योज ভষিত করিয়াছে। যাঁহারা যখাবত গ্রহণ করিয়া থাকেন, বিধাতা যথাসময়ে তাঁহাদের অগ্রিপরীক্ষা করাইয়া সেই ব্রতের মহত্বকে উজ্জ্ল করিয়া প্রকাশ করেন। অদ্য কঠিন ব্রতনিষ্ঠ বঙ্গভ্মির প্রতিনিধিস্বরূপে সেই কয়জন এই দুংসহ অগ্নিপরীক্ষার জন্য বিধাতা কর্ত্তক বিশেষ রূপে নির্ন্বাচিত হইয়াছেন। তাঁহানের জীবন সার্থক। রাজরোষরক্ত অগ্রিশিখা তাঁহাদের জীবনের ইতিহাসে লেশমাত্র কালিমা পাত না করিয়া বার বার স্থ্রণ অক্ষরে লিখিয়া দিয়াছে। ('বন্দে মাতরম্' ভাঙার ১৩১২ ফাব্তন। ১৯০৬ মার্চে।)

সে যুগে এমন সভাসমিতি ছিল ন। যেখানে রবীঞ্চনাথ খাইতে

অস্বীকার করিতেন। তাঁর গান ও কবিতার মধ্যে, ভাষণ ও কর্মের মধ্যে ছিল কর্মময় জীবনের গভীর প্রেরণা! তাঁর বাণী পথ নির্দেশের দিকে, তিনি জনগণকে লক্ষ্য করিয়া বলিয়াছেন: "আমরা চলি সমুখ পানে" সমুখপানে চলিবার মত সাহস, বীর্য্যের তেজে এবং দৃঢ় নিশ্চিত চরণের গভীর তালে উদ্ধল এবং মুখরিত: থেমন

'জাগ্রে নিশান বাজ্রে বিষাণ পুড়বে সকল বন্ধ। উড়বে হাওয়ায় বিজয় নিশান যুচবে ধিধা ঘুলু।

মৃত্যু সাগর মধন করে
অমৃতরস আন্ব 'হরে'
ওরা জীবন আঁকড়ে ধরে'
মরণ সাধন সাধ্বে।
কাঁদবে ওরা কাঁদবে।

রবীন্দ্রনাথের স্বদেশী গানগুলি ১৩১২ সালে প্রকাশিত হইয়াছিল। সে গানের প্রভাব সারা বাংলাদেশকে নূতন জীবন ও নূতন প্রেরণা জাগাইয়া দিয়াছিল। সে সময়ের সঙ্গীত, 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি', 'বাংলাদেশের হৃদয় হইতে কখন আপনি, কি অপরূপ বেশে বাহির হলে জননী' প্রভৃতি গানগুলি স্থদূর পল্লীতে পল্লীতে গীত হইত। সে সময়ে রজনীকান্ত সেন, অতুল প্রসাদ, কাব্যবিশারদ, কামিনী ভট্টাচার্য্য প্রভৃতি বহকবি এবং গায়কের রচিত গানও গীত হইত। কিন্তু রবীন্দ্রনাথের সঙ্গীতগুলি সহজে বাংলা দেশের আকাশে বাতাসে ছড়াইয়া গিয়াছিল, বাঙ্গালীর প্রাণম্পর্শ করিয়াছিল।

তারপর স্বদেশী যুগের কর্মপ্রবাহ হইতে, উত্তেজনা হইতে কবি একদিন 'ষেয়ার মধ্যে' স্বদেশী উত্তেজনা হইতে বিদায় চাহিলেন,

> 'বিদায় দেহ ক্ষম আমায় ভাই, চলার পথে আমি ত আর নাই।'

ঙনিতে পাই তাঁর মুখে—

'রত্ব খোঁজা, রাজ্য ভাঙ্গা গড়া, মতের লাগি দেশ বিদেশে লড়া, আলবালে জল সেচন করা উদ্য শাখা স্বর্গ চাঁপার গাছে, পারিনে আর চলতে সবার সাথে।'

একদিন যিনি পথে পথে যুরিয়াছেন, দেশের সেবার জন্য, দলাদলি মত-পর্লক্যের মধ্যেও চলিয়াছেন পথে পথে; অবশেষে ক্লান্ত পণিকের মত-ক্রুণ কর্ণেঠ কহিলেন:—


> ্ছেড়েছি সব অক্সমাতের আশা এখন কেবল একটি পেলেই বাঁচি, এসেছি ভাই ঘাটের কাছাকাছি,



GURUDEVA & GANDHIII

ওকদেব ও গান্ধিলা

⇒v Jamini Rov —श[%स] दक्ष



মাকিন শিলা জজেন প্রতিবারের স্বস্থিত –

The Poet in America drawn from life By Georges Schreiber এখন শুধু আকুল মনে যাচি
তোমার তরে খেরার তরী ভাসা জেনেছি আজ চলেছি কার লাগি ছেড়েছি সব অকস্মাতের আশা।

রবীন্দ্রনাথ সম্বন্ধে বলা ত সহজ নয়! স্বদেশী মুগে তাঁহার অবদান, তাঁহার ভাষণ জনগণের সহিত প্রাণের মিলন, সমাজের সংকীর্ণতা. জাতি বর্ণ নিবিশেষে বিভেদ, সমগ্র জাতিকে চিরদারিদ্র হইতে মুক্ত করিবার উদ্যোগ ও আপ্রাণ চেটা ছিল স্বদেশী মুগের পুণ্যপ্রাবন দিনে। 'স্বদেশী সমাজের' আদর্শ বুঝাইয়াছেন, পল্লী সংগঠনের প্রয়াস বাঁধিয়াছেন! এনেছিলেন—দেহের শক্তি, এনেছিলেন মনের ভক্তি। গাহিয়াছেন প্রকৃত সত্য কথা:

'কাঞ্চনথালি নাহি আমাদের, অন্ন নাহিকে। জুটে। যা আছে মোদের এনেছি গাজায়ে নবীন পর্ণপুটে

স্বদেশী যুথে সেই ১৯০৫ সাল হইতে আরম্ভ করিয়া, বিপুবযুগের প্রাক্ত্রপুপ পর্যান্ত রবীন্দ্রনাথের অবদান বুঝিতে হইলে, জানিতে হইবে আমাদের সে যুগের সাহিত্য, পত্র ও পত্রিকা, প্রবন্ধ-নিবন্ধ, জাতীর শিক্ষা, ও শিক্ষালয় প্রতিষ্ঠা প্রভৃতি গঠনমূলক বহু কার্য্য। তিনি সঞ্জিলত হইয়া মনীমীগণের সহিত উপদেশ ও আপনার অভিমত প্রকাশ করিতে কুঞ্চিত হন নাই। কাজেই আমাদের অনুরোধ, রবীন্দ্রনাথকে কারের, ইতিহাসে, নাইকে এবং স্বদেশী যুগে যদি বুঝিতে হয়, তাহার রাষ্ট্র-চেতনার ইতিহাস যদি জানিতে হয় তাহা হইলে আমাদের উচিত হইবে তৎকালীন বাঞালার ইতিহাস, বান্ধালার সমাজ ও বান্ধলার জাতীয় চরিত্র সম্বন্ধে অনুশীলন।

ুরবীক্রনাথ ছিলেন মহাকবি এবং মহাবীর। বৈশ্ব কবিদের মত তিনি ''আপনি আচরি ধর্ম অপরে শিখায়' তার প্রত্যেকটি আচরণেই তাহা ব্যক্ত হইয়া আছে। তাঁহার সেই গানটির অপরূপ রূপ আমরা দেখিতে পাই—

> 'ডান হাতে তাঁর খড়া জ্বলে বাঁ হাত করে শঙ্কাহরণ!'

অন্তর্নবির আলো-শতদল মুদিল অন্ধকারে। ফুটিয়া উঠুক নবীন ভাষায প্রান্তিবিহীন নবীন আশায়

नव ेषरात शास्त्र

--(লখন

তাঁহার 'প্রশু' কবিতাটিতে কি গভীর মর্দ্ম বেদনা বুকে লইয়া। অভিমান ভরেই বলিয়াছিলেন ঃ

'ভগবান্ তুমি যুগে যুগে দূত পাঠায়েছ বাবে বাবে
দয়াহীন সংসাবে।
তারা ব'লে গেল ক্ষমা করো সবে, বলে গেলে। ভালবাসো—
অন্তর হতে বিধেষ বিষ নাশো।—
বরণীয় তারা, সমরণীয় তারা, তবুও বাহির শাবে
আজি দুদ্দিনে ফিরানু তাদের ব্যর্থ ন্মস্কারে।'

জীবনের শেষ দিকে—গভীর বেদনায় বলিযাছিলেন ;—
"ভাগ্যচক্রের পরিবর্ভনের ধারা একদিন না একদিন ইংরেজকে
এই ভারত সামাজ্য ডেড়ে যেতে হবে। কিন্তু কোন্ ভারতবর্ষকে
যে পিছনে ভ্যাগ করে থাকে? কি লক্ষ্মীজাড়া দীনতার
আবজ্জনাকে? একাধিক শভাক্ষীর শাসন ধারা স্থন ভক্ষ হয়ে
থাবে ভখন সেকি এই দুলিস্ফ নিম্ফলতাকে বছন করতে
থাকবে। জীবনের প্রথম আরপ্তে সমস্ত মন থেকে বিশ্বাস করেভিলুম, গুরোপের সম্পদ, অন্তরের এই সভ্যতার দানকে। আর
আজ আমার বিদায়ের দিনে সে বিশ্বাস একেবারে দেউলিয়া হয়ে
গেছে।"

কবির বাণী আজ জয়ণুক্ত হয়েছে, ইংরেজকে এই ভারত সামাজ্য চেড্ডে থেতে হয়েছে।

পাথাৰে জালিয়ানওয়ালাবাথের অভ্যাচারে কৰির সদয় উদ্বেলিত ২ইয়াছিল, নায়মাগ্ন বলহানেন লভ্য। এই মহাবাণীই ছিল ভাহার কাব্যে, গীভি, কবিভায়, গীভি নাটেন, নাটকে, প্রক্ষে স্ক্রি প্রিব্যাপ্ত।

সেবালে জাতীয় মিলন যতে ওনিয়াছিলাম ভাষার কণ্ঠে মহামিলনের বাণা, এখনও কানে বাজে সেই ওর তবন্ধ ;

আজ সৰাই জুটে আঞ্ক চুটে যে সেগানে থাকে—
এবার যার খুশি যে বাঁধন কাটুক, আমরা বাধৰ মাকে।
আমরা পরাণ দিয়ে আপন করে বাধৰ তারে সত্য ডোরে,
সন্তানেরই বাহু পাশে বাধন লক্ষপাকে।
আজ ধনী গরিব স্বাই স্মান। আয়রে হিন্দু, আয় মুসল্মান—
আজ্কে স্কল কাজ পড়ে থাক্, আয়রে লাপে লাপে।
আজ দাওগো স্বাব দুয়ার খুলে, যাওগো স্কল ভাবনা ভুলে—
স্কল ডাকের উপরে পাল্য মাধাদের ডাকে।।

সোনার মুকুট ভাসাইয়া পাও সন্ধান মেঘের তরীতে। যাও চলে ববি বেশভূমা খুলে মরণ মহেশুরের দেউলে নীরবৈ প্রণাম করিতে।।

--লেখন



त्रवीस्वा(थत वाज्र-वाहिंग

ডঃ আশুতোষ ভট্টাচার্যা

রবীজনাপের হাস্যরসায়ক নাট্রেচনাকে সমগ্রভাবে কোন বিশেষ একটি মাত্র পরিচয় ধারা অভিহিত করতে পারা যায় না। তাহার প্রথম করেকটি রচনার মধ্যে কৌতুক রস (humour) প্রাবান্য লাভ করলেও তাদের অনতিকাল ব্যবধানেই রচিত তার এই এণীর রচনার মধ্যে তার পরিবর্তে ব্যঙ্গরস (satire) পারান্য লাভ করতে দেখা যায়। ক্রমে বাঙ্গরসও তার রচনায় বিলুপ্ত হয়ে থিয়ে সর্বশেষে বাগ্রেদগ্র-জাত হাস্যরস (wit)-ই প্রাবান্য লাভ করে এইজন্যই সমগ্রভাবে তার এই শ্রেণীর নাট্য রচনাকে রঞ্গনটোর সাধারণ সংজ্ঞায় অভিহিত করাই সঙ্গত বলে মনে হয়।

বাংলা সাহিতো প্রহণন সংজানির ব্যবহার বড় 'অম্পর্ট 'ও বাপক। কৌতুক-রসাম্বক (humourous) নাট্য-রচনা নির্দেশ করতেই প্রহান কথানির ব্যবহার যথার্থ সম্পত্ত হয়: কিন্তু বর্তমানে ব্যবহারতঃ ইহা সকল প্রকৃতির হাস্যরসম্মক নাট্যরচনাই নির্দেশ করে থাকে। ইংরেজী সংজ্ঞা অনুমারী Humour, Satire ও Wit-এর যে স্বস্পর্ট পর্যিকা আছে, বা লাম তা অধিকাংশ ক্ষেত্রেই স্বীকৃত হয় না—এই প্রকৃতির সকল শ্রেণীর রচনাই 'প্রহান' বলে পরিচিত হয়। কিন্তু এদের প্রত্যাকের শ্বারাই হাস্যরস্থাই হলেও, এদের অন্তর্প্রকৃতি প্রস্পর পৃথক—এ বিষ্যাট্য ভাল করে বুবাতে না পারলে এদের যথার্থ রস্প্রহণও সম্ভব হয় না।

বাংলা নাট্য সাহিত্যের প্রথম যুগে প্রহসন রচনার ভিতর দিয়েই এদেশের কয়েকজন এেষ্ঠ নাট্যকারের প্রতিভার বিকাশ इस्सिक्ति। नात्ना नानि भाहिर्द्यात क्षेत्री ग्रह्मित वहे क्षेत्रमन রচনার ধারা তার পরবারী যুগোও এমন কি মিজেন্দ্রলাল রায় পুর্যন্তও অবলাহত চিল। এই যুগের প্রহুসন রচনার একমাত্র উপজীব্য ডিল, বাংলার সম্পাময়িক হিন্দু স্মাজ, পা•চাতা সভ্যতার আদর্শে উদ্বন্ধ হওয়ার ফলে তৎকালীন হিন্দু সমাজের নৰো যে সকল দোষক্ৰী স্পষ্ট হয়ে উঠতে লাগল, তা নিয়ে প্রধানতঃ ব্যঙ্গ করাই প্রহুসনভ্রনোর উদ্দেশ্য ছিল। এই হিসাবে প্রহুসনওলো ছিল প্রধানতঃ বাঞ্চ-শ্রেষাম্বক। কিন্তু তা সত্ত্বেও একথা স্বীকার করতে হয় যে, সে যুগের নাট্যকারদের 🧦 গে যথার্থ ব্যঙ্গ বা শ্রেষায়ক প্রহুসন রচনা করবার প্রকৃত প্রতিভা সকলের ছিল না। এঁদের মধ্যে একমাত্র মাইকেল মধুস্দনের রচনাতেই ব্যঙ্গাত্মক মনোভাবের যথার্থ বিকাশ দেখতে পাওয়া যায়। রামনারায়ণ তর্করত্ব ও দীনবন্ধু মিত্র ঐ দুজনেরই প্রতিভা ভাসারসাম্বক (humour) নাট্য রচনার প্রতিভা। শ্রাঙ্গাম্বক রচনার মধ্যে স্কষ্টিধর্মী গুণ বিকাশ লাভ করতে পারে 🕛 ্কার ! বান্দরচনার মধ্যে মান্য চরিত্রের প্রতি লেখকের সহানুভূতির

পরিচয় প্রকাশ পায় না, বরং তার প্রতি চরম অবিশ্রাস ও অশ্রদ্ধার ভাবই প্রকাশ পেয়ে খাকে। যেখানে সহান্ভতির অভাব, মেখানেই চরিত্র স্থাষ্টির ব্যর্থতা। অবশ্য হাস্যরসাম্বক রচনার ভিতর দিয়েও যে উচ্চাঙ্গের স্বষ্টিধর্ম সার্থকতা লাভ করে পাকে, তাও নয়—কারণ প্রহুগনের মধ্য দিয়ে জীবনের মর্মমূল পর্যন্ত লেখকের দৃষ্টি প্রবেশ করতে পারে না—কেবল মাত্র তার উপর স্তরেই তাঁর দৃষ্টি আবদ্ধ হয়ে থাকে ; সে জন্য সেথানেও উাচাঙ্গের স্টি সাকল্যের যে সামান্য সম্ভাবনাটুকুও আছে, বঙ্গোপ্পক রচনার মধ্যে তাও নেই। বাজাল্প রচনার আর একটি প্রধান বৈশিষ্ট্য হলে। এই যে, এর মধ্যে কেবল মাত্র মানব চরিত্রের কল্পিও ও বাস্তব ফ্রটিণ্ডলিই লেখকের দৃষ্টি থাকর্যণ করে থাকে। কিন্তু কেবলমাত্র ত্রুটিওলির মধ্যেই মানুষের চরিত্র সীমাবদ্ধ হয়ে থাকতে পারেনা—ক্রটি এবং ওণ দুয়ে মিলেই মানুষের চরিত্রের সম্পূর্ণতা, বাজাল্পক রচনার মধ্যে চ্রিত্রের এই দুটি জিনিষ্ট সমান ভাবে অভিব্যক্তি লাভ করতে পারে না বলেও তা স্পষ্টধর্মী সাহিত্যের মর্যাদা লাভ করতে সক্ষম হয় না, অত্রব হাস্যরসাস্ত্রক রচনা থেকেও বাঙ্গাত্মক রচনা স্ঠাঠ হিসাবে নিকই।

भगाङ्गवर्भ । अञ्चलाय नितरश्रक वाङ्गिठतिरज्ञत हिवस्रन মানবিক দুর্ব্বলভার উপর ভিত্তি করে প্রকত হাস্যরসাম্বক(humour) নাটক বাংল। নাট্যসাহিত্যের আদিযুগে খুব অল্পই রচিত ইর্থেছে। বাংলা নাট্যসাহিত্যের আদি যুগের যখন অবসান হয়ে আসছে, তখনই বাংলা কথাসাহিত্যের ক্ষেত্রে বঙ্কিমচন্দ্রের আবিভাব হলো, বাংলা সাহিত্যে হাস্যবসাস্থক রচনায় ৰক্ষিমচক্রের একটি तिर्भिष्ठे श्वांन थाए**छ। त्रवीक्षनाथ तक्षिमहत्त्व मन्श्रदर्क** य मधरक বলেছেন, বঙ্কিমচন্দ্ৰই বাংলা সাহিত্যে সৰ্বপ্ৰথম নিৰ্মল শুল হাস্যের সুষ্টা। যে গতানুগতিক বিষয়বস্থ অবলগ্ধন করে এ পর্য ন্ত বাংলা সাহিত্যে হাস্যরসের স্ঠাষ্ট হাচ্চিল, বঞ্চিমচন্দ্রের মধ্যেই তার প্রথম ব্যতিক্রম দেখা দিল। কিন্তু তা হলেও এ কথা স্বীকার করতে হবেই যে বঙ্কিমচন্দ্রের হাস্যরুগও প্রধানতঃ বাঙ্গগ্রেষাথক। তার 'লোকরহস্যা' ও 'মুচিরাম ওড়ের জীবন-চরিত প্রানতঃ তারই নিদর্শন। রবীজ্রনাথ তাঁর প্রথম জীবনের হাস্ত্রেশাস্থক রচনায় বঙ্কিমচন্দ্রের এই 'লোকরহস্য' দারা যে কতলন প্রভাবিত হয়েছিলেন, এ কথা অস্বীকার করবার উপায় নেই। রবীভ্রনাথের সর্বপ্রথম 'কৌতক নাট্য' 'ছাত্রের পরীক্ষা' ১৯২৯ সালে 'বালক' পত্রিকায় প্রকাশিত হয়। এর সঙ্গে বৃষ্কিমচন্দ্রের 'লোকরহুস্যে'র অন্তর্গত 'গ্রাম্যকুপার' বিষয় ও রচনাগত সাদৃশ্য আছে। যাই হোক, রবীজ্নাথের প্রথম জীবলের কৌতুক নাট্য রচনার প্রেরণা যে বঙ্কিমচন্দ্রের 'লোক-রহস্য থেকে এমেছিল, তা স্বীকার করে নিলেও অল্পদিনের ংধ্যই রবীভ্রনাথ এ বিষয়ে যে একটি স্বীয় বৈশিষ্ট্যও লাভ করতে সক্ষম হলেন, তা অনুভব করতে পারা যায়। তাঁর সেই বৈশিধ্যের স্বরূপটি উপলব্ধি করাই আমাদের লক্ষ্য।

রবীন্দ্রনাথের 'হাস্যকোতুক' ১৯০৭ খুঠান্দে পুস্থকাকারে প্রথম প্রকাশিত হয়, কিন্তু তার অন্তর্ভুক্ত নাট্যরচনাওলো তার কয়েক বৎসর আগে থেকেই 'বালক' ও 'ভারতী' পত্রিকায় প্রকাশিত হতে থাকে। ইহাই রবীন্দ্রনাথের প্রথম হাস্যবসাম্বক রচনা। এওলোর বৈশিষ্ট্য সম্পর্কে 'রবীন্দ্রনাথ' নিজে 'হাস্যকৌতুকের ভূমিকায় উল্লেখ করেছেন, 'এই ক্ষুদ্র কৌতুক নাট্য-ওলি হেঁয়ালী নাট্য নাম ধরিয়া ''বালক'' ও 'ভারতী' তে বাহির হইয়াছিল। য়ুরোপে শারাছ্ (Charad) নামক এক প্রকার নাট্য থেলা প্রচলিত আছে, কতকটা তাহারই অনুকরণে এওলি লেখা হয়, ইহার মধ্যে হেঁয়ালি রক্ষা করিছে থিয়া লেখা সংকুচিত করিতে হইয়াছিল—আশা করি থেই হেঁয়ালির সঞ্জান করিছে বর্তমান পাঠকগণ অনাবশ্যক কর্ম স্বীকার করিবেন না।

কিন্তু ইউরোপের শারাড়ের সঙ্গে রবীন্দ্রনাথের হাস্য-কৌত্কের নাট্যনিবন্ধওরির কোনও সাদ্ধ্য নাই। হেঁয়ালি জাতীয় রচনা। শব্দার্থ-নৈচিত্র্যের উপর ইউরোপীয় 'শারাডে'র হেঁয়ালি প্রান্তঃ নিভির করে. এর হাসারস্ও সেইজন। শব্দ প্রয়োগ কৌশল শ্বারাই স্কাই হয়ে থাকে। কিন্তু হাস্য-কৌতকের নাট্য নিবন্ধওলোতে প্রকত হাস্যরসের স্কটি হয়েছে শব্দ-প্রয়োগের কৌশল ধারা নয়, বরং বিষয় বৈচিত্র্য ধারা রবীন্দনাথ লিখেছেন, 'এই হেঁয়ালি নাট্যওলি বিশেষভাবে বালক্দিগের আনন্দ দিবার জন্য লিখিত হইয়াছিল। এদের মধ্যে থবিকাংশ नानिनिक्षष्टे वालकरमत निर्द्धाय आस्मारमत छेपरयाशी घरल उ 'আৰ্য অনাৰ্য' প্ৰমুখ কয়েকটি বচনা তীবু ৰাজান্তক এবং তা কদাচ বালকদের নিদোম আমোদ দিবার জন্য রচিত হয়েছিল বলে মনে করা যেতে পারেনা। তবে একথা মত্য 'হাস্যকৌত্কের' মধ্যে রবীক্রনাথের বাঞ্চাথক মনোভাবের পরিচয় এপেকাকৃত অল্পই পাওয়া যায়। কিন্তু এর ভিতর দিয়েই যে তিনি তাঁর ভবিষ্যাৎ বাঞ্চ ও শ্লেষাম্মক রচনার দিকে অগ্রসর ২য়ে যাচ্চেন, তা অনুভ্ৰ কর। যায় । বালকদিগকে নিৰ্দোষ আমোদ দিবার উদ্দেশ্যে তিনি তাঁর হাস্যান্সায়ক রচনায় প্রভূত হলেও অনিক কাল তিনি তাঁর এই লক্ষ্য স্থির রাখতে পারেন নি। তার ফলেই প্রকাশিত হয় 'ব্যঙ্গকৌত্রক', 'ব্যঙ্গকৌত্রকে'র 'র্গিকতার ফলাফল'ও ডেবেয়া পিপড়ের মন্তব্য' নামক কৌত্রক প্রবন্ধ দুইটি 'হাস্যকৌত্কে'র কৌত্ক নাট্যওলোর সম্যাম্যিক রচনা বলে তা রবীন্দ্রনাথের পরবারী বাহাত্মক মনোভার রচনা বলে তা রবীন্দ্রনাথের প্রবন্তী বাহ্মান্ত্রক মনোভাব থেকে সম্পূর্ণ মুক্ত। এই প্রবন্ধ দুটির উপর বঙ্কিমচক্তের প্রভাবও বিলক্ষণ অনুভব কর। যায়। বাঙ্গকৌতুকের এই দুইটি মাত্র রচনা ব্যতীত তাঁর यसप्रामिशिक जनगाना तहनात मर्साउ नाम ७ स्थापन मरनाजीरवत পরিচয় স্পষ্ট হয়ে উঠেছে। তাঁব সমসাময়িক কাব্যগ্রন্থ মান্সী ব कर्यकृति कविजात भरभा ९ এই जीव वाष्ट्राञ्चक भरनाजातवधे অভিব্যক্তি দেখতে পাওয়া যাবে।

'বান্ধ কৌতুকে'র 'স্বগীয় প্রথমন' ও 'বশীকরণ বাতীত যার কোন রচনাই নাটকের লক্ষনাক্রান্ত নয় এদের মধ্যে 'স্বগীয় প্রহমনে' গ্রাম্য দেবদেবী সম্বন্ধে যে তীবু বান্ধ প্রকাশ করা হয়েছে, তা কেবল মাত্র নির্দোষ আমোদ উপভোগের উপযোগী নয়। একজনকে আঘাত দিয়ে যে আমাদের স্পষ্টি হয়, তা নির্দোষ ও উচ্চাক্তের আমোদ বলে কেউ স্বীকার করবেন না। 'বান্ধ- কৌতুকে র রচনার মধ্যে এই শ্রেণীন আমোদ স্পষ্টির প্রয়াস দেপতে পাওয়া যায় — একেই কৌতুকের পরিবর্তে বঙ্গের বা প্রেম বলা হয়ে পাকে। 'স্বর্গীয় প্রহসনো তারই পরিচয় আছে। স্বর্গীয় দীনেশ চন্দ্র সেন মহাশয়ের 'বঞ্দভামা ও সাহিত্য' প্রকাশিত হলার পর, তাতে লগিত লৌকিক সাহিত্তান বৃত্তান্ত পাঠ কলে তাকেই বাজ করবার উদ্দেশ্যে এই 'স্বর্গীয় প্রহমন' রচিত হয়।

রবীক্রনাথ প্রধানতঃ কবি, সেইজন্য চিরদিনই পাথিব ভোগ-বিলাসের প্রতি থাসজ—তিনি চিরাদিনেই বৈরাপোর বিবোধী। কিন্তু রবীজ্রনাথের সমসাময়িক কালে স্বামী বিবেকানদেব নেত্রে একদলে স্বার্থত্যার্গী বিবার্গী সন্ত্রাস্মী সম্প্রদানের স্বাষ্ট হয়েছিল। কেউ কেউ মনে করেন, এই আত্মতার্গী স্থান্যাসী সম্প্রভায়কে বাঞ্চ করেই রবীভ্রনাথের পুণীঞ্চ বাঞ্চ নাটক 'চিবক্মার সতা' রচিত হয়। কিন্তু প্রত্যক্ষভাবে স্বামী বিবেকানণ প্রতিষ্ঠিত मज्ञामी मञ्जूनायत्क लका करवर एम त्रवी-धनार्यन 'ित्तकुमाव পভা রচিত হয়েছিল, এমন কথা বলা কঠিন। পুথিবীব श्रमुर्येन श्रेटकृष्टिय मिर्य योज्यन करन नती धुनार्यंत कावा-सामग्रा সার্থক হয়েছে ; রবীজ্ঞ সাধনার মধ্যেই ভোগশক্তির বীজ ভিল । 'চিরক্মার সভাবি তাবই অভিব্যক্তি হবেছে মাত্র। বেধানে ना क्रिना मुख्यमार भनित्भय लक्ष्य भारक, नारस्रत सिंजनाक्रि राभारन অত্যন্ত তীৰ ও প্ৰতাক হয়ে ওঠে। কিন্তু গেখানে সাধারণ সমাজ লক্ষাত্ত হয়, সেখানে বাক্সের অভিবাজি ৩৩ ছালাম্য घर्य डेकेर ३ श्रीरंत ना । এकथा अ ३० रव तती धनार्थ (bl:श्रेत সামনে যদি কোনও বাস্তব আদৰ্শ লাভ করতেন, তা হলে তাকে যত সার্থক ভাবে জীবন্ত করে তুলতে পরিতেন, কেবল খাত্র কল্পনাকে আশ্রয় করে তাকে তেমন সার্থিক রূপাত্তি ও করতে পারতেন না। কল্পনাশ্রিত চরিত্রওলো তীব একট্ কাব্যধ্যী হয়ে উঠত। `চিবক্মার সভাবি বাঞ্চ নাটকে যে চরিত্রটি রবীন্দনাথেব প্রত্যক জীবনাভিজ্ঞতা-গত তা চক্রবাবুৰ চরিত্র। ব্রীজনাথের ভাতাদেব মধ্যেই একজনেৰ চৰিত্ৰ লক্ষা কৰে চন্দ্ৰবাৰুৰ চৰিত্ৰ পৰিকল্পিত ছয়েছে, গ্রথৰ নাটকে চক্ষবাৰুর গাদর্শের পতি বাস অপেক। নাট্যকারের সহান্ত্তির ভাবই অধিক প্রকাশ পেয়েছে। যদি চন্দ্রনাবুর উপরই নাট্যকারের মহানুত্তির ভাব ধ্বাপেক। প্রবল বলে এন্ড্র হয়, তথাপি একখা সতা যে অন্যান্য চরিত্রওলোও তীর সহানভতি থেকে একেবারে বঞ্চিত্রহুয় নি। রবীজ্রনাথের লাটক। कावा तहनाय ताङ्गितिरभगतक संयोदन आक्रमन कता भरमदण, মেখানে ব্যঞ্জ বা শ্লেষায়ক ভাব যেমন অত্যন্ত তীবু ঘণে উঠেছে---বাংলা সাহিত্যে এই তীব্তাৰ আৱ কোনও তুলনা হতে পারে না---'চিরকমার সভাবে এই বাজ ভাব তেমন তীবু হয়ে উঠুতে পাবে নি। এখেকেও স্পর্গ প্রমাণিত হুয় যে স্বার্যা বিবেকানন্দের महारामी मुख्यमायुक्त अकान्न छाटन सका कटन अहे नाम्न नाहिक ৰচিত হয় নি। রবীজনাথ ভাব কোন কোন বাজীয়ক রচনায তদানী তন রক্ষণশীল হিন্দু সমাজের প্রতিনিধি শশবর তর্কচাড়ামণি ও চন্দ্ৰনাথ ৰস্ত প্ৰমুখ ৰ্যজিকে যে তীবুভাবে থাক্ৰমণ কৰেছেন, 'চিরক্মার সভা'য় সে ভাবেব ব্যতিক্রম দেখা যায়। অতএব এতে ব্যক্তি কিংবা সম্প্রদায় বিশেষকে আক্রমণ করার পরিবর্তে বরং মানুষের দুরতিক্রমা দুর্বলতা ওলোর উপর তার মহানুভূতিপুণ দৃষ্টিপাতেরই পরিচয় পাওয়। যায়। সেইজন্য 'চিরকুমাব সভা' ব্যঙ্গাশ্বক রচনা হয়েও স্টিন্মী সাহিত্য বলে রুসোভীর্ণ হতে স্ক্ষ হয়েছে। 'বৈকুঠের ধাতা' 'চিরকুমার পভা'রই স্বজাতি इ.९४। मुट्ट यात এका नित्भाद्रभर्भ तत्न यम् इत कता गांग।

'বৈকুঠের খাতা'র জীবনদৃষ্টি গভীরতর বলে অনুভূত হবে। এর পরিমিত পরিসরের মধ্যে বৈকুঠের জীবনের গভীরতম একটি দিক স্তম্পই হয়ে উঠেছে। এর মূলে ব্যক্ষের ভাব আদৌ নেই—মাননিক দুর্বলতা ওলোর উপর সহানুভূতির ভাবই এতে প্রবল হয়ে উঠেছে; সেইজন্য রবীন্দ্রনাপের হাস্যরসাম্বক রচনার মধ্যে এটি আকারে সংক্ষিপ্ত হলেও একপানি উৎকৃষ্ট রচনা—সর্বোৎকৃষ্ট কিনা তাও বিচার করে দেপবার বিষয়। রবীন্দ্রনাপের 'গোড়ায় গলদ' বা 'শেষরক্ষা' হাস্যরসাম্বক (humourous) রচনা—এর মধ্যেও ব্যক্ষের ভাব নেই। কিন্তু এর বিষয়-বস্তু এতই অকিঞ্চিৎকর যে তার উপর ভিত্তি করে উচ্চাক্ষের কোন হাস্য্রসাম্বক রচনাও সন্তব হতে পারে না। 'গোড়ায় গলদ' কিংবা 'শেষ রক্ষা'র মধ্যে রবীন্দ্রনাপের কোনও উচ্চাক্ষের কৃতির প্রকাশ পেতে দেখা যায় না।

মানুমের প্রতি যার যথার্থ প্রেম আছে, মানুমের ভুলক্রটিওলো তিনি সহজেই ক্ষমার চক্ষে দেখতে পারেন। 'চিত্রা' কাব্য- রচনার ভিতর দিয়ে রবীন্দ্রনাথের গভীরতম মানব-প্রেমের প্রকাশ হয়েছে—'চিত্রা'র অনুভূতির মধ্যে আন্থরিকতার কিছুমাত্র অভাব নেই। রবীন্দ্রনাথের কাব্য-সাধনার মধ্যে স্থগভীর মানব-প্রীতির পরিচয় পাওয়া যায়, তাই তাঁর বাঙ্গাম্বক রচনার অন্তরায় স্থাষ্ট করেছে। অতএব রবীন্দ্র-সাধনার ভিতর দিয়ে এই মানব প্রীতিবোধ যতই গভীর হতে লাগল, তাঁর রচনা হতে বাঞ্চের ভাব ততই তিরোহিত হতে লাগল। কিন্তু তার অর্থ এই নয় য়ে, তখন থেকে তাঁর হাসারসাম্বক রচনাও লুপ্ত হলো। আগেই বলেছি শেষ জীবনে রবীন্দ্রনাথের হাস্যরসাম্বক রচনা এক নূতন আদর্শ লাভ কর্ল—তা বাগ্বৈদগ্ধজাত হাস্যরস (wit)। কবির জীবনাভিক্ততায় পরিণত ফল এর ভিতর দিয়ে প্রকাশ পেয়েছে বলে তার হাস্যরসাম্বক রচনার এই অংশই সর্বাপেন্স সার্থক হয়েছে।

ছাট করতে এলেম আমি অধরার সন্ধানে, সুবাই ধরে টানে আমাস এই যে গো এইপানে।

হাত পাতিয়া জগতের কাচে আমরা নিয়াচি অনেক, কিন্তু তোমার হাত দিয়া দিয়াছি ও অনেক। হে সার্বভৌম কবি, এই শুভদিনে তোমাকে শান্তমনে নমস্কান করি। তোমার মধ্যে স্কুদ্বের প্রম প্রকাশকে আজি বাবংবার নতশিরে নমশ্কান করি।

--শরৎচক্র চটোপাধ্যায়

মানৰ সভাতার রমেব আনন্দ ভাণ্ডার তিনি দানে পূর্ণ করেছেন; চিডার জগৎ তাঁর প্রতিভার আলোতে উজ্জুল। বিশু-মানবের মৈত্রীবন্ধন তাঁর কর্মের লক্ষ্য। মানবসমাজের উপর তিনি ভগবানের আশীবাদ। রবীজনাধকে জন্ম দিয়ে বাঙ্গলাদেশ ধন্য হয়েছে।

—- অতুলচন্দ্র গুপ্ত

একটা কুদ্র প্রাদেশিক সাহিত্য থেকে তিনি বাংলা সাহিত্যকে আজ বিশ্বেন দববানে সন্ধানের আসনে বসিমেছেন। এই বিপুল দানের, মানর প্রতিভাব এই অনন্যসাধারণ বিকাশের তুলনা গাই বিশুসাহিত্যের ইতিহাসে।


--বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

যা দেখেছি যা পেয়েছি তুলনা তার নাই। তাঁর কাছে শুধু পেয়েইছি। তারজন্য তাঁকে যে রক্ম যেবা করা উচিত ছিল, তা কখনো করে উঠতে পাবিনি। ঠুতাই আজ খেদেব অন্ত নেই। কখনো ভেৰেছি ভারতীয় সাধনার ধারায় তাঁর স্থান কিরূপে এবং তাঁৰ বাণীতে ভারতীয় সাধনার কি পরিপূর্ণ রূপ। ুএইয়ব নিয়ে তাঁব জীবনী রচনা কবব। নানা বাধায় তা হয়ে উঠেনি।

উপনিষদের বানী নিয়ে প্রাচীন যুগে বহু আচার্য বহু ভাষ্য লিখে গেছেন। গুরুদেব ও 'শান্তিনিকেতন' ও আরও নানা স্থানে উপনিষদের যেসব নব নব তাৎপর্য ব্যাপ্তা কবেছেন, তাতে উপনিষদেব ভাষ্যকারদের মধ্যে তাঁরও একটা স্থান থাকা উচিত। উপনিষদের বানী ও কবিগুরু রচিত গেট সব ভাষ্য নিয়ে একটি ভাষ্য প্রস্থাচনা কবা যেত। ভাবতীয় অনেক বড় বড় পণ্ডিতজন তা চেয়েছিলেন। তা করা যায়নি। এ দুঃৰ এখনও আমার মনে থাছে।

--ক্ষিতিমোহন সেন

গোপাল হালদার



১৩৩৬ বাং সালের (১৯২৯ ইং) একটি লেখায় রবীন্দ্রনাথ এই ব্যাপারটি স্মরণ করেছিলেন তখন অবশ্য রাজনৈতিক সন্মিলনীতে বাংলা ভাষা স্বপ্রচলিত। যে নাটোর সন্মিলনীর কথা উদ্লেখিত হয়েছিল তা ১০০৪ বাং (১৮৯৭ ইং) সালের কথা। সেখানকার বিবরণ অবনীন্দ্রনাথ আরও সর্ম ভাষায় বলেছেন। তাঁরা সেদিনের তরুণের দল। স্থির করেছিলেন সম্মিলনীর শেষে ধন্যবাদ দিতে দাঁডাবেন তাঁদের নেতা রবীন্দ্রনাথ। তিনি বাঙল। ভাষায় বজুতা করবেন আর তাঁরাও গেজন্য সভা পেকে চেঁচিয়ে দাবী জানাবেন, ''বাঙলা। বাঙলা।' তাঁদের উদ্দেশ্যটা গেৰার গিদ্ধ হয় নি—তার পূর্বেই ভূমিকম্পে সভা লণ্ডভণ্ড হয়ে যায়। পর বৎপরও ঢাকায় ও বাংলা ভাষায় বিশেষ স্থানিষা হয় নি। বাংলার প্রাদেশিক সন্মিলনীতে বাওলা ভাষার প্রথম প্রতিষ্ঠা স্বদেশী যুগের শেষ-পর্ব ইং ১৯০৮ পাবনা-সন্মিলনীর সভাপতির অবিবেশন.—সভাপতিও সেবার রবী**জ্রনাণ, আর তাঁর** সে অভিভাষণ তো খাজ ঐতিহাসিক বস্তু--'স্বদেশী সমাজের ব জবা যাতে কাৰ্যক্ৰম শুদ্ধ রবীক্ৰণাথ উপস্থিত করেন। প্রাদেশিক সন্মিলনীতে বাঙলায় অভিভাষণ পরে দেশবন্ধু চিত্রগুনও পাঠ করেন—''তার সে অভিভাষণেরই নাম ছিল বাঙ্গলার কথা।'' বাঙলা ভাষা তখন প্রবৃতিত ২তে চলেছে। সাধারণ সভায় বাঙলা ভাষা প্রতিষ্ঠিত হয়ে যায় অসহযোগের সময়ে। কারণ, তখন বোঝা গেল ওপরওয়ালার কাছ আবেদনটা ইংরেজিতে পেশ করা হলেও তার পিছনে জন-সাধারণের বলান সঞ্চারিত ना कदरा श्रीदित हन्ति ना। আর জন-সাধারণকে সে উদ্দেশ্যে সচেত্রন করতে হলে জনসাধারণের ভাষা না ব্যবহার করে উপায় নেই। বাঙলা দেশের সন-সভার ভাষা তাই অসহ-যোগের কাল থেকেই বাঙলা হয়ে উঠতে থাকে। কিন্তু রাজ-নীতির ভাষা তখনো সম্পূর্ণ বাওলা হল না—আইন সভার রাজ-



নীতিরও না, আর বিজ্ঞ-সমিতির রাজনীতিরও না। এ কথা ভাৰ্তে তথাপি আশ্চৰ্য লাগে যে, একদিন এদেশে 'পাৰলিক মিনিং' বা জনসভায়ও ইংরেজি বজুতাই ছিল প্রচলন—আর বাঙলার প্রবেশ ছিল অসম্ভব। এমন কি নিধিদ্ধ। এমন অবাস্তব অবস্থা সম্ভব হয়েছিল কারণ ঐ রাজনীতি ও ছিল একান্ত অবস্থিব। বাঙলা ছাড়া ইংরেজি গেদিন জানত আরও কম লোক : কিন্তু তাঁরাই ডিলেন রাজনৈতিক অধিকার-কানী, আর তাঁদের কৌশল হল 'চোস্ত ইংরেজি বলে বা লিখে ইংরেজের নিকট নিজের যোগ্যতার পরীক্ষা দেওয়া : সেই ই:রেজি পরীক্ষার জোরে শাসন বিভাগে এই ইংরেজি শিক্ষিতদের অধিকতর সংখ্যা স্থানাভ ('greater association of Indians in the administration of India) ৷ তাই, এরূপ শিক্ষিত শ্রেণীর রাজনীতিম্পেত্রে বাঙলা ভাষার প্রচলনের জন্য সাগ্রহ ১৩দিন বৃদ্ধি পাবার কথা নয় যতদিন তাঁরা না ব্ঝুলেন--যা কিছু সুযোগ-खावेशा लां कतरा शरान्य blर जन-मगर्भन, यात जन-मगर्भन লাভের প্রথটা ইংরেজি হতে পারে না—তা বাওলা দেশে বাওলা ভাষাই হতে বাধ্য। কখাটা স্বদেশী যুগেই স্পর্গ হয়, কিন্তু অভ্যাসটা আয়ত্ত করতে দরকার হয়েছিল ভারপরে আরও প্রায় পনের বংসর—যখন সতাই এল রাজনৈতিক গণ-থানোলনের প্রয়োজনানুভূতি।

রবীজ্রনাথ অবশ্য শুধু বাঙালীর রাজনীতির ভাষাকে বাঙল। করতে চেয়েছেন ওপরওয়ালার ওপর জনতার চাপ-স্থাই করার দায়ে নয়। আৰু ভুৰু রাজনীতিতে ৰাঙলা ভাগার প্ৰভুন্ও रय जीत डेरफ्ना फिल, अभन नय। 'शिनु स्मलात' मरना फिर्स তাঁর বালোর উদ্বোধন। তাই রবীজ্ঞনাপের স্বদেশ চিন্তায় ভাষার রাজনীতির বা দর্গান্তের রাজনীতির স্থান ছিল না, দেশ-গঠনের, জাতি-গঠনের ভাবনা ও প্রয়াসই ছিল তাঁর মুখ্য রাজনীতি। অর্থাৎ 'আধুশক্তিই' ছিল তার মূল কথা, ভিকাবৃত্তি নয়। দ্বিতীয়তঃ, ঐ 'মেলা' বা আমাদের দেশীয় ঐতিহ্যে জন-সাধারণের স্বোক্তা-সমাবেশও ছিল তাঁর স্বাদেশিক ভাবনা-প্রসারের মধ্য পদ্ধতি। মার্কামার। 'রাজনীতি' বা প্রস্থাব-পাশ-করা রাজনীতি কোনোটিতেই তাঁর উৎসাহ ছিল না। দেশকে তিনি দেখতেন সাধারণ দেশবাসীকে বাদ-না-দিয়ে। তাই দেশবাসীকে প্রবন্ধ করাই ছিল তাঁর মতে জাতির আরুণজিতে উঘুদ্ধ হওয়া—আর সে জন্য বিশেষ করে পল্লী-সংগঠনই তাঁর মতে জাতি গঠন, यात हम जत्मारे मार्थात्रवे मानुत्यत जोषा जैति कोछ् धेवीन बोहन । এত এখানে আলোচা নয়—বুঝবার মতো কথা বা, তার স্বাদেশিক চিন্তার মূল বনিয়াদ ছিল একদিকে স্বদেশী-সংস্কৃতির প্রতিষ্ঠা, অন্যদিকে ''স্বদেশী সমাজের'' প্রতিষ্ঠা। সাধারণ শিক্ষা বা

সাধারণের জীবন-যাত্রার কথা সাধারণের ভাষায় না বলে বিদেশীয় ভাষায় বলা রবীন্দ্রনাথের নিকটে প্রথম থেকেই একটা অবাস্তর ব্যাপার। অন্ততঃ ইং ১৮৯২তে যথন 'শিক্ষার হেরফের' লিখিত হয় তথন থেকে এ বিষয় রবীন্দ্রনাথ অবিশ্রাম লেখনী চালনা করেছেন। তাঁর শিক্ষা-তত্ব ও তাঁর শিক্ষা-প্রয়াস তাঁর জীবনের একটা মহৎকর্মযক্ত 'শিক্ষার বাহন' নিয়ে আলোচনা তার একটা বড় দিক। বাঙালী জীবনযাত্রার অন্যান্য ক্ষেত্রে, বাঙলা ভাষার প্রসারের কথা সে তুলনায় ছোট, সাধারণের কাজে বাঙলার প্রচলন করার তারই একটা অংশ। তথাপি ১৮৯৭ এর সেই নাটোর সম্মেলনের প্রেক্তার এই প্রায় ঘাট-সত্তর বৎসরে বাঙলা দেশের স্বর্সাধারণের কাজে খামরা বাঙলাভাষার কত্যানি প্রসার করেছি তা একবার ছিজাস করা যেতে পারে এই রবীন্দ্র-জন্ম শতাবদী উপলক্ষে।

দু একটা কথা হয়তো এ প্রসম্পেও প্রথমেই বুঝে রাখা দরকার জন-সাধারণের কাজে বাঙলার পচলন যতাটা স্বাভাবিক ততাটা সহজ্যাবা নয়। একমাত্র বাঙলা ভাষা সরক্ষেত্রে সর্ব সময়ে প্রচলিত থাক্বে, এমন কথা এ দেশের বিশেষ অবস্থায় কেউ বলবে না। রবীঞ্জনাথও বল্ডেন না। তিনিও ইংরেজি ব্যবহার কবতেন, এমন কি, যে ভাষায় মূল রচনা লিপেছেন। প্রয়োজন মতো ইরেজি, হিন্দী, উড়িয়া প্রভৃতি ভাষা ব্যবহার করতেই হবে, কোনো ভাষাই স্বাংশ তাজ্য নয়। তবে বাঙালী দেশে বাঙলাব শিক্ষা দীক্ষায়, কাজেকর্মে বাঙলা ভাষাই হবে সাধারণ ভাষা—এই হল মূল নীতি।

একথা বোঝা উচিত। এই মূল নীতি না মানলেও ইংবেজ শাসকেরাও মানতেন যে, দেশের মানুষকে যা বলা প্রয়োজন তা বিদেশীয় ভাষায় বললেই শেষ হয় না। দেশেব ভাষায়ও বলতে হয়। ভারতবর্ষের মতো বছভাষিকে দেশ শাসন-কালে তাঁরা ইংরেজিকে তাঁদের রাইভাষা করেছিলেন, তা ঠিক।। কিন্তু थ्रभान-थ्रभान, याघेन, निर्फ़र्ग, ফরমাস, বিজ্ঞপ্তি এসবকে বাঙলা, উর্বু, তামিল, প্রভৃতি প্রত্যেকটি ভারতীয় প্রধান ভাষাতেই কি তীরা অনবাদ না করে পারতেন? স্থাৎ, সম্প্র ভারতবর্ষে একমাত্র ইংরেজির যোগে রাজকার্য তথনো চলে নি : এখনো হিন্দীর জোরে চলতে পারে না—চলে না। ভারত-রাষ্ট্রে দিক থেকে একটি প্রধান রাইভাষা খাকুতে পারে, যেমন, ইংরেজি আছে, এবং হিন্দী করবার চেষ্টা আছে। কিন্তু ভারতরাষ্টেও একাধিক রাষ্ট্রভাষার প্রয়োজন খাকে। সেইরূপ রাজ্যের ক্ষেত্রেও विक्रमाय वंशन अवः मार्थात्व ताकाजाया विक्रमा घटन ३ वंद्याकन মতো ইংরেজি, গোর্খালি, হিন্দী, ওড়িয়া প্রভৃতির ব্যবহার বিহিত হওয়া উচিত। মলকথানি হল—গণতান্ত্রিক দেশের রাজকর্ম সাধারণতঃ সে ভাষাতেই চলবে যে ভাষা দেশের সাধারণ মান্যের (यगन, वाडलाग वाडालीव।

ষাধীনতা লাভেন পর এ বিষয়ে চেটা পশ্চিম বাংনার বাজকার্য শুরু হয়েছিল। কিন্তু ক্রমে কর্তুপক্ষের তাতে উৎপাত্র অভাব দেখা দেয়। কেন তা আমরা জানি। কিন্তু সে কথার না গিয়ে আমরা আলোচনা করতে পারি—-সম্প্রতি অবস্থাটা কী। ১৯৫৭ইং সালে বিধান পরিষদে আমরা এই সমাগত রবীক্রণত-বাষিকীর কথা উল্লেখ করে অনুবোধ করেছিলাম বে, পশ্চিম বাঙলার কর্তুপক্ষ যেন তথন (১৯৫৭ইং থেকে) এমন ভাবে

প্রস্তুত হন যাতে বাং ১৩৬৮ এর (ইং ১৯৬১) পঁচিশে বৈশাধ থেকে পশ্চিম বাঙলার রাজকার্য সাধারণ ভাবে বাঙলাভাষ। চালিত হয়। তপন পর্যন্ত কর্তৃপক্ষ এ কথায় নীরব থাকেন, নীতি হিসাবেও এই কথাটি গ্রহণ করেন নি। পরে ১৯৫৮ইং সালে আইন সভায় সৰ্বসন্মতি ক্রমে সেই নীতি পৃহীত হয়। কিন্তু এ পর্যন্তই তা কার্যে পরিণত করবার জন্য সরকার পক্ষে তুখন কোনো উদ্যোগ দেখা গেল না। রাজকার্য বাঙলায় পরিচালিত করতে হলে কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। যেমন, বাঙল। টাইপুরাইটিং ও বাঙল। শটিহ্যাও-দক্ষ কর্মচারীর এবং কিছু পরিভাষা-প্রণয়ণের। প্রতিবৎসর আমরা এ সবের জন্য কী কী উপায়ে গ্রহণ করা প্রথম দরকার সে সূব ব্যবস্থাও উপায়ের কথা ও প্রস্থাব সরকার পক্ষের নিকট করেছি। কর্তপক্ষ ভাতে একবারও কর্ণপাতও করেন নি। এই বৎসরই গত বাজেট সেসনে ১৯৫৮ এর প্রস্তাব উল্লেখ করে যখন অধ্যাপক নির্মল ভট্টাচার্য বিশেষ প্রস্তাব তুললেন তপন মুধামন্ত্ৰী মহাশয় প্ৰথম মুখ ফুটে বলুলেন--কী বাধা বা অস্তবিধা। তাঁর একটি কথা অবশ্য শটিসাও, পরিভাষা, আখিক প্রশাসন বিভাগীয় আপত্তি, ইত্যাদি। তা ছাড়া, এই আশ্বাস এবার তিনি দেন যে, ১৯৫৮ এর প্রস্তাব অনুযায়ী আইনের খগড়া তৈরী হচ্ছে। বারেবারে তাঁকে অনুরোধ করেও তাঁর থেকে এর বেশি প্রতিশ্রুতি পাওয়া যায় নি—সে খসড়া প্রস্তুতির কাজ হরান্মিত হবে, এবং পঁচিশে বৈশাপের দিনে ব। তৎপূর্বে তিনি নীতিগত ভাবে বাঙলা ভাষার এ স্বীকৃতি দেবেন। বলা-বাছল্য, ১৯৫৮ সালের আইন সভার শাখার স্ব্সন্মত প্রস্থাবের পরে এই সরকারী স্বীকৃতি অর্থহীন। সেই জনাই অর্থহীন তাঁব সাম্প্রতিক বিবৃতি। তাতে একটি ক্রপাই প্রমাণিত হয়, ইং ১৯৫৮ সনের পূর্বে বা পরেও তা। এবং প্রস্তাব পাশ হওয়। সত্তেও এ বিষয়ে সরকার কিতৃমাত্র উদ্যোগী নন। শটিহ্যাও টাইপরাইটিং এবং ; পরিভাষা সম্বন্ধে যে কথা এখন বিবৃতিতে বলেছেন তাতেও কিছু-মাত্র কার্যকর ব্যবস্থা গ্রহণের চিহ্ন নেই। তিন বৎসর ধরে আমরা সরকারকে বারবার বলেছি (১) বাংলা টাইপরাইটিং যন্ত্রের উন্নতির প্রয়োজন বোধ হলে ১ লক্ষ টাকার একটি পারিতোঘিক ঘোষণা করুন্--দেধবেন ইংরেজ জার্মান, মার্কিন প্রভৃতি যন্ত্র-वानमाग्रीत। है भारमत भरका जा टेज्ती कतरनहे कांत्र रेम यह-विकर्य मुनाका ३ करन छोरमत यनामाना । यात शांतिरछोषिक না ঘোষণা করে শুধু সরকারী অনুরোধ জানালেও সোভিয়েত, চেক পূর্ব জার্মান যম্ব্রোম্ভাবকর। উন্নত যন্ত্র তৈরী করে দিতে পারবেন। যে-কালে গোভিয়েত অনবাদ-যন্ত্র তৈরী করছে. পরি-সংখ্যানের জটিল যন্ত্র তৈরী করতে. টাইপ রাইটিংএর যন্ত্রের উন্নতি একটা কঠিন বিষয় নয় –অবশ্য যদি পশ্চিম বাঙালার সরকার ত। সত্যই কামন। করেন। (২) বাঙালা-শটহ্যাও-টাইপ-রাইটিং শিক্ষার ব্যবস্থ। করুন--শিক্ষাদাতাদের সাহায্য করুন, এবং অন্তত বৎসরে ২০টি বাঙুল। অনাস বা এম-এ পরীক্ষাত্তীর্ণ ছাত্র কয়েক বংসর ৭০।৭৫ টাক। বৃত্তিদান করুন। তাদের মধ্যে যার। যোগ্যত। অর্জন করবে তাল্ডে গরকারী চাকরির স্ত্যোগও থাকবে। এ ব্যবস্থা গ্রহণ করলে । বেকারের বাজারে বাঙলা দেশে টাইপিই-এর অভাবও হবে না। (৩) পরিভাষা-পরিষদ পনর্গঠিত ও স্থায়ী করে গরকারের উপদেষ্টা করে তাদের স্থাপিত করুন। জ্ঞান ও বিজ্ঞানের নূতন আবিষ্কার প্রতিদিন হচ্ছে; কাজেই, পরিভাষ। পরিষণও স্থায়ী হওয়৷ উচিত, বৎসরে বৎসরে তার৷ পরীক্ষ৷

করে পরিভাষা গ্রহণ ও বর্জন করবেন,—এই ছিল স্বর্গত রাজ-শেখর বস্ত্র মহাশয়ের উপদেশ। একথা কী সরকার কী বিশ্ব-বিদ্যালয় কেউ বুঝতে চান না। তথ্তা নয়, অশিক্ষিত-পট্রের. অধ্যিকা এসৰ অঞ্চলে দুর্ভেদ্য, তা রবীক্রনাথেরও অভিজ্ঞতা। কল্পিত বা উন্তট পরিভাষা এসৰ মহলের 'রসিকতার' একমাত্র উৎস। यत्नक मगरा ठा प्रति यनापन गरन शरा शरा সরস্বতী এঁদের নিকটে বশ থাক, তুচ্ছ তথ্য নিবেদনের দায়িত্বও 'শিরসি মা লিখ, মা লিখ, মা লিখ।' পরিভাষা সম্বন্ধে এঁদের দুশ্চিন্তা ঘটবার আগে এদেশে রাজা রাজেন্দ্র লাল মিত্র প্রমুখ পণ্ডিতের। বহু কথাই ভেবে গিয়েছেন। ভাবনার শক্তিও তাদের ছিল, সম্ভবতঃ বিদ্যার সঙ্গে কাওজানও তাদের কম ছিল না। এমন কি এযুগেও সে সব গবেষণা সমেত এই পরিভাষার প্রস্তাব যে বিশিষ্ট পণ্ডিতদের সভায় আলোচিত হয়েছে, সে বিষয়ে যে অতি-যুক্তিসিদ্ধ মন্তব্য বাঙলা দেশেরই ভাষাবিদ পণ্ডিত প্রণয়ন করেছেন, আর অধ্যাপক স্থনীতিকমার চটোপাধ্যায়ের সে ইংরেজি মন্তব্য যে পুস্তিকাকারে এই কলকাতা শহরেই (বিদ্যোদয়-প্রেস থেকে) প্রকাশিত হয়েছে,—এ কথাটা বার বার বললেও জানেন না আমাদেরও মঞ্জিসভা ও তার মন্ত্রণাদাতারা, বিদ্যালয়ের যন্ত্রীবর্গ ও যন্ত্রণাদাতারা।

আরও হাস্যকর যুক্তিও আছে—যেমন, প্রশাসক (ও কোনো কোনো মন্ত্রী) মহাশ্যরা নাকি ইংরেজি বাতীত বাঙলায় নিজেদের বক্তব্য বলতে অস্ত্রবিশ বোধ করেন। কপান এর্বসত্য হতে পারে। কারণ বাঙলা মাতৃভাষা, কিন্তু তা শেখা হয় নি, অতএব তাতে মনোভাব প্রকাশ স্তর্মু ভাবে করতে না পারলেও দেশের লোকে বুঝাবে। কিন্তু ইংরেজি প্রভাষা, শত বেত্রা- যাতেও যে তা আয়ত্ত করা দুঃসাধ্য অতএব তা অপরের পাকে বোঝাই অসম্ভব আইন সভায় তা প্রতিদিনই উপলব্ধি করা যায়। এমন কি প্রকাশক দপ্তরের লিখিত আইনও নির্ভুল ইংরেজিতে লেখা হয় না। ইংরেজির যে 'দৌড়' দেখা যায় তাতে মনে হয় —বাঙলা ভাষার অপেকাও ইংরেজিভাষা অপরিণত ও অ-বিক্শিত, আর না হয় বভারা ও লেখকেরা যে ভাষা বলেন তা ইংরেজি নয়—বংরেজি বা 'বাংরাজি।'

এই এখন অবস্থা— যাঁরা জেথে ঘুমোন না, চোধ ধুলে দুমোন, তাঁদের জাগাতে অন্ততঃ ১৮৯২ পেকে চেটা করে রবীক্রনাগও পারেন নি। বর্তমানে পারে দু দল— এক দল সংবাদপত্র,
যারা মালিকের চালনা সত্বেও একেবারে এ বিষয়ে উদাসীন হন
না—আসামে ও কাছাড়ে বাওলা চলার পেকে পশ্চিম বাওলায়
বাঙলা প্রসার কম জরুরি কাজ নয়—কম আয়াস সাব্য ও তা হবে
না। দ্বিতীয় দল—জন সাধারণ দাজিলিং এর পোর্থাদের অনুসরণ।
তারা এখন কর্তুপক্ষের চৈত্ন্য সম্পাদন করছেন গোর্গালির

বিষয়ে। এ পথ কিন্তু না গ্রহণ করতে হলেই মঞ্চল।

এই রবীক্র শতবাধিকী উপলক্ষে আরও দু'একটি দিকেও এখন দৃষ্টি দেওয়া প্রয়োজন। রবীক্রনাথের কলকাতায় জন্ম মৃত্যুও কলকাতায়। সেই কলকাতার পৌর-প্রতিষ্ঠানের নানা দায়িত্বের মধ্যে একটি দায়িত্ব কবির উদার মান্সিকতার প্রতি শ্রদ্ধা রেখে কবির মতিভাষা ও এ শহরের জন-গণের ভাষাকে যথাযোগ্য প্রতিষ্ঠা দান। কলকাতায় শুধু বাঙলা ভাষীরাই খাকেন না এ কথাটি নিশ্চয়ই মনে রাখা দরকার। কিন্তু পৃথিবীর কোন্ মহানগরীতে শুধু একভাষী লোকই বাস করে? লওনে করে? নিউইয়র্কে করে? না, সাংহ্যাই-তোকিওতে করে? অবশ্য ভারতীয় মহানগরী (কলকাতা, বোধাই, প্রভৃতি) সমূহের অবস্থা অন্যরূপ ; কারণ ভারত যে বহু-ভাঘিক রাষ্ট্র। বহু ভাষিক তাই এক অর্থে কলকাতা, বোদ্বাই ন্যাদিল্লী। কিন্তু তেমনি সত্য এই যে, একটি প্রধান সাধারণ ভাষা আছে কলকাতার। কলকাতার পৌর-প্রতিষ্ঠান নিশ্চয়ই ইংরেজি সম্পূর্ণ বর্জন করবেন না কারণ, কলকাতার বছলোকের তা মাতৃভাষা। তথাপি ধাঙল। ভাষাকে প্রাধান্য না দিলে কি করে ভারা কলকাভার মান্যের প্রতিষ্ঠান হবেন? তাঁদের পৌর-মভার হাসি-কান্না হয়তো এখন প্ৰধানতঃ বাঙলাতেই হয়। কিন্তু তাই কি যথেষ্ট।''

কাঁ করা যায়—এ অবশ্য আজ এ প্রশঙ্গে আলোচ্য নয়। কিও আমার প্রস্তাব এ নর যে, আরও বেশি করে কলকা তার রাস্তার পুরাতন নাম বদলে বাঙালীর নাম তাতে জুড়ে দেওয়া হোক—বাঙলা হরফে। নতুন রাস্তার বেলা যাই হোক—পুরনো রাস্তার নাম বদলানো হচ্চে ইতিহাসকে ছিল্ল করা—যার দৃষ্টান্ত প্রিনসেপ-এর নাম পালীনো। আর 'আচার্য', 'বিপ্লবী' প্রভৃতি নামের পূর্বে জুড়ে রাস্তার নামানিকে দার্ঘান্তিত করে কি লাভ?—অবশ্য টেলিগ্রামের মাঙল বাড়ে। ঙবু 'নেতাজী' বা 'সভাষ এর নাম ঙবে যদি কেউ না বোঝো তা হলে নাম, 'নেতাজী' ওভাষ চক্ত নোস ব্রাট, বললেই কি সে হতভাগা বেশি বুঝবে? তবে 'সরোবর' 'ময়দান' 'চত্তর' 'বাগ' 'বাগান', 'সরক', 'পথ', 'গলি' প্রভৃতি কপগুলি অচল না হওয়াই ভালো।

কিন্তু আমার প্রস্তাব ওবিষয়ে নয়—আমেরিকার বছ শহরে বছভাষা লোকদের ইংরেজি শিপিয়ে 'মাকিন' করে। কলকাতার পৌর-প্রতিষ্ঠান কি কলকাতার মতো শহরে কিছুটা বাঙলা প্রমারের চেটা করতে পারেন না অন্য কোনো ভাষাকে কিছুনাত্র আয়ত্ত না করে? বাঙলা জনশিক্ষার প্রতিষ্ঠান, প্রাথমিক বাঙলা শিক্ষার ব্যবস্থা, এবং সিনেমায় অধিকতর বাঙলা চিত্রের ব্যবস্থা করা কি একেবারে দুংসাধ্য। সিনেমার ব্যাপারে তো বলা যায়—অন্ততঃ শহরবাসার কচি নীতির দিক পেকেও বাঙলা চিত্র প্রচন বাঞ্ধনীয়।

অন্তের লাগি মাঠে
লাঙলে মানুষ নাটিতে আঁচড় কাটে ;
কলমের মুখে আঁচড় কাটিযা
খাতার পাতার তলে
মনের অন্ত তলে।

ধনীর প্রাসাদ বিকট কুষিত রাষ্ট বস্তুপিও বোঝায় বদ্ধবাই। মনে পড়ে সেই দীনের রিজ ধরে বাহু বিমুক্ত আলিঙ্গনের তরে।।



ডঃ বিজনবিহারী ভট্টাচার্য্য

যাহা ক্রমাগতই সংসরণ করিতেছে, চলিতেছে, স্থানুর মত এক স্থানে স্থির হইয়া থাকিতেছেনা তাহাই সংসার। কিন্তু এই যে চলা ইহা তো একমুখী নয়। শুবু যাওয়াও নয়, শুবু আগাও নয়—যাওয়া এবং আগা এই দুইয়ে মিলিয়াই জগৎ সংসার। জীবন মৃত্যু এখানে এক হইয়া বিরাজ করিতেছে। মরণ এ সংসারের অবিচ্ছেদ অজ, তাহাকে পর করিয়া তুলিলে জীবনানও খও ক্ষুদ্র হইয়া দেখা দিবে।

''মরণকে তুই পর করেছিম, ভাই, জীবন যে তোর স্কুদ্র হ'লে। তাই ।''

কিন্তু সাধারণ মানুষ এই মরণকে ভয় পায়, আসর মৃত্যুকে দরে সরাইয়া রাখিবার জন্য তাহার ব্যাকুলতার অন্ত নাই। মানুষ যখন প্রাণিনাত্র তখন অন্যান্য প্রাণীরা সঙ্গে তাহার এইখানেই খুব বড় রকমের মিল। বৃক্ষ-লতার মত পশু-পক্ষীর মত তাহার প্রবল জিজীবিষা। মৃত্যুর সহিত তাহার অনন্ত সংগ্রাম। স্তুনিশ্চিত প্রাজ্য সড্ভেও সে সংগ্রামের শেষ নেই।

কৰি মানুষকে প্ৰাণিলোক হইতে মহামানৰ লোকে উন্নীত কৰিতে চাহিলাছেন। তিনি বলেন, ''ধাৰা কেবল প্ৰাণীমাত্ৰ, মৃত্যু তাদেৱ পক্ষে একান্ত মৃত্যু মানুষেৱ জীবনে মৃত্যুই শেষ কথা নয়।''

মাণুষ যাহাকে শেষ মনে করে, তাখা তো শেষ নয়। সে শুৰু কল্পনা মাত্র।

''শেষ নাহিষে শেষ কথা কে বলবে ?'' বাহিরে যাহাকে অবসান বলিয়া বোধ ইইতেছে, কার্যতঃ তাহা অবসান নয়, তাহা নবারন্তের সূচনা।

> ফুরার থা তা ফুরার শুরু চোঝে, অন্ধকারের পেরিয়ে দুয়ার যায় চলে আলোকে। পুরাতনের হৃদর টুটে আপনি নূতন উঠবে ফুটে, জীবনে ফুল ফোনা হলে মরণে ফল ফলবে।

সারা জীবন ধরিয়া যে পাধনা, মৃত্যুতে তাহাই সার্থক হইয়।
উঠিবে। তাই মৃত্যুকে কেবল বিচ্ছেদ ভাবিয়া ভয় পাইলে
চলিবে না। তবু লোকে ভয় পায়। সারা জীবন ধরিয়া শানুষ
স্থূল উপকরণ সম্ভার সংগ্রহ করিয়া এই ক্ষিত ফাঁকটুকু ভরাইবার
জন্য প্রাণপাত পরিশ্রম করিয়া মরে! তাহার কারণ মৃত্যুর
তত্ত্বী সে ঠিকমত উপলব্ধি করিতে পারে না।

মৃত্যাটা হয় কাহার? আম্বার তো মৃত্যু নাই। আম্বা—


ান জায়তে ম্রিয়তে থায়ার জনমও নাই মৃত্যুও নাই। মরে এই সহংটা, যাহার মধ্য দিয়া আয়ার প্রকাশ। আয়ার জন্ম মৃত্যুর মধ্য টিয়া চলিয়াছে। কবি বলেন, ''আয়া --- চিরুয়োত নদীর মত। অনাদি তার উৎপত্তি শিপর, অনস্ত তার সঞ্চার ক্ষেত্র। অনাদি তার উৎপত্তি শিপর, অনস্ত তার সঞ্চার ক্ষেত্র। --- এই আয়া যে দেশ দিয়ে যে কাল দিয়ে চলেছে তার পতিবেপে সেই দেশ ও সেই কালের নানা উপকরণ সঞ্চিত হয়ে তার একটি সংস্কাররপ তৈরি হতে পাকে—এই জিনিঘটি কেবলই তাঙ্গছে, পড়ছে, কেবলই আকার পরিবর্তন করছে। কিম্ব স্থি কোনো কোনো অবস্থায় স্থাইকর্তাকে ছাপিয়ে উঠতে পারে। এমন হতে পারে অহংটাকেই তার স্থূপাকার উপকরণ সমেত দেখা যায়—আয়াকে আর দেখা যায় না। এহং চারিদিকেই বড় হয়ে উঠে আয়াকে বলতে থাকে,—তুমি চলতে পারে না, তুমি এইপানে পেকে যাও; তুমি এই ধনদৌলতেই থাকে।, এই পাতি প্রতিপত্তিতেই পাকে।।''

অহংএর ধার। আত্মা যথন এইভাবে বেটিও হইয়। পড়ে তখনই তাহার গতি ব্যাহত হয়, তাহার প্রবাহ অনম্ভের দিক হুইতে ঘুরিয়া বিপথে সঞ্জরণ করে। তথাপি অহংএর প্রয়োজন আছে, এ কথা অশ্বীকার করিলে চলিবে না। নদীর কূল তাহার वांशा वरि किंग्र ये कुलंशे निषीत निषी बतका करता कुल ना পাকিলে বাঁধ ভাগু বিক্লিপ্ত বিপর্যস্ত জলরাশি বন্যায় আকারে বিপ্লুত হইয়া পড়ে। একাকার জলরাশির মধ্যে নদীর বেগবান প্রবাহ আপন গতিবেগ হারাইয়। নিব্রিয় ভাব ধারণ করে। আমাদের আন্মার পক্ষেও ঐ কারণেই অহং রূপ কূলের দরকার। কিন্তু কূল যদি দুই দিক হইতে আগাইয়া আযিতে থাকে এবং শেষ পর্যন্ত নদীর প্রবাহ পথেই বাধা হইয়া দীড়ায়--ত্রধনই নদী আর নদী খাকে না, সে মজিয়া শুষ্ক চর হইয়া পড়ে। আঝার ক্ষেত্রেও ঠিক তাই। অহং রূপ কূল যথন আশ্বার আনুগত্য না করিয়া নিজেই প্রধান হইয়া উঠিতে খাকে তথন নিজেও ব্যর্থ হয় এবং আশ্বাকেও ব্যর্থ করে। আশ্বার সীমা এই অহং। আস্থার রূপও এই অহং। আস্থা এই সীমার মধ্যে থাকিয়া এই রূপের মধ্যে খাকিয়া নিজেকে প্রকাশিত করিতেছে।

আমেরিকার স্বর্ণপ্রীতি ও অর্থপুরুতার প্রতি কবির কানকে সে দেশেও তাঁকে অপ্রীতিভাজন হতে হয়েছে। সতাভামণে এবং সতানিষ্ঠায় এচঞ্চল রবীজনাথ কিন্তু ব্যক্তিগত স্বার্থে নিজের বক্তব্যকে অনুচারিত রাথেন লি। এই সূত্রে Personality নামক প্রবন্ধসংগ্রহ থেকে পশ্চিম সম্প্রকিত উক্তিটি বিশেষ অর্থ-সূচক। রবীজনাথ বলেছেন—

The west may believe in the Soul of Man, but she does not really believe that the universe has a Soul. Yet this is the belief of the East, and the whole mental contributions of the East to mankind is filled with this idea.

তিরিশে মে ১৯১৯ তারিপে বনীজনাথ জালিয়ানওয়ালা নাপের অভ্যাচারের প্রতিবাদে নাইট উপাধি ভাগি বারেন। লার্ড ্চমসফোর্ডকে তিনি জানালেনঃ আমাৰ এই পতিবাদ আমার ্মাত্রন্ধিত দেশবাসীর মৌন্যম্বণার অভিব্যক্তি—(Surprised into a dumb anguish of terror.) वला विद्यला त्रवीक्षणारथेत अध বিচিত্র প্রতিবাদে সেদিন মবে-বাইরে একটা বিষ্ময়ের এউ জেগেছিল। এব পর ১৯২০তে রবীক্রনাথ আবার যুরোপ ধাত্রা করলেন। আগা খাকে জাহাজে সহযাত্রী হিসাবে পেয়েছিলেন। তিনি কবিকে থাফিজ আবৃত্তি করে শোনাতেন, মাঝে মাঝে স্তফীৰাদ সম্পৰ্কে আলোচনাওকরতেন। লওনে পোছে রখেনস্টাইন হাড্সন, বার্নাড় শ. ফকসু-স্ট্রাংওয়েজ, নিকোলাস রোয়েরিখু, কানি°হাম গ্রেহান প্রতির সংস্থ দেখা হল । উনিশে জুন তারিখে যক্সফোর্ডে এক ছাত্রসভায় কবির ভাষণ দানেব কথা। ডাঃ রবার্টি বীজেনের মেদিন সভাপতিও করার কথা। তিনি তথন ইংলডের রাজকবি। তিনি সেই আময়ণ গ্রহণ করলেন না, চিঠি লিপে जागत्नगः

...I do not feel able to accept the invitation, which I have just received, to speak at the meeting

in Oxford on friday—I am writing, especially as I never sent any answer to your several communications since the late disturbances in India.

[পুরুষোভ্য রবীজনাথ -- থমল হোম : পৃঃ ৮১]

নৈত্রেয়ী দেবীৰ 'মংপুতে রবীঞ্জনাপ' নামক প্রথেও এ কথার উল্লেখ খাছে :

''ওদের ওটা খুব অপমান লেগেছিল। তারপর ইংলত্তে থিয়ে দেপলাম—ওরা সে কথা ভুলতে পারছে মা। ইংরেজ রাজভক্ত ছাত—রাজাকে প্রত্যাধানন তাই অভ আঘাত দিয়েছিল ওদেব।''

কৰি ইংলং ওর এই শীতল অভার্থনা থেকে নিকৃতি লাভের জনাই (with a feeling of relief from studied coolness) ১৯২০ প্রীপ্তাবেদ আগস্ট মাসে ফান্সে গিয়ে পৌছলেন। কৰি এই সময়ে ফান্সের ধনকুলের মঁগিরে কানের গৃহে অতিথি ইয়েছিলেন। এই সুযোগে তিনি মুদ্ধের ফান্সেরীলা প্রতাক্ষ করার সুযোগ প্রহণ করেছিলেন এবং অত্যন্ত বেদনারোধ করেছিলেন। ফান্সের প্রগাত মহিলা কবি কতেস দা নোয়াইলে এই সময়েই কবিকে জানান যে, ঠিক যে কালে মহাযুদ্ধ খোষিত হল সেই মুহূর্তে তিনি এবং মঁগিয়ে ক্লেমেনেসা রবীক্রনাথের গৌতাঞ্চলির ফরাসী অনুবাদ পড়েছিলেন। যুদ্ধের হতাশা, ছালা এবং তীব্রতার নিদাক্রণ অশান্তি থেকে নিকৃতি লাভের জন্য ভারতীয় কবির কবিতাই সেদিন তাদের মনে শান্তি ও স্বন্তি দান করেছিল।

থাবেক ন অনুক্রপ কাছিনী এই সচ্ছে উল্লেখযোগ্য। ঠিক থেদিন মহাযুদ্ধের অব্যান ধানি, গেদিন ভক্রণ ইংরেজ কবি উইল-ক্রেড ও্যেনের শেলের আধাতে মৃত্যু হয—সম্ভবতঃ ফ্রান্সের রণক্রেছে। তার ব্যক্তিগত জিনিস ও কাগজপত্র তার শোক-সম্ভপ্ত জননীর কাছে ভিয়ার অফিস পেকে পাঠানো হল। সেই বৃদ্ধা ওয়েনের নোট্রই পড়তে পড়তে আবিকার করলেন কয়েক চত্র কবিতা এবং তার তলায় লেখা আছে এই কয় ছত্র (কবিতাটি ফ্রেপেনেই) আমার মনে এই দুঃসম্যে অতিশ্য শান্তিদান করেছে। বৃদ্ধা কোন্দিন ঠাকুর কবির নাম শোনেন নি, তবু কবিকে সন্ধান করে ভার ব্যক্তিগত কৃত্তভা জানিয়েছিলেন।

ক্ৰীতিক্যাৰ চটোপাধ্যায় একটি প্ৰান্ধে লিপেছেন--যখন জ্রানেস এখন কবিকে একবার ন্যাক্সি চড়ে যেতে খগেছিল। ব্রবীন্দ্রনাথ নেমে যাওয়ার পর ট্যাক্সি-চালক এাম্জ চটোপাধানয় মহাশয়কে প্রশু করেন—এই ঋষিতুলা মান্সটি কে ৷ শ্রীষ্ঠ চটোপাস্যায় বললেন--হিন্দুক্বি রবীঞ্জাথ নেগোর। এই কথা শোনার সঙ্গে সঙ্গেই সেই ট্যাঝিচালক স্বিন্ধে তার ভাষ্টা প্রভাগ্যান ক্বল। বলল—আমি ক্বির 'ডাক্ঘর' নাইকের ফ্রাসী এনুবাদ পাঠ করে বিশেষ আনন্দ পেয়েছি, তাকে বছন করেছি এ আমাব সৌভাগ্য। কি করে ভাড়া নেবং- -ধটনা ওলি সামান্য হলেও অসামান্য । সর্বসাধারণের गरभा तुर्वीचनारथत कि ভारत मध्याध घरारेष्टित । ब ठातरे अतिहस्स । বুৰীন্দ্ৰনাথের 'ফান্ডুনী' নাটকটিও আনেস বিশেষ সমাদুর লাভ করে। রহান্দ্রনাথ 'ফান্টনী' সম্পর্কে এক ছায়গায় বলেছেন,— 'শারদোৎসৰ থেকে ফাল্টনী পর্যন্ত যাতওলি নাটক লিখেচি, যুখন বিশেষ করে মন দিয়ে দেখি তখন দেখতে পাই প্রত্যেকের ভিতর-কার ধয়োটা ওই একই—জীবনকে সতা বলে জানতে গেলে মৃত্যুর মধ্য দিয়ে তার পরিচয় চাই। এই তর যুরোপ বুঝেচে।

Les Nouvelles Litteraires নানক ফ্ৰাদী সাহিত্য

পত্রিকায় 'ফাছনী র যে স্তদীর্ষ সমালোচনা প্রকাশিত হয়, প্রমণ চৌধুরী মহাশ্য তার একটি বন্ধানুবাদ করেন। ফরাসী লেখকের বন্ধবার সামান্য অংশ উদ্ধৃতকরা হল, সেক্সপীয়রের A Midsummer Night's Dream নামক নাটকের সঙ্গে তুলনা করে লেখক বলেছেন :—আমার বিশ্বাস যে বিলাতের মহা-নাট্যকার তার ফুরফুরে কল্পনার পেলা দেখিয়ে কেবল আমাদের চিত্রবিনাদন ও চিন্তার ভার অপনাদন করতে চেয়েছিলেন। অপরপক্ষে হিন্দু মহাকবি রবীজ্ঞনাথের উদ্দেশ্য তার ফাছনীতে আমাদের একটি সর্বজ্ঞনীন ভব্রের উপদেশ দেওয়া। তিনি পৃথিবীর চির্বেটাধনের উৎসব সম্পাদনে রত….'

(সবুজপত্র—জৈঠি, ১৩৩৩)।

'ফান্তনী'র মূল স্তর যৌৰদের এগিয়ে চলার বাণী যুরোপকে সেদিন 'থানল দিয়েছে।

জার্মানীর কাপুত শহরে ১৯০০ প্রীর্মান্দের চোদ্দই জুলাই আইনসাইন ও রবীক্রনাথের সাক্ষাৎকার ঘটে। সেই সময় আইনসাইন প্রশাক্ষরে জ্বাংশকে বিচ্ছিন্ন কোনও দৈবশক্তিতে কি আপনি বিপার্গী ? উত্তরে রবীক্রনাথ বলেন: বিচ্ছিন্ন শক্তি নয়. মানুমের সীমাহীন ব্যক্তিয় বিশ্বকে ধারণায় আনে। মানুমের ব্যক্তিরের আয়তে স্বক্তিয় বিশ্বকে ধারণায় আনে। মানুমের ব্যক্তিরের আয়তে স্বক্তিয় বিশ্বকে ধারণায় আলে। প্রোটন ও ইলেকট্রন এবং তাদের পরস্পরের মধ্যকার ফাঁকট্রকু নিলেই বস্তু পড়ে ওঠে। তবু বস্তুর আপাতকঠিন রূপ। তেননই ব্যক্তিসমূহ নিয়ে বিশ্বমান্দ্র, ব্যক্তির মধ্যে আছে মান্দ্রমের স্বাধার্থ এবং এই সংযোগই মানুমকে জীবন্ত ঐকের বেবছে। সম্প্র বিশ্ব এইভাবে সংশ্লিষ্ট। এই হল মানবীয় বিশ্বের আহতি। আমি সেই ভাবধারাকেই শিল্প, সাহিত্য ও মানুমের বর্মজানের ক্ষেত্রে প্রকাশ করেছি।

স্থাপি কংগাপকখন—শেষের লাইনাট্তে রবীজ্ঞনাথের বজব্য স্থাপরভাবে প্রকাশিত। তাই তাঁর চিত্রপ্রদর্শনীর পরিচয় পত্রিকায় ফরাগা মহিলা কবি কঁতেম দ্য নোয়াইলম লিখেছেনঃ 'How noble he was and unstinted this wise man, in communion with himself, enigmatical and yet transperent, like the Silver Sea!'

রণীন্দ্রনাথের ছবি ও যুরোপকে সেদিন বিষ্মিত করেছিল, স্তব্ধ করেছিল।

রবীজনাথ ১৯২১ প্রাঠানেদ যখন বালিনে থিয়েছিলেন তখন শেখানে তাঁকে বিপুল সম্বর্ধনা দান করা হয়। এমনই একটি বিবরণ লিপিবন্ধ করেছেন তৎকালীন (১৯২০-২৬) বালিনস্থ ব্রিটিশ রাষ্ট্রপুত ভাইকাউণ্ট ডি এবারন্ন। সেই ডায়েরীর সামান্য অংশ উদ্ধৃত করছিঃ

জুন ৩, ১৯২১। পতকাল ভারতীয়ে কবি রবীজনাথ ঠাকুর এখানে এসেচিলেন। কি ওলর মূতি, সাধুমানবের উজ্জুল দুঠান্ত। তরফাগিত চুল আর দাড়িতে রমণীয় আকৃতি। যীশু-খুীাইরে যে সূতি আমাদের ক্লনায় পড়া তার চেয়ে মনোহর; ভার ধীর, মুসুণ কঠবের আমাকে নুগ্ধ করেছে। ক্লান্ডানভিয়া ওজার্মানীতে তিনি বিপ্ল মুদ্র্যনা লাভ করেছেন।

গতকাল হেলেন, (লেডী ডি এবারনন, প্রাক্তন ব্রিটিশ প্রধান-মন্ত্রী রোগবেরীর কন্যা) একটি সভায় তাঁর কবিতাপাঠ শুনতে গিয়েছিলেন, সভাগৃহের ভেতরে তো ভিড়ের জন্য চুক্তে পারে নি, এমন কি সেই রাপ্তাতেই পৌছতে পারে নি, এমনই প্রচন্ত জনসমাগম হয়েছিল।..... সেদিন যুরোপ নিলিপ্ত, আম্বস্থ নৈর্বজিক রবীজ্রনাথের আবিভাবে বিশ্যিত হয়েছিল।

রবীজনাথ মুরোপকে বারবার দেপেছেন অন্তরপ্রভাবে, তার পোশাকী ও আটপৌ র চেহারা রবীজনাথের চোপে ধরা পড়েছে। তিনি সত্যভাষণে চিরদিনই নিভিক্তর দেখিরেছেন। তাই ভাইকাউণ্ট ডি এবারননের সেই ১৯২১ সনের ডায়েরীর সামান্য ক্ষেকটি কথার মধ্যে রবীজনাথের মুরোপ-সম্পর্কিত স্পষ্ট উজি বিশেষভাবে লক্ষ্য করা উচিত। অনেক পরে রবীজনাথ তাঁর কালান্তরে প্রাক্-মহাসমরের মুরোপ ও সমরোত্তর মুরোপে ইতিহার ক্ষেত্রে যে বিরোধ বেধেছে তা বলেছেন। মুরোপের সংস্কৃতিতে মনুষাত্ব আজু নির্বাধিত, সেখানে স্থানাধিকার করেছে পশুবল। খ্রীষ্টিয় নীতির বাক্য ঠাণ্ডা সিন্দুকে বন্ধ করে রাখা হয়েছে। মুপোশ খলে পড়েছে মুরোপের—তার ভিতর থেকে বেরিয়ে পড়েছে তার পশুপৃতি। মানুষের অধ্যাত্ব সম্পদক্ষে বিকশিত করতে হবে, মানুষকে তার স্বর্ণসিংহাসনে প্রতিষ্ঠিত করতে হবে—এই ছিল রবীজনাথের বাণী।

প্রমণ চৌধুরী মহাশয় লিখেছেনঃ রবীক্রনাথের বাণী ইউরোপের বহুলোকের মনে যে প্রবেশ করেছে ও স্থান পেরেছে এটা হচ্চে ইউরোপের গৌরবের কথা। এ পেকে শুধু এই প্রমাণ হয় যে ইউরোপের বহুলোক শিক্ষা-দীক্ষার ফলে সেই মন লাভ করেছে, যে মন পৃথিবীর সকল দেশের সকল জাতের বড় কথা সাদরে গ্রহণ করতে পারে।'—(স্বুজপত্র--শ্রাবণ ১৩৩৪)

১৯২৪ খ্রীষ্টান্দের মার্চ মার্সে কবি চীন এবং জাপান প্রমণে থিয়েজিলেন। বলা বাছলা তার সামা ও মৈত্রীর বাণী সব দেশেই সমান সাড়া জাথিয়েছে। চীনা তরুণ সম্প্রদায়ের ডাঃ হু সীকবির গুণমুগ্ধ ভক্ত শিষ্য হয়ে পড়েন। জাপানে কবির সঙ্গে বিপ্রবী রাসবিহারী বস্তর সাক্ষাৎকার ঘটে। জুলাই মাসে কবি স্বদেশে ফিরে আসেন।

এই ১৯২৪ সনে সেপ্টেম্বরে আবার দক্ষিণ আমেরিকা যাত্র। করেন। পেরুর স্বাধীনতা-শতবাঘিকীর আমন্ত্রণ কবি গ্রহণ করেছিলেন। সান ইসাডোরে ওণমুগ্র ভক্ত ভিক্টোরিয়। ওকাম্পোর স্তন্দর বাগানবাড়িতে কবি কিছুদিন বিশাম গ্রহণ করেন। এই সময়ে 'পূরবী'র অধিকাংশ কবিতাবলী লিখিত হয়, 'পূরবী' এই ভিক্টোরিয়। ওকাম্পোকেই কবি 'বিজ্য়া' নামে উৎসর্গ করেন। এই ভিক্টোরিয়। ওকাম্পো ১৯৩০ সনের মার্চ মাসে কবির শিল্পপ্রদর্শনীর ব্যাপারেও বিশেষ সাহায্য করেন।

১৯২৬ পুঁ। ইনেদর নে মাসে কবি ইতালী যাত্রা করেন।
মুগোলিনী কবির সঙ্গে দেখা করেন। কবিব উক্তি নিয়ে কিঞ্চিৎ
তুল বোঝাবুঝির স্পাই হয়। ফ্যাসিস্ত সরকার কবির বাণীর
ধ্রবিধামত অংশ নিমে নিজেদের প্রচারকার্যে ব্যবহার করেন।
'ম্যাঞ্চেসীর পাডিয়েন', ইতালীয় বিধানসভার সদস্য ম্যাত্তিয়োতি
কবির ফ্যাসিবিরোধী মন্তব্য প্রকাশ করেছিলেন। প্রফেসর ডি,
লেসনী বলেছেন: Tagore's conversations with reporters
in Italy were the product of these people: the
reporter, the interpretor and Tagore himself.—স্বতরাং
এই অবস্থায় যেমন বিকতি ঘটা সম্ভব তাই হয়েছে।

থাগসেট কবি ইংলওে ফিরে এলেন। ইংলওে রখেন-স্টাইন, রবাট ব্রীজেস্ প্রভৃতি পুরোনো বন্ধুদের সঙ্গে সাক্ষাৎকার করে কবি নরওয়ের স্মাটের আমপ্তণে অসলো। শহরে অভ্যাথিত গলেন। স্টকহোলমে স্বেন হেদিন, বিয়ন্সেন, যোহান বোয়ার

- (গ) বিজন ভারার মাঝে কাপিছে যেমন স্বথের থালোকময় রহস্য অসীম, ওই নয়নের নিবিড় তিমিরতলে কাঁপিছে তেমনি থামার রহস্যবিধা। (মান্দী)
- ্ষ) শেই আলোটি নিমেম-হত প্রিয়ার ব। কুল চাওয়ার মতে। সেই আলোটি মায়ের প্রাণের ভয়ের মতে। দোলে।
- (ছ) আকাশের দূরাওরে একে একে অন্ধকারে হতেডে বাহির একেকটি দীপ্ত তার। স্তদূর পল্লীব প্রদীপের মতো। (চিত্রা)

এই সৰ এলঙ্কান উপনাগভ বলে সাধানণ ভাবে এদের উপনা বলে এভিহিত কর্চি।

এই পাঁচাঁটি চিত্র স্বীয় বৈশিষ্টো বিশিষ্ট। চমংকৃতি-স্কান্তর্বানা কৌশল এখানে গবলম্বিত হয়েছে। কোনাটাতে অজানাকে জানার মারা। কোনাটায় বহুস্যান্যকে বহুস্যান্যরের মানা, আবার কোনোটার অজানাকে অজানার মারা ব্যাখ্যা করা হয়েছে। স্কুল বা প্রবাদে পেকে সূক্ষ্য ভাবলোকে উত্তরণ এত অনায়াসভাবে স্চারুক্তপে নিম্পাঃ হয়েছে যে আমাদের চেতনার উজ্জীবন মটো আমাদের অপ্তাতে। এই উপমাপ্তলির কোনোটাই গতানুগতিক নয়, অপচ কোনোটাই অসাধারণ উপাদানের মারা নির্মিত নয়। চিত্রমায়ী বর্ণনার বাণী এখানে উপমাচিত্রের মাধ্যমে কবির বক্তবাকে নিংশেমে প্রকাশ করেছি। পূর্বোক্ত মৈতে নাহি দিব কবিতার উল্লোপিত উপমাচিত্রের বিস্থারিত আয়োজনের পাশে স্বাদ্যুত উপমাচিত্রের সংহতি ও সংয্য আমাদের মুগ্ধ করে।

উপনা প্রোগে রবীঞ্চনাথের নৈপুণা কত এভীর ও দূর-বিন্তারী তার প্রনাণ পাই তাঁর গদ্যরচনায়। এখানে গ্রন্থভের বিচিত্র সম্পদের সামান্য অংশ উদ্ধার করে দেখাই। গ্রন্থভের পক্তির তথা মানবছদয়ের নানা ছবি গ্রন্থলার রবীজ্রনাথ উপস্থিত করেছেন। এই উপস্থাপনা একটি বিশেষ কৌশল অবলম্বিত হথেছে। কেবল নয়নানুভূতি নয়, সমগ্র ইন্দ্রিয় গ্রামের উপরেই গ্রন্থার নির্ভর করেছেন; চোপে-দেখা বস্তুকে নাসিকা, বক ও কর্ণেজ্ঞিয়ের দুয়ারে উপস্থিত করেছেন। দৃষ্টিচেতনার সঙ্গে মিলিত হয়েছে ম্বান্টেতনা ও শ্রুতিচেতনা। নিচের উদাহরণ-ভলিতে আমার এই বক্তব্যের পোষকতা হবে।

(क) নাহিরেও অত্যন্ত ওমোট। দু-প্রহরের সময় খুব এক প্রস্তানা বৃটি হইয়া থিয়াছে। এখনো চারিদিকে মেদ জমিয়। আছে। নাতাসের লেশমাত্র নাই। বর্ধায় ধরের চারিদিকে জন্ধন এবং আগাঢ়াওলি এতাও নাজিয়। উঠিয়াছে, সেখান হইতে এবং জনমগুলপানের ক্ষেত হইতে দিল্ল উদ্বিজ্জের খন পদ্ধ চতুদিকে একটি নিশ্চল প্রাচীরের মতো জ্যাট হইয়া দাড়াইয়। আছে। গোয়ালের পশ্চাগ্রী ডোবার মধা হইতে

- ভেক ডাকিতেডে এবং বিল্লিবনে সন্ধার নিস্তন্ধ আকাশ একেবারে পরিপুর্ব ('শাস্তি')
- (ব) থীলকিই বন ইইন্ডে একটা গদ্ধ এবং বিল্লিব **প্রান্ত**রৰ হাহার ঘরে থাসিলা প্রবেশ করিন্তেছিল । ('নহানায়া')
- (গ) নিকটেব পাছাড়েব বন-তুল্যা, পুদিনা ও মৌরির জঞ্জ হইতে একটা ঘন জগন্ধ উঠিয়া স্থিত থাকাশকে ভারাকাও কবিয়া রাখিযাছিল। ('কুৰিত পামাণ')
- (গ) এক দিন বিধাকালের মেগন্ত দ্বিপ্রহরে দীয়ং তথ্য সকোনল বাতাস দিতে ছিল ; রৌদ্রে ভিজা ঘাস এবং গাচপাল। হইতে একপ্রবার গন্ধ উপিত হইতেছিল, ননে হইতে ছিল যেন কান্ত ব্রণার উক্ত নিঃপ্রাস গামের উপ্রে আধিষা লাগিতেছে। ('পোইনাসার')
- (৩) থাকাশ ছইতে একপানা অন্ধকাৰ নামিয়া এবা পুথিৰী ছইতে একপানা অন্ধকাৰ উঠিয়া চোপের উপরকাৰ এবা নিচেকাল প্রবেশ মতো একাল থাসিয়া মিশিত হইল। (মণিহাৰা)

গদের বাছে। উপমাধ্যমাগ যে কত পাতাবিক, জীবও ও প্রান্থাছেল হতে পাবে তাব প্রমাণ এখানে পাই। এইসব উপমা গরেব বর্ণনার এফাভূত, তা বাইবের বস্তু নয়। তাকে বিশিষ্ট করে নেওমা যায় না। উপমাপ্যোগের এই কারে তা অপ্রের জেতে দোষণীয় হতে পাবত, কিন্তু ব্রীজনাথের প্রোগকৌশ্যে ও নিমিত্টনপুণ্যে তা পাতাবিক হয়ে উঠেছে।

উপনা যে কবিতার একচেনিয়া বস্তু নয়, তা যে পালোর অনিকারেও আগে, তার মতাতা এখানে প্রতিষ্ঠিত হচ্চে। আমর। দৈনন্দিন জীবনে নিয়তই অঙা তমারে উপনা প্রোগ কবি। ধে ন্যাপারে আমবা সচেতন নই বলেই তা আনাদের শ্বতি এড়িয়ে যায়। অপচ না যখন তার শিশুকে প্রোকন্সোনা বলেন, বা বন্ধু যখন বন্ধুকে আদব করে মন্তামণ করে তখন সে অজাতেই উপনা প্রোগ করে। ববান্ধুনাপ এই স্বভাব-সভাকে তার লেখায় স্বীকৃতি দিয়েছিল।

রবীজনাপের উপনা-বানহারে থারো-একটি লক্ষণীয় নৈশিষ্ট্য--তার অনাড়েই সহজ গতি। গংক্ত ও প্রাকৃত উপনার চিরাচরিত নিপ্রাণ বীতিকে তিনি গ্রহণ করেন নি। গজেন্দ্র-গামিনী নাগিকা বা ব্যক্তর নাগকের রূপবর্ণনায় তার আগ্রহ নেই। রজ্যের বা বিধাবরের প্রতি তার কোনো কৌত্রহল নেই। চেনা সংসাবের বিচিত্র চলচ্চিবি পেকে রবীজনাথ উপাদান সংগ্রহ করে জীবনের ক্রেনে তাদের যথাযথভাবে স্থাপনা করেছেন। তার কলে ববীজ্যাহিত্যে উপনা স্বাভাবিক সৌল্র্যে পাঠকচিত্রকে অভিমিক্ত করেছে।



त्रवीस्त्रवार्यत अकृष्ठि-एष्ठव। ७ वात (विशया-षूत्रव

শুদানত্ত বস্থ

রবীক্রকাব্যের দুটি মূল প্রেরণা ঃ প্রকৃতিপ্রীতি ও মানবপ্রেম। এখানে তাঁর প্রকৃতিপ্রীতির পশ্চাৎপট সম্পর্কে আংশিক আলোচনা কর্চ্চি। কান্যে প্রকৃতিপ্রীতির কথা থাক্তরেও কবি নিজে তাঁর প্রকৃতি সম্পর্কে শেখানে ধরা দিয়েছেন, কি গ্রন্থে না পত্রে---আমরা ভাৰ তারই আলোচনা করছি। জবিনসমূতিতে ববীজ্ঞাপ এখানে তাঁর প্রকৃতিপ্রীতির পশ্চাৎপটি সম্পর্কে আংশিক আলোচনা কর্মচা। কান্যে প্রকতিথীতির কথা পাকলেও করি নিজে তার উল্লেখ করেছেন যে বিশুপ্রকতির সংগে তাঁর প্রথম পরিচয় ঘটে : তাঁর জীবনের উদুযোগ-পর্বের একটি বিরাট অনভব তিনি 'ডিলপাএ' গ্রন্থেও বিশ্লেষণ করেছেন। প্রকৃতির সংগে তাঁর নিবিভ সালিধ্য তাঁকে প্রকৃতির মর্মলোকের এক অঞাত উপলব্ধির সন্ধান দিয়েছে, —তিনি যেমন ম্ঝ বিদ্ময়ে বহিঃপ্রকৃতির অভিব্যক্তিতে আনন্দ লাভ করেছেন, তেমনই প্রকৃতির অন্তলোকের জীবনও তাঁর কাচে স্পষ্টিভূত হয়েছে। প্রকৃতি আমাদের কাছে, সাধারণ মানুষের কাছে—ভার বৃহিঃসভার রূপ নিয়ে ধ্বা দেয়, কিন্তু কবির কাছে প্রকৃতি তাব স্বরূপে শুধু স্বস্থিত নয়, শুধু গাছপালা नमीপर्न ७, জीवनজञ्चत गरभाष्टे तांग करत ना. डीत क्रम्राय ব্যাক্লতার স্থার ঘটিয়ে তোলে, অভাতপর্ন আনন্দ্রয় একটা অদুষ্ট প্রভাবে তাঁর অন্তরে অনন্তের আভাস এনে দেয়, তখন কবি তাঁর চতুম্পাশ্বের ছগ্নং ও ছীবন খেকে গ্রকৃতিকে আলাদা করে দেখেন। প্রকৃতি সম্পর্কে তাই সাধারণ মানুমের উপলব্ধি यथन Physical, त्रतीक्रनारशत उथन Physical এবং Metaphysical. এই Metaphysical দৃষ্টি কিন্তু কৰি 'মোনারতর্বা' যুগে প্রেষ্ট উপলব্ধি করেছেন, এবং ছিন্নপত্রের পত্রাবলীতে এই প্রতায়ের স্পষ্ট প্রকাশ।

'তিনপত্র' এই কারণে রবীঞ্রনাপের ভাব জীবনের উপলব্ধিতে একটি ঘনিনার্য ও ঘরশাপাঠ এও। 'তিনপত্র' ভার পত্র সংকলন—এবং এই চিঠিওলি নোটামুটি ১৮৮৫ সাল পেকে ১৮৯৫ সালের মধ্যে লেপা। সাধারণ মানুমের কাতে চিঠির যে অর্থ, রবীজ্রনাথের পত্র বলতে কিন্তু চিঠির সেই অর্থ বোঝায় না। ব্যক্তি-জীবনের বান্তর দিককে রবীজ্রনাথ পত্রে ভেমন মর্যাদা দেননি, কিন্তু পত্রের সাধারণ কথাবার্তার মধ্যে তার অপুরুতি-লোক উদঘটিত হয়েছে। আর এ দিন থেকে ছিন্ন পত্রের চিঠিওলি একেবারে আদর্শ। কারণ পাঠক সাধারণের জন্যে কবি এখানে ভাঁর মনের অনুভ্বকে ব্যক্ত করেননি, শুধুমাত্র একটি মানুমের কাছেই তিনি নিজকে ধরা দিতে চেয়েছেন। তাই প্রকৃতি সম্পর্কে তার উক্তিও আটপৌরে হয়েছে, পোষাকী বসনের জৌলুসে নিজস্ব লালিতা হারিয়ে ব্যে নি।

রবীজনাথের বহুপত্রের মধ্যে বহু অনভাতির একাশ বিধাত

হয়েছে, কিন্তু তাঁর অস্তঃপ্রকতির কথা ছিন্নপত্র গ্রন্থেই ধরা আছে। ভার মনে প্রকৃতি কি করে তার দৃশ্যগত সৌন্দর্য ছাড়াও একটা আধ্যান্ত্রিক ব্যঞ্জনায় কবিকে আপন করে প্রকৃতির রাজ্যে টেনে নিচ্চে—তার একটি স্পষ্ট পরিচয় রয়েছে। Wordsworth-এর The Prelude ৰা Tintern Abbey প্ৰভৃতি কবিতায় যেমন পাওয়া যায় কি কি অবস্থার মধ্যে দিয়ে Wordsworth প্রকৃতির মধ্যে থেকে আধ্যাত্মিক আনন্দলাভ করেছিলেন–তেমনি ছিম্নপত্রের মধ্যে দিয়েও রবীক্রনাথের কবিমানসের অন্তর্জীবনের একটা স্তরের পরিচয় পাওয়া যায়। ছিন্নপত্রের সাতাশ নম্বরের চিঠিখানার বর্ণনার কথা এবং গেখানে বাণিত প্রকতির চিত্রের কথা একবার ভাবা যাক। কৰি গেই নিশেচই, নিস্তর, নিশ্চিন্ত, নিরুদ্দেশ প্রকৃতির মধ্যে একটা বৃহৎ সৌন্দর্যপূর্ণ নিবিকার উদার শাস্তি দেবেছেন। এর আথে কবি কৰুল করেছেন—''অনেকদিন পরে আবার এই বুড়ো পুথিবীনির সংগে যেন দেখা-সাক্ষাৎ ছলো। সেও বললে—এই যে। আমি বললুল—এই যে। তারপর দুজনে পাশাপাশি বয়ে আছি, আব কোন কথাবার্ত। ৩৪, ৩৫, ৩৬, ৩৭ নদ্ধর পত্রগুলিতে বিশেষ করে –-এব° অন্যান্য প্রায় সমস্ত পত্রেই তাঁর প্রকৃতিপ্রীতির কথা কিছ ধরা পড়েছে।

রবীজনাথ বিশ্বাস করতেন প্রকৃতির সংগে মানুষের একটা নিকটিও নিবিড় সম্পর্ক রয়েছে। গোড়াতে অবশ্য দেখি প্রকৃতির স্থলর রূপ দেখে তিনি মুগ্ধ হয়েছেন, এবং তাঁর এই সৌন্দর্য-চেত্রনা তাঁকে প্রকৃতির এক অনির্দেশ্য সৌন্দর্যের কাল্লনিক রাজ্যে নিবে যেতে আকুল হয়েছে। সংক্ষেপে বললে বলা যায় যে প্রকৃতির সৌন্দর্যচেত্রনাই তাঁকে অরূপ স্থলরের কাছে পৌঁছবার কথা ঘোষণা করেছে। সোনারতরী-চিত্রা যুগের কবিতাগুলির কথা সমরণ করলেই তার প্রমাণ মিলবে।

প্রকৃতির চেতন। আর মাননীয় অনুভূতির একাপ্প বিশ্বাস তিনি কেমন তন্ময় ছিলেন—সে সম্পর্কে ছিন্নপত্রের ১৮ নম্বরের প্রটি পাঠ করলে তা বোঝা যাবে। ঐ চিঠির একজায়গায় তিনি লিপছেন—''পৃথিবীর কাছ থেকে আমরা যে সব পৃথিবীর বন পেরেছি এমন কি কোন স্বর্গ থেকে পেতুম। স্বর্গ আর কা দিত জানিনে, কিন্তু এমন কোমলতা-দুর্বলতাময় এমন সকরুণ আশংকাভরা অপরিণত এই মানুষগুলির মতো এমন আপনার বন কোখা থেকে দিত। আমাদের এই মাটির মা, আমাদের এই আপনাদের পৃথিবী, এর সোনার শস্যক্ষেত্রে, এর স্লেহ-শালিনী নদী গুলির বারে, এর স্তথদুঃখয়য় ভালবাসার লোকালয়ের মধ্যে এই সমস্ত দরিদ্র মঠ সদ্বের অশুর ধনগুলিকে কোলোকরে এনে দিরেছে। আমর। হতভাগারা তাদের রাধতে

পারিনে, বাঁচতে পারিনে, নান। অদৃশ্য প্রবল শক্তি এগে বুকের কাহু থেকে তাবের ভিঁড়ে ছিঁড়ে নিয়ে যায়, কিন্তু বেচার। পৃথিবী যতকুর সাধ্য তা সে করেছে। আমি এই পৃথিবীকে ভালবাসি।

কৰি প্ৰকৃতিকে যত ভালবাসভেন—তত যেন তাঁর অভজীবনের দূরবিষ্বত এক প্রর পুঁজে পাছেন। দিনের পেষে
—কাজকর্মের সব ঝামেনা চুকিয়ে কৰি যথন প্রান্নীর ওপর
বোটে কেনারাটেনে একলা বসেন থার বলেন—'তথন আমার
আকাশে সেই সন্ধ্যা তারাটি ধরের লোকের মত দেখা দেবে।
আমি শীতের সময় যখন এই প্রাতীরে আসতুম, কাছারি পেকে
ফিরতে অনেক দেরি হত। বোট ওপারে বালির চরের কাছে
বাঁধা থাকত; ছোট জেলে ভিঙি চড়ে নিস্তন্ধ নণীটি পার হতুম,
তথন এই সন্ধ্যাটি স্থান্তীর অথচ স্থপ্রান্নুবে থামার জন্যে
অপেক। করে থাকতো। এখানকার প্রকৃতির সংগে সেই আমার
একটি মানবিক ধরকরার সম্পর্ক।' ১১২ নম্বর চিঠিখানি
এই প্রসংগে লক্ষণীয়।

কবির অন্তর্গীবনের এই স্থরটি, প্রকৃতির সংগে তাঁর অনুরক্তির ইতিহাস—-যা তিনি 'জীবন সনৃতি' গ্রন্থে উল্লেখ করেছেন মাত্র—তার ম্পাঠ বর্ণনা আমরা ছিলপত্র প্রন্থে পাঞ্ছি। ''শ্যাম' নামক ভ্তের অবীনে পেকে জানালা দিরে দেখা পুকুর বারে বট গাছের বিজ্তির মাবানে রবীজনাগ কেমন করে কার্রনিক ব্যাপ্তির একনা দিবস্তবাদী আনক্ষাদ পোতেন—-থে কথা জাবন হন্ততে বেলেছেন—-'পে বট এখন কোগার প্রেলা বাক পাজ বাজিয়া উঠয়া নিজের চারিদিক হইতে নানা প্রকারের ঝুরি নামাইয়া দিয়া বিপুল জানলতার মধ্যে স্থিনি নুদিনে ছায়া—ব্রাদ্রপাত গণনা করিতেছে।' জাবন্দম্ভির 'বাছিরে যাত্রা' নিবন্ধে তিনি লিগছেন—'প্রতাহ প্রভাতে খুম হইতে উঠিবানাত্রই আমার কেমন মনে হইত যেন দিনটাকে গোনালীপাড় দেওয়া নতুন চিঠির মতো পাইলাম।''

এই खूतरे जित्तभारत नितिक स्टार त्याल्ण। भत्यकात्वत त्याल्य जित्त याश्वराता स्टार न्याल्ण -- ''এই শব্य व्य वर्षाण साहि प्रत्य यामात याश्वरक छत्त छत्त विक्र करत व्य आमात याश्वरक छत्त छत्त विक्र करत व्य उप विभाग यामात भिष्क कम् न्याभात नव। এ जीवत्न आमात या-किंदू वजीत उप उपि अ खीजित्य क्वित व्य तिक्य विक्र स्वत मुस्टू व पूर्वी जूं जित्त यामात कारण मता प्रत्य। ''

প্রকৃতি চেতনার একটা ক্রম-পরিণতি যেমন লক্ষ্য করা যায় ছিন্ন পত্রের গোড়া থেকে শেষ পর্যন্ত, তেমনি তার লিরিক-মানসের একটা স্তুষ্ঠ প্রকাশও চোপে পড়ে। প্রকৃতি গোড়াতে কবির কাতে বস্তু সত্যের মতো দেখা দিয়েছে, তারপর যে হয়ে উঠেছে স্থলর, কিন্তু সর্বশেষে আমরা দেখি প্রকৃতির মধ্যে কবির অস্তরের এক নিবিড় অবসান—এবং কবি প্রকৃতির জ্ঞাৎ থেকে একটি মহান সত্যের সন্ধান কলে ফিরছেন। অবশেষে এই প্রকৃতির প্রভাবেই কবি যেন নিজেব মনোলোকে এক মহান শিদ্ধীর পদস্কার শুনতে পাচ্ছেন। তাঁকে তিনি আনার করে নিতে পারছেন। ছিন্নপত্রের এক থেকে একশো বায়ানখানা পত্রে এই খবরই আমর। পাই। আর সেই খবর অসাধারণ অনাস্বাদিতপূর্ব সাহিত্যরমেব মাধ্যমেই আমর। পাই। ''সূর্য यारु यारु एजारतत रवन। পुर्विमक र्भाग्क की এक क्षेत्रां धरशत পাতা খুলে দিচ্ছে এবং সন্ধ্যায় পাশ্চম থেকে ধীরে ধীরে আকাশের উপরে যে এক প্রকাণ্ড পাখা উনটে দিচ্ছে সেই বা কী সাশ্চর্য-লিখন—আর এই, ক্ষীণ পরিসর নদী আর এই দিগন্তবিস্তৃতচর,

আর ওই ছবির মতন প্রপার, ধরণীর এই উপ্পেক্তি একটি প্রাস্তভাগ, এইবা কী বৃহৎ নিস্তন্ধ নিভত পাঠশালা।'' ''মাপান। জানলার ওপর রেখে দিই, বাতাস প্রকৃতিব স্নেগ্র হস্তের মতে। আত্তে আত্তে আমার চুলের মধ্যে আঞ্ল বুলিয়ে দেয়, জল ছলু ছল শব্দ করে বয়ে যায়, জ্যোৎস্ন। ঝিক ঝিক করতে যাকে এবং সনেক সময় 'জলে নয়ন আপনি ভেগে যায়'।'' ''রুগন ভেলের পিকে মা থেমন করে তাকায় প্রকৃতি গেই রকম প্রগভীব স্তন্ধ এবং স্পিন্ধ বিধাদের সংগো আমার মুসের দিকে চেয়েছিল, নদার জল মাকাশের মতে। স্থির এবং আমাদের দুটি বাঁধা নৌকো। জলচর সাখির মতে৷ মুখের উপর পাখা বেঁপে স্থির ভাবে ঘমিয়ে चारक्।'' ''बाबात प्रभेष्ठ मनानेदक दक त्यन चूलिएड करन चूतन নিবে এই রঙিন শরৎ প্রকৃতির উপর থার এক পোঁচ নঙেন মতে। নাখিয়ে দিয়েভ্-ভাতে করেই এই সমস্ত নীৰ সৰুজ এবং সোনার উপর স্থার-একটা যেন নেশার রও লেগে গেড়ে।`` ''সূর্যালোকে আজকের প্রকৃতিকে ভাবি একটি গুক্লবসনা মহিমমরী মহাপুরীব মতো দেখাছে। এই রকম সকাল বেলায় মনে হয

> --নাই মোর পূর্বাপর যেন আমি একদিনে উঠেছি ফুনিবে অরণোর পিতৃমাতৃহীন ফুর।

বেন আমি এই আকাশেন, এই নদীর, এই পুরাতন শ্রামল প্রামান

বৰীজনাথের প্রকৃতির সংগো এই যে একার চিতা –তা তিনি তাঁৰ সমগ্ৰ কৰি হাতেই স্বীকার কলেছেন, গদের প্রভাত-সংগীত প্রসুধ নিবন্ধে, জীবনম্মতির স্থানে স্থানে এবং ভিলপ্রের ষ্বত তার পুকৃতি চেত্নার প্রভূষি আলোচনা করেছেন। মান্য প্রকৃতির স্বরূপের সৌপ্র উপলব্ধি করেই প্রকৃতির অন্ত-क्लोक्ट श्रेरनरमेन स्मानीत होतिन। श्रानिकात करत स्कटन । भानुस्यत ত্রধন বুঝতে বাকী পাকে না যে প্রকৃতির প্রসৌন্দর্যের মাধ্যমে দিয়েই বিশ্বপ্রকৃতির মোহন রাজ্যে সে প্রবেশ করতে পারবে। বিপুপ্রকৃতির সংগো মানুষের প্রেছপ্রেমের একটি চিরকালের বল্ধন আছে, এই সূর ''গোনার ভ্রা''র এনেক কবিভাত্তেই রবীজুনাথে ঘোষণা করেছেন। পক্তি আর মান্ধ একেবারে এক--কোণায় যেন উভয়ে স্বেছেপ্লেমের ডোরে নিবিড়ভাবে বাঁশ। এই বয়নের রবাজনাধ ''সমুদের প্রতি'' কবিতায় বিশেষ করে ঘোষণা করেছেন। কিন্তু ছিঃ।পত্রে বলভেন— ''আমি বেশ মনে করতে পারি, বছষ্ঠা পূর্বে যখন তরুণী পুথিবী मग्रम्यान (पेरक मर्त भाषा जुरन छेर्छ ज्यनकात नतीन मुर्गरक বুদুনা করতেন, তুধুন আমি এই পৃথিবার নূতন মাটিতে কোপ। খেকে এক প্রথম জীবনোচ্ছামে গাছ হয়ে পল্লাবিত হয়ে উঠে-ছিল্ম। তথন জীবজয় ছিল না, বৃহৎ সমুদ্র দিনরাত্রি দুলছে, এবং অবোৰ মাতার মতে৷ আপনার নবজাত ফুদু মুমিকে মাঝে মানো উন্মত্ত আলিংগনে একেবারে আবৃত করে ফেলছে--তুপন जानि এই পৃথিনীতে जानांत मंतीः पित्त श्रेथन म्यात्नांक श्रीन করেছিলুম, নব শিশুর মতো একটা অন্ধ জীবনের পুলকে নীলান্ধর তলে আন্দোলিত হয়ে উঠেছিলুম, এই আমার মাটির মাতাকে স্মন্ত শিকভ্ওলি দিয়ে জড়িয়ে এর স্ত**্যর্য পান করেছিলুম**। একটা মৃচ আনকে আনার ফুল ফুটত এবং নবপল্লন উদাত হতে।। — তারপরেও নবনব যুগে এই পৃথিনীর মাটিতে আমি জন্মেছি।

> রবীজ্ঞন শতবাধিকী স্মাবক এছ কলিকাতা মিউনিসিপ্যাল গেছেট

আমর। দুজনে একলা মুখোমুখি করে বসলেই আমাদের সেই বছকালের পরিচয় যেন অল্পে অল্পে মনে পড়ে।"

কবি প্রকৃতির সংগে জন্মান্তরীণ এই রহস্যময় উপলব্ধির বন্ধনে নিজেকে বেঁধেছেন। রোমাণ্টিক কবি-মানসের এই অভিব্যাক্তিতে রবীক্রনাথ পাশ্চান্ত্য দেশের কাছে ঋণী নন। তিনি শিশুকাল থেকেই প্রকৃতি সম্পর্কে একটি বিশেষ ধারণা পোষণ করতেন—তাই তাঁর প্রভাতসংগীত, সন্ধ্যা-সংগীত প্রভৃতি প্রাথমিক প্রস্থান্তলিত প্রকৃতি মূক বা জড় নয়, প্রাণচেতনার একটি ম্পর্ণ রয়েছে দেখা যায়—যে ধারণার কথা তিনি বিশেষ করে ছিলপত্রপ্রথাই ব্যক্ত করেছেন। রোমাণ্টিক কবির প্রকৃতির স্বরূপ নির্থের এই ব্যাকুলতা এবং তাঁর প্রকৃতি চেতনার ভিত্তিভূমি বিশ্বত রয়েছে ছিলপত্র প্রস্থাই। কেননা ঐ প্রস্থের একটিপত্রে কবির প্রস্কু ঘোষণা রয়েছে যে কবি যথন পৃথিবীর সংগে এক ছারে ছিলেন, তথন তাঁর ওপর স্বন্ধুছ ঘাস জন্মাত, শরীরে আলো পড়তো, সূর্য-কিরণে তাঁর স্থদ্র বিস্থৃত শামন অন্ধের প্রথমে রোমকুপ পেকে যৌবনের জগন্ধি উত্তাপ উথিত হতে থাকতো —তিনি যেন কত দেশদেশান্তরের জলস্বলপ্রত ব্যাপ্ত করে

উজ্জ্ব আকাশের নিচে নিস্তন্ধভাবে শুয়ে পড়ে খাকতেন।

এই হচ্ছে কৰির প্রকৃতি চেতনার একদিকের কথা। শরৎ কালের সূর্যলোকে কৰির সর্বাংগে একটি আনন্দরস, একটি জীবনী শক্তি অত্যন্ত অব্যক্ত অর্ধচেতন এবং অত্যন্ত প্রকাওভাবে সঞ্চারিত হতে থাকতো—কবি সেই উপলব্ধি আজো সমরণ করতে পারেন। তিনি নিজেই বলছেন—''বেন আমার এই চেতনার প্রবাহ পৃথিবীর প্রত্যেক ঘাসে এবং গাছের শিকড়ে শিকড়ে শিরায় শিরায় ধীরে ধীরে প্রবাহিত হচ্ছে—সমস্ত শস্যক্ষেত্র রোমাঞ্চিত হয়ে উঠছে এবং নারকেল গাছের প্রত্যেক পাতা জীবনের আবেগ থর থর করে কাপছে। এই পৃথিবীর উপর আমার যে একটি আন্তরিক আন্থীয়-বংসলতার ভাব আছে, ইচ্ছা করে সেটা ভালো করে প্রকাশ করতে।''

রবীজ্রনাথ যথনই প্রকৃতির রূপরস গদ্ধম্পর্শ সম্পর্কে চিন্তা করতে বসেছেন—তখনই তিনি নিজের সংগে বিশুপ্রকৃতির একটি অবিচ্ছিন্ন যোগ উপলব্ধি করেছেন, এক চিরপুরাতন একাশ্বতা তাঁকে একান্ডভাবে আকর্ষণ করেছে। এই হলো তাঁর প্রকৃতি নেপথ্য-ভ্রন।

বুজটেডন্যাদিতে কালক্রমে দেবাখালোপ হয়েছে। কালিদাস শুৰুই কৰি। তথানপ নিস্তার পাননি কিংবদ্ধী তাঁকে বাণ্দেবীর সাকাৎ বরপুত্র বানিয়েছে। রবীঞ্চিবিতের এবক্য পবিধান হবে এমন আশক্ষা করি না। সর্ববিধ অতিক্থার বিরুদ্ধেতিনি যা লিপে রেখেছেন তা**ই তাঁকে** অমানবতা থেকে রকা করবে।

রবীক্স-রচনা অতি বিশাপ, রবীক্স বিষয়ে যে-গাহিত্য লিখিত হয়েছে তাও অল্প নয়, কালক্রমে তা আরও ধাড়বে। কবির সঙ্গে যাঁদের সাক্ষাৎ পরিচয় ঘটেছে তাদের অনেকে আবও চল্লিশ পঞাশ বংগর বাঁচবেন এবং তাঁদের দারা রবীক্ষতত্ব বিব্ধিত হবে। তা ছাড়া কবির সহস্যু পত্র, অসংখ্য প্রতিকৃতি, স্বর্গচিত অনেক চিত্র বিকণি হয়ে আছে, তার গানে দেশ পুশবিত হয়েছে। তাঁর কঠস্বনও যম্বণুত হয়ে স্থায়িত্ব পেয়েছে। এই সমন্তের সম্বায়ে যে বিপুল রবীক্ত পরিবেশ প্রতিষ্ঠিত হয়েছে তাতে রবীক্ত রচনান সঙ্গে রবীক্তাল্পার নিবিত্ সংযোগ অক্য করে রাখনে। তিনি মহা অজ্ঞানায় প্রস্থান করলেও আমাণের কাছে চিরকাল জীবিত্বৎ প্রত্যক্ষ থাকবেন।

যে মহৎ উত্তবাধিকার তিনি আমাদের জন্য রেপে গেলেন তা কি আমরা ধনীর জড় সন্তানের মত পর্ম আলস্যে শুনুই হাত পেতে নের ү কবির কাতে আমাদের যে ঋণ তা শালোক্ত ত্রি-ঋণের তুল্য গুরুতার, কেবল ভাবের উচ্ছাুুুসে তা শোধ হবে না। যে কর্ম তাঁর জীবনের বুত ছিল, যার জন্য তাঁর ভাবনার অন্ত ছিল না, বিশুভারতী-রূপ তাঁর সেই, আরম্ভ কর্ম যদি অবিসংবাদে সমবেত চেষ্টায় স্থাসন্সা হয় তবেই আমাদের কত্ততা প্রকাশ সার্থক

त्रवीसि छिष्ठाय बाक्षण ७ बक्षावान

অমিয়রতন মুখোপাধাায়

বৈশ্যপ্রধান বস্তুতান্ত্রিক বিশ্বসমাজে ব্রাহ্মণ বা প্রাহ্মণাদর্শের মর্যাদা নেই, এবং বলতে কি, মর্যাদা থাকার বা দেয়ার প্রশান যেন নিতান্তই সেকেলে, সেই হেতু অপ্রাসন্ধিক। দায় প্রহণ করার বা দান্ত্রিই যাকেলে, সেই হেতু অপ্রাসন্ধিক। দায় প্রহণ করার বা দান্ত্রিই স্বীকার করার চেয়ে দানীর কথানিই যে-যুগে উচ্চকণ্ঠে, হাজারে। কণ্ঠে ঘোষিত হয়, সম্পিত হয়, সে-যুগে ত্যাগের কথা, প্রেমের কথা তথা ত্যাগার্তী কি প্রমন্ত্রী মানুমের কথা অর্থাৎ ব্রাহ্মণাদর্শের কথা উপেক্ষিত হবে য়ে, হয় য়ে, আমি জানি।সাম্পৃতিক সমাজে 'ব্রাহ্মণ' শব্দানির তাই ভার বা ধার তেমন আর নেই। আপাতো বিচারে মনেও হয় বর্তমান পৃথিনীতে ব্রাহ্মণ সমাজ তেমন ভক্তি ও শ্রদ্ধা আক্ষুণ করেই না।

তবু বলি, একটু ধীরভাবে ভেবে দেখলে বাঝাও যায়, যে স্বার্থসর্বস্থ এই যুক্তিবাদী সংসারে বাজণ আছেন—এবং উন্ন ত স্বভাবের দিব্য মহিমায় মানবসমাজের আব্যাল্পিক একটি শ্রেয় আদর্শে অহরহ আকর্ষণও করছেন। হিংসায় উন্মন্ত এই পৃথী ভূমে প্রেমমন্ত্রেও অহিংসা মন্ত্রে যারা দীক্ষিত, জীবন দিয়ে যারা বিশ্ব মানুষকে মনুষ্যত্বের আদর্শ তবু শিক্ষা দেন, তারা কি ব্রাজণ নন? পরমত্যহিষ্ণুতা যাদের স্বভাবে, 'অঙ্কেটা সর্বভূতানাং' যেসব মহাল্পা, মিখ্যাচারী এই স্বাজ-সংসাবের বস্তুবাদি। 'প্রাট্ট মেজরিটি'র সন্ধ্রুবেই যারা সত্যের জন্য দেন আগ্বলি, অসংগ্রাদের'র বিরুদ্ধে সংগ্রাম করে যারা ঘোষণা করেন মানবজীবনের আদর্শতন্ত্রঃ 'সংগ্রামে মে মতং শেরো যা চে জীবে পরাজিতো'— তারা কি শুর সেকালের সত্য ত্রেতা ছাপবের, আমাদের কালের

ব্রান্ধণ একটি জাতি বা সম্প্রদায় মাত্র নয়, ব্রান্ধণ একটি ভাব, একটি আদর্শ। ব্রান্ধাদর্শ অন্তরে বাহিরে প্রতিভাত করে মানব সমাজে যিনি মানুদের মত মানুষ, তিনি ব্রন্ধানন, তিনি ব্রান্ধণ।...স্পষ্ট কথায়—সত্যে যার দীক্ষা, প্রেমে বিশ্বাস, মঙ্গলে অভিলাষ, স্থলরে রুচি, সংযমে স্থলর এবং ক্ষমায় দেবাদপি গরীয়ান—তিনি ব্রান্ধণ, নীচ কুলে জন্মগ্রহণ করেও তিনি ব্রান্ধণান্তম।...বিপ্রবংশে জন্মগ্রহণ করার সৌভাগ্যে যিনি ঘান্ধণ, ধর্মানুষ্ঠানের দ্বারা যজ্ঞোপবীত ধারণ করে থিনি ছিজ নামে অভিহিত, সামাজিক বিচারে তিনি ব্রান্ধণ হলেও মনঃসাধনা ও নাক্সাধনার মহিমায় ব্রন্ধাশ্রিত কর্ম করে তাকেও সত্যকরে ব্রান্ধণ হয়ে উঠতে হয়।...সাধনার আশীর্বাদে অ-ব্রান্ধণও ব্রান্ধণ প্রবাত্ত এবং সাধনার অভাবে ব্রা প্রংশে জাত কুমারও অ-বান্ধণ।...

সমাজের অস্তাজদের প্রেমের আনন্দে কোল দিতে যারা জানেন, দম্ভের কু-সংস্কার ান্য বলে বিদূরিত করে বিনয়ন্ত্রুদর চরিত্রপ্রকাশে যারা স্পচিসিদূ, যুক্তপাড়িত ক্ষত্রিয়-পৃথিবীকে শাস্ত ও সংযত করার সাধনায় বীতনিদ্র মনো যারা কঠোর সংগ্রামী,



লোভদীর্ন বৈষয়িক মনোভাবের নিশিচদ্র আকাশে সপ্তায়িব জ্যোতি-বিকিরণে যাবা রাণ্ডিহীন—তমি-খামি তাদের উপেকা করলেও তারা ছিলেন, আছেন, ধাকেন—হেরেও তারা হারেন না, মরেও তারা মরেন না, সেকেলে বলে পরিছসিত ও প্রতিক্রিয়াশীল | বলে অতি-নিশিত হওয়া সত্ত্তে তার৷ চলেন—বস্তুপিতে 🕽 আচ্ছা বন্ধ ওহাস্থিত বন্দী জীবনকে মক্ত করাৰ অভিপায়ে তাদের অভিযাত্রা।...তাবা শুধু এ-দেশের নয়, বিশুদেশের : এ-যুগের নয়, বিপুযুগের।....মন্ধামের মাহাঝাবিকাশে, রুজা-শক্তির অনন্য মহিমাবিকাশে তারা শ্রদ্ধাবান ও সিদুকামঃ স্ত্যা-এয়িতা, ন্যায়ধর্ম, বিপুলোকহিতায় ত্যাগবৈরাগ্য, সর্বজাতি ও জীবে সমদর্শন, অধাায়ন-অধাাপনা, সর্বোপরি সর্বভূতে শ্র-দর্শনের প্রাক্তি আনন্দে ভেদবৃদ্ধি ও অপ্রশাতাকে স্ব্তোভাবে পরিহার– তাদের চরিত্র-লৈশিষ্ট্য। নীচনশেজ হয়েও, ভিন্নস্ত জাতিক হয়ে-ও সত্যকার শাদ্ধধবর্গের তারা প্রধান, তাঁরা বাবাণ।....তাঁরা থাকেন এবং আছেন বলেই পুণিনী আজও টি*কে আছে।

রবীন্দ্রসাহিত্য ও দর্শনে এই ব্যাধ্যণের প্রভাব প্রণিধানযোগ্য।

নৈষ্ঠিকী তপ্ৰচর্যা ও ব্রানাদর্শের মহিমায় নিজাম কর্ম সমাপনান্তে যিনি ব্রান্ধণ--স্মাজের তিনি পুজনীয়। কিন্তু প্রান্ধণরের অহংকারে এনোর ব্রান্ধনিষ্ঠা, ত্যাগ্যাধনা, ন্যাসমর্ম ও সতাব্রতকে যিনি অস্বীকার করেন তিনি কি ব্রান্ধণ ?—রবীঞ্জ নাপের এই জিজ্ঞায়। মহাভারতের কর্ণকে অভিশ্যুগত দিয়ে পরস্করাম--অথবা এক গবাকে কৌশলে শক্তিইন-করার কূটনীতিকগায় জোণাচার্য—ব্রান্ধণোচিত কর্ম করেন নি—তারা জন্মশ্রন্ধণ হলেও ভাব-ব্রান্ধণোচিত কর্ম করেন নি—তারা জন্মশ্রন্ধণ হলেও ভাব-ব্রান্ধণ নন। অপরপ্রক্ষে ঋষি গৌত্ম (চিত্রাঃ ব্রান্ধণ জ্বর্ধনা) নীচবংশজ সত্যকামকে ব্রান্ধণ বলে স্বীকার করে সরল সেই সত্যাচারীকেই কি শুমু জাতে তুলেভেন, নিজেও সত্যতর ব্রান্ধণ্য দিব্যভার মহানন্দে উর্গীত হন নিং

মন যপন ব্রন্ধ-ভাব, অনুভব করে, যেন ভাবে-ভাবে তা ব্রন্ধই হয়ে যায়, অর্থাৎ বৃহত্তমেরে। বৃহত্তর আদর্শের আলোয় পূর্বধর্ম প্রাপ্ত হয়।....মনের নিজের কোনো রও নেই, অপ্তিম্ব নেই, সত্তা নেই। যা'সে ধরে তাই সে হয়। যদি 'কাম' ধরে— কানের ভাবাবেগে বিশেষ এক রূপ ধরে, বিশেষ এক সত্যকে স্বীকার করে; যদি 'ভাগে' ধরে—তবে ভাগিগের ভাবানদেদ বিশেষ এক আনন্দ প্রাপ্ত হয়, বিশেষ এক সত্যের আলোকে হয় আলোকিত। ..যা ধরে থাকি, ধরে ধরে 'হয়ে' উঠি—শাস্ত্রমতে ভাই বর্ম। কী ধরে নন হয়ে উঠিছে—ভাত্তিকের এটা বিচার্ম। ছোট কিছু ধরি তো ছোট হই, সংকীর্ণ হই; বড় ধরি তো বড়-ভাব ভাবি, উপার হই, হই বিশুদ্ধ ।... শ্রন্ধ হচ্ছে সকল আদর্শের বড় আদর্শ, বৃহত্তমেরো বৃহত্তর আদর্শ,—এ আদর্শ কত বড়, কী তার সূষ্ঠ স্বজরা ভেবে-চিন্তে বলা শক্ত। তবে বর্মদর্শনের ও সাধুসাধকদে ।ইতিহাসে দেখা গেছে—এ-আদর্শের আভাসটুকু পাওয়ামাত্র মন হয় আকাশের মত অসীম-অনন্ত, সমুদ্রের মত অতল-গভীর, আগুণের মত নিংপাপ-বিশুদ্ধ। ভারতীয় ঋষিয়া তাই শ্রাদর্শকেই জীবনসাধনায় স্থান দেন। খা পেয়ে অমৃত হব, তাই প্রার্থনা করি। যা পেয়ে অমৃত হব না তা নিয়ে আমার কী হবে —এই হচ্ছে শ্র বাদিনী ভারতপ্রকৃতির বাণী।

্রস্তুকে চেড়ে যে-বস্থবোধ—সে-বোধ মনকে বন্ধ করে, সংর্কার্ণ করে, ভারতীয়ের তাই না সাধ্য নয়, কাম্য নয়। বস্তুকে জগৎকে, জীবজাবনকে ব্রন্ধভাবে, বৃহৎভাবে, গ্রহণ-করার আনন্দই মনকে নোহমুক্ত রাধতে পারে। তখন বস্তুর ওপর ব্র ত্র অর্থাৎ আদর্শ-ভাবার্টিই প্রাধান্য পায় বলে বস্তুজগৎ মনকে বাধতে পারে না। যোহমুক্ত মন বস্তুকে উপেক্ষা করে না সত্য, কিন্তু বিশেষ কোনো বস্তুবিষয়ে লিপ্ত হয়ে সংকীর্ণ হতেও চায় না।...রবীক্রনাপের মনোদর্শনে ব্রন্ধাদের তাই তত্তপ্রাধান্য।

ব্রহ্ণকে মনের ধারা অনুভব ও আশ্বাদ করতে গিয়ে রবীন্দ্রনাথ প্রেমের কথা উথাপন করেছেন। মনের জগতে প্রেমই হচ্ছে বৃহত্তম আদর্শ। প্রেম হলে মন শুদ্ধ হয়, ভেদাভেদ তুচ্ছ করে মিলনমৈত্রীতে আশ্বা রাখে, সমদর্শনে জাগায় শ্রদ্ধা। ব্রহ্মাদর্শ বা প্রেমাদর্শ চরিত্রে প্রতিভাত করলে তবেই মানুষ, য়ে-কোনো জাতের য়ে-কোনো মানুষ, হয় ব্রহ্মমানব, হয় ব্রাহ্মাণ। প্রেম নেই তো ব্রহ্ম নেই, ব্রাহ্মাণও নেই। সাম্পুতিক নিচ্পের সমাজের স্বার্গাদ্ধ মানবগোষ্টির পক্ষেই নাস্তিক্য সম্ভব, ব্রহ্মাণ্ড অবান্তব, সেই হেতু উপেক্ষার বস্তু, পরিহাসের সামগ্রী।....

তর্কসাপেক হলেও এ-তথা সতা যে, সংারে সবাই নিম্পেম न्यः, जाशांक्रत्यं यिविश्रुशी ३ नयः, यम जमक्रत्व उथा मानवमक्रत्व অসাড বা উদাসীনও নয়। স্বার্থ-সর্বস্ব মানুষের সমাজেও আছে ব্রন্ধানব, উপেক্ষিত হয়েও অচলা যাঁদের ব্রন্ধনিষ্ঠা অর্থাৎ कारमन्यनगीनां प्रवराजां ये या प्रवर्ग विश्व क्यार्प খেয়োবৃদ্ধি, দেশমঙ্গলে নিতাকমঁ, অহং-দমনে দিব্যরুচি, স্ব-জগদগত প্রেমের আনন্দে 'নিরুদ্দেশযাত্রা'।....চি ত্রসাধনার উচ্চস্তরে याँता छेत्रीच, डाँता, क्विन डाँताहे, जारनन-मानवजीवरन শ্রন্ধত্ব অবাস্তব কিছু কল্পব্যাপার নয়—মনোজীবনে পশুত্বের ভাব যেমন সত্যা, শ্রন্ধান্ত তেমনি মানবমনোনিহিত সামান্য ব্যাপার, সেই হেত বাস্তব ব্যাপার।...সাম্পতিক সমাজের কাছে কৰির প্রশ এই: লোকঠকানোটাই কি বাস্তব, লোক কল্যাণটা नग्न ? जाननात्त्र ७५ षात्रिया (पतिया नतन नतन पतन पुत्त-गता আর বিকারের মীরচিকা জালে জড়িয়ে-মরা-টাই বাস্তব, 'मुक्क करता एर नक्ष'--- ध-रनाथ नास्त्रन नय, 'खगः' श्रा नक्षनमारक লভিব মুক্তির স্বাদ'—আত্মপ্রত্যায়ের এই বীরবোধ নয় বাস্তব ?.... मामाना किछ नाम পেয়ে, अथवा गर्यामा পেয়ে किংवा अर्याश পেয়ে 'স্লব' হওয়া বা 'স্লবারি' করাই বাস্তব—যা পেয়েছি, তারো চেয়ে চের বেশি কিছ দিতে-চাওয়ার মনোভাব নয় বাস্তব ?কিছু পাৰো তো দেব,—এই বৈশ্যভাব ছাড়া মানবজীবনে' कि जात कारना महत्त्व जा-हे तनहे वरना ? ना-পেয়েও দেব, (प्रशांत जानत्म यांच पिर्म—यांता जागत पान निल, क्षेणी-इ कदल

আমাকে, এ-ভাব কি শুধুই কবিষ মাত্র, নেই জীবনে ?....यদি নেই তবে বৃহৎ-ভাব, যু ভাব নেই আর: সংসারটা তবে হীন মনের মৃত শমশান, বিষয়বুদ্ধির দোকান্যর।

নৃত শন্থানে জড়াছের স্থাবাগে প্রেতানুচরদের প্রাণোলাস, দোকান্মরে ভিড় জমলে বৈশ্যমনের উৎসাহ। প্রেতোলাসে ও বৈশ্যোৎসাহে যাদের মন ও মনন, স্বার্থবুদ্ধির অনুকূলেতাদের যুক্তি, সমধ্যী গোটিগঠনে তাদের মতবাদ। 'সন্বে লোকা স্থিনো হোন্ত' কি 'স্বস্থিমানুষেভ্যঃ' কি 'প্রোপকারায় শরীর-শরীরমেতৎ' কিংবা:

কী গাহিব, কী শুনাবে! বলো মিখ্যা আপনার স্থা, মিখ্যা আপনার দুঃখ। স্বার্থমগু যে-জন বিমুধ বৃহৎ জগৎ হতে সে কখনো শেখে নি বাঁচিতে। মহাবিশুজীবনের তরঙ্গেতে নাচিতে নাচিতে নির্ভিয়ে ছুনিতে হবে, সভ্যোর করিয়া প্রুবতারা। মৃত্যু করি না শক্ষা।

(চিত্রা: এবার ফিরাও মোরে)

—এ-সব ততুবাণী বৈশ্যবিচারে ভাববাদীদের অকেজো বাণী মাত্র, কার্মোদ্ধারের অভিপ্রায়ে মুম্বেই আউড়ানো যায়, চরিত্রে প্রতিভাত করার সত্যের আস্থা স্থাপন করা যায় না।.... রবীন্দ্র বাণী তাই মুম্বেই আনতে পারি, রবীন্দ্রকাব্যের প্রশংসা জনসমাজে করতেও পারি, কিন্তু জীবনে আনতে পারি না, অর্থাৎ ভেতর পেকে হয়ে উঠে, জেগে-উঠে দ্বিজ হওয়ার—বিষয়গত মন পেকে মঙ্গলগত মনে জন্মলাভ করে দ্বিজ হওয়ার—সাধনা যেন করতেই পারি না। অপচ এ-কথা আজ কে না জানে যে, রবীন্দ্রসাধনা দ্বিজহের সাধনা, নবজনেমর সাধনা যা আছি তা নয়, চিত্তসাধনার সর্বোচ্চস্তরে উন্নীত হওয়ার আনলে যা হওয়া সম্বর্ব, মানুষ হিসাবে হওয়া সঞ্চত—তার ভাব-চেতনায় জন্ম নেয়ার, প্রকাশিত-হওয়ার বেদনাবোধ-ই রবীন্দ্রম্ব, ভারতীয় ভাষায় দ্বিজ্ব, ব্রাহ্মণর। এই ব্রাহ্মণেত্বে, মানবিক মহাহম্ব্যাবিকাশের আনল্লেতত্বে, আবার বলি, সকল দেশের, সকল মানুষেরি অবিকার।....

আর্থশান্ত্রে অনার্থকে-ও যেমন ক্রমশ আর্থ করে নেয়ার বিধি আছে (শৃনুন্ত আর্থমনার্থ্য)—রবীন্দ্রশান্তের-ও তেমনি অ-ব্রাহ্মণবেক শিল্পবোধের তথা রসবোধের বিকাশে ব্রাহ্মণ করে নেয়ার আনন্দ্র আছে।....ওরুর উপদেশে নয়, কবিওরুর প্রেমাদর্শের চেতনায় তিনি পাঠক অন্তরে নবজীবনের দেবনা সঞ্চার করেন।....রবীন্দ্র-বাণীর তত্ত্ব-গভীরে সহসা হয়তো প্রবেশ করতে আমরা পারি না, কিন্তু শিল্পওণে মুঝ্ধ যে হই, রসের পুলকে হৃদয়াবেগের যে ক্রান্তি ঘটে—সে-বিষয়ে কোনোই সন্দেহ নেই। যা নিয়ে আছি তা নিয়ে থাকলেও আরো কিছু বৃহত্তর জ্যোতি:সম্পদ যে জীবনে-ই আছে, সে সম্বন্ধে কিছু না-কিছু আভাস যেন আসে। তথন বোঝাও যেন যায়, যে—ছিজত্বের দিব্যানুভাব দল বেঁধে—ক্লাস লেকচর শুনেই—অর্জন করা যায় না, একাকিছের আনন্দে জীবন-গভীরই তী অর্জন-করা সন্তব।...আগে 'হওয়া' পরে 'করা'। হয়ে যে উঠেছে, সে-ই করতে পারে। হয়ে-ওঠার আদর্শই রবীন্দ্রনাথের আদর্শঃ ব্রাহ্মণের আদর্শ।

রবীক্রকন্ধনার থ্রন্ধ যেমন কর্মহীন নন, থ্রন্ধমানবও তেমনি নন কর্মহীন। অজহা অমঙ্গলের মধ্য দিয়েই থ্র দেব মঙ্গলপ্রকাশে যেমন কর্ম করছেন—বাইরের সহস্য আক্রমণ থেকে, লোভ, মোহ, কামনা, ছলনা জিগীষা, জিঘাংসা প্রভৃতি শুদ্রভাবে বৈশ্যচাঞ্চল্য ও ক্ষত্রিয়বিকার থেকে—অন্তরের দিব্যতাপ্রকাশে, শূচিতাপ্রকাশে থ্রাহ্মণ তেমনি স্বার আড়ালে কর্ম করছেন, অর্গাৎ বাইরের অন্তর্মপ্রভাবে অন্তর্মকে অন্তচ-করা নয়, অন্তরের শুচিতার দাক্ষিণ্যে বহির্জ্পৎকে মানব-স্মাজের যোগ্যভূমি করার সংকল্প করছেন সাধনা করছেন।

্রহ্মবা ব্রাহ্মণের কর্ম তাই নীরবে, নিভৃতে সংগাধিত হচ্ছেন। হচ্ছে যে--এ-বিশ্বাস রাধো।

'অন্তরকে বাইরের আক্রমণ থেকে বাঁচাও।....থেকে থেকে ঘারতর কর্ম-সংঘাতের মাঝখানেই নিজের অন্তরকে নির্নিপ্ত বলে অনুভব কোরো। এই রকম ক্ষণে ক্ষণে বারংবার উপলব্ধি করতে হবে। ধুব কোলাহলের ভিতরে থেকে একবার চকিতের মতো দেখে নিতে হবে, সেই অন্তরের মধ্যে কে নো কোলাহল পৌঁছচ্চে না। সেখানে শান্ত স্তব্ধ নির্ম্মল। না, কোনোমতেই সেখানে বাহিরের কোনো চাঞ্চল্যকে প্রবেশ করতে দেব না।.

"এমনি করে সমস্ত কর্ম থেকে, সংসার থেকে, সমস্ত ক্ষোভ থেকে বিবিক্ত করে আম্বাকে যথন বিমুধ্ব স্বরূপ জানি তথন দেখতে পাই তা শূণ্য নয়, তথন নিজের অস্তরে সেই নির্দ্ধন নিস্তর্ধ পরম ব্যোমকে সেই চিদাকাশকে দেখি থেখানে, সত্যং জ্ঞানমনস্তং ব্র নিহিতং গুহায়াম। নিজের মধ্যে সেই আশ্চর্ম জ্যোতির্দ্ধয় পরম কোমকে জানতে পারি যেখানে সেই অতি শুদ্র জ্যোতির জ্যোতি বিরাজ্মান।"....(শান্তিনিকেতন, ১ম খও, পৃষ্ঠা, ১৮২-৮৩)

অন্তরে-বাহিরে শুচিস্কুলর হওয়ার সাধনা প্রথম প্রবস্থ ব্যক্তিগত একাকিফের সাধনাই বটে; তাই বলে তা শূনাগর্ভ Escapism নয়, তা জীবনের মুজি, গ্লদেয়র ক্রান্তিঃ মদেশমন্সলে, বিশ্বমন্সলে তা দেবযানগতি। ব্যক্তিসাধনায় অপ্তরে বাহিরে যাঁরা প্রক্ষানব, তাঁদের সাধনাই, 'রাত্রির তপস্যাই'—রবিকরোজ্জল শুল্ল 'দিন' করে আন্য়ন, সংসারকে 'এ্যানিম্যা-লিনির' লজ্জা থেকে 'র্যাশানালিনির' প্রঞাপথে যায় নিয়ে—ভেতর থেকে মানুমকে দীক্ষিত করে প্রেমসাধনায় আদর্শমন্ত্রে। সংসারে সত্যকার বড় মানুষ যারা, যাঁরা প্র মানব, তাঁরাই মনুষ্য জের আশা, দেবজের আশ্বাস, হ্লমের সাম্বনা, জীবনের শান্তি। তাঁদের দিকে চেয়ে, তাঁদের কথা ভেবে, তাঁদের মন্ত অনুসরণ করে' কলকোলাহলপূর্ল নিত্যবিক্ষুক্ক এই কারাক্ষেত্র থেইে আকাশ-দেখার প্রশান্তি কি অনুভব করি নে?

''বে-সমাজে কর্ম আছে, সেই সমাজেই কর্মকে সংযত রাঝিবার বিধান পাকা চাই— সন্ধ কর্মই যাহাতে মনুষ্যম্বের উপর কর্ত্ব লাভ না করে এমন সতর্ক পাহার। থাকা চাই। কন্মিদলকে বরাবর ঠিক পথটি দেখাইবার জন্য কর্মকোহলাহলের মধ্যে বিশুদ্ধ স্করটি বরাবর অবিচলিতভাবে ধরিয়া রাঝিবার জন্য এমন এক দলের ভাবশাল, খাঁহারা মুখাসম্ভব কর্মাও স্বার্থ হইতে নিজেকে মুক্ত রাঝিবেন। তাহারটে ব্রাহ্মণ।

এই ব্রাহ্মণেরাই যথার্থ স্বাধীন। ই হারাই স্বাধীনতার

আদর্শকে নিষ্ঠার সহিত, কাঠিপোর সহিত সমাজে রক্ষা করেন। সমাজ ইঁহাদিগকে সেই অবসর সেই সামর্থ্য, সেই সম্মান দেয়। ইঁহাদের এই মুক্তি, ইহা সমাজেরই মুক্তি। (স্বদেশঃ গ্রাম্বণ, পৃঃ ১২)

কিন্তু বৈশ্যপ্রধান সমাজে সকলেই যথন বিষয়কর্ম নিয়ে বাস্ত্র, এবং বিষয়কর্ম ও কর্ম-বাত্তাই যথন সর্বজ্ঞান ও স্বজাতি সম্পিত, তথন কর্মের উদের মন্যাহ-রক্ষার তত্ত্ব-সাধনা তেমন প্রেরণাপ্রদ বলে মনেই যেন হল না। কলে সমাজ তথন মনুষ্যাহের উদের মুনাফাকে স্থান দেয়, ছলে বলে কৌশলে আত্ম-প্রতিষ্ঠা ও দলপ্রতিষ্ঠার জয় পায়, চিত্তবৃত্তি তথন নিতান্তই নিম্নাভিমুখী হয় বলে ছোট কাজ, হীনাচরণ, শোষণ-তোষণ প্রভৃত্তি পাশব্যকারে লজ্ঞা পায় না, বরং সমর্থন করে বাস্তব বলে । বৈশ্যপ্রধান সমাজে ঘজ্ঞোপীবত্যারী তথাক্থিত জন্ম ব্যাহ্মণেরাও বীত্যারী বৈশ্যাচরণে তৎপর হয়, যুক্তি দেয় যে, না হয়ে যেন পারাই যায় না। সমাজকে শ্রেয়াবোধে তারা উল্লীত করে না ; চিত্তোন্যায়ে মহৎ কর্মে বিশ্বাস হারিয়ে তারা আধ্যাত্মিক নেতৃত্ব হারায়, সামাজিক দাসত্ব বরণে শূদাচরণকেই জীবন্চর্যা মনে করে। দেবত্বসাধনায় যে ব্যাহ্মণ নয়। সে নামেই ব্যাহ্মণ, কাজে নয়, ভাবে নয়।

''যে-নান্ধণ সাহেবের আপিসে নত মন্তকে চাক্রি করে যে-না ও অপনার অবকাশ বিক্রয় করে, আপনার মহান অবিকারকে বিগর্জন দেয়, যে-নান্ধণ বিদ্যালয়ে বিদ্যাবিধিক, বিচারালয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে বিচার-লয়ে কিচার-লয়ে কিবল কৈক্ত করিয়াছে, সে আপন আদর্শ রক্ষা করিবে কী করিয়া, সমাজ রক্ষা করিবে কী করিয়া এন্ধার সহিত তাহার নিকট বর্দ্রের বিধান লইতে যাইব কী বলিয়া ও সে তো সর্ব্বনানারণের সহিত সমান ভাবে মিশিয়া ঘর্মাক্ত কলেবরে আড়াকাড়ি ঠেলাঠেলির কাজে ভিড়িয়া গেছে। ভক্তির ঘারা সেন্তান্ধণ তো সমাজকে উর্দ্ধে আকৃষ্ট করে না—নিমেই লইয়া যায়।'' (স্বদেশঃ ব্রান্ধণ পূ ৯৩)

কবিওরুর 'কথা কাবোর' কবিতাবলীও সমরণীয়। ত্যাগ, সেবা, তিতিক্ষা, নির্লোভতা প্রভৃতি দেবসুন্দর ন্রাহ্মণ্য ওপকেই 'কথা'য় সিল্পরূপ দেয়া হয়েছে। (সমরণীয়ঃ প্রতিনিধি, পূজারিণী, অভিসার প্রভৃতি) কবিওরুর স্বাধুনিক গদ্যকাব্যেও ন্যাহ্মণ্চরিত্রের বিদ্যাবিলাস লক্ষ্য করেছি। 'পুনুন্চ' কাব্যের 'স্তুচি', 'মুক্তি', 'সানসমাপন' 'প্রথম পূজা' 'শিশুতীর্থ'—এ-প্রসঙ্গে চিন্তিত্ব্য। সন্ধান করলে রবীক্রনাথের নাটকে, উপন্যাসে ও গল্পওফের বহু গল্পে দিবাচরিত্র নুদ্ধান্যর আদুর্শ পাওয়া যাবে।

এই আদর্শের শিশুমূতিওলি বিশুজাতি আজ বুঝি-বুঝি করছে, ধরি-ধরি করছেন। ইউরোপ-আামেরিকার জাতি সমূহ যে-কোনো কারণেই হউক রবীক্রাদর্শের মর্যাদা স্বীকার করছেন।সমাজতান্ত্রিক বস্তুবাদী রাশিয়াও রবীক্রসাহিত্যে ও দর্শনে শ্রদ্ধার ভাব পোমণ করছেন। যতদূর মনে হয় এক সাম্যবাদী চীন ছাড়া রবীক্রমহত্বে ও তত্ত্বে সকল দেশ ও জাতিই শ্রদ্ধাশীল হয়ে উঠেছেন। মহাচীনের জীবনাদর্শ আজ জিগীমু ধর্মের সমর্থনে চালিত হলেও একদা তার চিত্ত ও চরিত্রের পরিবর্তন বানুবা, চীনেরো নবজন্ম হবে।

চীনের অনুসরণে অনেকেই আমরা রবীন্দ্রের থ্রন্ধতয়কে একদা নুর্জোয়া তম্ব বলে ব্যাখ্যা করতে গেছি। ঈশুরকে ধন্যবাদ, জাতি সে-ব্যাখ্যা গ্রহণ করে নি। আজ আমরা অনেকেই রবীক্রভাব ও ভাবনাকে অন্তরঙ্গভাবে বুঝতে চেটা করছি।.... কিছু না পারি এটুকু অন্ততঃ বুঝতে পারছি যে, পুঁথিগত বিদ্যা বা পাণ্ডিত্য নয়, সেকেলে গোড়ামি বা একেলে মাতব্দরি নয়, যুদ্ধাদর্শের বাস্তব উপলব্ধি ও আচরণই রবীক্রজীবন, দর্শন, ও কাব্যাম্বাদের অম্বিতীয় সহায়ক।

বর্তমান শতাব্দীতে কবিগুরু আমাদের শিশুসৌন্দর্যে টান দিয়েছেন—আরো কয়েক শতবর্ষ পরে জীবনের গভীর খেকে টান দেবেন: তথন আমরা ভেতর খেকে ঘর হয়ে উঠব, নবজন্ম লাভে, দিজা হব, হব ব্রাহ্মণ,—অন্তর্জীবনের দিব্যেউজ্জন্যে ব্যক্তিজীবন, সমাজজীবন, রাষ্ট্রজীবন তথা বিশুজীবনকে করব অভিস্তুতে। রবীক্রসাধনায় ভারতবর্ষের, অধণ্ড এসিয়ার এবং বিশুপ্থিবীরে। এই আশুসাস, এই স্বপ্র ও সংকল্প:

বিশ্ব্যাপী নামহীন আনন্দ দিক আমাকে নিরহংকার মুক্তি। গেই অন্ধকারকে গাধনা করি যার মধ্যে স্তব্ধ বসে আছেন বিশ্বচিত্রের রূপকার, যিনি নামের অতীত, প্রকাশিত যিনি আন্দেদ।

(শেষ সপ্তক)

বর্ত্তমানযুগে কবির এই উক্তিগুলি অনেকের কাছেই হয়তো সেকেলে এবং অবাস্তব বলে মনে হবে।....গণতান্ত্রিক রাষ্ট্রে সকলের সমান অধিকার অর্থাৎ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-শৈব্য-শূদ্র সকলেই সমভাবে কাধে কাধ মিলিয়ে কাজ করবে—এই তো আদর্শ।... আমার সামারাদী বহু দের আদর্শের তো সমকেই সমান—উচ্চনীচ ভেদাভেদচিন্তা তো প্রতিক্রিয়াশীল বুর্জোয়া চিন্তা ছাড়া আর কিছু না।

ঠিক। কিন্তু ভেদাভেদচিন্তা নশ করেও কি বলা যায় না, যে, দলের মধ্যে যিনি নেতা—বিদ্যা, বুদ্ধি, ত্যাগ ও কর্মসাধনায় সাধারণ থেকে তিনি অনেক বড় ?....আর এ-কথাও কি সত্য নয়, যে, নেতা যদি যথেছোচারী হন, একছেত্রনায়ক হন, তবে জনসাধারণ তাঁকে ভয়ে বড় ভাবে, কিন্তু জীবনাদর্শের মহৎওণে জনসমর্থনে সর্বসন্মতভাবে যদি নেতৃত্ব পান—তবে ভক্তি-শ্রদ্ধায় তিনি লোক চক্ষে বড় হয়ে উঠেন ? ভয়ের বাঁধন লোকে ছিয় করেতেই চায়, কাজে যদি না পারে, মনে মনে চায়। ভক্তির বাঁধন লোকে তো ছিয়া করেই না—বরং বাঁধনের মহিমাতেই চিত্তমুক্তির পায় প্রেরণা।

গণতাপ্ত্রিক সমনাধিকার বা সামাবাদী অভেদৰ মেনে নিয়েও বলা যায়, সমাজে যেমন নেতা আছে, আছে তাঁর অনুসারকবর্গ, সংসারে তেমনি প্রেমিক আছে, আছে তাঁর প্রেমোপাসক। লক্ষ্য করলেই দেখনে—সত্যকার যিনি নেতা, সর্বজনবরেণ্য নেতা, তিনি নিজের ব্যক্তি স্থপের জন্য যত কম চান, সর্বসাধারণের সঙ্গে যত সমান হতে চান, ততই তাঁর ব্যক্তিৰ বাড়ে, কথার মূল্য বাড়ে,

অনুসারসের সংখ্যা বাড়ে। সকলের জন্যে যিনি, সকলের তিনি শ্রদ্ধার পাত্র, সকলের সমসারে উপবেশন করেও অধ্যাম্বিক উচ্চাসনে তিনি সমায়ীন। নেতাকে তাই ব্যক্তিস্বার্থ বলি দিতে হয় বিশুস্বার্থে: ব্যক্তি-ইচ্ছাকে বিশু-ইচ্ছায় যিনি সমর্পণ-করার মহামন পেয়েছেন—তিনিই নেতা।

বিদ্যা, বুদ্ধি, শক্তি, প্রতিভা, ত্যাগ ও প্রেমের যেমন তারতমা আছে, শক্তাদি গুণানুসারে নোদের মধ্যেও তেমনি ছোট-বড় ভেদ আছে। সত্য কার বড় যিনি, ছোটদের তিনি ছোট না ভাবতে পারেন (না ভাবে পারাতেই তাঁর মহত্ত্ব ও নেতৃহ) কিছু ছোটরা জানে, ভারে কিংবা ভক্তিতে জানে, তাঁরে ওপর বড় আছে, বড়-র বড়-ও হয়তো আছে।....

নৈতার লক্ষ্য যদি গোটি গত, সম্প্রদায়গত, তবে বিশেষ কোনো গোটি বা সম্প্রদায়ের কল্যাণেই তাঁর কর্ম, তাঁর ত্যাগ তিতিক্ষা সংগ্রাম বা সাধনা। কিছু নেতা যদি বিশ্বজনীন কোনো উচ্চাদশে বিশ্বাসী হন, দীক্ষিত হন, তবে, বলাই বাহুল্য, সেই আদর্শ-জালনেই তাঁর প্রাণপণ সাধনা।

এই সাধনা যত সত্য, অন্তরে বাহিরে তিনি ততই সত্য। সত্যানুসরণই তাঁকে ব্যক্তিবাসনা থেকে বিশ্বসাধনায় তথা বিশ্বসঙ্গলে উদ্দীপ্ত করে। বিশ্বের সকলকে স্বীকার করেই তাঁর ব্যক্তিবিকাশ, কারোকে উপেক্ষা করে নির্দ্ধিত করে বা শোষণ করে নয়। সকলের গুরুকন্প ভিত্তিতাজন হয়েও তিনিসাধণের মত অতিসাধারণ দায়-দায়িত্ব ক্ষত্কে নেন—নেতা বলে বা গুরুবলে স্বতম্ব কোনো ভোগালস্যের স্কুযোগবিলাস তিনি চান না।

এমনতর নেতা রাজনৈতিক গণতঞ্জে বা সাম্যতন্ত্রে আছেন কি না জানি না, কিন্তু ব্রন্ধাতন্ত্রে আছেন। সাম্পুতিক কর্মভারাক্রান্ত বিক্ষুর যুগেও ব্রন্ধাতন্ত্রে বিশাসী মানুষ জানে—ব্যক্তিগতভাবে, সমাজগতভাবে রাষ্ট্রাধিকারক্ষেত্রে অবশ্যই তিনি সকলের সমান, সকলের কাঁধে কাঁধ মিলিয়েই চলতে চান, কিন্তু একটি জায়গায় তিনি স্বতন্ত্র: প্রেমের সাধনায় তিনি হতে চান অননাচরিত্র, ত্যাগের মহিমায়, অনুপম মানুষ।

কবিগুরুর বিশাসঃ ধরিত্রী এই যত অনুপম মানুষেরই প্রতীক্ষা করছে। যারা কুন, যারা লুন, মাংসগন্ধে যারা মুগ্ধ, আন্ধার মহতুসৌন্দর্যে বিশ্বাস নেই যাদের, মানুষ হয়েও জন্তুর মত বীভংস চীংকারে যারা বাজী মাৎ করে বা করছে—সাম্পুতিক যুগে জনসমাজে তাদের প্রভাব বৃদ্ধি পেলেও, নীরবাসনে নিস্তন্ধ ধরিত্রী ''ত্যাগীরে প্রত্যাশা করি'' আছে সমাসীনাঃ

ইন্দ্রের ঐশ্বর্য নিয়ে, হে ধরিত্রী, আছ তুমি জাগি ত্যাগীর প্রত্যাশা করি' নির্নোভেরে সঁপিতে সন্মান, দুর্গমের পথিকেরে আতিখ্য করিতে তব দান বৈরাগ্যের শুভ সিংহাসনে।

(সেঁজুতি: জন্মদিন)

অবশ্য অর্থনৈতিক নিত্য অভাব ও অব্যবস্থার যুগে ত্যাগের বৃহৎ ধর্ম কিনা ব্রহ্মাদর্শ, চরিত্রে প্রতিভাত করা সহজ্প ব্যাপার নয়। পেটের দায়ে কর্ম-করার সঙ্গে সঙ্গে ব্রহ্মধর্ম পালন-কর। খুবই কঠিন যে, সে-বিষয়ে কোনো সন্দেহ-ই নেই। কিন্তু এ-কথা যদি সত্য হয়, যে কঠিনকে সরল করে আনার শক্তি-স্বভাব মানুষের

মধ্যেই আছে—এবং আফিসে কলে, কারপানায়, ইস্কুলে, কলেজে, কোর্টে এমন মানুষেরে। দর্শন মেলে যাঁরা অল্পের জন্য বহুকে হনন করেন না, তুচ্ছ মোহাসক্ত হয়ে মনুষ্যত্বের উচ্চধর্মকে দেন না জলাঞ্জলি।....আমাদের ইস্কুলকলেজে, কলেকারপানায় সাধ্যমতো যারা সত্য বলে, সত্য করে, জাতীয় বোধে করে কর্ম, বিশ্ববোধে দেয় মন, ফাঁকি জানে না, জ্ঞানতঃ করে না অন্যায়, লোভ করে না অসকত বিষয়ে, ক্ষোভ করে না অকারণে— সাম্পুতিক ভাষায় আমরা তাঁদের 'নির্বোধ' বলে' কি 'সাধু' বলে কৌতুক করতে পারি—কিন্তু মনে মনে তাঁদের শ্রদ্ধা না করেও তো পারি না।....সীমিত জীবনের সংকীর্ণ গণ্ডীর মধ্যে থেকেও, ইচ্ছা থাকলে, বড় আদর্শ জানা যায়, মানা যায়। বৃহত্তম শ্রেষ সন্থাধ ধারণা নেই বলে তুচ্ছকেই আমরা শ্রেয় মনে করি। তুচ্ছ কেন্দ্রিত হয়ে মনটা তুচ্ছ-ই হয়, সংকীর্ণই হয়। বড় আদর্শ জীবনেরি ব্যাপার, কিন্তু সংকীর্ণ মনের কাছে বড় আদর্শ জীবনবহির্তুত অবাস্তব ততুক্থা বলেই প্রতীয়মান হয়।

বঁড় আদর্শকে গ্রহণ করতে এবং চরিত্রে ফুটিতে তুলতে যে মনঃশক্তি এ অধ্যাখ্যক্তির প্রয়েজন—সংসার বা সমাজের কর্ম তার অন্তরায় নয়। কর্ম করেও আমি অবকাশ পেতে পারি, ধর্ম করার অবকাশ, যদি কর্মের উর্ধের স্থাপন করি আমার জীবন কে।...পেটের দায়ে আপনি কলকারখানায় যাচ্ছেন কি হাটেনাজারে বসছেন, ডাক্তারি করছেন কি উকীলী করছেন কি মাইারি করছেন বা কেরাণীগিরি করছেন—কিন্তু মানুষ হিসাবে যদি সত্য খাকেন, ন্যায়সঙ্গত কর্ম করায় বা করানোয় খাকেন তৎপর, অন্তরে বাহিরে প্রার্থনা করেন নিজের কল্যাণের সঙ্গে সকলের কল্যাণ—তবে পেট-সর্বন্ধ জীবনবাদের সংকীর্ণতা সাম্প্রতিক যুগকে প্রভাবিত করলেও মানবিক আপনাকে করবে না।....

পেটসর্ব স্ব জীবনবাদের প্রভাবে কী আমরা দেশকে বা সমাজকে দিচ্ছি তা দৈখি নে, কী পাচ্ছি বা পাচ্ছি না, সেইটেই বড় করে দেখি।....দেয়ার ইচ্ছায় নয়, দাবীর বাসনায় মত্ত হয়ে সমাজেরি শুধু নয়,র নি জর মনরো ক্ষতি করি—কিন্তু করি যে, তা বুঝ-ও বুঝি না যে-মনকে বিশুমঞ্চলে দীক্ষিত করা সম্ভব, সেই মনকে ব্যক্তিস্বার্থে বা দলস্বার্থের করি প্রমন্ত।

অসম্ভোদ, দর্মা, ছলনা, ফাঁকি, আত্মর্গর্মতা বা গোর্চিপোদণ, মোসাহেবী কি শোষণ কৌশল—বৈষ্যিক জীবনে অবশ্যই বাস্তব। বৈশ্যাদর্শে এগুলি খুবই কার্যকরী। সংসারে আজ বৈশ্যরাই সংখ্যাগরিষ্ঠ বলে—বীডংস মন্ত্রে বৈশ্যমপ্রই উবীপ হচ্ছে, সম্পিত হচ্ছে।কিন্তু অভাবে বৈশ্যকর্ম নিয়েও ধাঁরা মভাবে ব্রাহ্মণ—কর্মকারাগারে বদ্ধ হয়েক শ্রেয়ঃ সাধনায় তাঁরা মোহমুক্ত। চাকরী করেও তাঁরা আপনকার মানস-মহিমার ''মহান অধিকারকে'' বিসর্জন দেন না, অর্থাৎ সৎভাবে তাঁরা কর্ম করেন, সংভাবে উপার্জন করেন অর্থ, যা করেন তাতে তাঁর সংসারের অভাব না মুচলেও অর্থের কারণে মোসাহেবী করেন না কারোর কিংবা বলেন নাঃ যা পাই তাতে কম কাজ করাই সঙ্গত, অর্থাৎ কাজে ফাঁকি দেয়ানাতেই চাতুর্যের তৃপ্তি, সেইহত্তে বাস্তব আদর্শ।

এই যত স্বভাব-খা নারাই সমাজের আদর্শ। ''দুচ্ভাবে, উন্নতভাবে অনুদ্ধভাবে 'জীবনে:' প্রমধনটি রক্ষা' করে চলেন বলে' সমাজ বৈশ্যভাবাপা। হয়েও আজও তাঁদের মান্য

করে, ভক্তি করে। জীবন দিয়ে তাঁরাই প্রমাণ করেন—জন্মব্রাহ্মণ নয়, স্বভাবব্রাহ্মণ-ই ব্রাহ্মণ।.... ব্রাদ্ম ধর্ম না-ধরেই ব্রাহ্মণদের
যিনি অহংকার করেন, তিনি মূচ তিনি অর্নাচীন। ব্রাহ্মণফে
অহংকার নয়, ব্রাহ্মকর্মে ও ধর্মে দীক্ষা এবং তদনুসারে সাধ্যমত
আচরণই ব্রাহ্মণকে ব্রাহ্মণ, এমনকি শুদ্রকে-ও, ব্রাহ্মণ করে।...
মানুষের সমাজে যদি ব্রাহ্মাদর্শ থাকে, ব্রাহ্মণ থাকেন, ''আদর্শ
সজীব থাকে, ধর্মপাক্তেনর চেটা থাকে, হেক আথে যাক কেহ
পিছাইয়া পড়ক, কিন্তু পথের পথিক যদি থাকে, যদি এই আদর্শের
প্রত্যক্ষ দৃষ্টান্ত অনেকের মধ্যে দেখিতে পাওয়া যায়, তবে সেই
চেষ্টার হারা সেই সাধনার হারা সেই সফলতাপ্রাপ্ত ব্যক্তিদের
হারাই সমন্ত সম্প্রদায় সার্থক হইয়া থাকে।'' (স্বদেশঃ ব্যাহ্মণ,
পৃঃ ৯৪)

রবীজনাথের জীবন্সাধনা তথা কাব্যসাধনার মূলে এই ব্র বাদ, এই ব্রাদ্ধণৰ মনুষ্যবের মহিমা প্রকাশের এই আনন্দতত্ত্ব।শূদ্রমনকে তিনি ব্রাধাণায়িত রতে চান প্রেমের আনন্দে ।.... অহং নয়, ব্যক্তিস্বার্থ নয়, আস্থার পথে বৃহত্তর ভূমার চেতনায় তাঁর চিত্তাভিসার। বর্তমান যুগে রবীজ্রপ্রীতি দেধে কি অনুমান করব—রবীজ্রনাথের এই যুদ্ধাদর্শ সাম্পৃতিক সমাজকে স্পর্ণ করেছে ?....ববীক্রসাহিত্য, জীবন ও কাব্যপাঠে বর্তমান পৃথিবী যখন আনন্দ প্রকাশ করছে, তখন ধরে কি নেব যে, অওগূঢ় গোপন জীননে মানুমের রগবোধ, দেববোধ কি না ব্রহ্মবোধ বিশুদ্ধ হয়ে যায় নি, ফব্রুধারার মত এখনো প্রবহমান ?.... নৈয়য়িকতার চাপে পড়ে মানুষ আছ বহিবিষয়ক ব্যাপারওলির বন্ধনেই আছে বন্ধ, কিন্তু অবসবের কোনো শুভ মুখুতে রবীক্রপাঠ করামাত্র আজও তাহলে সে বুঝতে পারে—অন্তলীবনে সে আর এক নৃত্ন মানুষ--যেখানে সে 'যুক্ত' হতে চায় 'সবার সঙ্গে', জীবন খেকে জীবনে তার গতগতি, আনির্বচনীয়ের আকর্ষণে তার আনন্দ, মানবহ্রদ্ম তার প্রেম, হ্রদ্মানন্দে তার শিল্পমূক্তি প

মানুষের এই প্রচন্তর মনুষ্যম্ব বোধ, এই দেবস্বমহিমার আনন্দ বোধ শিল্পকৌশলে কবি মনোময় সৌন্দর্যে প্রকাশ করেছেন। তিনি যা বলেন, যেমন করে বলেন—বড় সমাদরেই আমরা তা গ্রহণ করি, আধাদও করি-–কিন্তু জীবনের তা ঘরে রাখতে পারি না। হয়ে উঠি না, তাই দ্বিজ হওয়ার, নব চেতনায় নূতন ভব্য লাভ করার, গৌভাগ্য হয় না প্রমূদিত।

হয়ে না-উঠলে রবীক্রসাধনার মর্মবাণী সম্যক উপলব্ধি করা সম্ভব না ।...মনে রাখা ভালো কবিওরুর জীবনতত্ত্ব হয়ে-ওঠার তত্ত্ব, প্রচলিত কোনো দর্শন বারার বা দর্শনশাখার প্রবৃতিত তত্ত্ব নয়। কবির বালক কালের রচনা রকবিকাহিনী তেই এই হয়ে-ওঠার ব্যাকুলতাটি লক্ষ্য করার মত। কামমোহ পেকে প্রেমবৈরাগ্যে, তত্ত্বের ভাষায় শ্রন্ধভাবে, উত্তীর্ণ হওয়ার আকপাকু ভারটি প্রশিধানযোগ্য। মানসী কারেয় এসে কবি জীবনগত দেবসত্যের নির্দেশ স্পষ্টত প্রেয়েতন বলে মনে হয় (সমরণীয় 'নিহফল কামনা', স্থরদাসের প্রাথনা', অহন্যার প্রতি প্রভৃতি)

সোনারতরী-কাব্যপেকেশেষ লেখা পর্যন্ত প্রেরের দুর্গন পথে নিরুদ্দেশ মাত্রা। এ-মাত্রা, বলাই বাছল্য, আমি-জীবন পেকে আমি-জীবনেই মাত্রাঃ মে-আমি আজ আছি সেই আমি পেকে মুর্গাৎ জীব-আমি থেকে, শিব-আমিতে যাত্রা।



রবিঠাকুরের ছবি

জোসেফ সাউথ হল

ঠাকুরের ছবি আমাদের বাধা করে কিছুক্ষণ ধম্কে দাঁড়াতে, নিজেদের চেতনার কাছে নতুন ক'রে চিত্রাঙ্কণের প্রশু উবাপন ক'রতে: রং আর তুলি ব্যবহারের, কিম্বা যে-কোন শিল্পকর্মেরই উদ্দেশ্য কি ? একি আমাদের কণিক মনোরঞ্জন অথবা সাময়িক সাচ্চশ্যবিধানের এক মজার পেলনা ? নাকি চেতনার অনুভূতি-গুলিকে এক আয়ার গভীরে পেকে আরেক আয়ার গভীরে নিয়ে যাওয়ার দতিয়ালী ?

যেসব শিল্পী দর্শকসাধারণকে সহজেই আকর্ষণ ক'রতে সমর্থ, মিছি লর প্রচুর হাততালি-পাওয়া বজাটির মতো তাঁর। সকল সময়েই সতর্ক থাকেন, যেন তাঁদের শিল্পকর্ম সাধারণ দর্শকের প্রচলিত ধ্যান-ধারণাকে কোনদিক থেকে আঘাত না করে। যে ধরণের শিল্প দর্শকদের কাছে কঠিন মানসিক এবং আদ্বিক প্রস্তুতির দাবী জানায়, জনপ্রিয় শিল্পীরা সচরাচর তার হাওয়া থেকে তফাৎ থাকেন। কিন্তু সত্যিকারের কবি অথবা চিত্রী আমাদের দৃষ্টি সেখানেই আকর্ষণ করেন যেখানকার কোন দৃশ্য কোনদিন আমাদের দেখা হয়নি।

রবীক্রনাথ ঠাকুরের ছবিগুলি আরো প্রমাণ ক'রলো, কবি
যদিও কথার ব্যবহারে স্মাটের মতোই শক্তিমান, তথাপি তিনি
অনুভব করেন,—স্দয়ের কোন কোন ভাবনা কবিতায় নয়, শুধু
ছবিতেই প্রকাশ করা সম্ভব। ছবির রং, ছবির ভাষা আর ছবির
রেখা তাই এক মহৎ কবিকে আরো দুরে, চেতনার আরেক রাজ্যে
আকর্ষণ করে।

চিত্রান্ধণের সার্থক ব্যবহার শারীরবিদ্যার সূক্ষাতিসূক্ষ জ্ঞান কিয়া পরিপ্রেক্ষিতের চুলচেরা বিচারের মতো বহির্জগতের বিশেষ ভাবনাগুলির আশ্রয়ী নয়। শিল্পীর তুলিতে রেখা আর রং বে-ভাষায় মনের কথা বলে, তা কোনো ছবি আঁকার স্কুলে শেখানো অসম্ভব। বরং বহিরক্ষের প্রতি মাত্রাতিরিক্ত আকর্ষণ প্রায়ই শিল্পীর স্বপু ও স্বকীয়তাকে আঘাত করে, গ্রষ্টার পুরুষকারে অনাস্থা জানায়। ঠাকুরের আঁকা ছবিগুলিতে আমি যা দেখতে পাই তা হ'লে। শিল্পীর ধ্যানস্থ মনের প্রকাশ-ব্যাকুলতা। রেখা

আর রংয়ের ছন্দ-স্থমায় তিনি এমন করে রূপ দৃণ্যাবলী অবলোকন করে থাকেন, পারস্যের গালিচায় কিছা ঢাকাই মস্লিনে আমরা যে-ধরণের শিল্পকর্ম ও রুচির ব্যবহার দেখতে পাই। অনেকটা তেমনি সহজ ছন্দের গভীর হাওয়া লেগেছে ঠাকুরের ছবিগুলিতে। রবীক্রনাথের রং-নির্বাচনের বাহাদুরি সত্যি তুলনাহীন; যেনসতার গভীর থেকে এইসব রং আপন চেষ্টাতেই ক্যানভাসের উপর নিজেদের প্রতিভাত ক'রেছে, এমনি স্বাভাবিক তাদের ব্যবহার।

কিন্ত এখানেই সবক্ধা ফুরোয় না; রবীক্রনাথের ছবিতে আরো আছে। চেতনার গভীরে যেসব ভাবনা কথা বলে, ধেলা করে, তারাই প্রাণ পেয়েছে ঠাকুরের ছবিতে। এ-ছাড়া প্রকৃতি, মানুষ এবং এমনকি পশুও সন্তার নিভৃতে যে অন্তরাশ্বার সন্ধানী—রবীক্রনাথের ছবি তাকেই বাবে বাবে প্রকাশ ক'রতে চেয়েছে। তাদের মুখ, চোখ এবং চলার ভঙ্গীতে শিল্পীর ব্যবস্ত রং আর রেখা যে অনবদ্য ভাবজগতের স্থাষ্ট ক'রেছে তা প্রাণী-মানসের আধ্যাশ্বিক স্বচেতনাই দর্শকদের সামনে উপস্থিত ক'রতে সমর্থ।

শিল্পী রবীক্রনাথের এইসব অভিব্যক্তি কি কথায় বোঝানো সম্ভব, নাকি কেউ মুখ ফুটে ব'লে দিতে পারেন,—'ঠাকুর এই ছবিতে এই কথাই ব'লতে চান' অথবা 'এই ছবিতে তাঁর বক্তব্য মোটামুটি এই'....? আমার দৃঢ় ধারণা, ঠাকুরের ছবির এইসব ব্যাখ্যা অচল, কেননা কথা দিয়েই যদি ছবির সকল বলা ফুরিয়ে দেওয়া যেতো, তাহ'লে এ-কাজতো কবি রবীক্রনাথেরই সাধ্যায়ত্ত ছিলো সবচেয়ে বেশী। আর কবি যদি ছবির সকল ভাবনাই গুছিয়ে লিখতে পারতেন, তাহ'লে কেন তিনি আঁকতে চাইলেন, কেন রেখার ওপর রংয়ের আল্পনা রচনা ক'রলে ?

আমর। তাই ঠাকুরের আঁক। ছবির সামন নীরবে এসে দাঁড়াই, ছবি দেখি, আর সত্তার ভেতরে তলাই, তলাতেই থাকি; আর যদি সত্তিয় বলার স্থিরতা আমাদের ছেড়ে না যায়, তাহলে এ-সব ছবি সম্পর্কে শুধু এইটুকুই ব্যাখ্যা দেওয়া চলে যে, আমাদের এই গভীরে যাওয়াটাই রবীক্রনাথের ছবি দেখা, কেন না এ-চলার শেষ নেই, প্রত্যাবর্তন নেই।



Last Journey from Santiniketan to Calcutta in a Special Train on July + 25, 1941

শাখিনিকেতন ২ইতে শ্বেষ বিদায় (কলিকাতার পথে ২৫শে জ্লাই ১৯৪১)



Shri Jawaharlal Nehru and Dr. Tan Yun Shan with the Poet

শান্থিনিকেতনে জওহরলাল ও ভান মূন সেন সহ

त्रवीस-अिंखात रेविनिष्ठा

মূলক রাজ আনন্দ

গত দেড়শ বছরের ভারতীয় মানস-ইতিহাসকে কোন সাধারণ লক্ষণ চিহ্নিত করতে গেলে বলা যায়, দীর্ঘ নৈরাশ্য ও আশাভক্ষের যুগ। পাশ্চাত্য যন্ত্র-সভ্যতার আঘাতে আমাদের স্বন্ধপরিসর, শ্রুথগতি গ্রামীণ জীবন ভেক্সে পড়েছে, রেলপথ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি কাদামাটির কুড়েঘরকে শান-বাঁধানো শহরের সঙ্গে যুক্ত করেছে, বাইরের মেলামেলিতে আমাদের শহরগুলি বৃহত্তর পৃথিবীর সক্ষে ঘনিষ্ঠ হয়ে উঠেছে। আম্বন্মাহিত, স্থবির ভারতবর্ষে সে এক অভূতপূর্ব আলোড়নের সূচনা। তার ঘুম-ভাঙ্গার দিন; ম্বিত ক্রপান্থরের ক্রান্থিলগু।

এই নবরূপায়ণের হোতা উদ্যোক্তারা বিদেশী বলেই পুরানো প্রথার জ্ঞাল ও আনর্জনা ঝোঁদিয়ে বিদায় করার কথা ভাবলেন না, রূপান্তরের বন্যায় যে সব ধ্বংসের স্তুপ ভেসে যায়নি, তাকে যুগোপযোগী করবার কোন চেটাও করলেন না। ফলে, যে নতুন সভ্যতার স্বষ্টি হল তার রূপটা কৃত্রিম, পাঁচমিশেলি। একই সভ্যতার প্রবাহে বিভিন্ন ও বিরুদ্ধধনী সংস্কৃতির রেশ স্বতম্ব অন্তিম নিয়ে রইল, সব মিলিয়ে নতুন সত্যভা ও সংস্কৃতির কোন নৈশিষ্ট্য লক্ষণ, কোন বিশেষ প্যাটার্ণ ফুটে উঠলো না।

প্রাচীন আচার-ঐতিহ্যের চিরাচরিত ধারাকে এই নতুন প্রবাহের অঙ্গীকৃত করার, নতুন কাঠামোয় তাকে ধাপ পাইয়ে নেবার, চেষ্টা হয়নি এমন নয়; কিন্তু বিদেশী শাসক কোন দিনই এই প্রচেষ্টাকে স্থনজরে দেপেনি। আত্মন্থ হবার বাসনাকে তারা প্রথম থেকেই প্রতিহত করেছে। এমন পরিস্থিতিতে ভারতীয় সমাজ-মানসে বিপর্যয় অনিবার্য হয়ে উঠবে, সন্দেহ নেই। হলোও তাই। সামন্ততান্ত্রিক অতীতের অন্ধ কুসংশ্কার, বহুব্যবহারে জীর্ণ রীতি-পদ্ধতি ও লোকাচার প্রাপ্রসর কালের আবেগ ও উদ্দীপনার পাশাপাশি বেঁচে রইল; নতুন জীবন-উৎস থেকে উৎসারিত সংস্কৃতি দেশের সর্ব্য পরিবাাও হতে পারলে। না।

এই সময় থেকেই ইংরেজের স্বাতয়্যপরায়ণ নীতির সূত্রপাত।
বৃহত্তর সম্ভাবনাময় জীবনের আস্থাদ ভারতবর্ষ যখন সবেমাত্র
পেতে স্কুরু করেছে, পাশ্চাত্য সভ্যতার উদার্য ও অকৃপণ ঐশুর্যকে
যখন সে একান্ত শ্রদ্ধায় অকুণ্ঠিতভাবে আপন করে নিতে যাচ্ছে,
সেই মুহুর্তেই ক্লাং আমাত এলো। লর্ড ম্যাকলে ভারতবাসীর
মুখে ইংরেজী বোল ফোটাতে চাইলেন, লর্ড বেণ্টিক নতুন
শিক্ষাপরিকল্পনা চালু করলেন। এই পরিকল্পনা দুটির একদিকে
ছিল প্রাচীন ভারতীয় ঐতিহ্যকে অবহেলা ও উপহাস করার
স্বার্থবৃদ্ধি, অন্যদিকে ছিল মেকি ইংরেজী শিক্ষার মাধ্যমে সরকারী
স্বার্থবাহক কেরাণী স্কুটর শান্যোজন। বাধা-নিষেধের বেড়াজালে
নতুন সঙ্গী জুটলো 'বিপজ্জনক চিন্তার' উপর খবরদারীতে।
যে-সভ্যতা এসেছিল সর্বমানবের বিজয়াঘোষণা নিয়ে, কার্যকালে
দেখা গেল তা দারোয়ানির বেশি কিছু নয়।



বিদেশী স্বার্থের নানা-পোড়েনে দেশীয় সমাজ-মানসের এই গোঁজামিল রূপেরই নাম ঔপনিবেশিক সমাজব্যবস্থা। বিকৃতি এর স্বভাব-বর্ম। সমাজের ক্রাটি ও গলদ সম্পর্কে যে সাদজাগ্রত দৃষ্টি ও চেতনায় নতুন স্পট্টমুগী যুগের উদ্বোধন সম্ভব, চিন্তা ও মানস-প্রকরণের যে সজীবতা ভার সহায়ক, বলা বাহল্য, এই পরিবেশে তা স্বভাবতই দ্র্লভ।

সামাজিক অভিব্যক্তির সঙ্গে সাহিত্যিক অভিব্যক্তির কোন স্থনিদিট স্মান্তরলতা আছে, একখা বলি না। কোন বিশেষ যুগের সাহিত্য তৎকালীন সমাজ-জীবনের বহিরঞ্জ রূপ দার। সম্পূর্ণ নিয়ঞ্জিত বা তার হুবহু প্রতিকৃতি, এমন বলাও আমার উদ্দেশ্য নয়। তাহলে, আধুনিক কালে কোন মহৎ শিল্পপ্রচেষ্টাই সম্ভব হতো না, এযুগের সাহিত্যিকের। এত সার্থক রচনা স্কষ্টি করতে পারতেন না। সমাজ-জীবনের সঙ্গে শিদ্ধী-মানসের যোগাযোগ এত সরল রেখায় নয়, তা ভারে। জটিল, অনেক সাপিল। শিল্প-বিচারে মন্দ্রনাদের সূত্রও তাই অনেক সৃক্ষ্য। এর কারণ, স্বজনধর্মী শিল্পী সমাজ-প্রবাহের চলমানার সঙ্গে যতা। যক্ত, তার উৎস বা পরিণতি সম্পর্কে ততান মনোযোগী নন। আর সামাজিক ক্রিয়া-কর্ম মূলত জীবনের বহিরঞ্জ-সংশ্লিষ্ট বলে ব্যক্তি-মান্সের সঙ্গে তার কোন সরাসরি যোগ থাকে না। তাছাড়। সাহিত্যের একটা নিজস্ব ধারা বা গতি আছে, যার বেগফল সময় সময় সামাজিক কার্যক্রম খেকে বিচ্যুত হওয়। অসম্ভব নয়। তবে, সামাজিক ক্রিয়া-কর্মের শেষ পরিণতি সমাজ-মানসের রূপান্তরে এবং সামাজিক প্রতিষ্ঠানের পুনর্গঠনে, তাই সাংস্কৃতি রূপান্তরের সঙ্গে তার একটা পারম্পরিক সম্পর্ক না থেকেও

উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায়, ফরাসী বিপ্লুবের সাফল্যে ভোলেটয়ার, ডেডিয়ট প্রমুখ অষ্টাদশ শতকীয় চিন্তানায়কদের দান নেহাৎ সামান্য ছিল না। এই সব চিন্তানায়ক যে সমাজ-পরিমণ্ডলে পরিবর্ধিত হয়েছেন, পরবর্তীকালে তাঁরা তারই বিরুদ্ধতা করেছেন এবং কাগজে-কলমে রাজা ও চার্চ পেকে স্তর্ক্ক করে কুশিক্ষা পর্যন্ত সকল প্রচলিত বিধিব্যবস্থা উৎপাতের রায় দিয়েছেন। রুশ-বিপ্লুব সম্পর্কেও একখা সমানভাবে প্রযোজ্য। পুশ্কিন পেকে স্তর্ক্ক করে টলস্টয় ও গোকী পর্যন্ত রাশিয়ার সকল মহৎ সাহিত্যিক এবং লেনিনের চূড়ান্ত সমালোচনাই রুশ-বিপ্লুবের পথ প্রস্তুত করেছে।

এডওয়ার্ড ও জন্ধীয় যুগে স্বাধীন ও বাধানিষেধমুক্ত চিন্তার অভাব, অগ্রগতির স্থনিদিষ্ট পদ্মনির্দিয়ে গংশয়ে ও দোদুল্যমানতা, প্রাচীন প্রধা ও লোকাচারের অভিসদ্ধিপ্রসূত দীর্ঘায়ুম্ব, কৃপণের অবরুদ্ধ ভাণারের মত জ্ঞান-বিজ্ঞানের অধিকার থেকে বঞ্চনা প্রভৃতি নানা কারণ জাতীয় বুদ্ধিজীবী মহলের উল্লিখিত নৈরাশ্য ও হতাশার জন্য দায়ী। এরই দরুণ আমাদের রেনেশাঁমের বহু প্রচেষ্টা বার্গ এবং অনেক আয়োজন নিম্ফল হয়েছে।

যে সন্নসংখ্যক মহৎ শিল্পী সজ্ঞানে এবং সচেতনভাবে এই যুগসঞ্চিত নৈরাশ্যের বিরুদ্ধে সংগ্রাম করেছেন, রবীন্দ্রনাথকে তাঁদের অন্যতম বললে যথেষ্ট বলা হয় না, বলা উচিত, এঁদের মধ্যে তিনি একক ও অনন্য। রবীন্দ্রনাথের মানস-ইতিহাস অাসলে এই যুগের প্রকাশ ও পরিণতির ইতিহাস।

ভাবপ্রবণতার প্রশ্রয় দিলে যেমন হোমারের রচনা থেকে তিনি যা কল্পনা করেননি তেমন তম উদ্ধার কর। সম্ভব, তেমনি খৃত খুঁজলে তাঁর রচনা অসার, নীরস বা পুনরাবৃতিমূলক অংশ নের করাও দঃসাধ্য নয়। শোনা যায়, সেক্সপীয়র তাঁর লেখক জীবনে কখনো কোন লাইন কাঁটা-ছেড়া করেননি, রদবদলের কথা নাকি ভাবতেনই না। অথচ, আজকাল আমি এবং আমার মত আরো কেউ কেউ একি কথা প্রায়ই ভাবিনা যে, ঐতিহাসিক নাটক ওলি খেকে কোন কোন আস্ফালনমূলক অংশ বাদ দিলে সেকাপীয়র ভালোই করতেন? রবীদ্রনাথ আশি বছর বেঁচে-চিলেন এবং মৃত্যুকাল পুষ্ঠ অঞান্তগতিতে লেখনী চালনা করেছেন। স্বাভাবিকভাবেই ভার রচনা কখনো। নাত্রাতিরক্তি হয়েছে, পরিমিতির স্তকঠোর নিয়ম-শাসন মানা হয়তো সৰ ক্ষেত্রে সম্ভব হয়নি। জহুরী সমালোচকেরা তাঁর অপরিমিত রচনার ঐশুর্য থেকে ভালো-মন্দের বাছাই-বিশ্রেষণ করছেন। কিন্তু সমালোচকের দায়িত্বপালন আমার উদ্দেশ্য নয় বলেই আমি ওধু বলব, আজ যে সাংস্কৃতিক পরিমণ্ডলে আমর। निः श्वांग निष्टे, यन यनन ७ अन्यात्वरशंत रा উত্তরাধিকার নিয়ে বর্তমান যুগে আমরা বাঁচি—তার অনেকপানিই রবীক্রনাথের রচনা। আধুনিক ভারতীয় সংস্কৃতির প্রায় সবটুকু এই উৎস থেকেই উৎসারিত।

রবীজনাপের কর্মধার। বছমুধী, তার প্রতিভা সর্বঅসঞ্চারী ;
কিন্তু তার সকল প্রচেটা ছাপিয়ে যে তিনটি বৈশিষ্টা সর্বাথে
আমার নজরে পড়ে এবং আমাদের রেনেশাঁসে আমি যেওলিকে
তার মহত্তম দান বলে মনে করি, বর্তমান প্রবন্ধে আমি তারই দিকে
পাঠকদের দৃষ্টি আকর্ষণ করব। আমার বিশ্বাস, এই বৈশিষ্টা ওলি
বর্তমান মুহুর্তেও আমাদের কর্মের পথে অনুপ্রাণিত করতে
পারে।

11 2 11

রেনেশাস-আন্দোলনে রবীন্দ্রনাথের মহত্তম দানঃ আমাদের আন্ধ-সচেতন, রেনেশাস-সচেতন করে তোলা। সমগ্র জাতি হিসাবে আনরা যে নতুন করে আন্ধপ্রতিষ্ঠিত হতে যাচ্ছি, সমৃদ্ধতর মানবসম্বন্ধের বৃহত্তর পাটভূমিকায়, জীবনের দিগন্তবিসারী আয়োজনে আমরা যেদেশ ও জাতিকে এবং সেই সঙ্গে নিজেদেরকে প্রতিমুহূর্তে নতুন করে রচনা করে চলছি, সেইদিকে ববীন্দ্রনাথই আমাদের দৃষ্টি আকর্মণ করেন প্রথম। আবহনানকালের ভারতবর্ষ যে জাগরণ-চাঞ্চল্যে আলোড়িত, এবং সেই আলোড়চনের সঙ্গে প্রতিটি দেশবাসী যে সক্রিয়নোবে যুক্ত রবীন্দ্রনাথ সমরণ করিয়ে দেবার পূর্বে আমরা সে সম্পর্কে প্রায় উদাসীনই ছিলাম।

এই কারণে শিল্পী হাঁবনের সূচনা খেকে মানুমকে তিনি দেখেছেন ধর্ম ও বর্ণের আবরণ খগিয়ে, মানবিক অনুভূতি ও আদর্শের বৃহত্তর পটভূমিকায়। তিনি জানতেন, মানবিক অনুভূতিই সকল সামাজিক রীতি-পদ্ধতি ও আচার-আচরণের গ্রন্থী। এই সব মানবিক অনুভূতি ও সংবেদনশীলতা দীঘির অতল জলের মতো চিরদিন জনসাধারণের হৃদয়ে ও মনে বাসা বেঁধে থাকে, দুঃখ-বেদনার মধ্যেও তাদের সঞ্জীবিত করে রাথে। নৈরাশ্য ও হতাশার দিনে দীঘির জল যখন শুকিয়ে আসে, তখন নতুন করে আবার জীবনের গভীরে মাটি খুঁড়তে হয়, যুগ-চেতনায় তাকে সমৃদ্ধ করে নিতে হয়। এই সমৃদ্ধতর মানবিক অনুভূতিই রূপারস্থশীল সমাজজীবনের বনিয়াদ, সকল সামাজিক মূলাবানের উৎস, কাব্য-দর্শন প্রভৃতি সমস্ত প্রচেষ্টা বস্তুভিত্তি।

অভিজাত বংশে রবীক্রনাপের জন্ম, উনিশ শতকের ক্রম-প্রসারপদীল ঐতিহোর আবহাওয়ায় তিনি লালিত। স্বতরাং প্রাচীন সংস্কৃতি ও পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানের নির্যাসটুকু অনায়াসলত্য সহজ উত্তরাধিকারের মতো তাঁর আয়ত হবে, এতে আশ্চর্যের কিছু নেই। কিন্তু রবীক্রনাপের মূল্য আমাদের কাছে সেই কারপেন্য । উত্তরাধিকারের এত বিত্ত ও বৈভব সত্বে তিনি যে অন্তঃ-প্রেরণার তাগিদে ক্ষীয়মান লোকসংস্কৃতির শীর্ণ ধারার দিকেছুটে গিয়েছেন, পাশ্চাত্য আবেগ অনুভূতির শ্বানা অনুপ্রাণিত হয়েও যে সমসাময়িক বুদ্ধিজীবীদের মত তার বহিরক্স রূপের কাছে আম্ববিক্রয় করেননি, এইখানেই তাঁর মহন্ব।

এতে প্রমাণ হয় যে, লোকসংস্কৃতির ঐতিহ্যাএয়ী নলেই মাত্র পাশ্চাত্য সভ্যতার যার্থক অঙ্গীকরণ এবং স্বদেশী বনিয়াদের উপর নতুন সমনুয়ী সংস্কৃতির পত্তন সন্তব। এই অর্থে, রবীক্রনাথ প্রাচীন ও নবীন পৃথিবীর যোগসূত্র, করনে গঙ্গা ও অকুলীন যমুনার সেতৃবন্ধ। আত্মীকরণ যদি আধুনিকতার পরিচয় হয়, তাহলে শুধু মাত্র এই কারণেই তিনি বর্তমান ভারতবর্গে যখা আধ্নিকতার প্রতীক।

রবীন্দ্র-শানসে উপনিষদ ও বৈষ্ণব গীতিকবিতার প্রভাব সম্পর্কে আমরা সবাই অল্প বিস্তর সচেতন। কিন্দু নাগরিক ম্পর্শবজিত গ্রামের বন্ধনহীন উদার আকাশে যে গানের স্তর ভাসে, যে গানে শুধু একক কবির নয়, সমস্ত জনপদের হৃদয়কলরব শোনা যায়, সেই লোকসঙ্গীতের কাছে রবীন্দ্রনাথের ঋণ যে কত গভীর, আমরা হয় তার গ্রোজ রাধিনা, হয়তো তাকে স্থায়প গুরুত্ব দিইনা।

থামা ঘরোয়া জীবনে প্রতিদিনের বিচিত্র কাজ যেমন চলেছে.
তেমনি চলেছে, তেমনি তার পাশাপাশি চলেছে এক অপূর্ব
প্রাণবন্ত সংস্কৃতির গঠনকার্য। প্রতিদিনের বিচ্ছিন্ন কাজ সেধানে
সমবেত হৃদয়ের স্পর্শে সংহত হয়, পরমান্ত্রীয় অন্তরক্ষতায় ঐকাসূত্রে বাঁবা পড়ে। চিরাগত ঐতিহাের ধারায় দীর্ঘদিন এমনি
করে নিষিক্ত হয়েছে বলেই বােধ করি গ্রামীণ গােষ্টিজীবন এমন
আশ্চর্য প্রাণবন্ত সংস্কৃতি জন্ম দিতে, এবং দুঃধ-বেদনার মধ্যেও
তাকে গভীর ক্ষেহে লালন করতে পেরেছে। অনাড়মর সহজ
বােণময়তার ফলে এই লােকায়ত সংস্কৃতি বাইরের আঘাত থেকে
নিজেকে শুধু রক্ষাই করেননি, স্বীয় সংকীর্ণ পরিসরের বাইরে
তাকে বছদুরে পর্যন্ত সঞারিত ও করেছে।

পাটপোরে অখচ গভীর ভাবদ্যোতক, আনন্দিত অখচ করুণ এই লোকসঙ্গীত ও গ্রাম্য সাহিত্যের অপরূপ রাজ্যে রবীক্রনাথ যে কত স্বচ্ছন্দগতিতে বিচরণ করেছেন, তার স্তবেন পর্শে যে কতবার অনুরণিত হয়েছেন, রবীক্রনাথের অজ্য রচনায় তার স্বীকৃতি আছে। আর ৬ধু লোকসঙ্গীত বা লৌকিক উপকথাই বা কেন, লোকায়ত জীবনে প্রচলিত হিন্দু ও বৌদ্ধ পুরাণকাহিনীর অজহা রূপান্তর ও রূপভেদের মধ্যেও তিনি বার বার অর্থবহ ইন্দিত খুঁজে পেয়েছেন, এবং গ্রাম্য সাহিত্য থেকে আহরণ-করা এই সব প্রতীককে নিজের মানস-সংগ্রামের বাহন হিসাবে ব্যবহার করেছেন।

প্রতীচ্যের কাছ পেকে শেখা আদ্ধিক রবীক্রনাথ এগে যেন পরম সমাদরে লোকসংস্কৃতির কংঠবেইন করে ধরেছে, একে সন্মের রূপান্তর ঘনিয়ে নতুনতর রূপে মহীয়ান হয়ে উঠেছে। এই রূপান্তর যে কত দূরপ্রসারী, আমরা আজে। তা ধরতে পারিনি। জনসাধারণের কংঠ পেকে স্তর কেড়ে নিয়ে তিনি আবার তা জনসাধারণকেই ফিরিয়ে দিয়েছেন নিখুঁত গীতিকবিতারপে। গ্রামা অশিক্ষিতপাটুই রবীক্রনাপের রূপদক্ষতায়, তাঁর প্রতিভার স্পর্শে সঞ্চীবিত হয়ে আবার ফিরে গিয়েছে জনসাধারণের ছাউনি হীন ভাঙ্গা কুড়েখরে। তাই দূরতম গ্রামের অশিক্ষিততম লোকের কর্পেঠও আজ তাঁর গানের স্তর শোনা যায়, মাঠের আল-প্রথ গে-গানের কলি ধ্বনিত হয়।

অনুবাদ অবশ্য এই রূপান্তরের স্বানুকু স্বাদ প্রাণ্ডয়। যায় না, প্রাণাপাশি প্রবহমান এই দুই সংস্কৃতির সমন্বয়ে রবীক্রনাপকৃত পরীক্ষা-নিরীক্ষা-সন্ধানও মিলেনা। তবে অনুবাদেও একথা সহজ্বাধা থে, প্রকৃতির সক্ষে ভারতবাসীর সহজ ও নিবিড় পরিচ্য় ঘটিয়েছেন রবীক্রনাপই। তিনিই আমাদের শিপিয়েছেন, বরণীর মধ্যে রিজতা নেই, তার শ্যামলতা অম্লান। প্রকৃতি যে মানুষের ছাতের মুঠোয়, তাকে যে জয় করা যায়, আপন করা যায়, প্রকৃতির অজ্যু দাক্ষিণ্য যে মানবিক প্রয়োজনে আহরণ করা যায়, এ বিশ্বাস তিনিই জনসাধাণেরর মনে প্রথম জাগিয়েছেন। যায় বীজ বোনে, ধান কাটে, আর প্রথ গড়ে, তাদের সঙ্গে নবীক্র নাপের আজীয়তা ও একাজতার কারণ্ড সম্ভবতঃ তাই।

তাছাড়া, আছা ইয়োরোপীয় যন্ত্রগতার চরন দুদিনে, আণবিক বোনার উদাত জমকিতে আমরা যুখন ভরত্রপ্ত হয়ে মৃত্যুর দিন গুণছি, তখন জনসাধারণের মৃত্যুগুরী প্রাণধারার অবগাহন করার ভিন্নতর প্রয়োজন আছা। এতে আমরা জীবনের প্রতি বিশ্বাস ফিরে পাব। শত শত শামাজের ব্বংস্থেষ পিরে ধার। কাজ করে তাদের অনননীয় সংগ্রাম-সংকল্প এত গতাশার মধ্যেও আমাদের অনুপ্রাণিত করবে।

জনসাধারণের সংগ্রামী শক্তির কথা বলতে গিয়ে আমি অবশ্য তার নেতিধর্মী দিকটির কথা ভুলে যাইনি। জানি, নিয়তির কাছে তাদের আয়ুবক্রিয় কলক্ষজনক। কিন্তু এই নেতিবাচক মনোভাবের পিছনেও একটি ইতিবাচক প্রেরণা বরাবর উহ্য ছিল যার জোরে নিরুপায় নিশ্চলতার মধ্যেও ভালবাসায় এবং ভক্তিতে তারা পরকে আপন করেছে, পরম পরমতস্হিকুতার স্তাসন্ধানের পৃথক পৃথক পথে সাধ্যানুযায়ী অথসর হয়েছে। সংগ্রামের এই সকর্মক দিকটি চোপের আড়ালে থাকে বলে আমর। প্রায়ই এর কথা ভুলে যাই।

হাজারো দুর্বলতা সত্ত্বও জনসাধারণের এই অপরিমের শক্তির সন্ধান রবীন্দ্রনাথের জানা ছিল। অভিজাত এবং বুদ্ধিজীবী মহলের অগ্রচারী হয়েও লোকসংস্কৃতির কাছে হাত পাততে তাই তিনি কোনদিন কুপ্ঠিত হননি। রবীন্দ্র-প্রদর্শিত সেই পথ বর্জন করলে, একালের বুদ্ধিজীবা সম্প্রদায় নতুনতর নিপদই ডেকে আনবে সাত্র।

অতিকপনের দোম ম্প্র্ণ করনেও আর একবার বলা দরকাব যে, আমরা অপস্থ্যমান অতীত ও অনাগত ভবিষ্যতের প্রান্তসীমায় দাঁড়িয়ে আছি। প্রাচীন পৃথিবীর মানুষ ভাগোর দুয়ারে
মাখা কুনেছে, প্রকৃতির ও অর্থনীতিব অন্ধ সূত্রের কাছে যখা
নুইয়েছে, কিন্তু আজকের মানুষ জানে, বন্ধা। জমিতেও গোনা
ফলানো যায়, অর্থনীতির অন্ধ সূত্রকেও বাগ মানানো সম্ভব।
স্থতরাং দ্ভার সঙ্গে ভবিষ্যতের দিকে আমাদের পা বাড়াতেই
হবে, নতুরা পুর্নজাগণের আলোড়নাটুকু থিতিয়ে গিয়ে আমরা
আবার অচলায়নের মধ্যে আটকে পড়বো। ভবিষ্যতের পথে
আমরা চলব সন্দেহ নেই, কিন্তু তার আগে জনসাধারণ সম্পর্কে
ভীতি বা অবক্তার মনোভাব আমাদের ঝেড়ে ফেলতে হবে,
জনসাধারণের শক্তি ও ক্ষমতায় নন করে গ্রন্ধানা হতে হবে।
আমার ধারণা, রবীক্রনাথ আমাদের সে-শিক্ষাই দিয়েছেন।

নতুন ননুষ্যধর্মের প্রচার যদি আমাদের জাতীয় পুনর্জাগরণ-প্রচেষ্টায় রবীক্রনাথের প্রথম মহৎ দান হয়, তবে তাঁর শ্বিতীয় দান অজ্যা রচনামাধামে বাংলার নবাবিভাতি মধাবিত ও নিম্-মধ্যবিত্ত রোণীর কয়েকটি মূল 'টাইপ' চরিত্রের রূপদান এবং সাহিত্যের স্বতম্ভ শিল্পগৈলী হিসাবে কবিতা নাটক ছোটগল্প, বিশেষ করে, উপন্যামের পরিপুর্ণতা সাধন। এক্ষেত্রে তিনি তীর সমসাময়িক সকল ভাবতবাসীর চেয়ে সাহগী ও কুশলী। সাহিত্যের খায়নার প্রতিফলিত করে তিনি দেশবাসীকে নিজের চেহারা দেখিয়েছেন, তাদের সত্যিকার স্বরূপ পৃথিবার সামনে তুলে ধরেছেন। সত্যের স্বরূপ উদ্ঘাননে তিনি সক্ষোচ্ছীন, অক্তোভ্যা; দেশবাসীর অনুরাগ-বিরাগের পতি তাঁর এতট্কু জ্বকেপ নেই। এই আত্ম-দর্শনের মূল্য সম্পর্কেও আমাদের চেত্না খুব সামান্য। আমরা জানি না, যে, সাহিত্যের আয়নার দেশকে मुल्पूर्व करत ना रम्थरल योग्नरताम रकानमिन्छे मुख्य हु। ना। অথচ, রবীজুনাথের আথে দেশকে কি আমরা কখনে। সম্পূর্ণ করে দেখেছিলাম? মানুষকে আমরা এতদিন দেখে এসেছি শান্ত্রের গজীব শ্লোক হিসাবে। রবীক্রনাথে আমরা প্রথম দেখলাম যে অতি মহৎ এবং এতি নীচ, অতি সজ্জন আবার অতি ক্রব। তার মধ্যে ভালো-মণ্ডের সংঘাত আছে, বিচার বিদ্রোহ এবং মতবৈচিত্র্য আছে--আবার দ্বিধা--আবার দ্বিধা-দ্বন্দ, সংশয়-আক্ষেপেরও অভাব নেই। সব মিলিয়ে সে জীবন্ত রজমাংসের মান্য, আর জীবন্ত বলেই এই জানিল সমস্যাসন্ধূল যুগের প্রতিনিধি।

এখানেও রবীক্রনাপের কৃতিয়, তাঁর চরিত্রপ্ট ভারতবর্ষের এক প্রান্তম্বিত একটি এঞ্চলের জীবনরূপায়নেই পর্যবসিত হয়নি। প্রাণচাত্যের শ্রেয়াবাদমূলক এবং ভারতবর্ষের সংস্কার ও ধর্ম-ভিত্রিক দুটি বিভিন্নিমী সংস্কৃতির সংঘাতে আমরা যথন দুলছি, সংকটের ধ্রণাবর্তে আমরা যথন প্রতমুখ্যুতে অরাপ্রপ্তের মত দিনাতিপাত করছি, তথনকার কিছু আশা ও অনেক নৈরাশ্য, একটু সংকোচ ও অনেক্খানি বিহলতার বিরাট পটভূমিকায় অঙ্কিত বলে তাঁর চরিত্রগুলি আঞ্চলিক হয়েও আর অঞ্চলনিবদ্ধ শাকেনি, সর্বভারতীয় হয়ে দাঁড়িয়েছে।

একণা বলার অর্থ এই যে, আধুনিক বিচারে আমরা যাকে ব্যক্তির বলি, তার সার্থক রূপায়নে রবীক্রনাইথ অগ্রণী। ব্যক্তির-রূপায়নের এই প্রচেষ্টায় স্বাভাবিকভাবেই তাঁর হাতে উপন্যাসের আদিক বিষয়বস্তুর চেয়ে অনেক দ্রুত্তর গতিতে এগিয়েছে। ভারতীয় উপন্যাস এই প্রথম স্বতম্ত্র শিল্পরূপ হিসাবে স্বকীয় মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে। তাঁর রচিত প্রথম কয়েকটি উপন্যাসের উপর নির্ভর করেই আমি দৃঢ়তার সঙ্গে বলব, আদিক শিল্পশৈলী ও গঠনরীতির বিচারে রবীন্দ্রনাথই ভারতবর্ষের প্রথম ঔপন্যাসিক।

পূর্ববর্তী অনেক রসোত্রীণ রচনার অস্তিম্ব সম্বে, এমনকি বঙ্কিমচন্দ্রের উপস্থিতি অগ্রাহ্য করে রবীক্রনাথকে ভারতের প্রথম ঐপন্যাসিক আখ্যা দেওয়া অনেকের কাছেই বিস্ময়কর ঠেকবে। স্তুতরাং উপন্যাস বলতে আমি কি বুঝি সাহিত্যের অন্তর্গত এই বিশেষ শিল্পরূপটি সম্পর্কে আমার ধারণা কি, তার বিশদ ব্যাখ্যা প্রয়োজন। তাহলে কি কারণে আমি প্রোগামীদের দাবী সরাসরি অগ্রাহ্য করে আপাতঃদৃষ্টিতে অনৈতিহাসিক এমন উক্তি করবার দুঃসাহসিক বুঁকি নিয়েছি, তার তাৎপর্য বোঝা যাবে। এই প্রসঙ্গে বলে রাখা ভালো যে, যদিও শিথিলভাবে আমরা কাহিনী বা আখ্যায়িকামূলক বৰ্ণনামাত্ৰকেই উপন্যাস দিতে অভ্যন্ত, তবু সাম্পতিক ধারণা অনুযায়ী সেণ্ডলো বড় জোর কথকতা, উপন্যাস কিছুতেই নয়। আখ্যায়িকা, উপাখ্যান, ইত্যাদি গল্পের বছধারা যুগে যুগে বিস্তৃত হয়ে কিম্বদন্তী ও জনশুন্তির সহযোগে নানা মনের ছাপ নিয়ে মুপে মুপে অথবা পঁথির অক্ষরে উৎকর্ঘ লাভ করেনি, তা বলছি না—কিন্তু গল্প তখনো কোন বিশিষ্ট দৃষ্টির শিল্পে নির্ধারিত নয়।

এই কথকতার চঙ রবীন্দ্রনাথেও একেবারে অনুপস্থিত বলিনা, তবে এখানে তার রেশ ক্ষীণ। আর শিল্পের নতুন রূপ সম্পর্কে তিনি পরোপরি আত্মসচেতন। বঙ্কিমচন্দ্রের তুলনায় তাঁর উপন্যাসে যদি অবান্তর অপ্রাসঙ্গিকতা থেকেও থাকে, শক্তি ও দঢ়তার অভাব যদি কখনো অনুভূতও হয়ও—তবু সে অভাব পুষিয়ে গেছে রবীন্দ্রনাথের অপরূপ গীতলতায়, তাঁর সৃক্যু সংবেদনশীলতায়। অদ্ভুত অন্তদৃষ্টিতে তিনি চরিত্রের, বিশেষ করে, নারী চরিত্রের হৃদয়ে গিয়ে পৌঁছেছেন এবং তুলির স্বন্ধতম वाँচডে একই সঙ্গে তার ব্যক্তিক ও সর্বকালীন রূপটি ফুটিয়ে তলেছেন। গোরা'র আনন্দময়ীতে ভারতীয় মাতৃত্বের যে শাপুত রূপায়ণ দেখেছি আর কোন ঔপন্যাসিক তা করেছেন বলে জानिना। ७४ जानकमशीरे वा त्कन? विमना, कुमु, कमनाপ্রতিটি চরিত্র ভারতীয় নারীম্বের প্রতীক, আমরা সমাজে তাদের চলাফেরা করতে দেখেছি, তাদের সঙ্গে কথা করেছি, ভালো-বেসেছি। জীবন থেকে উপন্যাসের পাতায় উঠে এসে এর। যেন অনুযোগের স্তুরে, এমন কি চ্যালেঞ্চের স্বরে বলছে, ''দ্যাখো, ভারতীয় সভ্যতার যে অর্ধাংশকে তোমরা নির্যাতিত করে রেখেছে তাদের স্বরূপ দ্যাখো।"

তারপর, পরেশবাবুর মত জ্ঞানবৃদ্ধ, সংযত, শাস্ত, সৌম্য, ধ্রাঘিচরিত্র—গোর্টিপতির পরম উদারতায় যারা প্রাচীন সমাজকে নিজেদের পক্ষপুটে আশ্রয় দিয়েছেন, ভিষকের মতো যারা মিয়মান শ্যাশায়ী সমাজকে মমতায় আর শুশুন্ঘায় বাঁচিয়েরেখেছেন, অভিজ্ঞতালক সাধারণ বৃদ্ধি দিয়ে যাঁরা সমাজকে পরিচালিত করেছেন আর যাবার আগে উত্তরপুরুষকে তাদের সঞ্চিত জ্ঞানভাগুরের উত্তরাধিকার দিয়ে গিয়েছেন—যুক্তিবালে শ্রদ্ধাশীল, সংস্কারে প্রতি স্লেহবাদ তেমন উদারনৈতিক উদারমনা চরিত্র ত্রিশচল্লিশ বছর আগেও এই সমাজে ছিল। সমলুয়পছী এই সব চরিত্রকে আমরা বুক খেকে নিশ্চিক হবার পূর্বে রবীক্রনাথ হয়তো গানিকটা রঙ চডিয়েই এদের এঁকেছেন, কিন্তু তাঁর

বজব্য বোধহয় এই যে, বয়োবৃদ্ধদের সম্পর্কে ইয়োরোপীয় দৃষ্টান্ত আমরা যে শস্তা নাটুকেপণায় অভ্যন্ত হচ্ছি, তার পুনবিচার আবশ্যক। যুগচেতনার সঙ্গে এঁদের মনোভাব না মিলতে পারে, কিন্ত ঐতিহ্যবাহক এই সব জ্ঞানবৃদ্ধ একেবারে অবহেলায় আঁস্তাকুড়ে ফেলে দেবার মত নয়।

তারপর রবীক্রনাথের তরুণ নামকের দল। এরা যুগপ্রতিনিধি, কিন্তু ভবিষ্যৎ সম্পর্কে আস্থাবান ও আশাবহ নয়।
এদের কেউ কুট্বুদ্ধি, হিংসায়, লালসার স্থূলতায় সাংঘাতিক, আর
কেউবা হঠকারী, স্বপালস, রোমাণ্টিক। এদের কথায় ও
কাঙ্গে, চিন্তায় ও চেতনায়, বুদ্ধিতে ও অনুভূতিতে সর্বত্র অসামঞ্জস্য
রবীক্রনাথ স্তকৌশলে দেখিয়েছেন যে, এজন্য এবা নিজেরা
রতটা অপরাধী, তার চেয়ে অনেক বেশি অপরাধ তাদের প্রতি
করা হয়েছে। সামাজিক প্রতিবন্ধকের কাছে তারা বলিপ্রদত্ত,
স্থযোগের অভাবেই তারা আদর্শক বিসর্জন দিয়েছে। কিন্তু
এদের মধ্যে সবচেয়ে সাংঘাতিক চরিত্রাটিও মানবিক গুণে সমৃদ্ধ।
ভালো-মন্দের ঘন্দে নতুন জীবনকে এরা বাছতে চেয়েছে বিবেকের
ঘারা, প্রথার অনুশাসনে নয়। এইখানেই তাদের মনুষ্যম্ব।
নতুন জীবন-প্রণালী গোঁজবার বহুধাবিভক্ত সাবিক সংগ্রামে
এদের পরাজয় হয়েছে সন্দেহ নেই, কিন্তু মহত্তর জীবন-রচনার
সংগ্রামে অংশগ্রহণকারী সৈনিকক্রপে এরা শ্রদ্ধয়।

11 0 11

নতুন জীবন-রচনার পথ অনুসন্ধানে এই নিরবচ্ছিন্ন প্রয়াসই রবীক্র-প্রতিভার তৃতীয় বৈশিষ্ট্য। তাঁর রচনাবলীর সর্বত্র এই কথাটিই যেন তিনি বলতে চেয়েছেন যে, নতুন জীবন-রচনার সংগ্রাম শাশুত, চিরন্থন এবং বছ মুখী। মূল্যবোধের উন্নততর মানদণ্ড আবিদ্ধার, মানবিক গুণে জীবনকে সমৃদ্ধতর করা এবং ব্যক্তি-স্বরূপকে পূর্ণরূপে বিকশিত করাই, তাঁর বিচারে, এই সংগ্রামের মুখ্য উদ্দেশ্য।

তাঁর মুথে নিরন্তর প্রশুঃ কি করে আমরা সেই সিদ্ধিতে পৌঁছুব? কি পদ্ধতিতে, কোন প্রণালীতে আমরা বাঁচব? কোন মূল্যবোধকে আমরা নতুন সভ্যতার ভিত্তি হিসাবে গ্রহণ করব? মানবিক মূল্যের সন্ধানে তাঁর আকৃতি এত অকৃত্রিম যে আমরা ধারণা, বর্তমান মুহূর্তে রবীন্দ্রনাথের এই বৈশিষ্ট্যটিই আমাদের কাছে সবচেয়ে মূল্যবান। ঐতিহাসিক যুগসংক্রান্তির দিনে আমরা কোন পথে চলব, কি করব, কিভাবে আমাদের সিদ্ধিনিকটতর হবে, সে সম্পর্কে তিনি যত প্রস্তাব উবাপন করেছেন, যত পথের নির্দেশ দিয়েছেন, তেমন আর কেউ দেননি। অপচ, রবীন্দ্র-প্রতিভার এদিকটি সম্পর্কে আমরা আশ্চর্যরকম উদাসীন।

লেখক জীবনের প্রথম থেকেই তিনি শুধু কবি নন, দার্শনিকও।
পিতা মহর্ষি দেবেন্দ্রনাপের প্রভাবে অতি শৈশব থেকে প্রাচীন
হিন্দু চিন্তা ও ধ্যান-ধারণার সম্পর্কে এলেও তাঁর গোড়ামি-মুক্ত মন
কাদিনই ব্যক্তিম-বিকাশের আধ্যান্থিক ছককে নির্বিচারে মেনে
নেয়নি। উনিশ শতকের পাশ্চাত্য বিজ্ঞান ও যুক্তিবাদের
আধাতে আমাদের মাসনিক সংকট যখন তীব্র হতে তীব্রতর হচ্ছে,
তখন তার সমাধানে প্রাচীন ধ্যান-ধারণা কতটুকু সহায়ক হতে
পারে, নতুন মূল্যবোধের পিছনে তার কোন খাকা দান সম্ভব
কিনা, রবীক্রনাথ সেই খোঁজেই ব্যস্ত ছিলেন।

এশিয়া ও ইউরোপের মৌলিক বিরোধ, যাকে বিশ্বাস ও

অবিশ্বাসের সংখাত ব্যাখ্যা দিলেও ভুল হয় না, তার মীনাংসায় রবীন্দ্রনাথের দূরদৃষ্টি অনেক সময় প্যেটের কথা সমরণ করিয়ে দেয়। গোটের মতোই তিনি জীবনের অর্থ ও উদ্দেশ্য গঁজেছেন সংস্কারের উর্ধ্বে, প্রথা ও অনুশাসনের ব'ইরে, পুঁথিগত পাণ্ডিতোর অনায়ত্ত সহজ মানবিকতায়। তাঁর এই প্রচেষ্টা আমাদের সমৃদ্ধতর এবং অর্থহ জীবন্যাপনে সহায়তা করেছে।

এই প্রসঞ্চে লক্ষণীয় যে, 'আধ্যাদ্মিক' অনুভূতি সম্পর্কে রবীন্দ্রনাথের সংখ্যা প্রচলিত ধারণার সম্পূর্ণ বিরোধী। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায়, রুশ সমাজতন্ত্রের অনেক জড়বাদী দানকে তিনি আধ্যাদ্মিক বলেই গ্রহণ করেছেন। এছাড়া, শিল্প, সাহিত্য, সঞ্চীত, দর্শন ইত্যাদিতে অভিবাক্ত মানুষের স্পষ্টমুখী সম্ভাবনার ভিত্তিতে নতুনতর বিশ্বাসের উদ্ধাবনায় তিনি আস্থাবান ছিলেন এবং সেই বনিয়াদের উপর মহৎ মানবিক গুণ-সমন্ধ নতুন পৃথিবী রচনার সম্ভাব্যতার কথা তিনিই প্রথম বলেছেন।

ষীকার করা ভালো যে, রবীক্রনাথের কিছু কিছু বিশ্বাসের সঙ্গে আমার বা আমার সমকালীন অনেকের মতৈক্য নেই। রবীক্রনাথ এক প্রাচীন ঐতিহ্যবাহী সমাজের পরিব্রাছক; পথের সন্ধানে তিনি দেশে দেশে তীর্থপরিক্রনায় বেরিয়েছেন, কিন্তু অতীত স্মারকের লাইবছর কথনো পরিত্যাথ করে যাননি; আমরা আধুনিকেরা আরও হালকা হয়ে দেশ করতে ভালোবাসি। কিন্তু বর্ণাগ্রমের বাইরে, সংকীর্ণ লোভের উদের্ব ভিন্নতর জীবন্যাপনের বহু পদ্ধতিয়ে আছে এবং থাকা সম্ভব— একথা রবীক্রনাথই আমাদের প্রথম দেখিয়েছেন। অন্ধবিশ্বাস ও কুসংস্কারের পাথর-চাপা মনকে তিনি আলোর পথ দেখিয়েছেন, অপ্রস্থত মনকে নিজস্ব বিবেক ও বিশ্বাস অনুযায়ী পথ চলবার সামর্থ্য জ্বিয়েছেন।

অবশ্য সে-প্রস্তুতির অতিরিক্ত পথের সন্ধানও তিনি কম (मननि। पृष्ठीच अक्तर्भ वला ठल, आक आमता या अस्य करम উপলব্ধি করছি, বছ দিন পূর্ব তিনি তার ইঞ্চিত দিয়ে বলেছিলেন, विद्धानत्क উপाय कार्यि एम्थर घरत, छेरमग कार्य नय। অস্কৃত দূরদৃষ্টিতে তিনি সেদিন ভবিষ্যশ্বাণী করেছিলেন, বিজ্ঞানকে জীবন থেকে বিচ্ছিত্র করে সদয়হীন ল্যানরেটরিতে নির্বাসন দেওয়ার ফল শুভ খবে না , উপায়কে উদ্দেশ্যের মর্যাদা দিয়ে আমরা বিপদই ডেকে আনবো। এই জন্য তিনি ল্যানরেটির থেকে পাওয়া সংবাদ ওনে, তার গ্রহণযোগ্য অংশটুকু আত্মসাৎ করেও বলেছেন, ঝরণার ধ্বনিসংকেত আর ছন্দলীলা, এবং নদার গতিভঙ্গীকে শুধু রসায়নের ফর্মূলা দিয়ে ব্যাখ্যা করা যায় না। বিজ্ঞানের প্রাণহীন সংকীর্ণতা সম্পর্কে সচেতন খেকেও অন্য অর্থে অিন্তু তিনি বিজ্ঞানেরই কবি। স্বতন্ত্র পদ্ধতি ও বক্তব্যের ভীডে, পরম্পর-বিরোধী ও একেপেশে অভিজ্ঞতায় বিজ্ঞানের প্রতিটি শাখার গণ্ডী যখন ক্রমশ সীমিত হয়ে আসছে, তখনও তিনি অখণ্ড, পরিপূর্ণ মানুষ থাকতে চেয়েছেন, আমাদের মত মানুষের ভগ্নাংশ হতে রাজী হননি। এই কারণে, জীবনের প্রতিটি অভিব্যক্তিতে—সামাজিক, নৈতিক, রাজনৈতিক ও নান্দনিক সকল দিকে সর্বব্যাপী সামগ্রিক অনুরাগে রবীন্দ্রনাথই বোধ করি এযুগের সর্বশেষ পরিপূর্ণ মানুষ। জীবনকে শিল্পেরই মতো স্থমায় মণ্ডিত করে তার সকল পাপড়ি সমানভাবে মেলে দেবার সেই আগ্রহ প্রকাশ পেয়েচে তাঁর কথায়: আমি শুধু আলো হাতে নিয়ে দাঁড়াতে চাই না, অন্তরালোকে আলোর মত নিজে জলে উঠতে চাই। এই জ্বলে ওঠার আগ্রহেই তাঁর চিন্তা মূলত: আধুনিক এবং মানবিক। তিনি বিশ্বাস করতেন যে, সাহস ও দূরদৃষ্টি থাকলে প্রকৃতিকে জয় করে, অজ্ঞেয়কে জেনে এমনি 'জলে ওঠা' মানুষের পক্ষে খুব দুরুহ নয়। অবশ্য আমার ধারণা, ডি'হলব্যাখ-এর মতো তিনিও শেষ পর্যন্ত মনে করতেন, সামাজিক চিন্তার ফলে আদর্শ-বিপ্লব না ঘটলে এবং সামাজিক প্রতিষ্ঠানের রূপান্তর না হলে সমাজ-জীবনের অথগতি অসম্ভব।

এই প্রসঙ্গে রবীন্দ্রনাথের আন্তর্জারিকতা সম্পর্কে আলোচনা করা যেতে পারে। তার আন্তর্জাতিকতার আদুর্শ নিঃসন্দেহে আমাদের বর্তমান স্বপুকামনার অগ্রদ্ত। অগচ এ ব্যাপারে তীর অনুভূতি একাস্থভাবে ভারতীয়। বিরোধ এবং সংঘাত শত্রেও সমনুয়ের যে সহিষ্ণৃতা ভারতীয় ইতিহাসের প্রধানতম বৈশিষ্ট্য, সমবেদনা ও সহানুভূতির যে ধরণাটি আমাদের প্রাচীন মানবিকতার ভিত্তি, রবীজ্রনাথের আন্তর্জাতিকতা তারই যুগানুগ অভিব্যক্তি। বহু জাতি, অজ্যু জনগোষ্ঠি, বিভিন্ন ভাষা ও স্বতম্ব নান্স-দৃষ্টির সমবায় ও সমত্বয়ে ভারবতর্ম হল্ত কাল থেকেই ছোটিখাটি একটা আলাদা জগৎ। এই আলাদা জগতে আমরা ন্সেহে-মমতায়, আশ্বীয়তায়-সমবেদনায় পরম্পর একসম্পে বেঁচেডি, একটি সাধারণ সংস্কৃতিৰ সোতিধারায় সবাই নির্নিবাদে একসঙ্গে অবগাহন করেছি।। স্বতরাং দাবী করা যায় যে, সন্ভান ও সচেতন ভাবে উপলব্ধি না করলেও আন্তর্জাতিকতার বীজানু চির্দিনই আমাদের রক্তে স্বপ্ত রয়েছে। বৌদ্ধবর্গে ও বেদান্তের আদর্শে একদিন তার যে অভিবাজি দেখা থিয়েছে, রূপভেদে রবীক্রনাথে তারই অধ্নিক কণঠস্বর শোনা গেল। রবীন্দ্রনাথের দৃঢ় বিশ্বাস ছিল, বিরোধী স্বার্থের সংঘাত্রসম্বেও ভারতবর্ষ যে সহিফ্তার বলে এক সাধারণ সভ্যতার উত্তরাধিকার বহন করতে পেরেছে, তালই ব্যাপক অনুসরণ সমগ্র পৃথিবীকে নিক্টতর বন্ধনে টেনে আনতে পারে। 'বিশ্বভীরতী' পূথিবীকে সেই এক নীড বানাবারই পরিক্ল্যনা। এরই আগ্রহে তিনি ইউবোপ, আমেরিকা ও দ্রপ্রাচ্য ঘূরে বেরিয়েচেন, লাভের লোক পথিবীকে যেভাবে হিংসায় উন্মন্ত করে তুলেছে তার বিরুদ্ধে দৃ।কণ্ঠে সাবধানবাণী উচ্চারণ করেছেন।

পৃথিবী তাঁর সাবধানবাণী মর্যাদা দেয়নি। অশীতিতম জন্মবাধিকীতে তাই তাঁর ব্যথিত কর্ণ্য থেকে বড়ো দুঃপেই উচ্চারিত হয়েছেঃ

''আছ মানবামার অপমানে দিগন্ত থেকে দিগন্ত পর্যস্ত ৰাতাস কলুমিত করে দিয়েছে।...

'জীবনের প্রথম- গারপ্তের সমস্ত মন থেকে বিশ্বাস করেছিলুম মুরোপের সম্পদ অন্তরের এই সভ্যতার দানকে। আজ আমার বিদায়ের দিনে সে বিশ্বাস একেবারেই দেউলিয়া হয়ে গেল। আজ কাশা করে আছি, পরিত্রাণকভার জনমদিন আসছে আমাদের এই দারিদ্রালাঞ্চিত ক্রীরের মধ্যে।...

'মানুষেব প্রতি বিশ্বাস হারানো পাপ, সে বিশ্বাস শেষ পর্যন্ত রক্ষা করব। আশা করব, মহাপ্রলায়ের পর বৈরাগ্যমুক্ত আকাশে ইতিহাসের একটি নির্মল আয়প্রকাশ হয়তো আরম্ভ হবে এই পূর্বাচলের সূর্যোদয়ের দিগন্ত থেকে। আর একদিন অপরাজিত মানুষ নিজের জয়য়াত্রার অভিমানে বাধা সকল অপ্রসর হবে তার মহৎ মর্যাদা ফিরে পাবার পথে। মনুষ্যক্ষের অন্তহীন প্রতিকারহীন পরাভবকে চরম বলে বিশ্বাস করাকে আমি অপবাম মনে করি।'

তাঁর এই কথাওলি কি আমাদের বর্তমান চিভারই পূর্বাভাস নয় ?



রবীন্দ্র কাব্যের বারমাস্য।

विन्नता (नवीरहोधुतानी

প্রকৃতির সৌন্দর্য চিরদিনই মানুষের মনকে মুগ্ধ করেছে। যখন সে মায়ের কোলে শিশু তখনও সে আনন্দে হাত বাড়িয়ে ''আয় আয় চাঁদা মামা'' বলে ডাকে; আবার যখন তার জীবনের কাজ শেষ হয়ে যায়, তখন গজার তীরে শেষ নিঃশ্রাস ত্যাগ করে স্বস্থি পায়।

কিন্তু আগাদের সাধারণ মানুমের জীবন বড় সন্ধীর্ণ, বড় বিক্ষিপ্ত, বড় খণ্ডিত, বড় হাটের ধূলা-ধূসরিত; তাই এই নিত্য সন্ধীর কাছে সর্বদাই যে দান পাই, তা সম্পূর্ণরূপে উপভোগ করতে বা তার আনন্দ প্রকাশ করতে সকলে পারি না। পারেন কেবল তারা যার। ঋষি এবং কবি, যারা দ্রুষ্টা এবং স্থাই।। বৈদিক যুগে ঋষিগণ প্রকৃতির স্তন্দর ও ভীষণ শক্তিপুঞ্জকে দেবতারূপে ক্ষনা করে স্থব করেছেন। আধুনিক যুগের কবি রবীন্দ্রনাথ প্রকৃতির ছয় ঋতুকে

> ''आगा मिरब जामा मिरम जारू जाननामा मिरम'

`মানসী পতিমা` রূপে গড়ে তুলেছেন। তাঁর থীল সন্ন্যাসী, তাঁর বর্ষা রাজা, তাঁর শরৎ দেবী, তাঁর হেমস্থলক্ষ্মী, তাঁর শীত ছদাবেশী বৃদ্ধ, তাঁর বসস্ত পথ-ভোলা পথিক।

দুটি একটি ঘটনাচক্রে রবীন্দ্র কাব্যে প্রকৃতি-বর্ণনা নিয়ে আমার একটু বিশেষভাবে নাড়াচাড়া করতে হয়েছে। সেওলির সংক্রিপ্ত বর্ণনা করে আমার এই ভমিকা শেষ করবো।

এই সুযোগে বৈশাখ থেকে চৈত্র পর্যন্ত নানান স্কলর প্রাকৃতিক বর্ণনা উদ্ধৃত করি, যা এপনও পুরানো 'ভারতী'র পাতা খুঁজলে পাওয়া যেতে পারে। তারপর অপেক্ষাকৃত আধুনিক কালে বহুদিন পূর্বে একবার শান্তিনিকেতনে বেডাতে আসি : তুর্থন এঁদের ''রবীন্দ্র পরিঘদ'' বলে এক ছাত্রসভা থেকে আমাকে কিছ বলতে বলেন। সেবার আমি তাঁর কাব্য থেকে ''ছবি'' উদ্ধার করবার চেষ্টা করেছিলাম : অর্ণাৎ ''সঞ্চয়িতা'' খেকে সেই সব অংশ নির্বাচন করেছিলাম যাতে একটি স্তন্দর ছবি মানসনেত্রে करि ५८५। मरन यार्छ रमधे ठानिका এठ मीर्घ दराष्ट्रिन रय. यंतर्गरम यामारक थामिरा पिरंड इराउ हिन । उम (वि । व ক্ষেত্রে তার পুনরাবৃত্তি হবে না । বছর দশেক পূর্বে শাস্তিনিকেতনে স্থায়ী ভাবে থাকতে এসে আমার মনে একটি পরিকল্পনার উদয হয়। সেটি হচ্ছে একটি রবীক্র দেওগালপঞ্চীৰ সঞ্চলন। প্রকৃত-পক্ষে আমার একটি জার্মান বান্ধবীর কাচে এই পরিকল্পনাটির জন্য আমি ঋণী। পরিকন্ননাটি এই যে, ববীল্ল-কাব্য থেকে প্রত্যেক মাসের একটি সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া পাকরে এবং তার

উপরে সেই বর্ণনার উপযোগী ছবি আঁক। খাকরে, এবং নীচে যথারীতি মাস সপ্তাহ ও বারের ছক্ কাটা থাকরে।

সামি বিশ্বভারতীর কর্তৃপক্ষকে সনেকবার এই কল্পনা কার্যে পরিণত করবার জন্য স্বনুরোধ জানিয়েছিলাম। কিন্তু দুভ্যাগ্যবশতঃ তাঁরা স্থামার এই স্বনুরোধ রক্ষা করতে পারেননি। এমনকি পূজণীয় স্ববনীন্দ্রনাথের নির্দেশ স্বান্থারে পূর্ণিমা দেবী (গান্ধুলী) বারে৷ মাসের কবিতা চয়ন পূর্বক ছবি পর্যন্ত এঁকে দিয়েছিলেন।

আমার কাছে এখনও সেই কবিতাখণ্ডগুলি আছে। এবং পূর্ণিমা দেবীর কাছে নিশ্চয়ই ছবিগুলি আছে। এখনও যদি কেউ চেটা করেন তবে আগামী চৈত্র মাগের মধ্যে এইরকম একটি রবীক্রপঞ্জী প্রকাশ করা অসম্ভব নয়। আমার তো মনে হয় বিক্রি হবে, তবে অবশ্য খুব স্থলতা মূল্য করা সম্ভব হবে না।

আমার ইচ্ছা প্রথম মুখপত্র স্বরূপ সঙ্গংসরের বর্ণনাম্বক একটি কবিতা থাকরে : যথা—

''এমনি ধীরে একটি করে কার্টিছে দিনরাতি।
বসস্ত সে বিদায় নিল লইয়া যুখী জাতি।।
সঘন মেধে বরষা আসে, বরষে ঝর ঝর।
কাননে ফুটে নবমানতী, কদহ কেশর।।
সফ্তহাসি শরৎ আসে, পূণিমা মালিকা।
সকল বন আকুল করে শুল শেফালিকা।।
আসিল শীত সঙ্গে লয়ে দীর্ঘ দুর্থনিশা।
শিশির ঝরা কুন্দফুলে হাসিয়া কাঁদে দিশা।।
ফাগুন মাস আবার এল বহিয়া ফ্ল ডালা।
জানালা পাশে একেলা বসে ভাবিছে রাজবালা
কে পরালে মালা।।''

তার পর ক্রমশ প্রত্যেক মাসের একটি করে কবিতা ও তদুপ-যোগী ছবি থাকবে। যথা—

বৈশাগ

''চারিদিকে শস্যরাশি চিত্রসম স্থির, প্রান্তে নীল নদীরেখা, দূর পরপারে শুত্র চর, আরো দূরে বনের তিমির দহিতেছে অগ্রিদীপ্তি দিগস্ত মাঝারে॥'

टिनार्ष

''বসি আঙিনার কোণে গম ভাঙ্গে দুই বোনে গান গাঙ্গে শ্রান্তি নাহি মানি ; বাঁধাকুপ, ভরুতন, বালিকা তুলিছে জল, ধরতাপে মান মুখখানি।''

আঘাঢ

''ননে পড়ে সেই আঘাঢ়ে ছেলেবেলা নালার জলে ভাগিয়েছিলাম পাতার ভেলা।'

প্রাবণ

'বেল। যায়, বৃষ্টি বাড়ে বিগি আলিশার আড়ে, ভিজে কাক ডাক ছাড়ে মনের অস্থবে। রাজপপ জনহীন, শুরু পার দুই তিন, ছাডার ভিতর লীন, ধায় পুহমুধে।।''

ভাদ্র

''মেদ ডুটে পেল নাইপো বাদন,
আয়পো আয়!
আজিকে সকালে শিখিল কোমল
বহিছে বায়।
পত্ত যেন ছবি সম আকা
শৈবাল পরে মেলে আছে পাখা,
জলেব কিনারে বসে আছে বক
পাড়ের ছায়।।'

আশ্বন

''আণুিনের মাঝামাঝি উঠিল বাজনা বাজি পূজার সময় এল কাছে মধু বিধু দুই ভাই ছুটাডুটি কলে তাই আনন্দে দু'হাত তলি নাচে।''

কার্ত্তিক

''ৰেনা ধিপ্ৰহন :
চেমন্তের রৌজ ক্রমে হতেডে প্রখন।
স্লিগ্ধ অশুখেন চাম
কান্ত বৃদ্ধা ভিখারিণী জীণ বস্ত্র পাতি
বুমায়ে পড়েছে ; যেন রৌজন্মী রাতি,
বা বাঁ ক্রে চানিদিকে নিস্তুক নিবুম।

গ্রহায়ণ

িওই ধান কাটে, ওই করিছে কর্মণ, ওই গাড়ী নিমে নাঠে চলেছে গাছিয়া, ওই যে পূজার তবে ভুলিভেচে ফুল, ওই নৌকা লয়ে যাত্রী করিতেচে পান।

পৌষ

''পাওু আকাৰে বও চল হিমানীর গুয়ান নাধা । পলবহীন ৰুদ্ধ অণ্থ, শিহরে নথু শাধা ॥''

নাদ

''শীত ভূমি হেখা কেন এলে ?

উত্তরে ভোমার দেশ আছে।
পাখী সেখা নাহি থাহে গান

ফল সেখা নাহি ফুটে গা'ছে।
সকলি ভুমাব মক্রম

সকলি ভামার জনহীন,
সেখায় একেলা নাম বাস

জানীগো, কালিয়ো ভব দিন। '

कास्त्रव

''ত্মি কি বংগছ আজি নব বৰ্বেশে গাছি, কুওলে কুমুমরাজি একে নয়ে বীণ হ ভবিয়া আরতি পালা ছালাবেছ দীপমালা সাজাবেছ পর্বভালা নূত্য নবান, আজি বস্তেব দিন।।''

চৈত্ৰ

্ষানাদের এ পদ্ধীপারি পাহাড় দিয়ে দেব। দেবদার কুন্ধে ধেনু চরায় রাধালের। কোপা হতে চৈত্র নামে হাঁমের শ্রেণা উড়ে মামে সমানেতে আকাশ পথে যায় যে তারা কোপা, আন্রা কিছুই জানিনাকে। সেই স্কদরের কপা।।

এই কবিতাওলিব সঙ্গে যদি পূর্ণিমা দেবীর ছবিওলি দেওয়। হাঃ তাহলে দর্শকদেরও ভালো লাগবে, আমার বস্তব্যও,পরিস্ফুটতর হবে এবং আশা করা যায় বিশুভারতীর কর্তৃপক্ষের কাছে আমার ববীক্র পঞ্চীর আবেদন নিতান্ত অর্থো রোদন হবে না।

न्त्रीयह. यशुन्ते प्रकार व्यवकारतः -

जिक्वत्ने भराजाम

। कार्डोस्ट अपट्टांक का म्याडी - प्रमाह नार्टा नार

Aurol- (Dama, Agh, Eller agology, Sig Tep. 20.1)

Equa Suller Sig Inter agology, Sig Tep. 20.1

Equa Suller Sig Interp. 2016. Asla: (Langh Lyana Musa. 19.1)

Busiayango — Eng. Masani (Musala). Malas egime] Sig masay.

[Lamator — (Marche, Mero - Reining. — To lamb (Mayfred arthogim. 19.1)

[Lamator — (Marche, Mero - Reining. — To lamb (Mayfred arthogim. 19.1)

[Lamator — (Marche) — Mayor — Reining — Marche Janus — Lamble adolla agology.

[Lamator — Marche Marche — Marche — Marche — Marche — March —

1(4- ADD): 1

न्दर - काका

Allegan pundin Allegan pundin Alwali - saak coakai - aust danis - aust Alwalis - aust and and - aust

কবির প্রতিভাষণ

একদা কবির অভিনন্দন রাজার কর্ত্তবা বলিয়া গণ্য হইত। তাঁহারা আপন রাজমহিমা উজ্জল করিবার জন্যই কবিকে সমাদর করিতেন—জানিতেন সামাজা চিরস্থায়ী নয়, কবিকীর্ত্তি তাহাকে অতিক্রম করিয়া ভাবীকালে প্রসারিত।

আজ ভারতের রাজসভায় দেশের গুণিজন অখ্যাত-রাজার ভাষায় কবির ভাষায় গৌরবের মিল ঘটে নাই। আজ পুরসভা স্বদেশের নামে কবি সংবর্জনার ভার লইয়াছেন। এই সম্মান কেবল বাহিরে আমাকে অলঙ্কত করিল না, অন্তরে আমার হৃদয়কে আনন্দে অভিষক্তি করিল।

এই পুরসভা আমার জন্মনগরীকে আরামে আরোগো আল্লসন্মানে চরিতার্থ করুক; ইহার প্রবর্তনায় চিত্রে, স্থাপতাে, গীতিকলায়, শিল্পে এখানকার লােকালয় নন্দিত ইউক, সর্বরপ্রকার মলিনতার সঙ্গে সঙ্গে অশিক্ষার কলঙ্ক এই নগরী স্থালন করিয়া দিক,—পুরবাসীদের দেহে শক্তি আধুক, গৃহে অয়, মনে উত্তম, পৌরকলাাণ সাধনে আনন্দিত উৎসাহ। আত্বিবাদেশ বিষাক্ত আল্লিডি সার পাপ ইহাকে কলুষিত না করুক—শুভবুদ্ধি দ্বারা এখানকার সকল জাতি সকল ধর্মসম্প্রদায় স্থিলিত হইয়া এই নগরীর চরিত্রকে অম্লিন ও শান্তিকে অবিচলিত করিয়া রাথক -এই আমি কামনা করি।

MARIE


২৭শে ডিসেম্বর, ১৯৩১



"Uttararyan Santiniketan. Bengal 19 | 11 | 33

Vities ere organic expressions of culture. Uptil Loday our cities have grown up, as much of our exterior life has, chaotically. They have been imitation of Europe and their lives have flowed in channels which have been sometimes et tangent, sometimes parallel to our own. Now that India is slowly coming to her own our towns should mirror our national culture and artistic sensibility. I look forward to a Colenta which will reflect this ideal. Clabindra nath Tagore

-A M'SSAGE TO THE "CALCUTTA MUNICIPAL GAZETTE" ON THE OCCASION OP ITS NINTH ANNIVERSARY, 1933



THE CALCUTTA MUNICIPAL GAZETTE কলিকাতা মিউনিসিপ্যাল গেকেট

रम दम, दर्भ, दम, जिन लिक्स महन्मान प्रीप्णन।

थुअर एउक् स्पर्ध भएड सिर्दे एउक् स्पर्धि भएडा

१९९' १९११ स्पार स्पार क्यांच क्यांच है।

Almurproj

नर्जेम चात तैम तिक्र क्रिक्ट क्राय नाय ॥ में में में ये याच हुट तो भागमा मार्थ , मार्जेम ज्यारम स्तित स्तिक म्यूम्पर्यो, अह्व ज्ञायमा पड्ड क्षीबायद व्यक्तियः ह्या ति तो मुक्त भागमा भागमा भागमा ॥ ज्ञायमा में भीमें भागमा स्वाप्त क्षायमा मार्जेमा ॥

अतार अत्राज् विक्रम्यम् मेहा (राम, ४ म्य (अभाव विद्यम् भीव वात्य । पित्रह (याण विद्य भवन अत्यन अत्याद, आगव डीत्र पात्रा अत्याद (यह प्रवात्यर, (अत्याद केलि गत्या मेंत्याद अनुकार्य, प्रात्य केलि गत्या मेंत्याद अनुकार्य, प्रात्य अत्याप हेथा अत्याप आत्य भारा ॥

१८ विभागार

Maghynnicorgo

અમિનુ જિલ્લા ૧૯૧૬ ૧૯ ૧૯૧૬





With the Compliments of

PUBLICITY SOCIETY OF INDIA LTD.



ADVERTISEMENT MANAGERS

FREE PRESS JOURNAL GROUP OF PAPERS & BLITZ

SOLE ADVERTISING CONCESSIONAIRES

CALCUTTA TRAMS AND KIOSKS

HEAD OFFICE · CALCUTTA

BRANCHES ;

BOMBAY . DELHI . MADRAS

SAVE YOUR TIME BY PLACING YOUR ORDER IN ONE PLACE

OUR DEPARTMENTS

PHOTOGRAPHY 1 6 LINE AND TONE

TYPE SETTING 2 7 ART PRINTING

COLOUR LANTERN SLIDE 3 8 COLOUR TONE BLOCKS


BROMIDE AND WASH FINISH 4 9 COLOUR BLOCK FROM FILM
DRAWING, LAYOUT & ART WORK 5 10 STEREO, ELECTRO & MATRICES

YOUR TRIAL ORDER WILL HELP US TO CONVINCE

PHOTOGRAPHIC STORES & AGENCY COMPANY (PRIVATE) LIMITED

ESTD, 1900

H. O. 154, DHURRAMTOLLA ST. CAL-13. DIAL. 24-1454, 24-1455 & 24-4975



SPACE TO LET

Our

Homage to the Poet

8th May 1961

INSERTED BY

BURMAH-SHELL


WITH
THE COMPLIMENTS
OF

THE INDO-BURMA PETROLEUM COMPANY LTD.

Managing Agents

STEEL BROTHERS & COMPANY LTD.

(INCORPORATED IN ENGLAND)



32, UPPER CIRCULAR ROAD, CALCUTTA 9

Telegram: "MACHANDI" Telephone: 22-6611

We pay our respectful tributes to the memory of

Poet Rabindra Nath Tagore

THE KAJORA SELECTED COLLIERY COMPANY

135, CANNING STREET, CALCUTTA-1.

Colliery: - RANIGUNJ. - Phone: Ranigunj 37 - Proprietor: - N. M. BHUWALKA.

UNIQUE INVENTION IN HOMŒOPATHY

Dr. Seal's Homœo Injection and Specifics. Highly effective in many Chronic and Obstinate diseases as Filaria, Rheumatism, Gout, Peptic Ulcers, Sciatica, Eczema, Spleen and Liver troubles, etc., etc.

For particulars, please write to:

Dr. S. SEAL.
2. S. R. DAS ROAD, CALCUTTA-26.




KINDLY
BUY A SEAL AND ASK
YOUR
FRIENDS TO BUY ONE

Bengal Tuberculosis Association P-21 Scheme, 49, C. I. T. Road, Calcutta-14.

Space kindly donated by:

ALL INDIA STONE CO.
Builders - Contractors - Quarry Owners.
42/1, CHETLA ROAD, CALCUTTA-27.





स्वा कार्ट्स, स्वार्थिक अभाष्ट्र अभाष्ट्री अभाष्ट्री अभाष्ट्री अभाष्ट्री अभाष्ट्री अभाष्ट्री स्वार्थिक कार्ट्स, स्वार्थिक स्वार्थिक

Man is great

"There on the crest of the hill stands the Man of faith amid the snow-white silence.

> He scans the sky for some signal of light, and when the clouds thicken and the nightbirds scream as they fly,

be cries, 'Brothers, despair not, for Man is great.'

Men raise their heads and look up,


Women lift their arms in reverence,

Children clap their hands and laugh.


The early glow of the sun shines like a golden garland on the forehead of the Man of faith, and they all cry, 'Brother, we salute thee;'"

> Rabindra Centenary 1961

WEST BENGAL GOVERNMENT



MANUFACTURER OF QUALITY MEDICINE



BRANCHES:

Paltanbazar, Gauhati, Assam.

17/60, Sanyasi Raju Street, Gandhinagar, Vijaywada. Andhra Pradesh.

Sukdeo Prasad Verma Road, Patna-1, Bihar.

3620/21, Netaji Subhas Marg, Daryaganj, Delhi.

Loksatta New Building, Nagarwada, Baroda-1, Gujrat.

13104, Seventy Feet Road, Ernakulam, Kerala.

18, Second Line, Beach, Madras-1.

Framroz Court, (Ground Floor).

Dadasaheb Phalke Road, Dadar, Bombay-14.
 Maharashtra.

Fulchur Line, Condia, Dt. Bhandara, Maharashtra.

43. Lalbagh Road, Bangalore-2, Mysore.

333, Napier Town, Jubbalpur, Madhya Pradesh.

Manglabagh, Cuttack-1, Orissa.

Phillaur, Jullundur, Punjab (1).

Bombay House Building, Mirza Ismail Road.

Jaipur City, Rajasthan.

Aishbagh, Lucknow, U.P.

Deshbandhupara, Siliguri, Darjeeling, West Bengal.





Agents:
THE ORIENTAL MERCANTILE CO., LTD.
CALCUTTA . BOMBAY . KANPUR . DELHI . MADRAS

EAST INDIA PHARMACEUTICAL WORKS LIMITED

102, Syamaprasad Mukherjee Road, Calcutta-26.



We pay our homage to Gurudev

The Great Poet,
Philosopher and guide
of the
Modern India

Sulekha works LTD.
300, Bepin Behari Ganguly Street,
Calcutta-12

The City of my Birth

Let this Corporation make the city of my birth great in the amenities of life, health and sanitation and dignity and self-respect. Let painting, sculpture, music and arts grow under its auspices and make the dwellings of the citizens abodes of joy. Let this city wipe out its blot of illiteracy with all its dirt and uncleanliness; let her citizens enjoy plenty, have strength of body and energy of mind, and be inspired with civic spirit born of joy; let not the poison of internecine strife pollute her life; let her citizens of all races and sects and communities unite in goodwill and keep her fair name untarnished and the peace undisturbed. . . . this is my prayer.

Rabindranath Tagore in his reply to the Civic Address presented on the occasion of his Seventieth Birthday Celebrations, 1931.

With compliments from:

KESORAM INDUSTRIES AND COTTON MILLS LIMITED

(Formerly Kesoram Cotton Mills Ltd.)

Largest Manufacturers of

QUALITY FABRICS

Č

HOSIERY GOODS

IN

EASTERN INDIA

Managing Agents:

BIRLA BROTHERS PRIVATE LIMITED 15, INDIA EXCHANGE PLACE, CALCUTTA-1

MILLS AT:
42, GARDEN REACH ROAD.
CALCUTTA — 24



INDIAN STANDARD INSTITUTION GRANTED

THE CERTIFICATION MARK
FIRST IN INDIA TO
BENGAL CHEMICAL'S



LAMP BRAND PHENEOL

R. W. COEFFICIENT 5/7

SUN BRAND PHENEOL

R. W. COEFFICIENT 10/12



HY-COFF

R. W. COEFFICIENT 18/20

BOTH BLACK & WHITE VARIETIES AVAILABLE

BENGAL CHEMICAL
CALCUTTA : BOMBAY : KANPUR


An Advertising Opportunity

No more worthy motive could exist for publishing a weekly like the Calcutta Municipal Gazette than that it educates the public to greater civic consciousness.

The Indian Municipalities buy hundreds of products in rather startling quantities. The "Gazette" represents an advertising opportunity for participation in the immense purchases made by them.

If you sell a product useful to Municipal Councillors and civic authorities, you will find here a market worth cultivating.

We suggest your including the "Gazette" in your next advertising programme.



Each informment is a history. Built stone upon stone, each is an immortal document of Indian enterprise and imagination. To-day, the imagination is staggered by the vast network of our Railway system which daily transports millions to different parts of India, linking the variety of cultures with the strongest bond of mutual goodwill.



SOUTH EASTERN RAILWAY

The Great One comes,

Sending shivers accross the dust of the Earth

In the Heavens sounds the trumpet,

In the world of man the drums of victory are basten

The hour has arrived for the great Birth.

To-day the gates of night's fortress
Crumble into the dust —
On the crest of awakening dawn
assurance of new life
proclaims "Fear Not."

The great sky resounds with poems of victory to the Coming of Man.

Tagore





ঐ সহামানৰ আসে

দিকে দিকে রোমাঞ্চ লাগে

মর্ত ধূলির ঘাসে ঘাসে

পরলোকে বেজে ওঠে শঙ্ধ

নরলোকে বাজে জয়দ্র

এল মহা জন্মের লগ্ন

আজি অনারাত্রির দুগতোরণ যত

ধূলিতলে হয়ে গেল ভগ্ন।
উদর শিগরে বাজে মান্ড: মান্ড: রব

নবজীবনের আখাসে

জন্ম জারের মান্য অন্তান্য

মক্রি উঠিল মহাকাশে।

নবৰৰ্ষ

—রবীজ্ঞনাথ

Respectful Homage of -

THE IMPERIAL ART COTTAGE

PHOTO-LITHO OFFSET, COLOUR PRINTERS & PROCESS BLOCK MAKERS

1A, TAGORE CASTLE STREET, CALCUTTA 6





Pro ted and Published by Shri P. K. Mitra, Septemberds at Corporation Pro 5, Sureadranath Banerice Poace Calcutta Vol. LXXV. No. 21 March 17, 1962

Bird & Company (Private) Ltd.

F. W. Heilgers & Company (Private) Ltd.

GENERAL MERCHANTS & MANAGING AGENTS

Enquiries Regarding:—

Coal, Engineering, Timber, Minerals, Paper, Jute, Gunnies, Insurance, Research, Shipping, Oil, Labour, Prestressed Concrete, Sugar, Limestone, Canvas, Wire Ropes, Wallboards, Pneumatic Equipment, Belting.

Chemicals, Pigments, Water Treatment, Water Proofing.

Branches and Offices:

NEW DELHI : KANPUR : VISAKHAPATNAM BOMBAY : MUSULIPATNAM : CUTTACK

Head Office:

CHARTERED BANK BUILDINGS

PRICE: RUPEES THREE ONLY



